# ধর্ম্মসিদ্ধান্তঃ।

তাৎপর্য্যানুবাদসহিতঃ।

শ্রীযুক্ত-পঞ্চানন-তর্করত্ন-ভট্টাচার্য্য-

বিরচিতঃ।

কলিকাতা,

৩৮।২ ভবানীচরণ দত্তের ষ্ট্রীট 'বঙ্গবাসী-ইলেক্‌ট্রো-মেসিন-প্রেসে'

শ্রীনটবর চক্রবর্ত্তী দ্বারা

মুদ্রিত ও প্রকাশিত।

সন ১৩১৩ সাল।

মূল্য ২, টাকা মাত্র।

# ভূমিকা।

এই ধর্ম্মসিদ্ধান্ত বেদ, স্মৃতি, দর্শন এবং পুরাণ অবলম্বন করিয়া বিরচিত। সিদ্ধান্ত শাস্ত্রসম্মত; বিচারমীমাংসা তাহার অনুকূল। ঐ সকল শাস্ত্র মনুষ্য মাত্রেরই ধর্ম্মশাস্ত্র; অধিকার ভেদে ধর্ম্ম পালনের ব্যবস্থাভেদ আছে এই মাত্র বিশেষ। দুর্ভাগ্যক্রমে এই ধর্ম্মশাস্ত্রের আদেশ প্রকারান্তরে পালন করিয়াও অনেকে সাক্ষাৎ সম্বন্ধে উহা মানিতে চাহেন না। কিন্তু সনাতন ধর্ম্মের এমনই প্রভাব যে, যেরূপ ভাবেই হউক সেই ধর্ম্মের অনুকূল সৎ-আদেশ পালন করিলেই মনুষ্যসমাজের মঙ্গল অবশ্যম্ভাবী। এই ধর্ম্ম-সিদ্ধান্ত সেই সার্ব্বলৌকিক ধর্ম্মশাস্ত্রের সার সংগ্রহ। মূল সংস্কৃত ভাষায় বিরচিত, নিম্নে বাঙ্গালা অনুবাদ প্রদত্ত হইয়াছে। অনু-বাদ সংক্ষিপ্ত; মূলের তাৎপর্য্য প্রকাশের জন্য এই অনুবাদ, বাক্যার্থ প্রকাশের জন্য নহে। সাধারণ সমীপে ধর্ম্মতত্ত্ব প্রকাশ এই অনু-বাদের উদ্দেশ্য। আমাদের সম-ধর্ম্মা অনেক ব্যক্তিও এই ধর্ম্মতত্ত্ব বিষয়ে অনভিজ্ঞ, যদি এই ধর্ম্মসিদ্ধান্ত পাঠে তাঁহাদের অনভিজ্ঞতা কিঞ্চিৎ অপনীত হয় অথবা ধর্ম্মসিদ্ধান্তপারিজ্ঞানে যদি কোন সৎপুরুষ হৃদয়ে ধর্ম্মের নির্ম্মল মধুর মূর্ত্তি অনুভব করেন, তাহা হইলে আমি নিজ সৌভাগ্য জ্ঞান করিব। ইতি ১৩১৩ সাল।

শ্রীপঞ্চানন তর্করত্ন।

ভাটপাড়া।

# সূচী পত্র।


| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| মঙ্গলাচরণ | ১ |
| অধিকারি নিরূপণ ( মনুষ্যদিগের সৃষ্টিক্রমবর্ণন ও জাতিভেদ গুণগত কি বীজগত তাহার মীমাংসা ) | ১ |
| প্রয়োজন নিরূপণ ( ইহলোক ও পরলোক—স্বর্গ, নরক, নরকস্থান ও পুনর্জন্মাদি মীমাংসা ) | ২১ |
| ধর্ম্ম নিরূপণ ( ধর্ম্মের স্বরূপ ও গৌণধর্ম্ম, গৌণমুখ্যধর্ম্মাদি মীমাংসা ) | ৬০ |
| সামান্যধর্ম্ম প্রকরণ | ৬৮ |
| সত্য প্রকরণ | ৭৪ |
| অহিংসা প্রকরণ | ৮১ |
| অস্তেয় প্রকরণ | ৯৬ |
| শৌচ প্রকরণ | ১০০ |
| ইন্দ্রিয়নিগ্রহ প্রকরণ | ১১০ |
| সামান্যধর্ম্ম প্রকরণ সমাপ্তি | ১১৮ |
| বিশেষধর্ম্ম প্রকরণ | ১১৯ |
| ব্রাহ্মণধর্ম্ম প্রকরণ | ১২০ |
| ক্ষত্রিয়ধর্ম্ম ও রাজধর্ম্ম প্রকরণ | ১২৭ |
| বৈশ্যধর্ম্ম প্রকরণ | ১৩৩ |
| শূদ্রধর্ম্ম প্রকরণ | ১৩৫ |
| আন্তরালিক ও সঙ্কীর্ণধর্ম্ম প্রকরণ | ১৩৭ |

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| দস্যুধর্ম্ম প্রকরণ | ১৩৮ |
| আশ্রমধর্ম্ম প্রকরণ | ১৪০ |
| ব্রহ্মচারিধর্ম্ম প্রকরণ | ১৪৪ |
| বানপ্রস্থধর্ম্ম প্রকরণ | ১৪৬ |
| সন্ন্যাসিধর্ম্ম প্রকরণ | ১৪৮ |
| গৃহস্থধর্ম্ম প্রকরণ | ১৪৯ |
| ( সদাচার বর্ণন ) | ১৫৪ |
| আপিদ্ধর্ম্ম প্রকরণ | ১৬০ |
| স্ত্রীধর্ম্ম প্রকরণ | ১৬৩ |
| পরমধর্ম্ম প্রকরণ | ১৬৫ |
| গ্রন্থসমাপ্তি | ১৬৮ |

# ধর্ম্মসিদ্ধান্তঃ

BENGAL LIBRARY
19 JUL 1905

শ্রুতিস্মৃতিসদাচার-প্রমাণো লোকধারকঃ।
নিঃশ্রেয়সাভ্যুদয়কৃৎ ধর্ম্মঃ শরণমস্তু নঃ॥ ১

সংসারাসক্তমর্ত্ত্যানাং লোকদ্বয়হিতার্থিনা।
উচ্যতে ধর্ম্মসিদ্ধান্তঃ শ্রীপঞ্চাননশর্ম্মণা॥ ২

মর্ত্ত্যা দ্বিবিধাশ্চাতুর্ব্বর্ণ্যপ্রভবাস্তদ্বাহ্যাশ্চ। তত্রাদ্যা বক্ষ্যন্তে; যে চান্ত্যাস্তে মন্বাদিভিঃ সামান্যতো দস্যুত্বেনাভিহিতাঃ। তথাচ মনুঃ—

মুখবাহূরুপজ্জানাং যা লোকে জাতয়ো বহিঃ।
ম্লেচ্ছবাচশ্চার্য্যবাচঃ সর্ব্বে তে দস্যবঃ স্মৃতাঃ॥

(মনুঃ ১০ম অঃ ৪৫শ্লো)

---

অভ্যুদয় ও মুক্তির হেতু শ্রুতি-স্মৃতি-সদাচার-মূলক ধর্ম্ম আমাদিগকে রক্ষা করুন। ১।

সংসারী মনুষ্যদিগের লোক-দ্বয়-হিতার্থী শ্রীপঞ্চানন শর্ম্মা ধর্ম্মসিদ্ধান্ত বর্ণনা করিতেছেন। ২।—

উক্ত মনুষ্য ও লোকদ্বয় যথাক্রমে ব্যাখ্যাত হইতেছে।—

মনুষ্য দুই প্রকার—(১) বর্ণ হইতে উৎপন্ন এবং (২) তদতিরিক্ত অর্থাৎ বর্ণ হইতে উৎপন্ন নহে। যে সকল জাতি বর্ণ হইতে উৎপন্ন নহে, তাহাদেরই সাধারণ নাম দস্যু। এ বিষয়ে মনু ১০ম অ. ৪৫শ শ্লোক প্রমাণ রূপে

যেষামুৎপত্তৌ সাক্ষাৎ পরম্পরয়া বা ব্রাহ্মণাদ্যন্যতমবর্ণশুক্র-শোণিতসাপেক্ষত্বং নাস্তি ত এব চাতুর্ব্বর্ণ্যপ্রভব-বাহ্যাঃ। চীন-জবন-শকাদয়স্তু চাতুর্ব্বর্ণ্যপ্রভবা এব। তথাচ মনুঃ—

শনকৈস্তু ক্রিয়ালোপাদিমাঃ ক্ষত্রিয়জাতয়ঃ।
বৃষলত্বং গতা লোকে ব্রাহ্মণাদর্শনেন চ॥
পৌণ্ড্রকাশ্চৌড্রদ্রবিড়াঃ কাম্বোজা জবনাঃ শকাঃ।
পারদাঃ পহ্লবাশ্চীনাঃ কিরাতা দরদাঃ খশাঃ॥

(মনু ১০ম অঃ)

কুল্লুকভট্টাদয়স্তু—

পৌণ্ড্রকাদীনেব ব্রাহ্মণাদিবর্ণবাহ্যানাচক্ষতে। তন্মতে মুখ-বাহূরুপজ্জানামিতি মানবশ্লোকার্থস্তু ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাণাং ক্রিয়া-লোপাদিনা যা জাতয়ো বাহ্যা জাতাঃ ম্লেচ্ছভাষাযুক্তা আর্য্যভাষো-পেতা বা তে দস্যবঃ স্মৃতাঃ ইতি। এতন্মতে সর্ব্ব এব মর্ত্ত্যাঃ সাক্ষাৎ পরম্পরয়া বা চাতুর্ব্বর্ণ্যপ্রভবা এবেতি। তন্ন সম্যক্, পূর্ব্ব-বচনে এব পৌণ্ড্রকাদীনাং শূদ্রত্বপ্রাপ্তিমভিধায়াত্র পুনস্তেষাং শূদ্র-বাহ্যত্বকথনে ভগবতো মনোরযুক্তবাদিত্বপ্রসঙ্গাৎ। চাতুর্ব্বর্ণ্যঞ্চ

---

উদ্ধৃত হইল। চীন জবন শক প্রভৃতি জাতি ক্ষত্রিয়, তবে শূদ্রত্ব প্রাপ্ত বটে; যাহা হউক তাহারা চতুর্ব্বর্ণ-বহির্ভূত দস্যু নহে; তাহারা যে পূর্ব্বে ক্ষত্রিয় ছিল, এ বিষয়ে মনু ১০ম অঃ প্রমাণ উদ্ধৃত হইল। কুল্লুক ভট্ট বলেন, ঐ সকল জাতিই বর্ণবহির্ভূত। যাহারা ক্রিয়ারহিত হইয়া বর্ণধর্ম্ম ত্যাগ করিয়াছে তাহারাই বর্ণবহির্ভূত। তাহারা আর্য্যভাষীই হউক, আর ম্লেচ্ছভাষীই হউক, তাহাদের দস্যু সংজ্ঞা। মনুষ্য মাত্রেই কোন না কোন রূপে চতুর্ব্বর্ণের সন্তান-ধারায় উৎপন্ন; ইহাই কুল্লুক ভট্টের অভিমত। এই মত মনুবচনের বিরুদ্ধ, কেননা মনু, চীন জবন প্রভৃতি জাতিকে ইতিপূর্ব্বেই

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রশ্চেতি। তৎপ্রভবাঃ ষড়নুলোমজাঃ ষট্ প্রতিলোমজাশ্চেতি দ্বাদশ। তৎসঙ্করাশ্চাসংখ্যাঃ। মূর্দ্ধাবসিক্তাম্বষ্ঠ-পারশবা ব্রাহ্মণাৎ স্বভার্য্যাসু ক্ষত্রিয়া-বৈশ্যা-শূদ্রাসু ক্রমেণোৎপদ্যন্তে, মাহিষ্যোগ্রৌ ক্ষত্রিয়াৎ বৈশ্যা-শূদ্রয়োঃ, করণশ্চ বৈশ্যাৎ শূদ্রায়ামিত্যেতে ষড়নুলোমজাঃ। সূতঃ ক্ষত্রিয়াদ্ব্রাহ্মণ্যাং, বৈদেহমাগধৌ বৈশ্যাদ্ব্রাহ্মণী-ক্ষত্রিয়য়োঃ, চাণ্ডালক্ষত্ত্রায়োগবাশ্চ শূদ্রাদ্ব্রাহ্মণী-ক্ষত্রিয়া-বৈশ্যাসু জায়ন্ত ইত্যেতে ষট্প্রতিলোমজাঃ। তদাহ যাজ্ঞবল্ক্যঃ—

বিপ্রান্মূর্দ্ধাবসিক্তো হি ক্ষত্রিয়ায়াং বিশঃ স্ত্রিয়াম্।
অম্বষ্ঠঃ শূদ্র্যাং নিষাদো জাতঃ পারশবোঽপি বা ॥
বৈশ্যাশূদ্র্যোস্তু রাজন্যান্মাহিষ্যোগ্রৌ সুতৌ স্মৃতৌ।
বৈশ্যাত্তু করণঃ শূদ্র্যাং বিন্নাস্বেষ বিধিঃ স্মৃতঃ ॥ (১মঅঃ ৯১।৯২

বিন্নাসু সমপরিণীতাসু।

মনুরপি,—

ক্ষত্রিয়াদ্বিপ্রকন্যায়াং সূতো ভবতি জাতিতঃ।
বৈশ্যান্মাগধবৈদেহৌ রাজবিপ্রাঙ্গনাসুতৌ ॥

---

শূদ্রত্ব প্রোক্ত বলিয়াছেন, এখন তাহাদিগকে শূদ্র হইতে বহিষ্কৃত বলিলে মনুর স্বীয় বচনের সহিত বিরোধ হইল। চতুর্বর্ণ—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র। তাঁহাদের অনুলোমজ সন্তান ছয় প্রকার এবং প্রতিলোমজ সন্তান ছয় প্রকার—এই সমষ্টিতে দ্বাদশ প্রকার। এই দ্বাদশের পরস্পর সঙ্কর তৎসঙ্কর ইত্যাদি ধরিলে সঙ্করজাতি অসংখ্য। পূর্ব্বকালে ব্রাহ্মণ—ব্রাহ্মণাদি চতুর্বর্ণের, ক্ষত্রিয়—ক্ষত্রিয়াদি তিন বর্ণের ও বৈশ্য—বৈশ্য-শূদ্রের কন্যা বিবাহ করিতে পারিতেন। এই পরিণীতা ক্ষত্রিয়া বৈশ্যা ও শূদ্রা ভার্য্যার গর্ভে ব্রাহ্মণের ঔরসে যথাক্রমে মূর্দ্ধাবসিক্ত, অম্বষ্ঠ এবং পারশব জাতির উৎপত্তি, বৈশ্যা ও শূদ্রা ভার্য্যার গর্ভে ক্ষত্রিয়ের ঔরসে মাহিষ্য ও উগ্রক্ষত্রিয় জাতির উৎপত্তি, শূদ্রা ভার্য্যার গর্ভে বৈশ্যের ঔরসে করণ জাতির জন্ম। বিপ্রকন্যায় ব্যভিচারজ গর্ভে ক্ষত্রিয়ের ঔরসে,

শূদ্রাদায়োগবঃ ক্ষত্তা চাণ্ডালশ্চাধমো নৃণাম্।
বৈশ্যরাজন্যবিপ্রাসু জায়ন্তে বর্ণসঙ্করাঃ॥ ইতি
(১০ম অঃ ১১।১২)

পরপরিণীতাসু স্বতন্ত্রাসু বা, ক্ষত্রিয়াবৈশ্যাশূদ্রাসু ব্রাহ্মণাদুৎপন্নানামনুলোমজানামপি ন মূর্দ্ধাবসিক্তত্বাদিকমপি তু শূদ্রতুল্যত্বমেবেতি। অত্র, "দ্বিতীয়েন তু যঃ পিত্রা সবর্ণায়াং প্রজায়তে। অবাবট ইতি খ্যাতঃ শূদ্রধর্ম্মা স জাতিতঃ॥ ব্রতহীনা ন সংস্কার্য্যাঃ স্বতন্ত্রাস্বপি যে সুতাঃ। উৎপাদিতাঃ সবর্ণেন ব্রাত্যা ইব বহিষ্কৃতা" ইতি কল্লুকভট্টাদিধৃত-দেবলবচনং কৈমুতিকন্যায়শ্চাদরণীয়ঃ। বৈশ্যায়াং

---

সূত জাতির, বৈশ্যের ঔরসে বৈদেহ জাতির এবং শূদ্রের ঔরসে চাণ্ডাল জাতির উৎপত্তি, ক্ষত্রিয় কন্যার ব্যভিচারজ গর্ভে বৈশ্যের ঔরসে মাগধ জাতির ও শূদ্রের ঔরসে ক্ষত্তৃ জাতির উৎপত্তি এবং বৈশ্যার ব্যভিচারজ গর্ভে শূদ্রের ঔরসে আয়োগব জাতির উৎপত্তি। বিপ্রকন্যার সহিত ক্ষত্রিয়াদির বিবাহ, ক্ষত্রিয় কন্যার সহিত বৈশ্যাদির বিবাহ এবং বৈশ্যকন্যার সহিত শূদ্রের বিবাহ ধর্ম্মশাস্ত্রসম্মত নহে, এইজন্য সেই সকল গর্ভ 'ব্যভিচারজ' বলিয়া কথিত হইয়াছে। এ বিষয়ে যাজ্ঞবল্ক্যের (১ম অঃ ৯১।৯২ শ্লোকে এবং মনু ১০ম অঃ ১১।১২) বচন প্রমাণ স্বরূপে উদ্ধৃত হইল। ব্রাহ্মণের ঔরসে পরস্ত্রী বা স্বৈরিণী ক্ষত্রিয়ার গর্ভে যে সন্তান জন্মিবে সে মূর্দ্ধাবসিক্ত হইবে না, অনুলোমজ হইলেও সে জাতি শূদ্র তুল্য। নিজের পরিণীতা পত্নী না হইলে, বৈশ্যাদির পক্ষেও ঐ নিয়ম। এমন কি, ব্রাহ্মণ যদি নিজ ভার্য্যা ভিন্ন ব্রাহ্মণীর গর্ভে সন্তান উৎপাদন করে ত—সেই জারজ সন্তানও ব্রাহ্মণ নহে, সে শূদ্র তুল্য—সে জাতির দেবলবচনে অবাবট নাম আছে, যখন সবর্ণাসংযোগেরও এই ফল, তখন অপবর্ণা সংযোগে যে শূদ্র তুল্য হইবে তাহা আর বলিতে হইবে কি? ব্রাহ্মণ-পরপুরুষ সংযোগে ব্রাহ্মণীর গর্ভোৎপন্ন সন্তান যে শূদ্র তুল্য হয়, তদ্বিষয়ে দেবলবচন প্রমাণস্বরূপ উদ্ধৃত হইল এবং ব্রাহ্মণীর সন্তানের যখন এ দশা তখন অন্যের সন্তানের কথা আর কি আছে—এই ভাবের যুক্তি প্রদত্ত হইয়াছে।

বিপ্রাত্তু চৌর্য্যান্নাপিতো নাম জায়তে ইত্যাদ্যৌশনসবচনমপি দ্রষ্টব্যম্। নতু কোঽয়ং ব্রাহ্মণঃ, ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বা? ইতি চেৎ শ্রূয়তাং ব্রাহ্মণোঽস্য মুখমাসীদ্ বাহূ রাজন্যঃ। ঊরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রো অজায়ত ইতি শ্রুতিঃ। লোকানান্তু বিবৃদ্ধ্যর্থং মুখবাহূরুপাদতঃ। ব্রাহ্মণং ক্ষত্রিয়ং বৈশ্যং শূদ্রঞ্চ নিরবর্ত্তয়দিতি চ স্মৃতিঃ। (মনু ১ম অঃ, ৩১শ) সবর্ণেভ্যঃ সবর্ণাসু জায়ন্তে বৈ সজাতয়ঃ। ইতি যাজ্ঞবল্ক্যঃ। সর্ব্ববর্ণেষু তুল্যাসু পত্নীষক্ষতযোনিষু। আনুলোম্যেন সম্ভূতা জাত্যা জ্ঞেয়াস্ত এব তে॥ ইতি চ মনুঃ। (১০ম অঃ ৫ম.)

অস্যার্থঃ—ব্রাহ্মণাদিষু বর্ণেষু চতুর্ষ্বপি সমানজাতীয়াসু যথাশাস্ত্রং পরিণীতাসু অক্ষতযোনিষু আনুলোম্যেন ব্রাহ্মণেন ব্রাহ্মণ্যাং ক্ষত্রিয়েণ ক্ষত্রিয়ায়ামিত্যনেনানুক্রমেণ যে জাতাস্তে মাতাপিত্রোর্জ্জাত্যা যুক্তাস্তজ্জাতীয়া এব জ্ঞাতব্যাঃ। তথাচ দ্বেধা খলু চাতুর্ব্বর্ণ্যমাদ্যমর্ব্বাচীনঞ্চ। তত্রাদ্যং সঙ্কল্পজমিতরৎ সজাতীয়াসু পরিণীতাসু ভার্য্যাসু

---

ব্রাহ্মণের ঔরসে, বৈশ্যার গোপনীয় সম্বন্ধ বশতঃ যে সন্তান হয়, তাহার নাম নাপিত—এই সকল অর্থবোধক ঔশনস বচনও দ্রষ্টব্য। প্রশ্ন- ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র কাহাদিগকে বলে? উত্তর—শ্রুতি ও মনু (১ম অঃ ৩১ শ্লোক) বচন দ্বারা প্রমাণিত হইল। ব্রাহ্মণ—ব্রহ্মার মুখ হইতে, ক্ষত্রিয়—বাহু হইতে, বৈশ্য—উরু হইতে এবং শূদ্র—পদদ্বয় হইতে সৃষ্ট। সবর্ণ পুরুষের ঔরসে সবর্ণা ভার্য্যার গর্ভে মাতা পিতার সজাতি পুত্র হয়। ব্রাহ্মণের ঔরসে জাতীয় ব্রাহ্মণী ভার্য্যার গর্ভে ব্রাহ্মণের জন্ম হয়। ক্ষত্রিয়াদির জন্মও এইরূপ রীতিতে হইয়া থাকে। এ বিষয়ে যাজ্ঞবল্ক্য (১ম অঃ ৯০ শ্লোক) ও মনু (১০ম অঃ ৫ম শ্লোক) প্রমাণ রূপে উদ্ধৃত হইল।

তবেই হইল, চতুর্ব্বর্ণ দুই প্রকার, প্রথম ও পরবর্ত্তী। প্রথম চতুর্ব্বর্ণ ব্রহ্মার মানস সৃষ্টি, পরবর্ত্তী চতুর্ব্বর্ণ—সজাতীয় পিতা মাতার দৈহ্য সংসর্গে উৎপন্ন। প্রথম চতুর্ব্বর্ণের কথা যথাযোগ্য প্রবৃত্তি নিয়মে উপযোগী নহে—

সবর্ণেনোৎপাদিতমিত্যেতয়োরাদ্যমন্ত্রানুপযোগাদসংগ্রাহ্যম্ ইতরত্তু লক্ষিতমেব। নন্নু সর্ব্ব এব ব্রাহ্মণা মরীচ্যাদ্যন্যতমবংশ্যত্বেন প্রসিদ্ধাঃ। মরীচ্যাদয়স্তু স্বায়ম্ভুবমনুনা সৃষ্টা ইতি মনুরেবাহ। তথাহি, অহং প্রজাঃ সিসৃক্ষুস্তু তপস্তপ্ত্বা সুদুশ্চরম্। পতীন্ প্রজানামসৃজং মহর্ষীনাদিতো দশ॥ মরীচিমত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যং পুলহং ক্রতুম্। প্রচেতসং বসিষ্ঠঞ্চ ভৃগুং নারদমেব চেতি। ( মনু ১ম অঃ ৩৪।৩৫ ) তদ্‌ব্রাহ্মণস্য ব্রহ্মমুখসম্ভূতত্বং শ্রুতিস্মৃতিসম্মতমপি কথঙ্কারমুপপদ্যতে? ন চ তদ্‌ব্রাহ্মণান্তরমনুপলম্ভাদবিশেষেণ মন্বাদীনাং ব্রাহ্মণমাত্রস্য ব্রহ্মমুখপ্রভবত্বকথনং তাবতাপি দুরুপপাদং স্যাৎ। অত্রোচ্যতে, আদিতঃ আদিমারভ্য স্থিতান্ দশ মহর্ষীন্ প্রজাপতীন্ অসৃজম্, যে তাবৎ ব্রহ্মমুখোদ্ভূতা দশ মহর্ষয় আসন্ তান্ স্বতপঃপ্রভাবেণ প্রজাপতীন্ অকার্ষমিত্যেব মনুবচনতাৎপর্য্যম্। অন্যথা

---

সুতরাং তৎ সাধারণ ব্রহ্মণাদি চতুর্ব্বর্ণলক্ষণ মন্বাদি শাস্ত্রে করা হয় নাই, পরবর্ত্তী চতুর্ব্বর্ণের লক্ষণ করা হইয়াছে। সবর্ণ পুরুষের ঔরসে তদীয় পরিণীতা সবর্ণা ভার্য্যার গর্ভে জন্মই চতুর্ব্বর্ণের লক্ষণ। এক্ষণে প্রশ্ন হইতেছে যে, সকল ব্রাহ্মণই মরীচি প্রভৃতি ঋষির বংশধর, গোত্র দ্বারা ইহা অবগত হওয়া যায়। মরীচি প্রভৃতি ঋষি স্বায়ম্ভুব মনুরই সৃষ্ট—ইহা মনু স্বয়ং বলিয়াছেন ( মনু ১ম অঃ ৩৪।৩৫ শ্লোক)। তাহা হইলে, ব্রাহ্মণ যে ব্রহ্মার মুখ হইতে উৎপন্ন—শ্রুতি-স্মৃতির এই সিদ্ধান্ত সঙ্গত হয় কিরূপে? ব্রহ্মার মুখ হইতে উৎপন্ন ব্রাহ্মণ পৃথক্ ( তাহারা গোত্রহীন ) এ কথাও বলিতে পার না। কেন না, এমন ব্রাহ্মণ কোথাও দেখা যায় না; যদি বল এরূপ ব্রাহ্মণের কথা ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণে আছে, এবং সনকাদি ঋষিকেও ব্রহ্মার মুখোৎপন্ন বলা যাইতে পারে, তাহা হইলেও মনু যে ব্রাহ্মণ মাত্রকেই ব্রহ্মার মুখোৎপন্ন বলিয়াছেন ( মনু ১ম অঃ ৯৩।৯৪ ) তাহা অসঙ্গত হয়। ইহার উত্তর প্রদত্ত হইতেছে;—মরীচি প্রভৃতি মহর্ষি মনুর সৃষ্ট নহেন, ব্রহ্মারই সৃষ্ট। মনুসংহিতায় ১ম অঃ ৩৪।৩৫ শ্লোকে সৃষ্টির কথা আছে, পরন্তু সেই দুই শ্লোকের দ্বারা

মরীচ্যাদীন্ মহর্ষীন্ ব্রহ্মপুত্রত্বেন কীর্ত্তয়দ্ভির্বহুশাস্ত্রৈর্বিরোধঃ প্রসজ্যেত, যদি তু মনোস্তপোলব্ধব্রহ্মভাবতয়া তৎসৃষ্টানাং ব্রহ্ম-সৃষ্টত্বোক্তিরিত্যভ্যুপগমেন বিরোধপরিহারঃ ক্রিয়তে তদা ব্রূমহে, ব্রাহ্মণোঽস্য মুখমাসীদিত্যাদিশ্রুত্যা লোকানান্তু বিবৃদ্ধ্যর্থমিত্যাদি-স্মৃত্যা চ যথোৎপন্না ব্রাহ্মণাদয়ো বর্ণমূর্ত্তের্ব্রহ্মণো মুখাদ্যবয়বরূপত্বেন নির্দ্দিষ্টাঃ স এষ নির্দ্দেশো লোকাভ্যুদয়হেতুরিত্যেব প্রতিপাদ্যতে। অতএব শ্রুতৌ ব্রাহ্মণোঽস্য মুখমিতি সমানা বিভক্তির্ন তু ব্রাহ্মণো-ঽস্য মুখাদিতি বিষমা, পদ্ভ্যাং শূদ্র ইত্যত্র তু বিষমাপি প্রক্রম-

---

মরীচি প্রভৃতির সৃষ্টি প্রতিপাদিত হয় নাই, পূর্ব্বোৎপন্ন মরীচি প্রভৃতি মনুর তপঃপ্রভাবে প্রজাপতি হইলেন—ইহাই প্রতিপাদিত হইয়াছে ; নতুবা মরীচি প্রভৃতি যে ব্রহ্মার পুত্র ইহা নানাশাস্ত্রে লিখিত আছে, তাহার সহিত বিরোধ হয়। যদি বল, স্বায়ম্ভুব মনুই তপোবলে, ব্রহ্মভাব প্রাপ্ত হইয়া মরীচি প্রভৃতির সৃষ্টি করেন এই জন্যই মরীচি প্রভৃতিকে ব্রহ্মনন্দন বলা হয়, সুতরাং বিরোধ নাই। তাহা হইলে, আমরা মনুবচনের ( ১ম অঃ ৩৪।৩৫ শ্লোক ) প্রচলিত অর্থ ( মরীচি প্রভৃতি মনুরই সৃষ্ট ) ত্যাগ না করিয়াও বলিতে পারি যে, বিশ্বরূপ ব্রহ্মার বর্ণ-মূর্ত্তি নিরূপণ করিতে হইলে, ব্রাহ্মণ তাঁহার মুখ, ক্ষত্রিয় তাঁহার বাহু, বৈশ্য তাঁহার ঊরু এবং শূদ্র তাঁহার চরণ এইরূপ স্থির করিতে হয়—ইহাই শ্রুতিস্মৃতি দ্বারা বোধিত হইয়াছে ; এইরূপ অবয়ব নিরূপণ জগতের মঙ্গলকর। কেন না, পূজ্য-পূজায় মঙ্গল এবং ব্যতিক্রমে অমঙ্গল হয়।* এইটী বুঝাইবার জন্য, শ্রুতিতে ব্রাহ্মণ ইঁহার মুখ হইলেন এ স্থলে ব্রাহ্মণ ও মুখ উভয় পদই প্রথমান্ত আছে, ব্রাহ্মণ মুখ হইতে হইলেন—এইরূপ প্রথমা ও পঞ্চমী নির্দ্দেশ নাই। পরিশেষে 'পদ্ভ্যাং' আছে বটে, তাহার অর্থ 'পদদ্বয় হইতে' এইরূপ হইতেও পারে। অভেদে তৃতীয়ান্ত বলিয়া পদদ্বয় স্বরূপ এমন অর্থও হইতে পারে। মুখ হইতে আরম্ভ করিয়া ঊরু পর্য্যন্ত ব্রাহ্মণাদির সহিত যে ভাবে সম্বন্ধযুক্ত হইয়া আসিয়াছে, চরণদ্বয়েরও শূদ্রের সহিত সেইরূপ সম্বন্ধ হওয়াই উচিত, তাহা হইলে শেষোক্ত অর্থই প্রশস্ত। তবে মনুস্মৃতিতে (দেখ ১ম অঃ ৩১।৯০—৯৪ শ্লোক)

সামর্থ্যাদভেদার্থা তৃতীয়া। স্মৃতৌ—ব্রহ্মমুখপ্রভবত্বোক্তিশ্চ গৌণী। যদ্বা ব্রাহ্মণ ইত্যাদিকং ব্রাহ্মণত্বাদিপরম্। ব্রাহ্মণত্বং নাম বিলক্ষণ-সত্ত্বভূমা, ক্ষত্রিয়ত্বং বিলক্ষণ-রজোভূমা, বৈশ্যত্বং বিলক্ষণ রজস্তমোভূমা, শূদ্রত্বঞ্চ বিলক্ষণ-তমোভূমেতি তানি স্বরূপাণি, কার্য্যাণি বা মুখাদীনি চ কারণানি, কার্য্যকারণবাচকয়োঃ সমানবিভক্তিকত্বমপি বৃক্ষো নৌকা ভবতীত্যাদিবৎ। তত্রাদ্যা ব্রাহ্মণা মরীচ্যাদয়ঃ। সত্ত্বাদয়ঃ স্বস্বনামপ্রসিদ্ধা গুণভেদা ইতি সাংখ্যাদয়ঃ। অদৃষ্টবিশেষরূপা ইতি নৈয়ায়িকাদয়ঃ। তেষাঞ্চ ব্রহ্মণ্যধিষ্ঠাতৃত্বসম্বন্ধঃ। তথাবিধাদৃষ্টবিশেষপ্রযোজ্যত্বং যত্র শরীরে তত্র ব্রাহ্মণত্বাদিসামান্যমিতি ধ্যেয়ম্।

---

এবং অপর স্মৃতি ও পুরাণাদিতে যে ব্রহ্মার মুখাদি হইতে ব্রাহ্মণের উৎপত্তি ইহা লিখিত হইয়াছে—সে উৎপত্তি প্রসিদ্ধি রূপ গৌণ অর্থে ব্যবহৃত। অর্থাৎ যাঁহারা মুখরূপে ব্যবহৃত হইলেন, তাঁহারা ব্রাহ্মণ নামে প্রসিদ্ধ হইলেন। তাঁহাদের উৎপত্তি মনু হইতে বা মনুপুত্র হইতে হউক, তাহাতে ক্ষতি নাই। যদি স্মৃতিসমূহের গৌণ উৎপত্তি অর্থ গ্রহণে সন্তুষ্ট না হও ত আর এক কথা শুন। 'ব্রাহ্মণোহস্য মুখমাসীৎ' ইত্যাদি শ্রুতি এবং 'লোকানান্তু' (মনু ১ম অঃ ৩১ শ্লোক) ইত্যাদি স্মৃতিতে যে ব্রাহ্মণাদি শব্দ আছে,—তৎসমস্তই ভাবপ্রধান রূপে নির্দ্দিষ্ট। অর্থাৎ তাহার অর্থ ব্রাহ্মণত্ব, ক্ষত্রিয়ত্ব ইত্যাদি। এই ব্রাহ্মণত্ব এক প্রকার প্রবল সত্ত্বগুণ, ক্ষত্রিয়ত্ব একপ্রকার প্রবল রজোগুণ, বৈশ্যত্ব একপ্রকার প্রবল রজস্তমোগুণের সম্মিলন এবং শূদ্রত্ব এক প্রকার প্রবল তমোগুণ। ইহাই ব্রহ্মার মুখাদি স্বরূপ বা মুখাদির কার্য্য। সেই অদৃষ্টের অধিষ্ঠাতা ব্রহ্মা—পরমাত্মা; অদৃষ্টপ্রযোজ্যত্ব শরীরে আছে. অদৃষ্টভেদে ব্রাহ্মণাদি হইয়া থাকে, কার্য্য ও উপাদান কারণে সমান বিভক্তি থাকিতে পারে। এই জন্য 'এই কাষ্ঠ নৌকা হইতেছে, এই সুবর্ণ কুণ্ডল হইতেছে' ইত্যাদি প্রয়োগ হয়। এই ব্রাহ্মণ্য মরীচি প্রভৃতিতে প্রথম; তৎসন্তান-ধারায় পরবর্ত্তী ব্রাহ্মণ্য। এই ব্রাহ্মণবংশে কোন্ পুরুষে ক্ষত্রিয়ত্ব, কোন পুরুষে বৈশ্যত্ব এবং কোন্ পুরুষে শূদ্রত্ব আছে; তৎসন্তান-ধারায় পরবর্ত্তী ক্ষত্রিয়ত্বাদি আছে। সত্ত্ব, রজঃ, তমঃ, সাংখ্য প্রভৃতির

সত্ত্বাদিগতবৈলক্ষণ্যং সর্ব্বজ্ঞৈকগোচরমস্মাদৃশাং ত্বনুমেয়ং, তত্র হেতুর্জ্জন্মবিশেষো ব্যক্তঃ। কথমেবমিতি চেৎ শ্রূয়তাং, ব্রাহ্মণ্যাদিকং হি—স্থূলদেহবৃত্তিতয়া লোকবেদপ্রসিদ্ধম্। তথাহি ব্যবহ্রিয়তে ব্রাহ্মণং পশ্যেতি শ্রূয়তে চ যো ব্রাহ্মণায়াবগুরেদিত্যাদি। ধর্ম্মিণঃ স্থূলদেহস্য মাতাপিতৃনিমিত্তকত্বেন ধর্ম্মস্য ব্রাহ্মণ্যাদের্মাতাপিতৃনিমিত্তকত্বং যুক্তমত এবোক্তং সবর্ণেভ্যঃ সবর্ণাসু জায়ন্তে বৈ সজাতয় ইত্যাদি। নন্বু মহাভারতং নাম পঞ্চমো বেদস্তদ্বিরুদ্ধং মতমিদং প্রামাণিকতয়া কথঞ্চিৎ সঙ্গমনীয়মপি ন সিদ্ধান্তপদবীমধিরোঢ়ুমর্হতি যথা—বনপর্ব্বণি ১৮০ অধ্যায়ে 'ব্রাহ্মণঃ কো ভবেদি'তি

---

মতে স্বনামপ্রসিদ্ধ গুণ; ন্যায় প্রভৃতির মতে অদৃষ্টবিশেষ। ব্রহ্মার গুণময় দেহের প্রকৃষ্ট গুণ হইতে ব্রাহ্মণ, তদপেক্ষা নিকৃষ্ট হইতে ক্ষত্রিয় ইত্যাদি রূপে বর্ণ-নির্দ্দেশ জানিবে।

প্রবল সত্ত্বগুণাদির যে বৈলক্ষণ্য, যাহা ব্রাহ্মণ্য প্রভৃতি নামে অভিহিত হইতেছে, তাহা সর্ব্বজ্ঞ পুরুষ প্রত্যক্ষ করিতে পারেন, কিন্তু আমরা তাহার অনুমান মাত্র করিতে পারি। সজাতীয় নিজ পরিণীতা স্ত্রীর গর্ভে ব্রাহ্মণাদি কর্ত্তৃক উৎপাদন রূপ জন্ম-বিশেষই ব্রাহ্মণ্য প্রভৃতির সেই অনুমানে হেতু। কেন না, লোকে এবং বেদে সাধারণতঃ দেহই ব্রাহ্মণ নামে ব্যবহৃত হইয়া থাকে। 'ব্রাহ্মণকে দেখ' ইত্যাদি লোকব্যবহার আছে,—'যে ব্রাহ্মণের প্রতি দণ্ড উত্তোলন করিবে' তাহার শতযাতনা হইবে; এইরূপ শ্রুতিও আছে। প্রমাণ মূলে উদ্ধৃত হইল। যে দেহে ব্রাহ্মণ্য বা সত্ত্বগুণ বিশেষ প্রবল আছে, তাহাতেই ব্রাহ্মণত্ব জাতি আছে। দেহ মাতা পিতা হইতে উৎপন্ন। অতএব দৈহিক ব্রাহ্মণ্যের বা ব্রাহ্মণত্ব জাতির অনুমান দেহগত জন্ম দ্বারাই হয়। জন্ম, ব্রাহ্মণত্বের হেতু এ বিষয়ে পূর্ব্বোক্ত প্রমাণ স্মরণার্থ পুনরুক্তি হইল। (যাজ্ঞবল্ক্য ১ম অং ৯০ শ্লোক।) এক্ষণে পূর্ব্ব পক্ষ হইতেছে যে, ধর্ম্মশাস্ত্রে জন্মগত অর্থাৎ বংশগত ব্রাহ্মণত্বাদির কথা থাকিলেও তাহা পঞ্চম বেদ মহাভারতের মত-বিরুদ্ধ বলিয়া প্রকৃত শাস্ত্রসিদ্ধান্ত নহে, তবে অনেক স্থলে বংশানুক্রমে ব্রাহ্মণ্য

মহাযাজগরপ্রশ্নে যৌধিষ্ঠিরবচনং,—"সত্যং দানং ক্ষমা শীলমানৃশংস্যং তপো ঘৃণা। দৃশ্যন্তে যত্র নাগেন্দ্র স ব্রাহ্মণ ইতি স্মৃতঃ।" তত্রাজগরবাক্যং—"চাতুর্ব্বর্ণ্যং প্রমাণঞ্চ সত্যঞ্চ ব্রহ্ম চৈব হি। শূদ্রেষ্বপি চ সত্যঞ্চ দানমক্রোধ এব চ। আনৃশংস্যমহিংসা চ ঘৃণা চৈব যুধিষ্ঠির॥"

অস্যার্থঃ—সত্যং ব্রহ্ম চ বেদমূলকাচারবিশেষশ্চ চাতুর্ব্বর্ণ্যং প্রমাণং ন কেবলং ব্রাহ্মণ্য-প্রমাণং—তথাচ মনুঃ—"অহিংসা সত্যমস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ। এতৎ সামাসিকং ধর্ম্মং চাতুর্ব্বর্ণ্যেঽব্রবীন্মনুরি"তি। এবঞ্চ প্রাগুক্তানাং সত্যাদীনাং প্রত্যেকং ন ব্রাহ্মণ্যলিঙ্গং ব্যভিচারাদপি তু সমুদায ইতি চেত্তথাপি ব্যভিচারো দুর্ব্বারঃ। যতঃ শূদ্রেষ্বপি কদাচিৎ সত্যাদয়ঃ সমুদিতা গুণাস্তিষ্ঠন্তীতি। অত্র যুধিষ্ঠির উবাচ।—"শূদ্রে তু যদ্ভবেল্লক্ষ্ম দ্বিজে তচ্চ ন বিদ্যতে। ন বৈ শূদ্রো ভবেচ্ছূদ্রো ব্রাহ্মণো ন চ ব্রাহ্মণঃ। যত্রৈতল্লক্ষ্যতে সর্প বৃত্তং স ব্রাহ্মণঃ স্মৃতঃ॥" অথ সর্প উবাচ।—"যদি তে বৃত্ততো রাজন্ ব্রাহ্মণঃ প্রসমীক্ষিতঃ। বৃথাজাতিস্তদায়ুষ্মন্ কৃতির্যাবন্ন বিদ্যতে॥" কৃতিঃ অনৃতনিরত্যাত্মকসত্যাদিরূপা। ব্রাহ্মণেষ্বাধীয়মানঃ প্রযত্নো বা। তদা জাতির্বৃথা যাবৎ সত্যাদিরূপা কৃতির্ন ভবতি, সত্যামপি জাতৌ ব্রাহ্মণজন্মনি যদি ব্রাহ্মণেষ্বাধীয়মানো বা যত্নস্তত্র নাস্তি যাবৎ যতঃ। ইত্যর্থঃ। তত্র যুধিষ্ঠির-

হইতে পারে; এই জন্যই ধর্ম্মশাস্ত্রে ঐরূপ কথা আছে। মহাভারতের মত এই যে—সত্য, দান, ক্ষমা, সুশীলতা, অনৃশংসতা, তপস্যা এবং দয়া যাঁহাতে আছে, তিনি ব্রাহ্মণ; শূদ্রে অর্থাৎ শূদ্রবংশীয় কোন ব্যক্তিতে এ সব গুণ থাকে ত তাহাকে শূদ্র বলা যাইবে না, ব্রাহ্মণে অর্থাৎ ব্রাহ্মণসন্তানে এ সব গুণ না থাকিলে তিনি ব্রাহ্মণ নহেন। যাহাতে সত্য প্রভৃতি সদ্গুণ আছে

বাক্যং—"জাতিরত্র মহাসর্প মনুষ্যত্বে মহামতে। সঙ্করাৎ সর্ব্ববর্ণানাং দুষ্পরীক্ষ্যেতি মে মতিঃ॥ সর্ব্বে সর্ব্বাস্বপত্যানি জনয়ন্তি সদা নরাঃ। বাঙ্মৈথুনমথো জন্মমরণঞ্চ সমং নৃণাম্॥। ইদমার্ষং প্রমাণঞ্চ যে যজামহ ইত্যপি। তস্মাচ্ছীলং প্রধানেষ্টং বিদুর্যে তত্ত্বদর্শিনঃ॥" ইতি বাগাদীনি সর্ব্বমানবসামান্যানীত্যুক্তং বাগিতি। আর্ষং প্রমাণং শ্রুতিঃ। যে যজামহে ইত্যনেন "ন চৈতদ্বিদ্মো ব্রাহ্মণাঃ স্মো বয়মব্রাহ্মণা বা" যে বয়ং স্মো ব্রাহ্মণা অন্যে বা তে বয়ং 'যজামহে, 'য এবাস্মি স সন্ যজে'" ইত্যাদি শ্রুতিসূচিতং ব্রাহ্মণ্যানবধারণমাবিষ্কৃতম্। তথা শান্তিপর্ব্বণি ১৮৮মে অধ্যায়ে ভৃগুবচনং—"ব্রাহ্মণানাং সিতো বর্ণঃ ক্ষত্রিয়াণান্তু লোহিতঃ। বৈশ্যানাং পীতকো বর্ণঃ শূদ্রাণামসিতস্তথা।" তত্র ভরদ্বাজ উবাচ।—"চাতুর্ব্বর্ণ্যস্য বর্ণেন যদি বর্ণো বিভিদ্যতে। সর্ব্বেষাং খলু বর্ণানাং দৃশ্যতে বর্ণসঙ্করঃ। কামঃ ক্রোধো ভয়ং লোভঃ শোকশ্চিন্তা ক্ষুধা শ্রমঃ। সর্ব্বেষাং নঃ প্রভবতি কস্মাদ্বর্ণো বিভিদ্যতে॥ স্বেদমূত্রপুরীষাণি শ্লেষ্মা পিত্তং সশোণিতম্। তনুঃ ক্ষরতি সর্ব্বেষাং কস্মাদ্বর্ণো বিভজ্যতে॥" অথ ভৃগুরুবাচ।—"ন বিশেষোঽস্তি বর্ণানাং সর্ব্বং

---

তাঁহাকে ব্রাহ্মণ বলা যায়। অন্য উপায়ে বর্ণনিশ্চয় অসম্ভব। জাতির ত নির্ণয় হইতেই পারে না, কেন না, প্রায়শ বর্ণসঙ্কর অনিবার্য্য। অতএব সত্য প্রভৃতি সদ্গুণই ব্রাহ্মণ্যের অনুমাপক। জন্ম দ্বারা ব্রাহ্মণ্য নিশ্চয়ের সম্ভাবনা থাকিলে, বেদে যজমানের ব্রাহ্মণ্য-সংশয়ের কথা থাকিত না। ইহা বনপর্ব্বে—১৮০ম অধ্যায়ে আছে। শান্তিপর্ব্বে—১৮৮।৮৯ অধ্যায়ে আছে। ব্রাহ্মণ শুক্লবর্ণ, ক্ষত্রিয় রক্তবর্ণ, বৈশ্য পীতবর্ণ এবং শূদ্র কৃষ্ণবর্ণ। এরূপ বর্ণভেদেও ব্রাহ্মণাদির ভেদ হইতে পারে না, ইহার ব্যভিচার আছে—কোন ব্রাহ্মণ কৃষ্ণ, কেহ পীত, কোন শূদ্র শুক্লবর্ণ এইরূপ বিপর্য্যয় আছে। কাম ক্রোধাদিও সকল মানবেরই আছে, সুতরাং তাহা লইয়াও বর্ণভেদ হয় না,

ব্রাহ্মমিদং জগৎ। ব্রহ্মণা পূর্ব্বসৃষ্টং হি কর্ম্মভির্বর্ণতাং গতম্ ॥ কামভোগপ্রিয়াস্তীক্ষ্ণাঃ ক্রোধনাঃ প্রিয়সাহসাঃ। ত্যক্তস্বধর্ম্মা রক্তাঙ্গাস্তে দ্বিজাঃ ক্ষত্রতাং গতাঃ ॥ গোভ্যো বৃত্তিং সমাস্থায় পীতাঃ কৃষ্যুপজীবিনঃ। স্বধর্ম্মান্নানুতিষ্ঠন্তি তে দ্বিজা বৈশ্যতাং গতাঃ ॥ হিংসানৃতপ্রিয়া লুব্ধাঃ সর্ব্বকর্ম্মোপজীবিনঃ। কৃষ্ণাঃ শৌচপরিভ্রষ্টাস্তে দ্বিজাঃ শূদ্রতাং গতাঃ ॥ ইত্যেতে চতুরো বর্ণা যেষাং ব্রাহ্মী সরস্বতী বিহিতা ব্রহ্মণা পূর্ব্বং লোভাত্ত্বজ্ঞানতাং গতাঃ ॥" ইতি চতুরশ্চত্বারঃ। পুনরনন্তরাধ্যায়ে ভৃগুবচনং—"জাতকর্ম্মাদিভির্যস্তু সংস্কারৈঃ সংস্কৃতঃ শুচিঃ। বেদাধ্যয়নসম্পন্নঃ ষট্‌সু কর্ম্মস্ববস্থিতঃ ॥ শৌচাচারস্থিতঃ সম্যগ্‌বিঘসাশী গুরুপ্রিয়ঃ। নিত্যব্রতী সত্যপরঃ স বৈ ব্রাহ্মণ উচ্যতে ॥ সত্যং দানমথাদ্রোহ আনৃশংস্যং ত্রপা ঘৃণা। তপশ্চ দৃশ্যতে যত্র স ব্রাহ্মণ ইতি স্মৃতঃ ॥ ক্ষত্রজং সেবতে কর্ম্ম বেদাধ্যয়নসঙ্গতঃ। দানাদানরতির্যস্তু স বৈ ক্ষত্রিয় উচ্যতে ॥ বণিজ্যা পশুরক্ষা চ কৃষ্যাদানরতিঃ শুচিঃ। বেদাধ্যয়নসম্পন্নঃ স

---

শরীরধর্ম্ম ঘর্ম্মনির্গমাদি সকল মানবেরই তুল্য, তাহা লইয়াও বর্ণভেদ নহে। পুনশ্চ আদি সৃষ্টিতে ব্রাহ্মণেরই উৎপত্তি হয়—সেই বংশে প্রথমে যাহারা কামভোগে রত, উগ্রপ্রকৃতি, সাহসী, ক্রোধী, বীর ও রক্তবর্ণ হইল তাহারা ক্ষত্রিয়রূপে নির্দ্দিষ্ট হইল, যাহারা কৃষ্যাদিজীবী ও পীতবর্ণ হইল, তাহারা বৈশ্য রূপে এবং যাহারা হিংসাদিপ্রিয়, লোভী, শৌচাদিভ্রষ্ট এবং কৃষ্ণবর্ণ হইল, তাহারা শূদ্র হইল। এক ব্রাহ্মণবংশ হইতেই চতুর্ব্বর্ণের উৎপত্তি। সুতরাং কর্ম্মভেদেই বর্ণভেদ। যে ব্যক্তি জাতকর্ম্মাদি সংস্কারে সংস্কৃত, শুচি, বেদাধ্যায়ী, যজনযাজনাদি ষট্ কর্ম্মরত, আচারপূত, দেবাতিথিভোজনশেষভোজী, গুরুভক্ত, নিত্যব্রতী এবং সত্যনিষ্ঠ, তিনি ব্রাহ্মণ। সত্য, দান, [illegible] বৈমুখ্য, অনৃশংসতা, লজ্জা, দয়া এবং তপস্যা যাঁহার আছে, তিনি ব্রাহ্মণ। যিনি অস্ত্রাদিকার্য্যরত, বেদাধ্যয়নেও মনোযোগী, যাঁহার দানে প্রীতি আছে, জল

বৈশ্য ইতি সংজ্ঞিতঃ। সর্ব্বভক্ষ্যরতির্নিত্যং সর্ব্বকর্ম্মকরোঽশুচিঃ। ত্যক্তবেদস্ত্বনাচারঃ স বৈ শূদ্র ইতি স্মৃতঃ।” মনুরপি, অনার্য্যতা নিষ্ঠুরতা ক্রূরতা নিষ্ক্রিয়াত্মতা। ব্যঞ্জয়ন্তীহ পুরুষং লোকে কলুষযোনিজমিতি। তস্মাৎ গুণকর্ম্মভেদ এব ব্রাহ্মণ্যাদিলিঙ্গং ন তু জন্মত্যত্রোচ্যতে—দ্বিধা পুনর্ব্রাহ্মণ্যাদিকং শারীরমাত্মগতঞ্চ; তত্র শারীরং সামান্যরূপং জন্মলিঙ্গম্, আত্মগতঞ্চ অদৃষ্টবিশেষরূপং গুণকর্ম্মভেদলিঙ্গং যত্র দ্বিবিধমেব ব্রাহ্মণ্যং বর্ত্ততে স এব মুখ্যো ব্রাহ্মণঃ। তদুক্তং মহাভারতেঽনুশাসনপর্ব্বণি ১২১ মাধ্যায়ে “তপঃ শ্রুতঞ্চ যোনিশ্চাপ্যেতদ্‌ব্রাহ্মণ্যকারণ”মিতি। “যত্রেদানীং মহাসর্প সংস্কৃতং বৃত্তমিষ্যতে। তং ব্রাহ্মণমহং পূর্ব্বমুক্তবান্ ভুজগোত্তমে”-ত্যেতেন সংস্কৃতং সংস্কারোপেতং গার্ভজাতকর্ম্মচৌড়োপনয়নাদি-

করিয়া গ্রহণেও রুচি আছে, তিনি ক্ষত্রিয়। বাণিজ্য, পশুপালন, কৃষিকর্ম্ম যাঁহার আছে, অথচ যিনি শুচি, দাতা, বেদাধ্যায়ী, তিনিই বৈশ্য। যে বেদপাঠ, শৌচ, আচার সমস্তই বর্জ্জন করিয়াছে, অর্থের জন্য সকল কর্ম্মই করিয়া থাকে, সে-ই শূদ্র। এই মতের অনুকূল মহাভারতীয় বচনসমূহ উপরে উদ্ধৃত হইয়াছে। কেবল মহাভারত নহে—মনুও বলিয়াছেন, (১০ম অঃ ৫৮ শ্লোকে) নিষ্ঠুরতা, পরুষভাষিতা, হিংস্রত্ব এবং বিহিত কর্ম্মের অননুষ্ঠান—অপকৃষ্ট জাতির পরিচায়ক। সুতরাং গুণকর্ম্মভেদই ব্রাহ্মণ্যাদির হেতু, জন্ম নহে। অর্থাৎ জাতিভেদ বংশমূলক নহে—গুণমূলক। এই পূর্ব্বপক্ষের উত্তর এই—যেমন ব্রাহ্মণাদি বর্ণকে প্রথম ও পরবর্ত্তী এই দুই ভাগে বিভক্ত করা হইয়াছে, তদ্রূপ সেই ব্রাহ্মণাদির ধর্ম্ম ব্রাহ্মণ্যাদিও দুই ভাগে বিভক্ত, শরীরগত এবং আত্মগত। শরীরগত যে ব্রাহ্মণ্য জাতি—জন্মবিশেষ হইতেই সে ব্রাহ্মণ্যের নিরূপণ করিতে হয়। আত্মগত ব্রাহ্মণ্য অর্থাৎ অদৃষ্টবিশেষ—তাহার অনুমান গুণকর্ম্ম দ্বারা হয়। যে ব্যক্তির দ্বিবিধ ব্রাহ্মণ্য আছে, তিনি পূর্ণ ব্রাহ্মণ। মহাভারতের বচন—(অনুশাসন পর্ব্ব ১২১ অঃ ৬৪ শ্লোক) প্রমাণস্বরূপ উদ্ধৃত হইল। মহাভারতের বনপর্ব্বে (১৮০ মঃ অঃ) গুণমূলক ব্রাহ্মণ্যের কথা

সংস্কারঃ সত্যাদিরূপং বৃত্তঞ্চ যত্রাস্তি স এব ব্রাহ্মণ ইত্যেবমনুক্তে-স্তাৎপর্য্যম্ ইত্যর্থকেনাজাগরপর্ব্বাধ্যায়ীয়যৌধিষ্ঠিরবাক্যশেষেণ তথৈব প্রতিপাদনাৎ। ন চ যুধিষ্ঠিরেতল্লক্ষ্যতে সর্প বৃত্তং স ব্রাহ্মণঃ স্মৃতঃ ইতি প্রাগুক্ত্যা ব্রাহ্মণ্যব্যাপ্যতয়া বৃত্তমাত্রস্য বোধনেনেদং বিরুধ্যত ইতি বাচ্যং তত্রাত্মগত ব্রাহ্মণ্যব্যাপ্যতয়া মুখ্যব্রাহ্মণ্যসামানাধি-করণ্যেন বা বৃত্তমাত্রস্য বোধনাদিতি ধ্যেয়ম্। ব্রাহ্মণ্যাদেদ্বৈবি-ধ্যাসত্ত্বে তু শূদ্রেষ্বপি চ সত্যঞ্চ দানমক্রোধ এব চেতি বনপর্ব্বীয়া-জগরবাক্যে শূদ্রপদস্য শূদ্রে তু যত্তবেল্লক্ষ্মেত্যাদি যৌধিষ্ঠিরপ্রতি-বচনে চ শূদ্রব্রাহ্মণপদানাং নঞর্থানুযোগিপ্রতিযোগিবাচকানাং ব্যবহারোঽনুপপন্নঃ স্যাৎ। প্রাগুক্তশান্তিপর্ব্বীয সন্দর্ভে চ ব্রাহ্ম-ণ্যাদিদ্বৈবিধ্যবোধনায় শুক্লা রক্তাঃ পীতাঃ কৃষ্ণা ইতি শরীরবৈল-

---

আছে—তথা হইতেই বচন উদ্ধৃত হইতেছে। তাহার অর্থ এই যে, জাতকর্ম্মাদি সংস্কার ও সত্যাদি গুণ থাকিলেই তাহাকে ব্রাহ্মণ বলা যায়—(বলা বাহুল্য—জন্মতঃ ব্রাহ্মণ না হইলে যথোচিত জাতকর্ম্ম প্রভৃতি সংস্কার হইতে পারে না) ইহাই সিদ্ধান্ত। অর্থাৎ এখানে ব্রাহ্মণ অর্থে পূর্ণ ব্রাহ্মণ। কেবল গুণ থাকিলে এরূপ ব্রাহ্মণ হয় না। বংশগত ব্রাহ্মণ্যাদি মহাভারতের অস্বীকৃত হইলে, 'শূদ্রো ন বৈ শূদ্রো ব্রাহ্মণো ন চ ব্রাহ্মণঃ' এই সকল মহাভারতীয় বচনে 'শূদ্র' শূদ্র নহে; 'ব্রাহ্মণ' ব্রাহ্মণ নহে; এই প্রকার উক্তি অসঙ্গত হইত। জন্মতঃ ব্রাহ্মণ শূদ্রাদি স্বীকার করিলে এ অসঙ্গতি নাই; অর্থাৎ জন্মশূদ্র 'ব্যক্তি ব্রাহ্মণগুণসম্পন্ন হইলে সে পূর্ণ শূদ্র নহে। জন্মব্রাহ্মণ ব্রাহ্মণগুণসম্পন্ন না হইলে পূর্ণ ব্রাহ্মণ নহে। ইহাই মহাভারতের তাৎপর্য্য। আত্মগত ও শরীরগত দ্বিবিধ ব্রাহ্মণ্যাদি আছে, ইহা জানাইবার জন্য শান্তিপর্ব্বে ব্রহ্মকৃত প্রথম বর্ণভেদও গুণ ও শরীর-বর্ণ-বৈলক্ষণ্যমূলক ইহা স্পষ্ট কথিত হইয়াছে। (শান্তিপর্ব্ব ১৮৮ অঃ ১১—১৩।) তখন সকলেই ব্রাহ্মণ সন্তান; (এমন কি যিনি শূদ্র, তিনিও ব্রাহ্মণ সন্তান, তিনি অনার্য্য বা আদিম অধিবাসী বিজিত জাতি' নহে, শূদ্রবর্ণের ভাষাও

ক্ষণ্যমপি দর্শিতম্। তথাচাদৌ শারীরব্রাহ্মণ্যাদিকং শুক্লাদিরূপভেদমপেক্ষ্য ব্রহ্মণৈব বিহিতম্, তদানীং অগ্নমন্তোল্যাৎ। অধস্তাচ্চ জন্মভেদাদিতি বিশেষঃ। অতএব চাতুর্ব্বর্ণ্যস্য বর্ণেন যদি বর্ণো বিভিদ্যতে। সর্ব্বেষাং খলু বর্ণানাং দৃশ্যতে বর্ণসঙ্কর ইতি ভরদ্বাজপ্রশ্নস্য ইত্যেতে চতুরোবর্ণা যেষাং ব্রাহ্মী সরস্বতী। বিহিতা ব্রহ্মণা পূর্ব্বমিত্যেতাবতা ব্রহ্মণো বর্ণভেদসর্গাবসর এব শুক্লাদিবর্ণভেদগ্রহণমিতি ভৃগুণোক্তমুত্তরম্।

অত্রিরপি—

দেবো মুনির্দ্বিজো রাজা বৈশ্যঃ শূদ্রো নিষাদকঃ।
পশুর্ম্লেচ্ছোঽপি চাণ্ডালো বিপ্রা দশবিধাঃ স্মৃতাঃ॥
সন্ধ্যাং স্নানং জপং হোমং দেবতা নিত্যপূজনম্।
অতিথিং বৈশ্বদেবঞ্চ দেবব্রাহ্মণ উচ্যতে॥
বৈশ্বদেবঞ্চেত্যনন্তরং কুর্ব্বন্নিতি পূরণীয়ম্।
শাকে পত্রে ফলে মূলে বনবাসে সদারতঃ॥
নিয়তোঽহরহঃ শ্রাদ্ধে স বিপ্রো মুনিরুচ্যতে।
বেদান্তং পঠতে নিত্যং সর্ব্বসঙ্গং পরিত্যজেৎ॥

---

দ্বিজাতির ন্যায় ব্রাহ্মী) সুতরাং জন্ম দ্বারা শরীর বৈলক্ষণ্য ছিল না, কিন্তু বর্ণ (রং) বৈলক্ষণ্য দ্বারা শরীরবৈলক্ষণ্য বুঝান হইয়াছে। পূর্ণ ব্রাহ্মণ্য কেবল গুণগত হইলে, বর্ণের কথা তুলিবার প্রয়োজন হইত না। প্রথম বর্ণ বিভাগে শরীরের বর্ণ উপযোগী হইয়াছিল, পরে বর্ণের পরিবর্ত্তে জন্মই উপযোগী হইয়াছে, সুতরাং রং সম্বন্ধে এখন আর কথা নাই। এই কথা মহর্ষি ভৃগু ভরদ্বাজ মহর্ষির প্রশ্নোত্তরে প্রকাশ করিয়াছেন। (শান্তিপর্ব্ব ১৮৮। ৮৯অঃ) ব্রাহ্মণ দশবিধ—যথা দেবব্রাহ্মণ, মুনিব্রাহ্মণ, বিপ্রব্রাহ্মণ, ক্ষত্রিয়ব্রাহ্মণ, বৈশ্যব্রাহ্মণ, শূদ্রব্রাহ্মণ, নিষাদব্রাহ্মণ, পশুব্রাহ্মণ, ম্লেচ্ছব্রাহ্মণ এবং চাণ্ডালব্রাহ্মণ; সন্ধ্যা-জপ-দেবপূজা-নিরত দেবভাবাপন্ন ব্রাহ্মণ দেবব্রাহ্মণ; আবার সংযমে রত

সাংখ্যযোগবিচারস্থঃ স বিপ্রো দ্বিজ উচ্যতে।
অস্ত্রাহতাশ্চ ধন্বানঃ সংগ্রামে সর্ব্বসম্মুখে॥
প্রারম্ভে নির্জ্জিতা যেন স বিপ্রঃ ক্ষত্র উচ্যতে।
কৃষিকর্ম্মরতো যশ্চ গবাঞ্চ প্রতিপালকঃ॥
বাণিজ্যব্যবসায়শ্চ স বিপ্রো বৈশ্য উচ্যতে॥
লাক্ষালবণসম্মিশ্রকুসুম্ভক্ষীরসর্পিষাং।
বিক্রেতা মধুমাংসানাং স বিপ্রঃ শূদ্র উচ্যতে॥
চৌরশ্চ তস্করশ্চৈব সূচকো দংশকস্তথা।
মৎস্যমাংসে সদালুব্ধো বিপ্রো নিষাদ উচ্যতে॥
ব্রহ্মতত্ত্বং ন জানাতি ব্রহ্মসূত্রেণ গর্ব্বিতঃ।
তেনৈব স চ পাপেন বিপ্রঃ পশুরুদাহৃতঃ॥
বাপীকূপতড়াগানামারামস্য সরঃসু চ।
নিঃশঙ্কং রোধকশ্চৈব স বিপ্রো ম্লেচ্ছ উচ্যতে॥
ক্রিয়াহীনশ্চ মূর্খশ্চ সর্ব্বধর্ম্মবিবর্জ্জিতঃ।
নির্দ্দয়ঃ সর্ব্বভূতেষু বিপ্রশ্চাণ্ডাল উচ্যতে॥

(৩৬৪—৭৪ শ্লোক।)

---

বনবাসপ্রিয় মুনিভাবাপন্ন ব্রাহ্মণ মুনিব্রাহ্মণ; নিত্য-বেদান্ত পাঠরত সাংখ্য-যোগ-বিচার-তৎপর সর্ব্বসঙ্গত্যাগী ব্রাহ্মণ বিপ্র-ব্রাহ্মণ। অস্ত্রপারগ শত্রুজেতা বীর ব্রাহ্মণ—ক্ষত্রিয়ব্রাহ্মণ; কৃষিকর্ম্মাদিরত বৈশ্যভাবাপন্ন ব্রাহ্মণ বৈশ্যব্রাহ্মণ; লাক্ষা-লবণাদিবিক্রয়ী শূদ্রভাবাপন্ন ব্রাহ্মণ শূদ্রব্রাহ্মণ; সদা মৎস্যমাংসলোভী চৌর্য্যাদি দুষ্কর্ম্মরত ক্রূরপ্রকৃতি ব্রাহ্মণ, নিষাদ-ব্রাহ্মণ; বেদের সঙ্গে কোনরূপ সম্পর্ক নাই, অথচ ব্রাহ্মণসূত্রের অর্থাৎ যজ্ঞোপবীতের গর্ব্ব বিলক্ষণ যাহার আছে, সে-ই পশু-ব্রাহ্মণ; বাপী, কূপ, তড়াগ, সরোবর এবং উদ্যান প্রভৃতির নির্ভয়ে নিরোধকর্ত্তা ব্রাহ্মণ ম্লেচ্ছব্রাহ্মণ; ক্রিয়াহীন মূর্খ সর্ব্বধর্ম্মবর্জ্জিত, এবং সর্ব্বভূতে নির্দ্দয় ব্রাহ্মণ চাণ্ডালব্রাহ্মণ। (অত্রি ৩৬৪—৭৪)।

জাতিব্রাহ্মণা দশবিধা ভবন্তি দেবব্রাহ্মণাদিভেদাদাত্মগতদেবভাবোপেতা জাতিব্রাহ্মণা দেবব্রাহ্মণা ভবন্তি, তথাবিধদেবভাবশ্চ ব্যবহর্ত্তৃভিরাচারবিশেষাদনুমেয়ঃ। এবং মুনিব্রাহ্মণাদয়ো মন্তব্যা ইত্যত্রিবচনানাং তাৎপর্য্যম্। এতেন ক্ষত্রিয়াদয়ঃ শূদ্রান্তা ব্যাখ্যাতাঃ। দশবিধত্বন্তু অবান্তরভেদাবিবক্ষয়া দিঙ্মাত্রপ্রদর্শনার্থমুক্তম্, দেবত্বমুনিত্বাদিসঙ্করেণ তদানন্ত্যসম্ভবাদিতি তত্ত্বম্। যত্র চৈকবিধং ব্রাহ্মণ্যং স গৌণো ব্রাহ্মণস্তত্র জন্মলিঙ্গকব্রাহ্মণ্যাদ্যুপেতস্যৈব মন্ত্রবৎসংস্কারাধিকারঃ, জাতমাত্রস্য শিশোর্ব্বা গুণলিঙ্গকব্রাহ্মণ্যাদ্যবধারণাসম্ভবাৎ। ব্রাহ্মণ্যাদীত্যাদিপদং ক্ষত্রিয়ত্ববৈশ্যত্বয়োঃ সংগ্রহায়। আত্মগতব্রাহ্মণ্যোপেতশূদ্রস্য পুত্রাদের্ম্মন্ত্রবৎসংস্কারাধিকারস্বীকারে তু জন্মব্রাহ্মণ্যপক্ষ এব বিজয়তে। তস্মাৎ সংস্কারাদিবোধকশাস্ত্রং জন্ম-

---

জাতিব্রাহ্মণের আত্মগত দেবভাব থাকিলে তাহাকে দেবব্রাহ্মণ বলা যায়, সেই দেবভাব আচার দ্বারা অনুমেয়। এইরূপ মুনিব্রাহ্মণাদির পক্ষেও জানিবে। ইহাই অত্রিবচনাবলীর তাৎপর্য্য। আত্মার ব্রাহ্মণ্য বিরোধী ভাব থাকিলে জাতিব্রাহ্মণ নামে পরিচিত হইলেও অপকৃষ্ট ব্রাহ্মণ হয়—যথা ক্ষত্রিয় ব্রাহ্মণাদি। ক্ষত্রিয় হইতে শূদ্র পর্য্যন্ত সকল জাতির পক্ষেই এই রীতির অনুসরণ করিয়া উৎকর্ষ অপকর্ষ নিশ্চয় করিবে। ব্রাহ্মণকে যে দশবিধ বলা হইয়াছে, তাহা সূক্ষ্মানুসূক্ষ্ম ভেদ না করিয়া কেবল রীতি প্রদর্শনেরই জন্য। মনুষ্য দেবভাব মুনিভাব ইত্যাদি ভাবসাঙ্কর্য্য ধরিলে ব্রাহ্মণকে যে কত রূপে বিভক্ত করা যায় তাহার সংখ্যা হয় না। পূর্ব্বেই বলিয়াছি, যে ব্যক্তিতে একবিধ ব্রাহ্মণ্য আছে, সে অপূর্ণ বা অপেক্ষাকৃত অপকৃষ্ট ব্রাহ্মণ। জন্মহেতুক ব্রাহ্মণ্য মন্ত্রপূর্ব্বক জাতকর্ম্মাদি সংস্কারের প্রয়োজক। কেন না, জন্মিবামাত্রই বা শৈশবাবস্থায় কিছু তাহার গুণ জানা যায় না; ক্ষত্রিয়ত্ব বৈশ্যত্বও এইরূপ জানিবে। জন্ম হেতুক শূদ্রত্বই মন্ত্রপূর্ব্বক সংস্কারের প্রতিবন্ধক। আত্মগত ব্রাহ্মণ্য অর্থাৎ সত্যনিষ্ঠতা প্রভৃতি গুণাবলী যে শূদ্রের আছে, তাহার পুত্রের মন্ত্রপূর্ব্বক সংস্কারে অধিকার আছে, এমন কথা বলিলে, জন্মহেতুক ব্রাহ্মণ্য পক্ষই

লিঙ্গকব্রাহ্মণ্যাভ্যুপেতমধিকৃত্যৈব প্রবর্ত্ততে। তদিহেতরাপেক্ষয়া তস্য বেদাধিকারিত্বেন প্রাধান্যম্। অমুত্র তু কেবলশারীরব্রাহ্মণ্যোপেতাপেক্ষয়া কেবলাত্মগতব্রাহ্মণ্যোপেতস্য শ্রেয়োঽধিকারিত্বেন প্রাধান্যম্। অমুত্র প্রাধান্যমভিসন্ধায়ৈব যুধিষ্ঠিরেণোক্তং যত্রৈতল্লক্ষ্যতে সর্প বৃত্তং স ব্রাহ্মণঃ স্মৃত ইতি। ভৃগুণাপ্যুক্তং সত্যং দানমথাদ্রোহ আনৃশংস্যং ত্রপা ঘৃণা। তপশ্চ দৃশ্যতে যত্র স ব্রাহ্মণ ইতি স্মৃত ইতি। জন্মব্রাহ্মণ্যমপি মহাভারতে বহুধোক্তং তত্রৈকমনুশাসনপর্ব্বণি ৪৭ শততমাধ্যায়ে যুধিষ্ঠিরবাক্যে ব্রাহ্মণ্যাং ব্রাহ্মণাজ্জাতো ব্রাহ্মণঃ স্যান্নসংশয়ঃ (২৮শ শ্লোক) ইতি। যজমানস্য ব্রাহ্মণ্যানবধারণ-প্রমাণভূতা শ্রুতিরপি মুখ্যব্রাহ্মণ্যানবধারণমেব সূচয়তি। জাতকর্ম্মাদিসংস্কারবৎ প্রবরণমপি মুখ্যব্রাহ্মণ্যহেতুভূতমদৃষ্টমুৎপাদয়তীতি এবং ক্ষাত্রাদিকমপ্যূহ্যেয়ম্। অনার্য্যতা নিষ্ঠুরতেত্যাদিবচনেন মনুনা যৎ কলুষযোনিত্বব্যঞ্জকমভিহিতং তজ্জাতিব্রাহ্মণত্বেন যথাধিকারং

---

স্বীকার করিতে হইল। কেন না ঐ শূদ্রপুত্র জন্ম বলেই উক্ত অধিকার পাইতেছে। অতএব সংস্কার প্রভৃতি বোধক শাস্ত্রজন্মহেতুক ব্রাহ্মণ্যাদি সম্পন্ন ব্যক্তিকে আশ্রয় করিয়াই প্রবৃত্ত। সুতরাং বেদপাঠে অধিকারী হওয়া যায় বলিয়া জন্মহেতু ব্রাহ্মণ্যের—ইহকালে সত্যাদিনিষ্ঠ শূদ্রাপেক্ষা প্রাধান্য। যে ব্যক্তি সত্যাদিনিষ্ঠ অথচ জন্মহেতুক ব্রাহ্মণ্যসম্পন্ন, তদপেক্ষা সত্যাদিনিষ্ঠ শূদ্রের পরকালে সদ্গতি হয় বলিয়া প্রাধান্য। কোন স্থলে ইহকালের প্রাধান্য লইয়া জন্মব্রাহ্মণের স্তুতি কোন স্থলে বা পরলোকের প্রাধান্য লইয়া গুণ ব্রাহ্মণের স্তুতি শাস্ত্রে আছে। মহাভারত বনপর্ব্ব (১৮৯ অঃ ২৬ শ্লোক)। মহাভারতেও নানা স্থানে জন্মব্রাহ্মণ্যের কথা আছে, তন্মধ্যে একটী—অনুশাসন পর্ব্বের ৪৭শ অধ্যায় ২৮ শ্লোকার্দ্ধ উদ্ধৃত হইল। শ্রুতিতে যে ব্রাহ্মণ্য নিশ্চয় না হওয়ার কথা আছে, তাহার ভাব পূর্ণ ব্রাহ্মণ্য নিশ্চয় না হওয়া। 'প্রবরণ' কর্ম্ম করিলে জাতকর্ম্মাদি সংস্কারের ন্যায় শুভাদৃষ্ট হয়, তৎফলে পূর্ণ ব্রাহ্মণ্য হইতে পারে। নিষ্ঠুরত্ব প্রভৃতি দোষ অপকৃষ্ট জাতির পরিচায়ক ইহা মনু বলিয়াছেন, তাঁহার

য বধি গার্ভাদিসংস্কারপরিশোধিতানামপ্যনার্য্যতেত্যাদিলিঙ্গসদ্ভাবে সঙ্গমনীয়ং ব্যক্তমিদং মহাভারতে বনপর্ব্বণি আজগরপর্ব্বাধ্যায়ে যুধিষ্ঠিরবাক্যে—কৃতকৃত্যাঃ পুনর্ব্বর্ণাঃ যদি বৃত্তং ন বিদ্যতে। সঙ্কর-স্তত্র নাগেন্দ্র বলবান্ প্রসমীক্ষিতঃ॥ কৃতকৃত্যাঃ যথাধিকারং যথা-বিধিকৃতসংস্কারাঃ। তথাপি যদি বৃত্তং সত্যাদিকং ন বিদ্যতে, তৈর্ন লভ্যতে, তেষু ন ভবতি বা। তত্র বলবান্ সংস্কারানপনেয়ঃ সঙ্করদোষো নিশ্চিত ইত্যর্থঃ। সঙ্করস্তত্রেতি পাঠে অত্র এষু সং-স্কারোপেতেষ্বপি বৃত্তহীনেষ্বিত্যর্থঃ। তুকারো নঞোঽনুবৃত্তিব্যব-চ্ছেদার্থঃ। বৃত্তং বৈদিকসংস্কারো যদি ন বিদ্যতে তর্হি সর্ব্বাঃ প্রজাঃ কৃতকৃত্যাঃ শূদ্রতুল্যা ইতি নীলকণ্ঠব্যাখ্যানন্ত্বনুপাদেয়ং যত্তে-তল্লক্ষ্যতে সর্প বৃত্তমিত্যাদিপ্রাগুক্তবৃত্তপদস্য সত্যাদিপরত্বং সিদ্ধং অত্রাপি তৎপরত্বসম্ভবে বৈদিকসংস্কাররূপকাল্পনিকার্থপরত্বাভিধান-

---

অভিপ্রায় এই—যে সকল ব্যক্তিকে জন্মহেতুক ব্রাহ্মণ্যাদিযুক্ত বুঝিয়া যথা-বিধি সংস্কারসমূহে সংস্কৃত করা হইলেও তাঁহার সত্যনিষ্ঠতা প্রভৃতি হয় না; পরন্তু নিষ্ঠুরত্ব প্রভৃতি থাকে—সে বর্ণসঙ্কর—ইহা জানিবে। এ বিষয়ে মহা-ভারত বনপর্ব্ব—(১৮০ অঃ ৩৬ শ্লোক) স্পষ্ট প্রমাণ রূপে উদ্ধৃত হইল। প্রমাণ শ্লোকের নীলকণ্ঠসম্মত পাঠ অসঙ্গত হয় না, ইহা মূলে বিচার পূর্ব্বক প্রদর্শিত হইয়াছে। নীলকণ্ঠ এই শ্লোকের যে ব্যাখ্যা করিয়াছেন, তাহা কষ্ট-কল্পিত, সুতরাং গ্রাহ্য নহে। নীলকণ্ঠ বলেন, 'বৃত্ত অর্থে বৈদিক সংস্কার তাহা যদি না থাকে, তাহা হইলে সকল ব্যক্তিই কৃতকৃত্য অর্থাৎ ক্রিয়াহীন শূদ্রতুল্য হয়; পরন্তু ইহাতে সঙ্কর দোষ ঘটে।' মহাভারতের এই প্রকরণে কতিপয় স্থলে বৃত্ত শব্দের প্রয়োগ আছে। সর্ব্বত্রই সত্যনিষ্ঠতা প্রভৃতি অর্থে তাহার ব্যবহার হইয়াছে। এখানে সে অর্থে প্রয়োগ সম্ভাবিত হইলেও কষ্ট কল্পনা করা অনুচিত, বিশেষতঃ ক্রিয়াহীন শূদ্রতুল্য হইলে তাহাকে 'লুপ্তকৃত্য' না বলিয়া 'কৃতকৃত্য' বলা কখনই উচিত নহে; সুতরাং নীলকণ্ঠের ব্যাখ্যায় মূলকারকে

স্যান্যায্যত্বাৎ লুপ্তকৃত্যানাং প্রজানাং কৃতকৃত্যত্বোক্তেরত্যন্তাসঙ্গতত্বাৎ, তদ্ব্যাখ্যাসঙ্গত্যৈ ব্যক্তার্থকপূর্ব্বপদানামপি ক্লিষ্টার্থকত্বকল্পনদোষস্য জাগরূকত্বাচ্চ।

এবঞ্চ জন্ম-ব্রাহ্মণাদিপ্রভাবাস্তজ্জাতয় ইতি সিদ্ধং। চাতুর্ব্বর্ণ্যং তু ব্রাহ্মণপ্রভবমেবেতি প্রাগুক্তম্। সঙ্কীর্ণজাতয়শ্চ ম্লেচ্ছাদয়স্তদ্ব্যতিরিক্তা যথাহ মহাভারতে শান্তিপর্ব্বণি ১৮৮ মেহধ্যায়ে ব্রহ্মতত্ত্বচাতুর্ব্বর্ণ্যসৃষ্টিমভিধায "ব্রহ্ম চৈব পরং সৃষ্টং যে ন জানন্তি তেঽদ্বিজাঃ। তেষাং বহুবিধাস্ত্বন্যাস্তত্র তত্র হি জাতয়ঃ। পিশাচা রাক্ষসাঃ প্রেতা বিবিধা ম্লেচ্ছজাতয়ঃ। ইতি। অর্থস্তু—বেদমেব পরং সৃষ্টং ন জানন্তি তে অদ্বিজাঃ দ্বিজবিরোধিনঃ, অসুরবৎ। তেষাং বহুবিধা জাতয়ঃ, অন্যাশ্চাতুর্ব্বর্ণ্য-তৎপ্রভবব্যতিরিক্তাঃ তত্র তত্র দেশবিশেষেষু বর্ত্তন্তে ইতি শেষঃ। কে ত ইত্যাহ পিশাচা ইতি।

---

অনুচিত প্রয়োজন হইতে হয়। এই শ্লোকের এইরূপ ব্যাখ্যা পূর্ব্বাপর সঙ্গত করিবার জন্য নীলকণ্ঠকে পূর্ব্ব শ্লোকের ব্যাখ্যাতেও কষ্ট কল্পনা করিতে হইয়াছে। ব্রাহ্মণাদি রূপে পরিজ্ঞায়মান ব্যক্তি সকল, কৃতকৃত্য অর্থাৎ যথাবিধি সংস্কার প্রাপ্ত হইলেও তাহাদিগের বৃত্ত অর্থাৎ বর্ণোচিত সত্যনিষ্ঠতা প্রভৃতি গুণ না আসে, তাহা হইলে প্রবল সঙ্কর দোষ অর্থাৎ বর্ণব্যভিচার তথায় আছে জানিবে। ইহাই উক্ত ৩৬শ শ্লোকের প্রকৃত অর্থ।

চতুর্ব্বর্ণ হইতে, যথানিয়মে সজাতি এবং অনুলোমজ প্রতিলোমজ জাতি উৎপন্ন হয় ইহা স্থিরীকৃত হইল। আর চতুর্ব্বর্ণ ব্রাহ্মণ হইতেই উৎপন্ন, ইহা পূর্ব্বে কথিত হইয়াছে। পরন্তু ম্লেচ্ছ প্রভৃতি জাতি চতুর্ব্বর্ণ ও তৎসন্তান হইতে পৃথক্। পূর্ব্বে কথিত হইয়াছে চীন, শক, জবন প্রভৃতি জাতি পূর্ব্বে ক্ষত্রিয় ছিল, পরে শূদ্র হয়, এক্ষণে তাহারা ম্লেচ্ছভাব প্রাপ্ত হইলেও চাতুর্ব্বর্ণ্য-সম্ভূত, অধুনা যাহারা 'আদিম অধিবাসী' নামে খ্যাত, তাহারা প্রকৃত ম্লেচ্ছ; চীন, প্রভৃতি ব্যতিরিক্ত কতিপয় জাতিও এই ম্লেচ্ছ বা ম্লেচ্ছ ও চতুর্ব্বর্ণ-সন্তানের

পিশাচাদয়স্তৎসদৃশমানবভেদাঃ ম্লেচ্ছসাহচর্য্যাৎ। তত্র তত্র যোনিষু জাতয়ো জন্মানীতি নীলকণ্ঠব্যাখ্যাদরেঽপি অন্যা ইতি মূলপদস্য চাতুর্ব্বর্ণ্য-তৎপ্রভবজন্মতো ভিন্না ইত্যর্থঃ। অতএব মনুনা দস্যুত্বেনোক্তাঃ। এতেষু মর্ত্ত্যেষু মধ্যে যে স্বতঃসিদ্ধহিতবস্তুস্তদ্ব্যাবর্ত্তনায় সংসারাসক্তেতি মর্ত্ত্যবিশেষণম্। তথাচ যেষাং হিতবদহিতমপি ভবিতুমর্হতি তেষাং মর্ত্ত্যানামত্রাধিকারঃ।

ইত্যধিকারিনিরূপণম্। কিং তাবৎ লোকদ্বয়মত্রোচ্যতে। অয়ং লোকঃ পরলোকশ্চেতি। তত্রায়ং লোকো হি বর্ত্তমানভোগারম্ভকং জন্ম। পরলোকশ্চ জন্মান্তরম্। লোকশব্দস্য জন্মার্থকত্বং অসূর্য্যা নামেত্যাদি-তৃতীয়মন্ত্রব্যাখ্যায়ামীশোপনিষদ্ভাষ্যে শ্রীশঙ্করাচার্য্যপাদৈরুক্তম্। তথাহি লোকাঃ—কর্ম্মফলানি লোক্যন্তে দৃশ্যন্তে ভুজ্যন্ত ইতি জন্মানীতি। প্রেত্যামুত্র প্রেত্যভাবাদীনি পরলোকবচনানি। সূত্রিতং হি ভগবদ্ভিঃ পুনরুৎপত্তিঃ প্রেত্যভাব ইতি (ন্যায়দর্শন

---

সঙ্করে উৎপন্ন। পিশাচ, রাক্ষস এবং প্রেত নামক ম্লেচ্ছজাতি—জুলু নিগ্রো ইত্যাদি। নীলকণ্ঠমতে ব্রাহ্মণ-বিরোধীর ম্লেচ্ছ পিশাচাদি যোনিতে জন্ম হয়, সে জন্ম চাতুর্ব্বর্ণ্য ও তৎ সন্তান-জন্ম হইতে পৃথক্ এইরূপ ভাবার্থ। নতুবা মূলে অন্যাঃ এই অংশ ব্যর্থ হয়। এই সকল ম্লেচ্ছ জাতিকে মনু দস্যু সংজ্ঞায় অভিহিত করিয়াছেন। এই সকল মনুষ্যের মধ্যে যাঁহাদের হিত স্বতঃসিদ্ধ তাঁহাদিগকে বাদ দিবার জন্য, সংসারাসক্ত এই অংশ 'সংসারাসক্তমর্ত্ত্যানাং' এই পদে প্রদত্ত হইয়াছে। তবেই হইল, যে সকল মনুষ্যের হিত বা অহিত একটা কিছু হইতে পারে তাহাদের অহিত না হইয়া হিত হউক—এই অভিসন্ধিতেই গ্রন্থ রচনা। সুতরাং এই গ্রন্থে তাহাদের অধিকার। এই পর্য্যন্ত অধিকারিনিরূপণ হইল।

লোকদ্বয় অর্থে ইহলোক ও পরলোক। ইহলোক বলিলে বর্ত্তমান জন্ম বা বর্ত্তমান জন্ম-ভোগাদি স্থান। পরলোক অর্থে পুনর্জ্জন্ম বা মরণের পর ভোগ

১ম অঃ ১ম আ)। বর্ত্তমানভোগস্থানময়ং লোকঃ, মরণোত্তরভোগস্থানঞ্চ পরলোক ইতি বা। অয়ং লোকো নাস্তিপর ইতি কঠোপনিষদ্দ্বিতীয়বল্লীষষ্ঠ-মন্ত্রব্যাখ্যায়ামযমেব লোকো দৃশ্যমানঃ স্ত্র্যন্নপানাদিবিশিষ্ট' ইত্যাদিসন্দর্ভেণ স্থানবিশেষস্যাপি লোকশব্দার্থতয়া শ্রীশঙ্করাচার্য্যপাদৈরনুভাবিতত্বাৎ।

পক্ষদ্বয় এব বর্ত্তমানত্বজন্মভোগমরণাদয়ো নিষ্কৃষ্টলক্ষণে চৈত্রমৈত্রাদিব্যক্তিভেদগর্ভা নিবেশনীয়াস্তেন চৈত্রশরীরাবচ্ছিন্নস্যায়ং লোকো মৈত্রশরীরাবচ্ছিন্নস্যাত্মনঃ পরলোকো ভবন্নপি নান্যোন্যং সঙ্কীর্য্যতে। পরলোকস্ত্রিবিধঃ, উত্তমমধ্যমাধমভেদাৎ ; তদ্বিবরণমগ্রে ভবিষ্যতি। তত্রায়ং লোকঃ প্রত্যক্ষাদিসিদ্ধঃ। পরলোকপ্রমাণন্তু শ্রুতিস্মৃতয়োঽনুমানঞ্চ।

তত্র শ্রুতয়ঃ—অয়ং পন্থা অনুবিত্তঃ পুরাণ ইত্যাদয়ো বামদেবস্য জন্মান্তরসংবাদিন ঋগ্বেদতৃতীয়াষ্টকপঞ্চমাধ্যায়স্থপঞ্চবিংশবর্গীয়মন্ত্রাঃ ; দুর্নির্গমেণাশুচিনা প্রসবদ্বারেণ মাতৃগর্ভান্নির্গন্তুমনিচ্ছন্তং বামদেবং প্রতি ইন্দ্রস্য তেনৈব পথা নির্গন্তুমুপদেশস্ততো গর্ভস্থস্যৈব বামদেবস্য তৎপ্রতি স্বীয়জন্মান্তরচরিত-বর্ণনমিত্যাদিস্তেষাং মন্ত্রাণাং পিণ্ডিতার্থঃ। ইদং ত একং পর উত একমিত্যাদয়ো বৃহদুক্থপুত্রস্য পরমধামপ্রাপ্তিপ্রার্থনাময়া ঋগ্বেদাষ্টমাষ্টকপ্রথমাধ্যায়স্থাষ্টাদশবর্গীয়া মন্ত্রাঃ।

---

স্থান বুঝায়। এই দুই বিষয়ে ভাষ্যসম্মত বৈদিক প্রমাণ (ঈশোপনিষৎ ১ম মন্ত্র ও কঠোপনিষৎ ২য় বল্লী ৬ষ্ঠ মন্ত্র) আছে। পরলোক অর্থে যে পুনর্জ্জন্ম এ বিষয় ন্যায়দর্শনের সূত্রও প্রমাণ রূপে উদ্ধৃত হইয়াছে। ইহলোক প্রত্যক্ষসিদ্ধ, পরলোক শাস্ত্রসিদ্ধ। এইজন্য পরলোক সম্বন্ধে বহু শাস্ত্রীয় প্রমাণ উদ্ধৃত হইয়াছে। ঋগ্বেদ ৩য় অষ্টক৫ম অঃ ২৫শ বর্গের ঋক্-সমূহে গর্ভস্থ বামদেব ইন্দ্রের নিকট নিজ জন্মান্তর কথা কীর্ত্তন করিয়াছেন। ঋগ্বেদ

এষু হি বৃহদুক্‌থো নাম বামদেবপুত্র আঙ্গিরসঃ, মৃতপুত্রস্য সুকৃতিমহুস্মৃত্যোৎকৃষ্ট স্বর্গতিং সুকৃতলভ্যাং প্রার্থয়মানঃ পরলোকতত্ত্বৎকর্ষাপকর্ষতল্লাভসাধনমাবেদয়তীতি।

যত্তে যমং বৈবস্বতং মনো জগাম দূরকম্।
তত্র আবর্ত্তয়ামসীহ ক্ষয়ায়। ১।
যত্তে দিবং যৎপৃথিবীং মনো জগাম দূরকম্।
তত্র আবর্ত্তয়ামসীহ ক্ষয়ায়। ২
'যত্তে ভূমিং চতুর্ভৃষ্টিং' (৩) যত্তে চতস্রঃ প্রদিশঃ (৪)
'যত্তে সমুদ্রমর্ণবম্' (৫) যত্তে মরীচীঃ প্রবতঃ' (৬)
'যত্তে অপোযদোষধীঃ' (৭) 'যত্তে সূর্য্যং যদুষসম্ (৮)

ইত্যাদয়ো গোপায়নার্ষা মৃতভ্রাতুঃ পুনর্জ্জীবনার্থা ঋগ্বেদাষ্টমাষ্টৰ প্রথমাহ্নিকবিংশাদিবর্গীয়া মন্ত্রাঃ। আবর্ত্তয়ামসি, আবর্ত্তয়ামঃ। ইহ ক্ষয়ায় বাসায়। অসমাতির্নামৈক্ষ্বাকো রাজা তস্য বন্ধুঃ সুবন্ধুঃ শ্রুতবন্ধুর্বিপ্রবন্ধুশ্চেতি চত্বারঃ পুরোহিতা আসন্, তে চ গৌপায়নানামাঙ্গিরসাঃ। স তু রাজা তাংস্ত্যক্ত্বা অন্যৌ মায়াবিনাবৃষী পুরোদধে। ততো বন্ধ্বাদয়ঃ ক্রুদ্ধাস্তং রাজানমভিচরিতবন্তঃ। এতজ্জ্ঞাত্বা মায়াবিনৌ পুরোহিতৌ তেষামন্যতমং সুবন্ধুং প্রমাদ-

---

৮ম অষ্টক ১ম অঃ ১৮ শ বর্গের ঋক্‌সমূহে বৃহদুক্‌থ ঋষি মৃত পুত্রের বিশেষ পুণ্য উল্লেখ করিয়া—পরম স্বর্গধাম প্রাপ্তি প্রার্থনা করিয়াছেন। ইহা দ্বারা বুঝা যায়—বিশেষ বিশেষ পুণ্যবলে বিশেষ বিশেষ স্বর্গ লাভ হয়। ইহা বেদসম্মত। ঋগ্বেদ ৮ম অষ্টক ১ম অঃ ২০ বর্গ প্রভৃতির ঋক্‌সমূহে মৃত জীবের যমালয় গমন এবং বিভিন্ন স্থানে জন্মান্তরের সম্ভাবনা ও মৃতের পুনর্জ্জীবনের কথা আছে। বন্ধু সুবন্ধু প্রভৃতি ঋষি-ভ্রাতৃচতুষ্টয় ইক্ষ্বাকুবংশীয় অসমাতি রাজার পুরোহিত ছিলেন। অসমাতি তাঁহাদিগকে ত্যাগ করিয়া অন্য দুইজন মায়াবিশারদ ব্রাহ্মণকে পুরোহিত করেন। ইহাতে বন্ধু প্রভৃতি ভ্রাতৃচতুষ্টয়

প্রসুপ্তং প্রাণৈর্ব্বিযোজিতবন্তৌ শিষ্টাস্তত্ত্রাতরশ্চাবিনাশপ্রাপ্তিহেতু-ভূতান্ মন্ত্রানিমান্ দৃষ্ট্বা জপন্তি স্ম। তত্র মৃতভ্রাতুর্মনো যমসমীপ-দ্যুলোক-পৃথিবী-দিক্-সমুদ্র-মরীচিমালা জলৌষধিসূর্য্যাদিষু প্রসক্তং তত্র তত্র জন্মলিঙ্গং সম্ভাব্য তচ্ছরীর এব তদাবর্ত্তনং পুনর্জ্জীবনহেতুভূতমাশংসন্তস্তত্ত্রাতরো বিজ্ঞাযন্তে।

'উচ্চা দিবি দক্ষিণাবন্তো অশ্বদাঃ সহ তে সূর্য্যেণ। হিরণ্যদাঃ অমৃতত্বং ভজন্ত' ইত্যাদি ঋগ্বেদাষ্টমাষ্টক-ষষ্ঠাধ্যায়স্থ-তৃতীযবর্গীযো দক্ষিণাবিশেষদানাদুত্তমলোকপ্রাপ্তিপ্রতিপাদকো মন্ত্রঃ। দক্ষিণাদাতারো দিবমধিতিষ্ঠন্তি তত্রাশ্বদাঃ সূর্য্যলোকং হিরণ্যদা অমৃতত্বমিত্যাদির্ব্বিশেষ ইতি তদর্থঃ।

'অপশ্যং গোপামনিপদ্যমানমা চ পরা চ পথিভিশ্চরন্তম্। স সধ্রীচীঃ সবিষূচীর্ব্বসান আবরীবর্ত্তি ভুবনেষ্বিত্যাদির্জীবস্য নানাজন্ম-লিঙ্গমৃগ্বেদস্য দ্বিতীযাষ্টক-তৃতীয়াধ্যাযস্থবিংশবর্গীয়োঽষ্টমাষ্টকাষ্টমা-ধ্যায়স্থ-পঞ্চত্রিংশবর্গীযো বা মন্ত্রঃ। অস্যার্থঃ,—গোপাং শরীরপালকম্ জীবম্। অনিপদ্যমানং চিরস্থিরম্। পথিভিঃ ধূমাদিমার্গৈঃ। পিতৃযানেনেতি যাবৎ। আচরন্তম্ আগচ্ছন্তং পরাচরন্তং পরাগচ্ছন্তং

কুপিত হইয়া রাজার প্রতি অভিচার করিতে প্রবৃত্ত হ'ন। নব পুরোহিতদ্বয় তাহা জানিতে পারিয়া আত্মরক্ষায় বিস্মৃত সুপ্ত সুবন্ধুকে বিনাশ করিলেন। অপর তিন ভ্রাতা তাহা জানিতে পারিয়া সেই ভ্রাতার পুনর্জ্জীবনের জন্য যোগ-বলে ঐ সকল মন্ত্র দর্শন করেন। মন্ত্রবলে মৃত ভ্রাতা পুনর্জ্জীবিত হ'ন। সেই সকল মন্ত্রে মৃতের যমালয় গমনাদির কথা আছে। দক্ষিণা দান করিলে ঊর্দ্ধে—স্বর্গে গমন হয়, অশ্বদানে সূর্য্যলোক প্রাপ্তি হয় ইত্যাদি কথা ঋগ্বেদ ৮ম অষ্টক ৬ষ্ঠ অঃ ৩য় বর্গে আছে। অবিনশ্বর আত্মা যে বিভিন্ন জন্ম গ্রহণ করেন, এ কথা ঋগ্বেদ ২য় অষ্টক ৩য় অঃ ২০শ বর্গে ও ৮ম অষ্টক ৮ম অঃ ৩৫শ বর্গে আছে।

কদাচিদিহাগতং কদাচিৎ পিতৃযানস্থম্। সধ্রীচীঃ পূর্ব্বজন্মসদৃশীরবস্থা বিষূচীঃ বিসদৃশীশ্চ বসানঃ উত্তমাধম-মধ্যমজন্মানি লভমানঃ ভুবনেষু পুনঃপুনরাবর্ত্ততে যন্তমপশ্যমিতি। এতেন জীবস্য নানাজন্মপরিগ্রহ উক্তঃ। গোপাং প্রাণম্, পথিভির্ভোগভিরিতি সায়নাচার্য্যঃ।

পাপসত্ত্বে স্বর্গগমনং তত্র পিত্রাদিসঙ্গতিশ্চ ন ভবিতুমর্হতীতি প্রতিপাদকঃ—'সংগচ্ছস্ব পিতৃভিঃ সংযমেনেষ্টাপূর্ত্তেন পরমে ব্যোমন্। হিত্বা যাবদ্যমিত্যাদি'-ঋগ্বেদাষ্টমাষ্টক-ষষ্ঠাধ্যায়স্থ-পঞ্চদশবর্গীয়ো মন্ত্রঃ। হে মদীয় পিতঃ। পরমে ব্যোম্নি স্বর্গে ইষ্টাপূর্ত্তেন স্বভূতৈঃ পিতৃভিঃ যমেন চ সংগচ্ছস্ব অবদ্যং পাপং হিত্বা ত্যক্ত্বা ইত্যর্থঃ।

'অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতাঃ। তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহন' ইতি আত্মঘাতিনামসূর্য্যলোকগতিলক্ষণ-পরলোকজ্ঞাপকো যজুর্ব্বেদমাধ্যন্দিন-শাখাচরমাধ্যায়স্থ ঔপনিষদো মন্ত্রঃ।

'তদ্ য ইত্থং বিদুঃ, যে চেমেঽরণ্যে শ্রদ্ধাতপ ইত্যুপাসতে তেঽর্চ্চিষমভিসংভবন্ত্যর্চ্চিষোঽহরহ্ন আপূর্য্যমাণপক্ষমাপূর্য্যমাণপক্ষাদ্ যান্ ষড়ুদঙেতি মাসাংস্তান্। মাসেভ্যঃ সংবৎসরং সংবৎসরাদাদিত্যমাদিত্যাচ্চন্দ্রমসং চন্দ্রমসো বিদ্যুতং তৎপুরুষোঽমানবঃ স এনান্ ব্রহ্ম গময়ত্যেষ দেবযানঃ পন্থা ইতি।

---

যজুর্ব্বেদ মাধ্যন্দিনী শাখার শেষ অধ্যায়ে ৩য় মন্ত্রে আছে, আত্মঘাতীর পরলোকে অন্ধতমসাবৃত স্থানপ্রাপ্তি হয়। সামবেদের ছান্দোগ্যোপনিষদে ৫ম অধ্যায় ১০ম খণ্ডে আছে—যাঁহারা পঞ্চাগ্নি বিদ্যাভিজ্ঞ গৃহস্থ এবং যাঁহারা অরণ্যচারী শ্রদ্ধালু তপস্বী তাঁহারা মৃত্যুর পর যথানিয়মে অর্চ্চিঃ প্রভৃতি লোক দ্বারা সূর্য্যলোক প্রবিষ্ট হ'ন সূর্য্যলোক দ্বারা চন্দ্রলোক, চন্দ্রলোক দ্বারা বিদ্যুৎ-লোক প্রাপ্ত হ'ন,

অথ য ইমে গ্রাম ইষ্টাপূর্ত্তে দত্তমিত্যুপাসতে তে ধূমমভিসংভবন্তি ধূমাদ্রাত্রিং রাত্রেরপরপক্ষমপরপক্ষাদ্‌যান্ ষড়্‌দক্ষিণৈতি মাসাং-স্তানৈতে সংবৎসরমভিপ্রাপ্নুবন্তি। মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃ-লোকাদাকাশমাকাশাচ্চন্দ্রমসমেষ সোমো রাজা তদ্দেবানামন্নং তং দেবা ভক্ষয়ন্তি তস্মিন্ যাবৎসম্পাতমুষিত্বাথৈতমেবাধ্বানং পুনর্নিবর্ত্তন্তে যথেতমাকাশমাকাশাদ্বায়ুং বায়ুর্ভূত্বা ধূমো ভবতি ধূমো ভূত্বাভ্রং ভবতি অভ্রং ভূত্বা মেঘো ভবতি মেঘো ভূত্বা প্রবর্ষতি ত ইহ ব্রীহিযবা ওষধিবনস্পতয়স্তিলমাসা ইতি জায়ন্তে অতো বৈ খলু দুর্নিষ্প্রপতরং যো যোহ্যন্নমত্তি যো রেতঃ সিঞ্চতি তদ্ভূয় এব ভবতি। তদ্য ইহ রমণীয়চরণা অভ্যাশো হ যত্তে রমণীয়াং যোনিমাপদ্যেরন্ ব্রাহ্মণযোনিং বা ক্ষত্রিয়যোনিং বা বৈশ্যযোনিং বা য ইহ কপূয়চরণা অভ্যাশো যত্তে কপূয়াং যোনিমাপদ্যেরন্ শ্বযোনিং বা শূকরযোনিং বা চণ্ডালযোনিং বা। অথৈতয়োঃ পথোর্ন কতরেণ চ তানীমানি ক্ষুদ্রাণ্যসকৃদাবর্ত্তীনি ভূতানি ভবন্তি

---

তৎপরে কোন দিব্য পুরুষ আসিয়া তাঁহাকে ব্রহ্মভাবে উপনীত করেন। তাঁহার পুনরাগমন হয় না। ইহাই দেবযান। যে সকল গৃহস্থ ইষ্টাপূর্ত্ত প্রভৃতি কর্ম্ম অনুষ্ঠান করেন তাঁহারা ধূমাদি দেবলোক দ্বারা পিতৃলোক, পিতৃলোক হইতে আকাশ, তথা হইতে চন্দ্রলোকে গমন করেন এবং দেবগণের অধীন হইয়া স্বর্গ-ভোগ করেন। যত দিন কর্ম্মক্ষয় না হয় ততদিন তাঁহার তথায় বাস হয়, কর্ম্মক্ষয় হইলেই গমনপ্রথানুসারে পুনরাগমন অর্থাৎ পতন হয়, পতন সময়ে তাঁহারা অচেতন হইয়া থাকেন। ধূমলোক প্রাপ্তির পরে তাঁহারা দূরস্থ জলধরে মিলিত হ'ন তৎপরে বর্ষণসমর্থ বিন্দু বিন্দু মেঘে মিলিত হ'ন। তাহার পর বর্ষণের সহিত পতিত হইয়া বসশোষণ পর্ব্বে ব্রীহিযবাদির সহিত মিলিত হইয়া থাকেন। তাহার পর অন্নভাবে ভোক্তার শরীরে তাঁহাদের মিলন হইয়া থাকে তৎপরে তাঁহারা রস রক্তাদি ক্রমে শুক্র ধাতুর সহিত মিলিত হ'ন। এই ভোক্তাপুরুষ

জায়স্বম্রিয়স্বৈতৎ তৃতীয়স্থানমিতি ছান্দোগ্যোপনিষদাং পঞ্চমাধ্যায়স্থদশমখণ্ডীয়ব্রাহ্মণম্।

অন্বয়ার্থঃ। য ইত্থং বিদুঃ—যে পঞ্চাগ্নিবিদো গৃহস্থাঃ। যে চেমেঽরণ্যে। অরণ্যশব্দোঽত্র বানপ্রস্থ-পরিব্রাজ্য-নৈষ্ঠিকব্রহ্মচর্য্যপরঃ। তেন বানপ্রস্থাঃ পরিব্রাজকা নৈষ্ঠিকব্রহ্মচারিণশ্চ। শ্রদ্ধাতপ ইত্যুপাসতে—শ্রদ্দধানাস্তপস্বিনশ্চ। অর্চিষম্ অর্চিরভিমানিনীং দেবতাম্ অভিসংভবন্তি প্রতিপদ্যন্তে। অহরাদিপদমহরাদ্যভিমানিদেবতাপরম্। আপূর্য্যমাণপক্ষঃ শুক্লপক্ষঃ। উদঙ্ উদীচীম্। এতীত্যস্য সবিতেতি শেষঃ। যান্ ষণ্মাসান্ সবিতা উদীচীং দিশমেতি তান্ তদাত্মকোত্তরায়ণাভিমানিনী-দেবতা অভিসংভবন্তি ইত্যন্বয়ঃ। অমানবঃ, মানব্যাং সৃষ্টৌ সমুৎপন্নো মানবঃ স ন ভবতীত্যমানবঃ। গ্রাম ইতি

---

পুত্রজননে যদি সমর্থ হ'ন এবং যদি তাঁহার গর্ভগ্রহণসমর্থা রমণীর সহিত সংযোগ হয় তাহা হইলে শুক্রমিলিত জীবগণ শুক্র দ্বারা নারীগর্ভস্থ হইয়া থাকেন—নতুবা তাঁহারা শরীরের সহিত পুনরায় বিনষ্ট হইয়া বা বিষ্ঠাদি দ্বারা নির্গত হইয়া জল পৃথিবী ইত্যাদির সহিত মিলনের পর ব্রীহি যবাদির সহিত মিলিত হইয়া থাকেন—এইরূপ ভোক্তৃদেহে সম্মেলন হইলে জীবের নির্গম বিলম্বে ঘটে। যা হউক যাঁহারা ইষ্টাপূর্ত্তাদি কর্ম্মরত অথচ আর্জ্জবাদি-বিশুদ্ধ-মনোভাব-সম্পন্ন তাঁহারা শীঘ্রই উৎকৃষ্ট জন্ম লাভ করেন। যাঁহাদের মনোভাব অশুদ্ধ অর্থাৎ ক্রূরতা প্রভৃতি দোষ আছে তাঁহাদের পূর্ব্ব দুষ্কৃতি কিছু থাকিবেই, সেই পূর্ব্ব-ভোগাবশিষ্ট দুষ্কৃতিফলে তাঁহাদিগকে শীঘ্রই কুক্কুরাদি নিকৃষ্ট জন্মগ্রহণ করিতে হয়। এই ধূমাদিলোকক্রমে চন্দ্রলোকগমনমার্গ পিতৃযান নামে কথিত। এই উভয়বিধ পথে যাত্রী হইবার যোগ্যতা যাঁহার নাই তাহার নরক হয়, নরকের নামান্তর জায়স্ব ম্রিয়স্ব প্রাপ্তিনরক ও অনন্তর সেই দেহে মরণ তুল্য। দুঃখভোগ ও তাহার অবসান ইহা ভিন্ন ধর্ম্ম কার্য্য বা সুখভোগ সে শরীরে নাই এইজন্য

গার্হস্থ্যপরম্। ইষ্টাপূর্ত্তে দত্তমিতীতি। ইষ্টাপূর্ত্তাদিকমুপাসতে আচরন্তি—যে গৃহস্থা ইষ্টাপূর্ত্তদানাদিকার্য্যপরাঃ। তে ধূমং ধূমাভিমানিনীং দেবতাম্। অন্যদুক্তক্রমেণ বোধ্যম্। দক্ষিণা দক্ষিণাং দিশম্। ভক্ষয়ন্তি উপভুঞ্জতে। সোমপ্রতিপন্নান্ খলু দেবাঃ পশুভৃত্যাদিবদুপভুঞ্জতে। অভ্রং জলধরমাত্রং ন তু সেচন-সামর্থ্যং তস্যাস্তি। মেঘস্তু সেচনসমর্থো বর্ষুক ইত্যভ্রমেঘয়ো-রবান্তরভেদঃ। প্রবর্ষতীতি। বর্ষধারারূপেণ পততি। রস-শোষণপ্রণাল্যা ব্রীহিযবাদিমধ্যগতাস্তদ্ভাবমাপদ্যন্তে। দুর্নিষ্প্রপতরং দুর্নিষ্প্রপততরম্। দুর্নিষ্প্রপতং দুর্নির্গমম্। ব্রীহিযবাদিভিঃ সম্মেলন-দশাপেক্ষয়াতিশয়েন দুর্নিষ্প্রপতমন্নভাবেন ভোক্তৃশরীরসম্মেলনম্। যতো ভোক্তা রেতঃসিঙ্ ন বতি চেৎ, রেতঃসিগ্বা যদ্যলব্ধপাত্রো, লব্ধপাত্রোঽপি বা যদি সামগ্রীবিরহাদনাহিতগর্ভ-স্তাবদসৌ জীবঃ পুনর্ব্রীহ্যাদিভাবেনাবর্ত্তত ইতি দুর্নির্গমত্বাতিশয়ঃ। রেতোদ্বারা গর্ভপ্রবেশে তু রেতঃসিগাকৃতিরুৎপদ্যতে দেহীত্যাহ ভূয় ইতি। তথাহি পুরুষাৎপুরুষো জায়তে গোর্গবাকৃতিরেব ন জাত্যন্তরাকৃতিস্তস্মাদ্যুক্তং তদ্ভূয় এব ভবতীতি। যে তু পাপীয়াংসঃ চন্দ্রমণ্ডলমনারুহ্যৈব পাপকর্ম্মভির্ঘোরৈর্ব্রীহিযবাদিভাবং প্রতি-পদ্যন্তে, ততঃ ক্রমেণ মনুষ্যাদিভাবং তেষান্তু নৈতদ্দুর্নিষ্প্রপতম্। কস্মাৎ কর্ম্মণা হি তৈর্ব্রীহিযবাদিদেহ উপাত্ত ইতি তদুপ-ভোগনিমিত্তক্ষয়ে ব্রীহ্যাদিস্তম্বদেহ-বিনাশে যথা কর্ম্মার্জ্জিতং দেহা-ন্তরং নবং নবং জলূকাবৎ সংক্রমন্তে সবিজ্ঞানা এব। চন্দ্রমণ্ডলা

---

তাহার নামান্তর 'জায়স্ব ম্রিয়স্ব' অর্থাৎ জন্মগ্রহণ কর এবং মৃত্যুযন্ত্রণা ভোগ কর। নারকীদিগের প্রতি পরমেশ্বরের এই আদেশ হইতেই নরকের নামান্তর 'জায়স্ব ম্রিয়স্ব' হইয়াছে। এই অবস্থায় ক্ষুদ্রাকার বা নিকৃষ্ট প্রাণিরূপে জন্মগ্রহণ পুনঃ-

দবরোহন্তস্তু সুপ্তবন্নির্ব্বিজ্ঞানা ভবন্তি। তদানীমপি তেষাং স-
বিজ্ঞানত্বে হিংসাপূর্ব্বাদিকারিণাং ঘোরো নরকানুভবশ্চন্দ্রমণ্ডলাদব-
রোহণাদারভ্য প্রাপ্তো যাবদ্ ব্রাহ্মণাদিজন্ম। তথাচ সত্যনর্থায়ে-
ষ্টাপূর্ত্তাদ্যুপাসনং বিহিতং স্যাৎ। এবঞ্চ কর্ম্মবিশেষবশোদ্বুদ্ধ-
বসংস্কারেণ চন্দ্রমণ্ডলমারোহন্তঃ সবিজ্ঞানাস্তস্মাদবরোহন্তশ্চ নির্ব্বি-
জ্ঞানাঃ পাপীয়াংসস্তু সংসরণসময়েঽপি সবিজ্ঞানা ইত্যুক্তম্। ‘ইহ
রমণীয়চরণাঃ’ অভ্যাশো হ ক্ষিপ্রমেব। কপূয়চরণা জুগুপ্সিত-
স্বভাবাঃ। যে তাবদস্মিন্ লোকে চন্দ্রমণ্ডলপ্রাপ্তেঃ প্রাগবস্থায়াম্—
রমণীয়ং বিশুদ্ধং চরণম্ আচরণং যেষাং তথাবিধাঃ। ক্রৌর্য্যাদি-
রহিতাঃ ইতি যাবৎ—তেন চ বিশুদ্ধভাবেনানুমিতং সঞ্চিতশুভাদৃষ্টং
তেষামস্তীতি রমণীয়চরণাস্তে। ইহলোকে ক্রৌর্য্যাদিমত্ত্বেনানুমিতা-
শুভাদৃষ্টাঃ কপূয়চরণাঃ। অথৈতয়োরিতি। যেষাং দেবযানপিতৃ-
যানয়োরেকতরেণাপি ন প্রয়াণং তে খলু ক্ষুদ্রভূতভাবেনাসকৃদাবর্ত্তন-
লক্ষণং নরকং প্রতিপদ্যন্তে। ইদং হি লক্ষণং লিঙ্গং স্বরূপঞ্চ তেন
রৌরবাদিনরকাণাং ক্ষুদ্রভূততাপ্রাপ্ত্যনুমিতানামপি সংগ্রহঃ, ভূতানাং
ক্ষুদ্রত্বঞ্চাকৃত্যা বা প্রকৃত্যা বা তদুভয়েন বেতি। তচ্চ নরকং জায়স্ব
ম্রিয়স্বেতি সংজ্ঞান্তরেণাখ্যাতং তৃতীয়স্থানম্; জননং মরণং মরণতুল্য-
দুঃখানুভবশ্চ ইত্যেবং নারকিণাং কালযাপনা রৌরবাদ্যুত্তীর্ণানামপী-
হাপি দংশমশকাদিরূপেণ জননম্ মরণঞ্চ নতত্র বৈধক্রিয়াসুখ-

---

পুনঃ করিতে হয়। এই সকল প্রাণী—রৌরবাদিবাসী প্রাণী এবং রৌরবাদি
ভোগের পর এই মর্ত্যলোকে যে যে প্রাণী হইয়া জন্ম গ্রহণ করিতে হয় তাহারা;
মর্ত্যলোকের এই সকল প্রাণী ভ্রূণ হইতে অধম শূদ্র পর্য্যন্ত। অতএব নরক
ভোগ এবং মর্ত্যলোকে নিকৃষ্ট জন্ম, এই দুই গতিই এক ‘জায়স্ব ম্রিয়স্ব’ নামে
না অভিহিত। ভগবান শঙ্করাচার্য্য বলিয়াছেন, অল্পজীবী দংশমশকাদিরূপে জন্ম

ভোগাশ্চ ভবন্তি। জায়স্বম্রিয়স্বেতি পরমেশ্বরপ্রেরণম্। তন্নিমিত্তেয়ং নরকসংজ্ঞা। জননমরণয়োরান্তরালিকদুঃখং মরণদুঃখসদৃশং ন চ তদানীং তৎপ্রতিকারঃ শক্যতে কর্ত্তুং, ন চ তেষাং মরণোত্তরমর্চ্চিরাদয়ো বা ধূমাদয়ো বা প্রতিপত্তব্যাঃ, জন্মৈব নারকং প্রতিপত্তব্যমিতি যুক্তং জায়স্বম্রিয়স্বেত্যভিধানমাচার্য্যপাদানাং—ক্ষুদ্রজন্তবো হি দংশমশকাদিবিশেষা জায়স্বম্রিয়স্বেতি স্থানভাগিনঃ। তেষামান্তরালিকক্রিয়া বা ভোগো বা নাস্তি। জননমরণক্ষণেনৈব কালযাপনা। তদেতেষামসকৃদাবর্ত্তনং নরকসংজ্ঞয়াভিহিতমিতি সিদ্ধান্তয়ন্তি। তেষামাশয়স্তু ইহ তথাবিধাসকৃদাবর্ত্তনরূপ-নরকভোগহেতুভূতং রৌরবাদিকমপি জায়স্বম্রিয়স্বেতি সংজ্ঞাযোগ্যং হেতুহেতুমতোরুপচরণাৎ। তথাবিধাসকৃদাবর্ত্তনমাত্রস্য নরকত্বে মন্বাদ্যুক্তরৌরবাদীনামপরিগ্রহপ্রসঙ্গাৎ। সংযমনে ত্বনুভূয়েতরেষামারোহাবরোহৌ তদ্গতিদর্শনাৎ। ১৩। স্মরন্তি চ। ১৪। অপি চ সপ্তেতি বেদান্তদর্শনীয-তৃতীয়াধ্যায-প্রথম-সূত্র-ভাষ্যৈরেব তথা প্রতিপাদনাচ্চ।

---

'জায়স্ব ম্রিয়স্ব' নামক গতি। তাঁহার অভিপ্রায় এই যে, দংশমশকাদিরূপে জন্ম হইতে হইলে তৎপূর্ব্বে নরকভোগ চাই—সুতরাং দংশমশকাদিরূপে জন্মের কথা বলিয়াই নরকের অস্তিত্ব সূচনা করিয়াছেন। এই ক্ষুদ্র-প্রাণি-জন্মহেতু বলিয়া রৌরবাদি নরকও এই 'জায়স্ব ম্রিয়স্বে'র অন্তর্গত। রৌরবাদি নরকের অস্তিত্ব আচার্য্যের অনভিমত হইলে; মনু প্রভৃতি শাস্ত্রমতের সহিত বিরোধ হয়। বিশেষতঃ বেদান্তদর্শন তৃতীয় অধ্যায় ১ম পাদ প্রভৃতি স্থানের ভাষ্যে রৌরবাদি নরকের উল্লেখ স্বয়ংই করিয়াছেন। ঐরূপ নরক আছে, অথচ তাহা এই 'গতিত্রয়ের' অন্তর্গত নহে; এমন কথা বলিলে শ্রুতির ও নিজ ভাষ্যের অসঙ্গতি হয়।

ইষ্টাপূর্ত্তং মন্যমানা বরিষ্ঠং নান্যচ্ছ্রেয়ো বেদয়ন্তে প্রমূঢ়াঃ।
নাকস্য পৃষ্ঠে তে সুকৃতেঽনুভূত্বেমং লোকং হীনতরঞ্চাবিশন্তি॥
ইত্যাথর্ব্বণমুণ্ডকোপনিষদাং প্রথমমুণ্ডকদ্বিতীয়খণ্ডীয়দশমমন্ত্রঃ।

কামান্ যঃ কাময়তে মন্যমানঃ স কামভির্জায়তে তত্র তত্র।
ইতি তৃতীয়মুণ্ডকদ্বিতীয়খণ্ডীয়দ্বিতীয়মন্ত্রাংশঃ। কামভিঃ কামৈঃ।
এবমন্যা অপি শ্রুতয়স্তত্র তত্র দ্রষ্টব্যাঃ।

তেনানুভূয় তা যামীঃ শরীরেণেহ যাতনাঃ। তাস্বেব ভূতমাত্রাসু প্রলীয়ন্তে বিভাগশঃ॥ যথাচরতি ধর্ম্মং স প্রায়শোঽধর্ম্মমল্পশঃ। তৈরেব চাবৃতো ভূতৈঃ স্বর্গে সুখমুপাশ্নুতে॥ যদি তু প্রায়শোঽধর্ম্মং সেবতে ধর্ম্মমল্পশঃ। তৈর্ভূতৈঃ স পরিত্যক্তো যামীঃ প্রাপ্নোতি যাতনাঃ॥ যামীস্তা যাতনাঃ প্রাপ্য স জীবো বীতকল্মষঃ। তান্যেব

---

যাহারা ইষ্টাপূর্ত্তাদি কর্ম্ম অর্থাৎ যজ্ঞদানাদিকে সজাতির প্রধান উপায় বিবেচনা করে, এবং অন্য উৎকৃষ্ট উপায় জানে না, তাহারা সেই পুণ্যবলে স্বর্গপৃষ্ঠে সুখ ভোগ করিয়া পুণ্যক্ষয়ে এই মর্ত্তালোকে এবং এতদপেক্ষা অপকৃষ্ট স্থান প্রাপ্ত হয়। ইহা অথর্ব্ববেদীয় মুণ্ডক উপনিষদের ১ম মুণ্ডকে ২য় খণ্ডে দশম মন্ত্রে আছে। যে ব্যক্তি অভিমান বশতঃ কামনা করে, তাহার কামনার বলে বিশেষ বিশেষ জন্ম গ্রহণ করিতে হয়। ইহাই সেই অথর্ব্ববেদীয় মুণ্ডকোপনিষদের ৩য় মুণ্ডক ২য় খণ্ডের ২য় মন্ত্রে আছে। এইরূপ অন্যান্য শ্রুতিও দ্রষ্টব্য। স্মৃতিও আছে, তন্মধ্যে প্রথমতঃ মনুসংহিতার দ্বাদশাধ্যায়ের বচন উদ্ধৃত হইল। তৎসমুদয়ের অর্থ এই যে, পাপিষ্ঠ মানবের মৃত্যু হইলে তদীয় শরীরোপকরণ পঞ্চতন্মাত্র অর্থাৎ সূক্ষ্ম পঞ্চভূতাংশ হইতে নরকভোগোপযোগী সূক্ষ্মদেহ পরলোকে উৎপন্ন হয়। সেই শরীর দ্বারা নরক ভোগ করিবার পর সেই পাপিষ্ঠগণ তখন সেই পঞ্চভূত মাত্রাতেই বিলীন হইয়া থাকে। যদি ধর্ম্মাচরণ অধিকতর হয় এবং অধর্ম্মাচরণ অল্প হয়,

পঞ্চভূতানি পুনরপ্যেতি ভাগশঃ॥ দেবত্বং সাত্ত্বিকা যান্তি মনুষ্যত্বঞ্চ রাজসাঃ। তির্য্যক্ত্বং তামসা নিত্যমিত্যেষা ত্রিবিধা গতিঃ॥ (১২শ অঃ) যমযাতনাস্থানমাহ বিষ্ণুপুরাণম্। রৌরবঃ শূকরো রোধস্তালো বিশসনস্তথা। মহাজ্বালস্তপ্তকুম্ভঃ শ্বসনোঽথ বিমোহনঃ। রুধিরান্ধো বৈতরণী কৃমীশঃ কৃমিভোজনঃ। ইত্যেবমাদয়শ্চান্যে নরকা ভৃশদারুণাঃ। ইতি দ্বিতীয়াংশে ষষ্ঠাধ্যায়ে। মনুরপি চতুর্থাধ্যায়ে—

তামিস্রমন্ধতামিস্রং মহারৌরবরৌরবৌ। নরকং কালসূত্রঞ্চ মহানরকমেব চ। সঞ্জীবনং মহাবীচিং তপনং সম্প্রতাপনম্। সঙ্ঘাতঞ্চ সকাকোলং কুট্মলং পূতিমৃত্তিকম্। লোহশঙ্কুমৃজীষঞ্চ পন্থানং শাল্মলীং নদীম্। অসিপত্রবনঞ্চৈব লোহদারকমেব চ। (৮৮—৯০ শ্লোক) বিষ্ণুরপি ত্রিচত্বারিংশাধ্যায়ে তামিস্রাদিনরক-ভেদান্ গণয়িত্বা,—কৃতপাতকিনঃ সর্ব্বে প্রাণত্যাগাদনন্তরম্। যাম্যং

---

তাহা হইলে পূর্ব্বশরীরঘটক পঞ্চভূতে আবৃত হইয়াই সে স্বর্গসুখ ভোগ করে। এই পঞ্চভূতময় দেহ কাহারও স্বেচ্ছাদেহাস্তে ভোগদেহরূপে কাহারও বা মৃত্যুর পরেই ভোগদেহরূপে সম্বন্ধ হয়। অধর্ম্মাচরণ অতিরিক্ত হইলে শরীরঘটক পঞ্চভূত তাহাকে পরিত্যাগ করে। সেই পঞ্চভূতের সূক্ষ্মাংশ হইতে অন্য শরীর উৎপন্ন হয়, তাহাই পাপীর দেহ হইয়া থাকে। নরকভোগের পর পূর্ব্ব পঞ্চভূতের সহিত পাপী জীবের সম্বন্ধ হইলে যে দেহ হয়, তদ্দ্বারা অবশিষ্ট পাপ ভোগ হয় এবং ভোগক্ষয়ে সেই ভূতপঞ্চকনির্ম্মিত অন্য উৎকৃষ্ট দেহ প্রাপ্ত হইয়া থাকে। সাত্ত্বিক ব্যক্তিগণ দেবত্ব প্রাপ্ত, রাজস ব্যক্তিগণ মনুষ্যত্ব প্রাপ্ত এবং তামস মনুষ্যগণ নিকৃষ্ট যোনি প্রাপ্ত হইয়া থাকে। বিষ্ণুপুরাণ ২য় অংশ ৬ষ্ঠ অধ্যায়ে রৌরব প্রভৃতি নরকের উল্লেখ করিয়াছেন। মনুও চতুর্থাধ্যায়ে তামিস্র, অন্ধতামিস্র, মহারৌরব প্রভৃতি একবিংশতি-প্রকার নরকের উল্লেখ করিয়াছেন। বিষ্ণু ৪৩শ অধ্যায়ে এই সকল নরকের উল্লেখ

পশ্চানমাসাদ্য দুঃখমশ্নন্তি দারুণম্। শ্বভিঃ শৃগালৈঃ ক্রব্যাদৈঃ কাককঙ্কবকাদিভিঃ। অগ্নিতুণ্ডৈর্ভক্ষ্যমাণা ভুজঙ্গৈর্বৃশ্চিকৈস্তথা। ক্বচিৎ ক্বথ্যন্তি তৈলেন তাড়্যেন্মুষলৈঃ ক্বচিৎ। ক্বচিদ্বাম্ভমথাশ্নন্তি ক্বচিৎ পূয়মসৃক্ ক্বচিৎ। ক্বচিদ্বিষ্ঠাং ক্বচিন্মাংসং পূয়গন্ধি সু-দারুণম্॥ ইত্যাদিভিস্তৎস্বরূপমাহ। যাজ্ঞবল্ক্যঃ।—মহাপাতকজান্ ঘোরান্ নরকান্ প্রাহ গর্হিতান্। কর্ম্মক্ষয়াৎ প্রজায়ন্তে মহাপাতকিনস্ত্বিহ। মৃগশ্বশূকরোষ্ট্রাণাং ব্রহ্মহা যোনিমৃচ্ছতি। (৩য় অঃ ২০৬) এবমেব মনুর্দ্বাদশাধ্যায়ে—"বহূন্ বর্ষগণান্ ঘোরান্ নরকান্প্রাপ্য তৎক্ষয়াদি"তি ষট্পঞ্চাশাদি-বচনজাতেনাহ।

অত্র মহাপাতকজানিত্যুপলক্ষণম্, এতদুপক্রমেণ মূষিকো ধান্য-হারী স্যাদিত্যাদি (৩য় অঃ ২১৪) বচনে পূর্ব্বত্র চ মহাপাতকান্যনাস্যকস্য ধান্যহরণাদিপাপস্য, যাজ্ঞবল্ক্যেন "ধান্যং হৃত্বা ভবত্যাখুরি"ত্যাদিনা (১২শ অঃ ৬২) মনুনাপি নিন্দ্যযোনিপ্রাপ্তিহেতুত্বপ্রতিপাদনাৎ

---

করিয়া বলিয়াছেন, পাপিষ্ঠেরা প্রাণত্যাগের পর যমরাজ্যে দারুণ দুঃখ ভোগ করে। মাংসাশী শৃগাল কুক্কুরাদি পশু, কাকাদি পক্ষী এবং অনলমুখ সর্প ও বৃশ্চিক তাহাদিগকে দংশন করিতে থাকে। কোথাও কোথাও তাহারা তপ্ত তৈলে সিদ্ধ হয়, কোথাও বা মুষলতাড়িত হয়, কোথাও কোথাও তাহাদিগকে বাধ্য হইয়া বমি, পূয়, রক্ত, বিষ্ঠা এবং গলিত মাংস ভোজন করিতে হয়। যাজ্ঞবল্ক্য ৩য় অঃ ২০৬ শ্লোকে বলিয়াছেন, মহাপাতকীরা মহাপাতকের ফলে ভয়াবহ নরক সকল ভোগ করিয়া নরকভোগোপযুক্ত কর্ম্মক্ষয়ে ইহলোকে জন্মগ্রহণ করিয়া থাকে। তন্মধ্যে ব্রহ্মহত্যাপাপী ক্রমে মৃগ-কুক্কুরাদি রূপে জন্মগ্রহণ করে। মনুও দ্বাদশাধ্যায়ে এই মর্ম্মেরই কথাই ৫৬ শ্লোক হইতে বলিয়াছেন। মহাপাতকের কথা উদাহরণস্বরূপ উল্লিখিত হইয়াছে কেমনা, ধান্য হরণ করিলে মূষিক হয় ইত্যাদি কথাও মনু যাজ্ঞবল্ক্য (মনু ১২শ অঃ ৬২, যাজ্ঞ ৩য় অঃ ২১৪) বলিয়াছেন; অথচ ধান্যহরণ মহাপাতকের অন্তর্গত নহে;

ব্যক্তমাহ বিষ্ণুশ্চতুশ্চত্বারিংশাধ্যায়ে "অথ পাপাত্মনাং নরকেষ্বনুভূত-দুঃখানাং তির্য্যগ্‌যোনয়ো ভবন্তি। অতিপাতকিনাং পর্য্যায়েণ সর্ব্বাঃ স্থাবরযোনয়ঃ মহাপাতকিনাং কৃমিযোনয়ঃ" ইত্যাদিনা। পুনরাহ স এব পঞ্চচত্বারিংশাধ্যায়ে "অথ নরকানুভূতদুঃখানাং তির্য্যক্ত্বমুত্তীর্ণানাং মানুষ্যেষু লক্ষণানি ভবন্তি কুষ্ঠ্যতিপাতকী ব্রহ্মহা যক্ষ্মা সুরাপঃ শ্যাবদন্তকঃ সুবর্ণহারী কুনখ" ইত্যাদিনা, মনুরপি "ইহ দুশ্চরিতৈঃ কেচিৎ কেচিৎ পূর্ব্বকৃতৈস্তথা। প্রাপ্নুবন্তি দুরাত্মানো নরা রূপবিপর্য্যয়ম্। সুবর্ণচৌরঃ কৌনখ্যং সুরাপঃ শ্যাবদন্ততাম্।" ইত্যাদিনা (১১শ অঃ ৪৮)। তথাচ স্বর্গে নরকে মর্ত্ত্যলোকে বা জন্মান্তরমিতি ত্রয়ং স্বর্গো নরকো জন্মান্তরাবচ্ছিন্নমর্ত্ত্যলোকশ্চেতি ত্রয়ং বা পরলোকঃ। তত্রাদ্য উত্তমঃ, দ্বিতীয়োঽধমঃ তৃতীয়ো মধ্যমশ্চ।

অথচ এই পাপেও নিকৃষ্ট জন্ম লাভ হয় ইহা কথিত হইয়াছে। বিষ্ণু চতুশ্চত্বা-রিংশ অধ্যায়ে স্পষ্টই বলিয়াছেন, যে কোন পাপীই হউক না নরক ভোগের পর সকলেই অধম জন্ম গ্রহণ করিতে বাধ্য হয়। অতিপাতকীরা পর্য্যায়ক্রমে সকল স্থাবরযোনি প্রাপ্ত হয়। মহাপাতকীরা কৃমিযোনি প্রাপ্ত হয় ইত্যাদি। আবার ৪৫শ অধ্যায়ে বিষ্ণু বলিয়াছেন, নরকভোগের পর অধমযোনি-প্রাপ্তির দুঃখ ভোগ শেষ হইলে, মনুষ্য জন্ম হয়—তখন সেই মনুষ্যদেহে পাপচিহ্ন ব্যাধিসমূহ প্রকাশ পায়; অতিপাতকীর গলৎকুষ্ঠ হয়, ব্রহ্মঘাতীর যক্ষ্মারোগ হয়, সুরাপায়ী শ্যাবদন্ত হইয়া থাকে, সুবর্ণচোর কুনখী হয়, মনু এই কথা ১১শ অঃ ৪৯ প্রভৃতি শ্লোকে বলিয়াছেন। তিনি আরও বলিয়াছেন, কেহ কেহ ইহজন্মের পাপে কেহ কেহ বা পূর্ব্বসঞ্চিত ভুক্তাবশিষ্ট দুষ্কর্ম্মফলে মনুষ্য জন্মে রূপবিকৃতি প্রাপ্ত হয়। এই সমস্ত পর্য্যালোচনা করিলে বুঝা যায়, স্বর্গে দেবদেহপ্রাপ্তি, নরকে নারকীয় দেহপ্রাপ্তি এবং মর্ত্ত্যলোকে বর্ত্তমান দেহাদিযুক্ত কোন জীবদেহপ্রাপ্তি, এই তিন প্রকার জন্মান্তর পরলোক; অথবা স্বর্গ, নরক এবং জন্মান্তরের ভোগ্য মর্ত্ত্যলোক—এই তিন প্রকার পরলোক। এই দুই কল্পে কিন্তু প্রকৃত বিরোধ

মধ্যমঃ খলু সমানোত্তমাধমভেদাত্ত্রিবিধ ইত্যুচ্যতে। যথা সমানঃ ক্ষত্রিয়স্য ক্ষত্রিয়জন্মান্তরলক্ষণ উত্তমস্তস্যৈব ব্রাহ্মণজন্মলক্ষণোঽধমশ্চ শূদ্রপুক্কসতির্য্যগাদিজন্মলক্ষণ এব। মর্ত্ত্যলোকস্য স্বর্গনরকয়োরান্তরালিকতয়া তৎপ্রযুক্তোঽয়ং মধ্যমত্বব্যপদেশঃ ; তথাচ 'উচ্চা দিবি দক্ষিণাবন্ত' ইত্যাদিশ্রুত্যা 'ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা' ইত্যাদি ভগবদ্বচনেন ( ভগবদ্গীতা ১৪ অঃ ১৮ শ্লোকঃ ) 'ঊর্দ্ধং সত্ত্ববিশালে'তি 'ধর্ম্মেণ গমনমূর্দ্ধং গমনমধস্তাদ্ভবত্যধর্ম্মেণে'তি চ সাংখ্যকারিকাভ্যাং 'ভূমের্যোজনলক্ষে তু সৌরং মৈত্রেয়মণ্ডলম্। লক্ষাদ্দিবাকরস্যাপি মণ্ডলং শশিনঃ স্থিতম্॥ পূর্ণে শতসহস্রে তু যোজনানাং নিশাকরাৎ। নক্ষত্রমণ্ডলং কৃৎস্নমুপরিষ্টাৎ প্রকাশতে।' ইত্যুপক্রম্য 'ইত্যাখ্যাতং ভূরেষা' ইত্যাদিকমভিধায় 'ধ্রুবাদূর্দ্ধং মহর্লোকো যত্র তে কল্পবাসিন' ইত্যাদিনা ( বিষ্ণুপুরাণং ২য় অঃ ৭ম অঃ ) স্বর্গস্থানস্য বিষ্ণুপুরাণাদিভিশ্চ মর্ত্ত্যলোকাদূর্দ্ধত্বমুপবর্ণিতম্। মর্ত্ত্যলোকঘটিতলোক-

---

নাই, কেননা দুই মতেই জন্মান্তরের অধীন এবং দুই কল্পেই স্বর্গ নরকাদির সম্বন্ধ আছে। শব্দ ব্যবহারের স্বারসিক উপপত্তির জন্য এই দুই কল্প প্রদর্শিত হইয়াছে। এই দুই কল্পই প্রথম অর্থাৎ স্বর্গ বা দেবদেহ প্রাপ্তি উত্তম পরলোক, দ্বিতীয় অর্থাৎ নরক বা নারকীয় দেহ প্রাপ্তি অধম পরলোক, তৃতীয় অর্থাৎ জন্মান্তরভোগ্য মর্ত্ত্যলোক বা মর্ত্ত্যলোকে জন্মান্তর মধ্যম পরলোক। এই মধ্যম পরলোক—সমান উত্তম ও অধমভেদে ত্রিবিধ। এই কথা আবশ্যকবোধে এস্থলে কথিত হইল। সমান যথা—ক্ষত্রিয়ের ক্ষত্রিয় হইয়া পুনর্জ্জন্ম, বা তজ্জন্মভোগ্য মর্ত্ত্যভূমি ; উত্তম যথা—ক্ষত্রিয়ের ব্রাহ্মণরূপে জন্মান্তর বা তদ্ভোগ্য মর্ত্ত্যভূমি ; অধম যথা—ক্ষত্রিয়ের নিকৃষ্ট যোনিতে জন্মান্তর বা তদ্ভোগ্য মর্ত্ত্যভূমি। মধ্যম পরলোক এই সংজ্ঞার হেতু—মর্ত্ত্যলোক স্বর্গ ও নরকের মধ্যবর্ত্তী ; অথবা মধ্যম পরলোক বুঝিতে হইলে মর্ত্ত্যলোককে গ্রহণ করিতেই হয়। স্বর্গ যে মর্ত্ত্যলোক হইতে ঊর্দ্ধে অবস্থিত, এ বিষয়ে ঋগ্বেদ ৮ম অষ্টক ৪র্থ

বিশেষস্য ভূর্লোক ইতি ব্যপদেশঃ, মর্ত্ত্যলোকশ্চ চেষ্টামন্তরেণ ভোগমলভমানানাং সদ্যোবিনাশিনাং বা প্রাণিনামুক্তবস্থানং স চাতলানরকাচ্চোর্দ্ধং কৃমিকীটাদিজননযোগ্যা-ভূগর্ভমারভ্য কৃমিকীটাদি-জননযোগ্যনভঃপ্রদেশং যাবদন্তরা চ সজলং নির্জ্জলং বা ভূপৃষ্ঠমিতি উক্তং হি বিষ্ণুপুরাণে দ্বিতীয়াংশে সপ্তমাধ্যায়ে 'পাদগম্যন্তু যৎকিঞ্চিদ্‌-বস্ত্বস্তি পৃথিবীময়ম্। স ভূর্লোকঃ সমাখ্যাতো বিস্তারোঽস্য ময়োদিতঃ॥ ভূমিসূর্য্যান্তরং যত্তু সিদ্ধাদিমুনিসেবিতম্। ভুবর্লোকস্তু সোঽপ্যুক্তো দ্বিতীয়ো মুনিসত্তম॥ ধ্রুবসূর্য্যান্তরং যচ্চ নিযুতানি চতুর্দ্দশ। স্বর্লোকঃ সোঽপি গদিতো লোকসংস্থান-বিন্তমৈঃ॥ ত্রৈলোক্যমেতৎ কৃতকং মৈত্রেয় পরিপঠ্যতে।" জন-স্তপস্তথাসত্যমিতি চাকৃতকং ত্রয়ম্॥ কৃতকাকৃতয়োর্ম্মধ্যে মহর্লোক ইতি-স্মৃতঃ। শূন্যো ভবতি কল্পান্তে যোঽত্যন্তং ন বিনশ্যতি॥" শ্রীমদ্ভাগবতেঽপি পঞ্চমস্কন্ধে চতুর্ব্বিংশাধ্যায়ে "অধস্তাৎ সবিতু-র্যোজনাযুতে স্বর্ভানুর্নক্ষত্রবচ্চরতি। ত্রয়োদশসাহস্রং রাহোর্ম্মণ্ডল-

---

অঃ ৩য় সর্গস্থ 'উচ্চা দিবি' ইত্যাদি ঋক্—'ঊর্দ্ধং গচ্ছন্তি' ইত্যাদি ভগবদ্গীতা ১৪শ অঃ ১৮ শ্লোক, 'ঊর্দ্ধং সত্ত্ববিশালা' ইত্যাদি সাংখ্যকারিকা ও বিষ্ণুপুরাণ ২য় অংশ ৭ম অঃ কতিপয় শ্লোক প্রমাণস্বরূপ উদ্ধৃত হইল। মর্ত্ত্যলোক প্রভৃতি স্থানের নাম ভূর্লোক; অতলের এবং নরকের ঊর্দ্ধে অর্থাৎ ভূগর্ভের যে অংশ পর্য্যন্ত কৃমিকীটাদিও উৎপন্ন হইতে পারে, তৎপ্রভৃতি সূক্ষ্ম কৃমিকীটাদির উৎপত্তিযোগ্য নভঃ প্রদেশ এবং মধ্যে সজল বা নির্জ্জল ভূপৃষ্ঠ—এই স্থানের নাম মর্ত্ত্যলোক। পৃথিবী হইতে আকাশের যে পর্য্যন্ত জলচর বা স্থলচর পক্ষিগণ উড্ডীন হইতে পারে, ভূগর্ভ হইতে তাবৎ পর্য্যন্ত স্থান ভূর্লোক নামে খ্যাত। তদূর্দ্ধে সূর্য্য-লোকের অধোদেশ পর্য্যন্ত ভুবর্লোক, সূর্য্যলোক হইতে ধ্রুবলোক পর্য্যন্ত স্বর্লোক, তদূর্দ্ধে যথাক্রমে মহর্লোক প্রভৃতি স্থান আছে। এ বিষয়ে প্রমাণ বিষ্ণুপুরাণ ২য় অংশ ৭ম অধ্যায় এবং শ্রীমদ্ভাগবত ৫ম স্কন্ধ ২৪শ অধ্যায় হইতে

মিত্যনুবৃত্তিঃ। ততোঽধস্তাৎ সিদ্ধচারণবিদ্যাধরাণাং সদনানি তাবন্মাত্র এব। ততোঽধস্তাদ্‌যক্ষরক্ষঃপিশাচভূতগণানাং বিহারা-জিরমন্তরিক্ষং যাবদ্বায়ুঃ প্রবাতি যাবন্মেঘা উপলভ্যন্তে। ততোঽধ স্তাচ্ছতযোজনান্তর ইয়ং পৃথিবী যাবদ্ধংসভাসশ্যেনসুপর্ণাদয়ঃ পতত্রি-প্রবরা উৎপতন্তীতি। পাতঞ্জলভাষ্যে চ অবীচেঃ প্রভৃতি মেরুপৃষ্ঠং যাবদিত্যেষ ভূর্লোক ইতি। ( সাধনপাদে ২৬ সূত্রস্য )

ভৌমপ্রাণিনামন্ততমস্যাপি নৈসর্গিকগতিভ্যো নভঃপ্রদেশান্তং সাধোভাগং ভূমণ্ডলং ভূর্লোক ইতি সংজ্ঞায়তে। তদূর্দ্ধং নভো যাবৎ সূর্য্যলোকং ভুবর্লোক ইতি। সূর্য্যলোকমারভ্য ধ্রুবস্থান-পর্য্যন্তং স্বর্লোক ইত্যাখ্যায়তে। তদূর্দ্ধং মহর্লোকাদিস্থানম্। ভুব-র্লোকস্য সিদ্ধচারণমারভ্য সত্যলোক-স্বর্গভূমিস্তদধো ভূর্লোকাদূর্দ্ধঞ্চ যক্ষরাক্ষসাদিবিহরণস্থানং মেঘপবনসঞ্চরণস্থানঞ্চেতি। নঘবনে-রপ্যধস্তাৎ সপ্ত ভুবিবরা একৈকশো যোজনাযুতান্তরেণায়ামবিস্তা-রেণোপক্লৃপ্তাঃ। অতলং বিতলং সুতলং তলাতলং মহাতলং রসা-তলং পাতালমিতি এতেষু বিলস্বর্গেষু স্বর্গাদপ্যধিককামৈশ্বর্য্যানন্দ-ভূতিবিভূতিভিঃ সুসমৃদ্ধভবনোদ্যানক্রীড়াবিহারেষু দৈত্যদানব-কাদ্রবেয়া নিবসন্তীতি শ্রীমদ্ভাগবতপঞ্চমস্কন্ধবিংশাধ্যায়সন্দর্ভেণ 'স্বর্লোকাদপি রম্যাণি পাতালানীতি নারদঃ প্রাহ স্বর্গসদাং মধ্যে পাতালেভ্যো গতো দিবী'তি বিষ্ণুপুরাণ (২য় অং ৫ অঃ) বচনাদিনা চ পাতালপ্রদেশানাং ভূমেরধস্তনত্বে সিদ্ধেঽপি স্বর্গাধিকরমণীয়ভোগ

---

উদ্ধৃত হইয়াছে। ভূতলের অভ্যন্তরে সাতটী ক্রমিক গহ্বর আছে। তাহাই অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল নামে অভিহিত। এই সকল স্থান স্বর্গতুল্য; ইহাতে স্বর্লোক অপেক্ষা রমণীয় ভোগ্যনিচয় আছে। এ বিষয় শ্রীমদ্ভাগবত ৫ম স্কন্ধে ২৪ অঃ এবং বিষ্ণুপুরাণ ২য় অংশ ৫ম অঃ

ভূমিত্বেনাভিধানাৎ তদ্গতিঃ সাত্ত্বিকী বা রাজসী বা তামসী বেতি কোঽত্র সিদ্ধান্ত ইতি চেৎ শ্রূয়তাম্ অস্মাল্লোকাৎ পাতালে ব্রাহ্মণাদীনাং জন্মান্তরং ভবতি চেৎ তেষাং সা গতিস্তামসী, পাতালবাসিনাং চিত্তভূমেস্তমোবাহুল্যবত্ত্বাদথ ন জন্মান্তরং কিন্তু তপোলব্ধনিরর্গলগতীনাং সিদ্ধানাং তদাদিষ্টানাং বা তত্র তত্র গমনং ভোগো বা জীবতামেব; সোঽয়ং ভোগঃ সাত্ত্বিকোঽপি ভবিতুমর্হতি। তত্রৈবাসুরাদিভাবেনাসকৃদাবর্ত্তমানানাং জন্মান্তররূপা পাতালগতিশ্চ সুখতারতম্যাদিনা ক্বচিৎ সাত্ত্বিকী ক্বচিদ্রাজসী ক্বচিত্তামসী চ; জীবতাং পাতালগতিস্তু সুখভোগফলিকা চেৎ সত্ত্বপরিণতিরেব; ইতরা চেদিতরপক্ষে প্রক্ষেপ্যা। যদ্বা ঊর্দ্ধগতিঃ সাত্ত্বিকী গতিরিত্যুক্তিঃ সুখহেতুগতিং প্রতিপাদয়ন্তী পাতালরূপবিলস্বর্গগতিমপি বোধয়তি ঊর্দ্ধকথনন্তু মুখ্যস্বর্গাভিপ্রায়েণ; যত্তু গমনমধস্তাদ্ভবত্যধর্ম্মেণেত্যস্য ব্যাখ্যায়াম্ অধর্ম্মেণ সুতলাদৌ গমনমিতি বাচস্পতিমিশ্রৈরুক্তং তদপি কেষা-

---

হইতে প্রমাণ উদ্ধৃত হইয়াছে। অতএব অতল প্রভৃতি সপ্ত পাতাল ভূতলের অধোবর্ত্তী হইলেও স্বর্লোকাপেক্ষা উৎকৃষ্ট ভোগস্থান, এরূপ সিদ্ধান্ত হইলে পাতাল বা পাতাল লোকপ্রাপ্তি—উত্তম, মধ্যম এবং অধম এই তিনের মধ্যে কোন্ পরলোকের অন্তর্গত ইহা জিজ্ঞাসা হইতেছে। এই জিজ্ঞাসার উত্তর এই—এই মর্ত্ত্যলোক হইতে ব্রাহ্মণাদির পাতালে যে জন্মান্তর হয়, তাহা তামস অর্থাৎ অধম কেননা পাতালবাসীর অন্তঃকরণে তমোভাব প্রবল। তপঃপ্রভাবে অপ্রতিহত গতিশক্তি হইলে অথবা সিদ্ধপুরুষের আদেশেও পাতাল গমন ঘটিতে পারে,—সে গমন কিন্তু পরলোক নহে। সেই গমন-মূল জন্মই পরলোক। তবে তাহা সুখের হইলে সুখভোগ, দুঃখের হইলে দুঃখভোগ মাত্র হয়। আর পাতালবাসিগণের বিভিন্ন স্থানে পুনর্জ্জন্ম হইতে পারে, সেই সকল জন্মে পূর্ব্বজন্মাপেক্ষা সুখদুঃখাদির ন্যূনাধিক্য অনুসারে তাহাদিগের গতি সাত্ত্বিকী রাজসী

কিঞ্চিদ্দুঃখবিশেষভোগায় সুতলগমনমিত্যাশয়েন, আদিপদাচ্চ নরক-গ্রহণমিতি তাৎপর্য্যম্। নরকস্থানঞ্চ চ ভূমেরধস্তনত্বং বিষ্ণুপুরাণা-দাবুক্তম্। তথাহি—ততশ্চ নরকান্ বিপ্র ভুবোঽধঃ সলিলস্য চ। পাপিনো যেষু পাত্যন্তে তান্ শৃণুষ্ব মহামুনে ইতি ( বিষ্ণুপুরাণীয়-দ্বিতীয়াংশষষ্ঠাধ্যায়স্থপ্রথমঃ শ্লোকঃ )।

শ্রীমদ্ভাগবত-পঞ্চমস্কন্ধীয়ষড়্‌বিংশাধ্যায়সন্দর্ভশ্চায়ং যথা,—শ্রীরাজোবাচ—নরকা নাম ভগবন্ কিং দেশবিশেষা অথবা বহিস্ত্রিলোক্য আহোস্বিদন্তরাল ইতি। শ্রীঋষিরুবাচ অন্তরাল এব ত্রিজগত্যাস্তু দিশি দক্ষিণস্যামধস্তাদ্‌ভূমেরুপরিষ্টাচ্চ জলাদিতি। ত্রিজগত্যা অন্ত-রালে দক্ষিণস্যাং দিশীহ বৈ। ভূমেরধস্তাদুপরি স্বতলস্য চ নারদ॥ ইত্যুপক্রম্যনরকানেকবিংশত্যা সংখ্যয়া বর্ণয়ন্তি হি ইতি দেবী-ভাগবতাষ্টমস্কন্ধীয়ৈকবিংশাধ্যায়ে নারদং প্রতি নারায়ণবচনম্। অষ্টা-বিংশতিরেবাধঃ ক্ষিতের্নরককোটয়ঃ। সপ্তমস্য তলস্যান্তে ঘোরে তমসি সংস্থিতাঃ॥ ইত্যগ্নিপুরাণীয়ৈকসপ্তত্যধিকশততমাধ্যায়বচনম্। অবীচেঃ প্রভৃতি মেরুপৃষ্ঠং যাবদিত্যেষ ভূর্লোকঃ, মেরুপৃষ্ঠাদারভ্য আধ্রুবাৎ গ্রহনক্ষত্রতারাবিচিত্রোঽন্তরিক্ষলোকঃ, তৎপরঃ স্বর্লোকঃ, পঞ্চবিধো মাহেন্দ্রস্তৃতীয়ো লোকঃ, চতুর্থঃ প্রাজাপত্যো মহর্লোকঃ, ত্রিবিধো ব্রাহ্মঃ—তদ্‌যথা জনলোকস্তপোলোকঃ সত্যলোক ইতি; তত্রাবীচেরুপর্য্যুপরি নিবিষ্টাঃ ষণ্মহানরকভূময়ো ঘনসলিলানলানিলা-কাশতমঃপ্রতিষ্ঠা মহাকালাম্বরীষ-রৌরব-মহারৌরবান্ধতামিস্রাঃ, যত্র

---

বা তামসী তাহা নিশ্চয় করিবে। নরক যে ভূতলের অধোদেশ তাহা বিষ্ণুপুরাণ প্রভৃতি গ্রন্থে কথিত হইয়াছে। এ বিষয়ে বিষ্ণুপুরাণ ২য় অংশ ৬ষ্ঠ অঃ, শ্রীমদ্ভাগবত পঞ্চম স্কন্ধ ২৬শ অধ্যায়, দেবীভাগবত ৮ম স্কন্ধ ২১শ অঃ,

স্বকর্ম্মোপার্জ্জিত-দুঃখবেদনাঃ প্রাণিনঃ কষ্টমায়ুর্দীর্ঘমাক্ষিপ্য জায়ন্তে, ততো মহাতল-রসাতলাতল-সুতল-বিতল-তলাতল-পাতালাখ্যানি সপ্ত পাতালানি ভূমিরিয়মষ্টমী সদ্বীপা বসুমতীতি পাতঞ্জলভাষ্যে সাধন-পাদে ২৬ সূত্রীয়ব্যাসসন্দর্ভঃ। ভূমেরধস্তাৎপ্রথমং পাতালমতলমিতি পুরাণমতম্। তদুপরি নরকা ইতি দেবীভাগবতম্। সপ্তমপাতালান্তে নরকমিত্যগ্নিপুরাণম্। অধঃপ্রদেশা নরকাস্তদনন্তরাণি পাতালানীতি ব্যাসভাষ্যম্। সূর্য্যলোকাদ্ধ্রুবলোকপর্য্যন্তস্থানং স্বর্লোক ইতি-বিষ্ণুপুরাণম্। মেরুপৃষ্ঠাৎ ধ্রুবলোকপর্য্যন্তোঽন্তরিক্ষলোক ইতি ব্যাসভাষ্যম্। তদেতেষাং বিরুদ্ধবৎ প্রতীয়মানানামৃষিবাক্যানামিত্থং সমন্বয়ঃ, সর্ব্বদক্ষিণভূমাববীচির্নাম নরকঃ তদুত্তরভূগর্ভে মহাকাল এবং ক্রমোত্তরবর্ত্তিনোঽন্যাঃ পঞ্চ নরকভূময়ো ভূগর্ভস্থা উপ-র্য্যুপরীত্যুক্তাঃ। উত্তরপ্রদেশে চ সপ্ত পাতালানি ভূগর্ভস্থানি সপ্তভূমিকপ্রাসাদবদূর্দ্ধাধোভাবেন বর্ত্তন্তে। তত্র অতলাৎ সমসূত্র-পাতে একবিংশতির্নরকা উচ্চৈর্ভবন্তি। তথাহি ভূপৃষ্ঠাদ্‌যোজনসহস্রা দর্ব্বাগতলম্, অতলাদ্দক্ষিণদেশে ভূপৃষ্ঠাদ্‌যোজনসহস্রমধ্যে নরক-প্রদেশারম্ভঃ, সপ্তমপাতালস্য পাতালাখ্যস্য দক্ষিণদেশপর্য্যন্তং চ তদ্বি-

অগ্নি পুরাণ ৩৭১ম অধ্যায় পাতঞ্জল সাধনপাদ ২৬ সূত্রের ব্যাসভাষ্য হইতে প্রমাণ উদ্ধৃত হইল। কিন্তু পাতঞ্জল বা ব্যাসভাষ্যে আছে, 'অবীচি নরক হইতে সুমেরুপৃষ্ঠ পর্য্যন্ত ভূর্লোক, সুমেরু পৃষ্ঠের পর হইতে ধ্রুবলোক পর্য্যন্ত অন্তরীক্ষ লোক, তৎপর স্বর্লোক—স্বর্লোক পঞ্চভাগে বিভক্ত, মহেন্দ্র-লোক, প্রাজাপত্য লোক (মহর্লোক), এবং জন, তপঃ সত্য এই তিন ব্রহ্মলোক। অবীচি মহানরকের উপর ক্রমে অন্য পাঁচটী মহানরক আছে, তদনন্তর সপ্ত পাতাল তদূর্দ্ধে এই পৃথিবী। এদিকে দেবীভাগবতে আছে— অতল নামক প্রথম পাতালের উপরিভাগে একবিংশতি নরক, অগ্নিপুরাণে আছে —সপ্তম পাতালের অন্তে নরক, বিষ্ণুপুরাণে আছে—সূর্য্যলোক হইতে ধ্রুবলোক পর্য্যন্ত স্বর্লোক, তদূর্দ্ধে মহর্লোক—এই সকল আপাতবিরুদ্ধ কথা শাস্ত্রে

স্যার ইতি পুরাণমতব্যাখ্যা। দক্ষিণমেরুত্বেন সংজ্ঞায়মানস্য স্থানস্য উদঙ্মুখপুরুষত্বেন ভাব্যমানস্য বামভাগে পাতালানি দক্ষিণভাগে চ


---

পাওয়া যায়। পরন্ত সর্ব্বপ্রমাণের একবাক্যতায় সিদ্ধান্ত মত, ঊর্দ্ধ, অধঃ, দক্ষিণ, উত্তর এই চতুঃসীমাবচ্ছিন্ন স্থানের মধ্যে সত্যাদি লোক, পৃথিবী বা ভূপৃষ্ঠ, পাতাল এবং নরক স্থান নিম্নে প্রদর্শিত হইল।

( ঊর্দ্ধ )

সত্য
তপঃ
জনঃ
মহঃ বা প্রাজাপত্য
স্বর্লোক অর্থাৎ ধ্রুবলোক এবং সপ্তগ্রহলোক।
ইন্দ্রলোক ধ্রুবলোকেরই অন্তর্গত।
স্বর্লোকের নিম্নভাগ অর্থাৎ ইন্দ্রলোকের নিম্নস্তর মুখ্য ধ্রুবলোক এবং তন্নিম্নে সপ্তগ্রহলোক স্বর্লোক হইলেও ইন্দ্রলোকের ন্যায় অপূর্ব্ব-ভোগ-সুখাবহ নহে এই জন্য পাতঞ্জলে ইহাকে অন্তরিক্ষ লোকের অন্তর্গত অর্থাৎ অন্তরিক্ষের ঊর্দ্ধাংশ বলা হইয়াছে।
ভুবর্লোক বা অন্তরিক্ষ লোকের নিম্ন অংশ।
ভূর্লোক (পক্ষি প্রভৃতির উড্ডয়ন স্থান হইতে ভূপৃষ্ঠ পাতাল নরক পর্য্যন্ত)

ভূপৃষ্ঠ

( দক্ষিণ ) 

অতল
বিতল
সুতল ( নিতল ) (উত্তর)
তলাতল ( গভস্তিমৎ )
মহাতল
রসাতল ( পাতাল )
পাতাল

( অধঃ )

নরকা ইতি তু পুরাণ-নবীনমতসন্ধিঃ। অষ্টাবিংশতিকোটীনাং নরকাণামেকবিংশতিমুখ্যতরা মুখ্যতমাশ্চ সপ্ত। মুখ্যাস্তু চতুশ্চত্বারিংশন্নরকা ইতি। ব্যাসভাষ্যে যোঽসাবন্তরিক্ষলোক উপবর্ণিতঃ ন স কেবলো ভুবর্লোকঃ, কিন্তু ভুবর্লোকস্বর্লোকৈকদেশয়োঃ সমাহারঃ 'তৎপরঃ স্বর্লোক' ইতি যদুক্তং তস্য তদাসক্তঃ স্বর্লোক ইত্যর্থঃ, তথাচান্তরিক্ষলোকঘটিতঃ স্বর্লোকঃ পঞ্চবিধ ইতি ফলিতম্। সূর্য্যলোকাদারভ্য আধ্রুবং যোঽন্তরিক্ষলোকৈকদেশঃ স স্বর্লোকঃ, তদধোঽন্তরিক্ষলোকশ্চ ভুবর্লোকঃ। মাহেন্দ্রোঽপি লোকঃ স্বর্লোকান্তর্গত এব ধ্রুবস্থানস্য পরিমাণন্যূনত্বাভিপ্রায়েণ ব্যাসভাষ্যে মাহেন্দ্রলোকস্য পৃথগভিধানম্। ব্যাসভাষ্যে সপ্তপাতালানাং ন যথাক্রমমুল্লেখঃ, তৎক্রমস্তু পুরাণাদবগন্তব্যঃ। ইত্যেবং রীত্যা বিরুদ্ধত্বেন প্রতীয়মানানি বচনান্তরাণ্যপি মীমাংসনীয়ানীতি।

---

উল্লিখিত পাতালাদি ও নরক—ভূগর্ভস্থ।

এক নরক স্থানের শাস্ত্রভেদে নাম ভেদ আছে। ছয় নরকের অধিকৃত স্থানসমূহের মধ্যে কোটি কোটি অবান্তর নরক। সাতটী মুখ্যতম নরক, মুখ্যতর একবিংশতি এবং মুখ্য ৪৪ নরক। এই এক প্রকার সমন্বয়।

পাতাল ও নরক সম্বন্ধে অন্য প্রকার সমন্বয়। যথা,

ভূগোলের ঊর্দ্ধ উত্তর ভাগ। অধঃ দক্ষিণ ভাগ। উত্তর ভাগ সুমেরু। দক্ষিণ ভাগ দক্ষিণ মেরু। দক্ষিণ মেরুকে—উত্তর মুখে অবস্থিত পুরুষ ভাবিয়া তাহার বাম ভাগস্থ ভূভাগ সপ্ত পাতাল এবং দক্ষিণ ভাগস্থ ভূভাগ নরক। এই দুই ভাগে চন্দ্র সূর্য্যের আলোক নাই, পাতালে আলোকসঞ্চার নক্ষত্রবিশেষের জ্যোতি হইতে হয়। ভূমণ্ডলকে যাঁহারা স্থির বলেন, তাঁহাদের মতে ঐ জ্যোতিঃপ্রদ নক্ষত্রও স্থির। যাঁহারা ভূমণ্ডলকে গতিশীল বলেন, তাঁহারা ঐ নক্ষত্রকেও ভূমণ্ডলের সঙ্গে সঙ্গে ভ্রমণশীল বলিতে পারেন। নরক অন্ধকারময়।

ভূর্লোকশ্চোক্তঃ স এব মর্ত্ত্যলোকঃ। স চ বিবিধদ্বীপসাগরগিরি-সরিদরণ্য-মরুকান্তার-জনপদময়ো বৈচিত্র্যসমৃদ্ধঃ প্রত্যক্ষ এব। তত্র পুনঃ প্রধানং ভারতবর্ষং; তথাচ বিষ্ণুপুরাণম্—উত্তরং যৎসমুদ্রস্য হিমাদ্রেশ্চৈব দক্ষিণম্। বর্ষং তদ্ভারতং নাম ভারতী যত্র সন্ততিঃ॥ ইতঃ স্বর্গশ্চ মোক্ষশ্চ মধ্যঞ্চান্তশ্চ গম্যতে। ন খল্বন্যত্র মর্ত্ত্যানাং, কর্ম্ম ভূমৌ বিধীয়তে॥ অত্র জন্মসহস্রাণাং সহস্রৈরপি সত্তম। কদাচিল্লভতে জন্তুর্মানুষ্যং পুণ্যসঞ্চয়াৎ॥ গায়ন্তি দেবাঃ কিল গীতকানি ধন্যাস্তু তে ভারতভূমিভাগে। স্বর্গাপবর্গাস্পদমার্গভূতে ভবন্তি ভূয়ঃ পুরুষাঃ সুরত্বাৎ॥ (২য় অংশ, ৩য় অঃ) মহাভারতাদাবপ্যেবম্।

নন্বু সত্যপি ভারতবর্ষস্য প্রধানত্বে তস্যেদানীং ম্লেচ্ছরাজ্যতয়া বাসযোগ্যত্বং নাস্তি,'ন শূদ্ররাজ্যে নিবসেদি'তি মনুনা চতুর্থাধ্যায়ে ৮১শ

---

ভূর্লোকের কথা বলিয়াছি। ভূর্লোকের অন্তর্গত মর্ত্ত্যলোক, বিবিধ দ্বীপ সমুদ্র গিরি নদী অরণ্য জনপদ ও মরুভূমি প্রভৃতির সমাবেশে পূর্ণ। এ ভারতবর্ষ এই মর্ত্তলোক মধ্যে সর্ব্বপ্রধান, যে দেশের উত্তরে হিমালয় এবং দক্ষিণে সমুদ্র তাহা ভারতবর্ষ, ভারতবর্ষ কর্ম্মভূমি, এইখানে কর্ম্ম করিলে তাহার ফলে স্বর্গ মোক্ষাদি লাভ হয়, অন্যত্র যাগযজ্ঞাদি কর্ম্ম করিবার বিধি নাই। সহস্র সহস্র জন্মের পর ভারতবর্ষে পুণ্যপুঞ্জফলে মনুষ্যজন্ম লাভ হয়। স্বর্গ ও মোক্ষপ্রাপ্তি স্থান ভারতবর্ষে যে মনুষ্যগণ জন্মগ্রহণ করে তাহারা ধন্য, দেবত্ব লাভ অপেক্ষা তাহাদের জন্ম উৎকৃষ্ট—স্বয়ং দেবগণ এইরূপ গান করিয়া থাকেন। এই মর্ম্মের প্রমাণ বিষ্ণুপুরাণ ২য় অংশ ৩য় অধ্যায় হইতে উদ্ধৃত হইল। মহাভারত শ্রীমদ্‌-ভাগবত-প্রভৃতি গ্রন্থেও ভারতবর্ষের প্রাধান্য বর্ণিত আছে। এখন পূর্ব্বপক্ষ এই যে, ভারতবর্ষ সর্ব্বপ্রধান স্থান হইলেও তাহা এক্ষণে ম্লেচ্ছরাজ্য অর্থাৎ ম্লেচ্ছভাবাপন্ন জাতির রাজ্য, অতএব বাসযোগ্য নহে, কেননা যে দেশের রাজা দ্বিজ নহে তথায় বাস করা শাস্ত্রনিষিদ্ধ, এই মত সমর্থনের জন্য মনুর

শ্লোকে তথা প্রতিপাদনাৎ। ন চ শূদ্ররাজ্যস্থ নিষিদ্ধবাসত্বেঽপি ম্লেচ্ছরাজ্যস্য তথাত্বমপ্রামাণিকমিতি বাচ্যং শূদ্রাণাং ম্লেচ্ছাপেক্ষয়া প্রকৃষ্টত্বেঽপি তদ্রাজ্যেঽপি বাসং নিষেধয়তা ভগবতা তন্নিকৃষ্টজাতি রাজ্যে বাসস্য সুতরাং নিষিদ্ধতয়া প্রতিপাদনাৎ। কিঞ্চ শূদ্র ইতি দ্বিজেতরজাতিমাত্রসংজ্ঞা, তথাচ মনুঃ—ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যস্ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ। চতুর্থ একজাতিস্তু শূদ্রো নাস্তি তু পঞ্চমঃ॥ ইতি (১০। ৪) তথাচাসতি বাধে সামান্যরূপেণ ব্যবহারস্যৈব যুক্ততয়া 'ন শূদ্ররাজ্যে নিবসেদি'ত্যনেন দ্বিজেতররাজ্যে বাসস্য ব্যক্তং প্রতিষিদ্ধত্বাৎ। ন চ দ্বিজেতরেষাং শূদ্রত্বে স্বীকৃতে 'মুখবাহূরুপজ্জানাং যা লোকে জাতয়ো বহিঃ' ইত্যাদি বচনেন দ্বিজশূদ্রবাহ্য-জাতিকথনমসঙ্গতমপ্রসিদ্ধত্বাদিতি বাচ্যং যতস্তত্র মুখবাহূরুপজ্জানামিত্যুক্ত্যা জাতি-ব্রাহ্মণাদয়ো গৃহীতাঃ, যে হি আদিসৃষ্টব্রাহ্মণপ্রভবাঃ সন্তঃ, সবর্ণাসু স্বস্য পরিণীতাসু ভার্য্যাসু সন্তানমাদধানাঃ সসন্তানা এব মুখজাদিভেদমাপন্নাস্তে জাতি-ব্রাহ্মণাদয়ঃ। তৎপ্রভবত্বাভাব এব তদ্বহির্ভাবঃ, ন তু তদ্ভিন্নত্বং, তথা সতি মূর্দ্ধাবসিক্তাদি-দ্বিজাতীনামপি দস্যুত্বপ্রসঙ্গাদিত্যুক্তপ্রায়মধস্তাৎ। পারশবাদৌ ম্লেচ্ছাদৌ চৈকজাতিত্বরূপে সত্যপি শূদ্রত্বে ন তত্র জাতি-শূদ্রত্বং, পারশবাদীনা-

---

৪র্থ অঃ ৮১ শ্লোক এবং ১০ম অঃ ৪ শ্লোক উদ্ধৃত হইল। বিচার-যুক্তিও আছে। বিষ্ণুসূত্রে ৮৪ ম অঃ ম্লেচ্ছরাজ্যে শ্রাদ্ধ করা নিষিদ্ধ হইয়াছে। শ্রাদ্ধনিষেধ দ্বারা ব্রাহ্মণাদির বাসও নিষিদ্ধ হইয়াছে। কেননা—বাস শ্রাদ্ধের অধীন, শ্রাদ্ধ ব্যতীত বাস অসম্ভব।

বিষ্ণুসূত্রে ঐ অধ্যায়ে শেষে কথিত হইয়াছে—যে দেশে চাতুর্ব্বর্ণ্য ব্যবস্থা নাই সেই দেশ ম্লেচ্ছদেশ, তদ্ভিন্ন দেশ আর্য্যাবর্ত্ত। অতএব বিষ্ণুর মতে ম্লেচ্ছরাজ্যে শ্রাদ্ধ নিষিদ্ধ নহে—ম্লেচ্ছদেশেই শ্রাদ্ধ নিষিদ্ধ, ভারতবর্ষে চাতুর্ব্বর্ণ্য

মসবর্ণপিতৃকত্বাৎ, ম্লেচ্ছাদীনামাদিশূদ্রসন্তানত্বাভাবাচ্চেতি যে ম্লেচ্ছাদয়ো ন জাতিব্রাহ্মণাদিপ্রভবাস্তেষামেব তত্ত্বশব্দসম্ভবাৎ। 'ন ম্লেচ্ছবিষয়ে শ্রাদ্ধং কুর্য্যাদি'তি (৮৪ম অঃ) বিষ্ণুসূত্রেণ শ্রাদ্ধং নিষেধতা তদ্ব্যাপ্যীভূতনিবাসস্যাপি প্রতিষিদ্ধত্বান্ন চায়ং ম্লেচ্ছবিষয়ো ন ম্লেচ্ছরাজ্যমপিতু চাতুর্ব্বর্ণ্যব্যবস্থানরহিতো দেশবিশেষঃ, অতএব বিষ্ণুনা 'চাতুর্ব্বর্ণ্যব্যবস্থানং যত্র দেশে ন বিদ্যতে। স ম্লেচ্ছদেশো বিজ্ঞেয় আর্য্যাবর্ত্তস্ততঃ পর' ইতি তদুপসংহারাদিতি বাচ্যম্, 'ন গচ্ছেন্-ম্লেচ্ছবিষয়মি'ত্যনন্তরসূত্রস্থম্লেচ্ছবিষয়শব্দার্থপ্র'তিপিপাদয়িষয়ৈব তদভিধা'নাদন্যথা ম্লেচ্ছবিষয়গমনপ্রতিষেধেনৈব তদুত্তরকালীনানাং স্থিতি-তদধীনকর্ম্মণাঞ্চ প্রতিষেধে প্রাপ্তে বিশেষতস্তদভিধানমনর্থকং স্যাদিতি চেন্নৈবং জ্ঞায়মানসকলদেশানাং ম্লেচ্ছরাজ্যত্বাবিশেষাত্তদ্বাসাদীনামধর্ম্মহেতুত্বে সমানে ভারতস্য সহজধর্ম্যতায়াস্তাবতাপি দুরপহ্নবত্বাৎ, উদয়পুরনরেশাদীনাং রাজন্যানাং রাজ্যস্থ ভারতান্ত-

ব্যবস্থা আছে, সুতরাং ইহা অধুনা ম্লেচ্ছরাজ্য হইলেও ম্লেচ্ছদেশ নহে, পরন্তু বিষ্ণুকথিত আর্য্যাবর্ত্ত। ইহাতে বাস করিলে বিষ্ণুমতে দোষ হইতে পারে না,—এই আপত্তির উত্তরে বলা যায়—বিষ্ণু সংহিতার ৮৪ম অধ্যায়ের প্রথমেই ম্লেচ্ছভূমিতে শ্রাদ্ধ নিষেধ,—তৎপরে ম্লেচ্ছভূমিতে গমন নিষেধ আছে, প্রথম যে শ্রাদ্ধনিষেধ তাঁহা ম্লেচ্ছের অধিকৃত ভূমিতে অর্থাৎ রাজ্যেই বুঝিতে হইবে, দ্বিতীয় যে গমননিষেধ তাহা ম্লেচ্ছদেশেই বুঝিবে, দুই নিষেধই ম্লেচ্ছদেশ সম্বন্ধে হইলে, দুইটী নিষেধ নিষ্প্রয়োজন হয়—দ্বিতীয় নিষেধ অর্থাৎ ম্লেচ্ছদেশ গমন নিষেধ করিলেই ত শ্রাদ্ধ নিষিদ্ধ হইয়া যায়। ম্লেচ্ছদেশে না গিয়া কেহ ত তথায় শ্রাদ্ধ করিতে পারে না। সুতরাং প্রথম নিষেধ ম্লেচ্ছরাজ্য সম্বন্ধে, দ্বিতীয় নিষেধ ম্লেচ্ছদেশ সম্বন্ধে ইহা স্বীকার করাই উচিত। এই পূর্ব্বপক্ষের উত্তর যথা—এখন পৃথিবীর যে যে অংশ পরিজ্ঞাত, তৎসমুদয়ই ম্লেচ্ছভ বাপন্ন জাতির রাজ্য, অন্ততঃ দ্বিজভিন্নের রাজ্যত বটেই, সুতরাং তাহাতে বাস করায় সর্ব্বত্রই সমান অধর্ম্ম—এমন অবস্থায় ভারতবর্ষের যে দেশান্তর-

র্গতস্য নির্দ্দোষধন্যতায়ামবিবাদাৎ, অস্বামিকপ্রদেশানাং গঙ্গাক্ষেত্রাদীনাং ম্লেচ্ছাদ্যধিকৃতানামপি ম্লেচ্ছরাজ্যত্বাভাবাচ্চ। দ্বিজেতররাজ্যবাসজনিতাধর্ম্মপরিহারার্থং তত্রানুষ্ঠিতকর্ম্মবৈগুণ্যোপশমনায় চানন্যগতিকৈর্ভগবানেব ত্রিলোকসাক্ষী বিষ্ণুঃ স্মর্ত্তব্যঃ। "বিষ্টয়ো ব্যতিপাতাশ্চ যে চান্যেঽনীতিসম্ভবাঃ। তে নামগ্রহণাদ্বিষ্ণোর্নাশং যান্তি মহাত্মন" ইতি অনীতিসম্ভবাঃ প্রকারান্তরাপরিহার্য্যবিঘ্নাঃ। "অজ্ঞানাদ্ যদি বা মোহাৎ প্রচ্যবেতাধ্বরেষু যৎ। স্মরণাদেব তদ্বিষ্ণোঃ সম্পূর্ণং স্যাদিতি শ্রুতিঃ॥ ইতি চ তিথিতত্ত্বাদিধৃতস্মৃতেঃ। "কৃতে পাপেঽনুতাপো বৈ যস্য পুংসঃ প্রজায়তে। প্রায়শ্চিত্তন্তু তস্যৈকং হরিসংস্মরণং পরম্॥" ইতি বিষ্ণুপুরাণাচ্চ।

ত্রিবিধোঽয়ং পরলোকঃ 'অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলমি'তি শ্রীগীতায়াং ভগবতা সংক্ষিপ্যোপদিষ্টঃ। কর্ম্মফলে বিশেষমাহ ভগবান্ যোগাচার্য্যঃ।

---

অপেক্ষা স্বাভাবিক উৎকর্ষ আছে তাহা ত অপলাপ করিবার যো নাই, বিশেষতঃ উদয়পুরের মহারাণা প্রভৃতি ক্ষত্রিয়গণের রাজ্য ভারতবর্ষের অন্তর্গত, সেই সমস্ত প্রদেশের নির্দ্দোষ উৎকর্ষ অব্যাহত। এবং গঙ্গাক্ষেত্র প্রভৃতি স্থান ম্লেচ্ছাধিকৃত হইলেও শাস্ত্রমতে অস্বামিক সুতরাং তাহা ম্লেচ্ছরাজ্য নহে, সে সকল স্থানে বাসাদিতে দোষ নাই। তবে ভারতবর্ষের যে যে অংশ হিন্দু ক্ষত্রিয় রাজাদিগের অধিকৃত নহে, অথবা গঙ্গাক্ষেত্রাদি নহে, তথায় বাস বা ধর্ম্ম কার্য্য করিলে যে দোষ হয় তাহার প্রশমন জন্য উপায়ান্তর না থাকায় ভগবান্ বিষ্ণুর নাম স্মরণ কর্ত্তব্য। উপায়ান্তর না থাকিলে বিষ্ণুনাম স্মরণেই যে ঐ প্রকার দোষ-শান্তি হয় তদ্বিষয়ে স্মৃতির প্রমাণ উদ্ধৃত হইল। এই প্রমাণ স্মার্ত্ত রঘুনন্দন ভট্টাচার্য্য তিথিতত্ত্ব প্রভৃতি গ্রন্থেও উদ্ধৃত করিয়াছেন। শেষটী বিষ্ণুপুরাণের প্রমাণ।

ভগবান্ গীতাশাস্ত্রে এই ত্রিবিধ পরলোককেই অনিষ্ট, ইষ্ট এবং মিশ্র—এই তিন নামে সংক্ষেপে পরিচয় দিয়াছেন। ভগবান পতঞ্জলি বলিয়াছেন. পণ্য

ক্লেশমূলঃ কর্ম্মাশয়ো দৃষ্টাদৃষ্টজন্মবেদনীয়ঃ ইতি (পাতঞ্জল, সাধনপাদ ১২শ সূ) অত্র ব্যাসঃ, পুণ্যাপুণ্যকর্ম্মাশয়ঃ কামলোভ-মোহক্রোধপ্রভবঃ। স দৃষ্টজন্মবেদনীয়শ্চাদৃষ্টজন্মবেদনীয়শ্চ। তত্র তীব্রসংবেগেন মন্ত্রতপঃসমাধিভির্নির্ব্বর্ত্তিত ঈশ্বরদেবতামহর্ষিমহানু-ভাবানামারাধনাদ্বা যঃ সদ্যঃ পরিপচ্যতে পুণ্যকর্ম্মাশয় ইতি তীব্র-ক্লেশেন ভীতব্যাধিতকৃপণেষু বিশ্বাসোপগতেষু বা মহানুভাবেষু বা তপস্বিষু কৃতঃ পুনঃপুনরপকারঃ স চাপি পাপকর্ম্মাশয়ঃ সদ্য এব পরিপচ্যতে। যথা নন্দীশ্বরঃ কুমারো মনুষ্যপরিণামং হিত্বা দেবত্বেন পরিণতঃ তথা নহুষোঽপি দেবানামিন্দ্রঃ স্বকং পরিণামং হিত্বা তির্য্যক্ত্বেন পরিণত ইতি। জন্মাদিবিপাকারম্ভরূপকর্ম্মফলবৈচিত্রী 'সতি মূলে তদ্বিপাকো জাত্যায়ুর্ভোগাঃ' ইত্যনন্তরসূত্রেতদ্ভাষ্যয়ো-র্নিরূপিতা। তন্নিষ্কর্ষশ্চ, জন্মমরণান্তরালে কৃতঃ পুণ্যাপুণ্যকর্ম্মাশয়-প্রচয়ো বিচিত্রঃ প্রধানোপসর্জ্জনভাবেনাবস্থিতঃ মরণাভিব্যক্ত একপ্রঘট্টকেন মিলিত্বা মরণং প্রসাধ্য সংমূর্চ্ছিত একমেব জন্ম করোতি। তচ্চ জন্ম তেনৈব কর্ম্মণা লব্ধায়ুষ্কং ভবতি। তস্মিন্নায়ুষি তেনৈব কর্ম্মণা ভোগঃ সম্পাদ্যতে। ইত্যয়মেকভবিকঃ

---

এবং পাপ উভয়ই কামনা প্রভৃতি হইতে উৎপন্ন, সেই পাপ পুণ্যের ফল কচিৎ ইহজন্মে এবং প্রায়শঃ পরলোকে পাওয়া যায়। এ বিষয়ে ভাষ্যকার বেদব্যাস বলিয়াছেন, উৎকটতম ঈশ্বরারাধনা প্রভৃতির শুভ ফল ইহজন্মেই হয়, যেমন শিলাদতনয় নন্দী উৎকট শিবারাধনা-ফলে ইহজন্মেই মনুষ্য ভাব ত্যাগ করিয়া দেবত্ব লাভ করিয়াছেন এবং উৎকটতম পাপের অশুভ ফলও ইহজন্মে হয়—যেমন নহুষ ইন্দ্রত্ব লাভ করিলেও ঋষিগণের অবমাননা-ফলে অগস্ত্যশাপে তাঁহাকে দেখিতে দেখিতে অজগর সর্প হইতে হইয়াছিল। ইহার পরবর্ত্তী সূত্র ও তদীয় ভাষ্যে কর্ম্মফলে জন্মাদির কথা আছে। সমুদায়ের সার মর্ম্ম এই যে—জন্ম ও মরণের মধ্য অন্তরালে যে সকল কর্ম্ম করা যায় তন্মধ্যে পরলোকে

কর্ম্মাশয়ঃ। ক্লেশকর্ম্মবিপাকানুভবশিষ্টাভিস্তু বাসনাভিরনাদিকাল-সংমূর্চ্ছিতমিদং চিত্তং চিত্রীকৃতমিব সর্ব্বতো মৎস্যজালং গ্রন্থিভিরিবা-ততমিত্যেতা অনেকভবপূর্ব্বিকা বাসনাঃ একভবিকত্বনিয়মস্তু দৃষ্টজন্ম-বেদনীয়স্য নিয়তবিপাকস্য। স চ বিপাক আয়ুর্ভোগলক্ষণঃ। অদৃষ্টজন্মবেদনীয়ঞ্চ নিয়তানিয়তবিপাকভেদাদ্দ্বেধা, তত্রানিয়ত-বিপাকস্য কর্ম্মণস্ত্রয়ী গতিঃ কৃতস্যাবিপক্কস্য নাশঃ, প্রধানকর্ম্মণ্যাবাপ-গমনং নিয়তবিপাকপ্রধানকর্ম্মণাভিভূতস্য বা চিরমবস্থানমিতি। প্রধানকর্ম্মণি আরব্ধশুভবিপাকে, স্বফলীভূতমনিষ্টং প্রসূতে আরব্ধাশুভবিপাকে চ স্বফলীভূতমিষ্টমিতীদং প্রধানকর্ম্মণ্যাবাপগমন-মিতি। নিয়তবিপাকস্য তু জাত্যায়ুর্ভোগলক্ষণমুক্তম্। অদৃষ্ট-জন্মপ্রাপ্তিক্রমো ভগবতা বাদরায়ণেন শ্রুতিমনুসৃত্য বেদান্তদর্শনে বাঙ্মনসি দর্শনাচ্ছব্দাচ্চেত্যাদি ( ৪র্থ অঃ ২য় ৩য় পাদ ) সূত্রজাতেন তৃতীয়াধ্যায়প্রথমপাদেন চোক্তঃ। উক্তঞ্চ সাংখ্যকারিকায়াং

---

ভোগযোগ্য কর্ম্ম দুই প্রকার, এক প্রকারের দ্বারা তৎপরবর্ত্তী জন্ম, জীবন ও ভোগ হয়, অপর প্রকারে কর্ম্মের মধ্যে কতকগুলি জ্ঞানযোগ দ্বারা বিনষ্ট হয় কতকগুলি বা প্রধান কর্ম্মের সহায় ভাবে থাকিয়া প্রধান কর্ম্মের ফল ভোগ যে অবস্থাতেই হউক না, সেই অবস্থায় সেগুলিরও ফল হয়—সেই জন্য স্বর্গেও কাহারও দুঃখ ভোগ করিতে হয়। ম্লেচ্ছজন্মেও কেহ সুখভোগী হয়। এবং কতকগুলি—ফলোন্মুখীভূত কর্ম্মান্তরের নিষ্পেষণে অকর্ম্মণ্যবৎ বহুকাল থাকে, ফলোন্মুখীভূত কর্ম্ম যখন না থাকে, তখন সেই সকল কর্ম্ম স্বয়ং ফল দান করে। এই প্রসঙ্গে যে কয়টী কর্ম্মঃ শব্দ ব্যবহার করিয়াছি তাহার অর্থ—ধর্ম্ম ও অধর্ম্ম। যাহা হউক পরলোক-ভোগযোগ্য কর্ম্মসমূহমধ্যে প্রথমোক্ত কর্ম্মসমূহ একযোগে পরজন্মাদির হেতু হইবার উপযুক্ত হইলেই এই দেহে মৃত্যু হয়। এই অদৃষ্ট জন্মসম্বন্ধে ক্রমপদ্ধতি ভাষ্যকার বেদব্যাস বেদান্তসূত্রে ৪র্থ অধ্যায় ২য় ৩য় পাদ এবং তৃতীয় অধ্যায় প্রথমপাদে বেদবাক্য অনুসারে বর্ণনা করিয়াছেন।

সংসরতি নিরুপভোগং ভাবৈরধিবাসিতং লিঙ্গমিতি। তদেতেষা-মুক্তাতিরিক্তোঽবশ্যবেদনীয়শ্চ নিষ্কর্ষো ভগবতো বাদরায়ণস্য পৌরাণিকবচনজাতমুদ্ধৃত্য বিজ্ঞাপ্যতে যথা গরুড়পুরাণে উত্তরখণ্ডে।

জাতস্য মৃত্যুলোকে বৈ প্রাণিনো মরণং ধ্রুবম্। পূর্ব্বকালে মৃতানাঞ্চ প্রাণিনাঞ্চ খগেশ্বর॥ সূক্ষ্মো ভূত্বা ত্বসৌ বায়ুর্নির্গচ্ছত্যস্য মণ্ডলাৎ। নবদ্বারৈর্রোমভিশ্চ জন্মিনাং তালুরন্ধ্রকে॥ পাপিষ্ঠানা-মপানেন প্রাণো নিষ্ক্রামতি ধ্রুবম্ (৩১শ অঃ)॥ মৃতানাং প্রাণিনাং পূর্ব্বকালে মরণসময় ইত্যর্থঃ। পূর্ব্বকাল ইত্যত্র পূর্ণে কাল ইতি ক্বচিৎ পাঠঃ। এতৎপাঠে মৃতানামিত্যস্য ম্রিয়মাণানামিত্যর্থঃ। তালুরন্ধ্রক ইত্যস্য ব্রহ্মরন্ধ্র ইত্যর্থঃ। অত্র স্থিত ইত্যধ্যাহার্য্যং তেন ন সপ্তম্যনুপপত্তিঃ। নবদ্বারাণাং মধ্যে পাপিনামপানেন প্রাণ-নিষ্ক্রমণমিত্যাহ পাপিষ্ঠানামিতি। পাপিনামিতি তদানীমুদ্রিক্ত-তমোভাবানামিতি পরমার্থঃ। উক্তং হি গীতায়াং 'যদা সত্ত্বে প্রবৃদ্ধে তু প্রলয়ং যাতি দেহভৃৎ। তদোত্তমবিদাং লোকানমলান্ প্রতি-পদ্যতে॥ রজসি প্রলয়ং গত্বা কর্ম্মসঙ্গিষু জায়তে। তথা প্রলীনস্তমসি মূঢ়যোনিষু জায়তে (১৪শ অঃ ১৪।১৫)॥ পাপাসক্তচিত্তানাং মরণ-সময়েঽপি প্রায়শস্তমোবৃত্তেরুদ্রেক ইত্যুক্তং পাপিষ্ঠানামিতি। 'যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্। তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিত' ইতি তত্রৈব (৮ম অঃ ৬ষ্ঠ শ্লোক) সদা তদ্ভাব-

---

বদ্ধজীব, দেহ ব্যতীত ক্ষণকালও থাকিতে পারে না। ইহলোকে মৃত্যু এবং পরলোকে জন্ম একই কথা। মরণকালে জীবের প্রাণ নির্গত হয়। পুণ্যবান্‌গণের প্রাণ নির্গম ঊর্দ্ধরন্ধ্র অর্থাৎ চক্ষুঃকর্ণ প্রভৃতি দ্বারা হয়, যোগিগণের ব্রহ্ম-রন্ধ্র দ্বারা প্রাণ নির্গম হয় আর পাপিষ্ঠগণের অধোমার্গে প্রাণ বহির্গত হয়। মৃত্যুকালে যাহার তমোবৃত্তি উদিত হয় সেই পাপী। অনেক সময় পাপ চিন্তা

ভাবনায়া মরণসময়েঽপি তদ্ভাবস্মরণহেতুত্বেনাভিধানাৎ। উক্তং হি স্বামিপাদৈরন্তকালে ভাববিশেষস্মরণহেতুঃ সদা তদ্ভাবভাবিত ইতি, সর্ব্বদা তস্য ভাবো ভাবনা অনুচিন্তনম্, তেন ভাবিতো বাসিতচিত্ত ইতি। আগ্নেয়ে ৩৭১ অধ্যায়ে প্রাণোৎক্রান্তিস্তদ্দ্বারভেদপ্রকারশ্চ ব্যক্তমুক্তঃ। যথা,—উষ্মা প্রকুপিতঃ কায়ে তীব্রবায়ুসমীরিতঃ। শরীরমুপরুধ্যাথ কৃৎস্নান্ দোষান্ রুণদ্ধি বৈ॥ ছিনত্তি প্রাণস্থানানি পুনর্ম্মর্ম্মাণি চৈব হি। শৈত্যাৎ প্রকুপিতো বায়ুশ্ছিদ্রমন্বিষ্যতে ততঃ॥ দ্বে নেত্রে দ্বৌ তথা কর্ণৌ দ্বৌ তু নাসাপুটৌ তথা। ঊর্দ্ধন্তু সপ্ত ছিদ্রাণি অষ্টমং বদনং তথা॥ এতৈঃ প্রাণো বিনির্যাতি প্রায়শঃ শুভকর্ম্মণাম্। অধঃ পায়ুরুপস্থঞ্চ স্থানেনাশুভকারিণাম্॥ মূর্দ্ধানং যোগিনো ভিত্ত্বা জীবো যাত্যথ চেচ্ছয়া॥ অন্তকালে তু সম্প্রাপ্তে প্রাণেঽপানমুপস্থিতে। তমসা সংবৃতে জ্ঞানে সংবৃতেষু চ মর্ম্মসু॥ স জীবো নাভ্যধিষ্ঠানাচ্চাল্যতে মাতরিশ্বনা। বাধ্যমানশ্চালয়তে অষ্টাঙ্গাঃ প্রাণবৃত্তিকাঃ॥ চ্যবন্তং জায়মানং বা প্রবিশন্তঞ্চ যোনিষু। প্রপশ্যন্তি চ তং সিদ্ধা দেবা দিব্যেন চক্ষুষা॥ অপিচ গারুড়ে উত্তরখণ্ডে,—ব্রজংস্তিষ্ঠন্ পদৈকেন যথৈবৈকেন গচ্ছতি। যথা তৃণজলৌকেব দেহী কর্ম্মানুগোঽবশঃ॥ বাসাংসি জীর্ণানি যথা বিহায়, নবানি গৃহ্লাতি নরোঽপরাণি। তথা শরীরাণি বিহায় জীর্ণান্যন্যানি সংযাতি নবানি দেহী

---

মৃত্যুকালে তমোবৃত্তি উদয়ের হেতু। গমনসময়ে মানুষের যেমন এক পা—কর্ম্ম করে তখন অন্য পা বিশ্রাম লয়, সেইরূপ জীবের দেহত্যাগ সময়েও একদেহে কার্য্যারম্ভ এবং অন্যদেহে কার্য্যবিরতি হয়। যেমন জলৌকা তৃণ হইতে তৃণান্তরে যাইতে হইলে, এক তৃণকে সামান্যভাবে অগ্রে ধরিয়া পূর্ব্বতৃণকে সম্পূর্ণ ত্যাগ করে, তদ্রূপ জীব দেহান্তর আশ্রয় করিয়া পূর্ব্বদেহ

( ১৮ অঃ ৩৪-৩৫০)॥ পুনরাগ্নেয়ে ৩৬৯ মাধ্যায়ে—বান্ধবানামশৌচে তু দেহে ধর্ম্মাতিবাহিকে। তিষ্ঠন্ নয়তি ধর্ম্মজ্ঞ দশপিণ্ডাশনং ততঃ॥ তং ত্যক্ত্বা প্রেতদেহস্তু প্রাপ্যান্যং প্রেতলোকতঃ। বসেৎ ক্ষুধা তৃষা যুক্ত আমশ্রাদ্ধান্নভুঙ্ নরঃ॥ আতিবাহিকদেহাৎ তু প্রেতপিণ্ডৈর্বিনা নরঃ। ন হি মোক্ষমবাপ্নোতি পিণ্ডাংস্তত্রৈব সোহশ্নুতে॥ কৃতে সপিণ্ডীকরণে নরঃ সংবৎসরাৎ পরম্। প্রেতদেহং সমুৎসৃজ্য ভোগদেহং প্রপদ্যতে॥ ভোগদেহাবুভৌ প্রোক্তাবশুভাশুভসংজ্ঞিতৌ। ভুক্ত্বা তু ভোগদেহেন কর্ম্মবন্ধান্নিপাত্যতে॥ তং দেহং পরতস্তস্মাদ্ভক্ষয়ন্তি নিশাচরাঃ। পাপে তিষ্ঠতি চেৎ স্বর্গং তেন ভুক্তং তদা দ্বিজ॥ তদা দ্বিতীয়ং গৃহ্লাতি ভোগদেহস্তু পাপিনাম্। ভুক্ত্বা পাপস্তু বৈ পশ্চাদ্যেন ভুক্তং ত্রিপিষ্টপম্॥ শুচীনাং শ্রীমতাং গেহে স্বর্গভ্রষ্টোহভিজায়তে। পুণ্যে তিষ্ঠতি চেৎ পাপং তেন ভুক্তং তদা ভবেৎ॥ তস্মিন্ সঙ্ক্ষিতে দেহে শুভং গৃহ্লাতি বিগ্রহম্। কর্ম্মণ্যল্পাবশেষে তু নরকাদপি মুচ্যতে। মুক্তস্তু নরকাদ্যাতি তির্য্যগ্যোনিং ন সংশয়ঃ॥ ত্যক্ত্বা জীবো ভোগদেহং গর্ভমাপ্নোতি কর্ম্মভিঃ। আতিবাহিকসংজ্ঞস্তু দেহো ভবতি বৈ দ্বিজ॥ কেবলং স মনুষ্যাণাং মৃত্যুকাল উপস্থিতে।

---

ত্যাগ করে। অর্থাৎ এক দেহত্যাগ ও দেহান্তরগ্রহণ একক্ষণেই হইয়া থাকে; মৃত্যুর পর 'অতিবাহিক' দেহ প্রাপ্তি হয়, অতিবাহিক দেহের পর 'দশপিণ্ড' পাইয়া প্রেতদেহ লাভ করে, দশ পিণ্ডের দুই ভাগে নবদেহ গঠন, এক ভাগে মৃতের তৃপ্তি এবং অপর ভাগে যমদূতের তৃপ্তি হয়। প্রেতদেহপ্রাপ্ত জীব যমালয়ে নীত হয়, ষোড়শ প্রেতশ্রাদ্ধ অর্থাৎ আদ্যশ্রাদ্ধ হইতে সপিণ্ডীকরণ পর্য্যন্ত হইলে, জীব 'ভোগদেহ' প্রাপ্ত হয়। সেই দেহেই যম দর্শন ঘটে, সেই ভোগদেহ দ্বারাই যমের নির্দেশানুসারে স্বীয় কর্ম্মানুরূপ স্বর্গ বা নরক

যাম্যৈঃ পুংভির্মনুষ্যাণাং তচ্ছরীরং দ্বিজোত্তমাঃ॥ নীয়তে যাম্যমার্গেণ নান্যেষাং প্রাণিনাং মুনে। ততঃ স্বর্যাতি নরকং স ভ্রমেদ্ঘটযন্ত্রবৎ॥ তির্য্যগ্যোনিমিতি পশুমৃগ-পক্ষি-সরীসৃপ-স্থাবরান্ততমযোনিমিত্যর্থঃ। তদুক্তং সাংখ্যে তৈর্য্যগ্যোনশ্চ পঞ্চধা ভবতি (সাংখ্যকারিকা ৫৩ সূ)। বান্ধবানামশৌচে দত্তপিণ্ডাশনমিতি যদুক্তং তদেতদ্বিবৃতং গারুড়ে উত্তরখণ্ডে ষোড়শাধ্যায়ে,—দিনানি দশ পিণ্ডাংশ্চ কুর্ব্বন্ত্যত্র সুতাদয়ঃ। প্রত্যহং তে বিভজ্যন্তে চতুর্ভাগান্ খগেশ্বর॥ ভাগদ্বয়ন্তু দেহার্থং প্রীতিদং ভূতপঞ্চকম্। তৃতীয়ং যমদূতানাং চতুর্থঞ্চোপজীব্যতি॥ অহোরাত্রৈস্তু নবভিঃ প্রেতো নিষ্পত্তিমাপ্নুযাৎ। জন্তোর্নিষ্পন্নদেহস্য দশমে বলবৎক্ষুধা॥ ন বিধির্নৈব মন্ত্রশ্চ ন স্বধাবাহনাশিষঃ। নামগোত্রং সমুচ্চার্য্য যদ্দত্তং তদ্দশাহিকম্॥ দগ্ধে দেহে পুনর্দ্দেহমেবমুৎপদ্যতে খগ। প্রথমেহহনি যঃ পিণ্ডস্তেন মূর্দ্ধা প্রজায়তে॥ গ্রীবাস্কন্ধৌ দ্বিতীয়ে চ তৃতীয়ে হৃদয়ং ভবেৎ। চতুর্থেন ভবেৎ পৃষ্ঠঃ পঞ্চকে নাভিরেব চ॥ ষষ্টসপ্তমে কটিগুহ্যমুরূ চাপ্যষ্টমে তথা। তালু পাদৌ চ নবমে দশমেহহ্নি ক্ষুধা ভবেৎ॥ দেহং প্রাপ্তঃ ক্ষুধাবিষ্টো গৃহদ্বারে চ তিষ্ঠতি॥ তত্রৈব ষষ্ঠাধ্যায়ে—

---

ভোগ জীবের ঘটিয়া থাকে। কিন্তু এ নিয়ম মনুষ্য ব্যতীত অন্যজীবের নহে। সকল মনুষ্যেরও যে এইরূপ প্রেতদেহাদি হয়, তাহা নহে। পরন্তু ম্লেচ্ছাদি মনুষ্যগণের শরণাগতহত্যা প্রভৃতি পাপ, অথবা গোব্রাহ্মণাদিরক্ষার্থ দেহত্যাগ প্রভৃতি পুণ্য না হইলে,—যমালয় গমন হয় না, দ্বিজাতি এবং সৎ-শূদ্র অর্থাৎ পিণ্ডাপেক্ষী মনুষ্যব্যতীত অন্যের প্রেতদেহ হয় না, সুতরাং ম্লেচ্ছাদির উৎকট পাপ বা উৎকট পুণ্যবন্ধে, যমালয় গমন ঘটিলেও তাহা প্রেতদেহ দ্বারা হয় না,

প্রয়াতি দারুণে মার্গে পাপকর্ম্মা যমালয়ে। কলেবরে দহ্যমানে মহান্তং ক্ষয়মৃচ্ছতি॥ ষড়শীতিসহস্রাণি যোজনানাং প্রমাণতঃ।অধ্বান্তরালিকো জ্ঞেয়ো যম-মানুষলোকয়োঃ॥ ৬ অঃ ৮৪।

যাম্যং সৌরিপুরং নগেন্দ্রভবনং গন্ধর্ব্বশৈলাগমৌ,
ক্রূরং ক্রৌঞ্চপুরং বিচিত্রভবনং বহ্বাপদং দুঃখদম্।
নানাক্রন্দপুরং সুতপ্তভবনং রৌদ্রং পয়োবর্ষণং,
শীতাঢ্যং বহুভীতি ষোড়শ পুরাণ্যোতান্যদৃষ্টানি তে॥

৬ অঃ ৯৫ শ্লোক।

বিচিত্রভবনানন্তরং বৈতরণী নদী যা খলু যমদ্বারে মহাঘোরে তপ্তা বৈতরণী নদীতি বাযবীয়ে পঠ্যতে তদ্বিবরণং গারুড়োত্তর-খণ্ডসপ্তমাধ্যায়াদিতঃ সম্যগবগন্তব্যম্। অকৃতগোদানানাং তত্তরণে মহান্ ক্লেশ ইতি তু তত্তাৎপর্য্যম্। দুঃখদমিত্যস্য বহুধর্ম্ম-মিত্যর্থঃ তথৈবাকরে প্রপঞ্চনাৎ। আগ্নেয়ে ৩৬৯মেহধ্যায়ে যমদূতৈর্মনুষ্যস্তু নীয়তে তঞ্চ পশ্যতি। ধর্ম্মী চ পূজ্যতে তেন পাপিষ্ঠস্তাড্যতে গৃহে॥ শুভাশুভং কর্ম্ম তস্য চিত্রগুপ্তো নিরূপয়েৎ॥

গারুড়েহপি ষোড়শাধ্যায়ে—দুরাত্মানশ্চ তাড্যন্তে কিঙ্করৈঃ পাশবন্ধনৈঃ। সুখং সুকৃতিনস্তত্র নীয়ন্তে নাকনায়কৈঃ॥ ১৬ অঃ ১০। তত্রাষ্টাদশাধ্যায়ে যেষাস্তনরকে ঘোরে বহ্বব্দানি গতানি বৈ। সন্ততির্নৈব বিদ্যেত দূতত্বং তে তু যান্তি হি (২৮)।

---

'অতিবাহিক'দেহ দ্বারাই হইয়া থাকে। অনন্তর পাপপুণ্যানুসারে ভোগদেহ হইয়া থাকে। যমালয়ে গমন হউক বা না হউক পুনর্জ্জন্ম—মনুষ্য হইতে কীট পতঙ্গাদি সকল জীবেরই হয়। পুনর্জ্জন্ম হইতে হইলেও 'অতিবাহিক' দেহ আবশ্যক। অতিবাহিক দেহের সাহায্যেই জীব, ধান্য যবাদির সহিত সংশ্লিষ্ট হইয়া অপর জীবের ভক্ষ্য হইয়া থাকে। তখন সেই পুনর্জ্জন্মোন্মুখ জীব

পুনস্তত্রৈব—ষোড়শাধ্যায়ে চতুরশীতিলক্ষাণি চতুর্ভেদাশ্চ জন্তবঃ। অণ্ডজাঃ স্বেদজাশ্চৈব উদ্ভিজ্জাশ্চ জরায়ুজাঃ। একবিংশতিলক্ষাণি অণ্ডজাঃ পরিকীর্ত্তিতাঃ। স্বেদজাশ্চ তথা প্রোক্তা উদ্ভিজ্জাশ্চ ক্রমেণ তু। জরায়ুজাস্তথা প্রোক্তা মনুষ্যাদ্যাস্তথাপরে॥ সর্ব্বেষামেব জন্তূনাং মানুষত্বং হি দুর্লভম্॥ বায়ুভূতাঃ প্রাণিনশ্চ গর্ভং তে প্রাপ্নুবন্তি হীতি প্রাণিমাত্রস্য গর্ভপ্রবেশোপযোগিশরীরমাতিবাহিকমাগ্নেয়ে ৩৬৯মেঽধ্যায়ে সংক্ষিপ্যোক্তম্। বায়ুভূতা ইতি অদৃশ্যদ্রুতগামিশরীরবোধনায়। বায়ুপ্রাধান্যমভিপ্রেত্য বা। পরন্তু তদপি দেহং পঞ্চভূতনির্ম্মিতমেব। গৃহ্লাতি তৎক্ষণাযোগে শরীরঞ্চাতিবাহিকম্। আকাশবায়ুতেজাংসি বিগ্রহাদূর্দ্ধগামিনঃ। জলং মহী চ পঞ্চত্বমাপন্নঃ পুরুষঃ স্মৃতঃ ইতি (অগ্নি-৩৭১অঃ।) বচনান্তরাৎ। ত্র্যাত্মকত্বাত্তু ভূয়স্ত্বাদিতি (৩য় অঃ ১ম পাঃ ১ম) ব্রহ্মসূত্রেঽপি তথা প্রতিপাদিতম্। কিঞ্চ চিত্রং যথাশ্রয়মৃতে স্থাণ্বাদিভ্যো বিনা যথা ছায়া। তদ্বদ্বিনা বিশেষৈর্ন তিষ্ঠতি নিরাশ্রয়ং লিঙ্গমিতি বহুবচনান্তং বিশেষৈরিতি বদতাং সাংখ্যাচার্য্যাণামপ্যয়মাশয়ঃ। তথাচ নরেতরেষাং প্রাণিনাং ন যমালয়গমনযোগ্যশরীর-

---

ভোক্তাজীবের শুক্র আশ্রয় করিয়া মাতৃগর্ভে প্রবিষ্ট হয়। এইরূপেই পুনর্জ্জন্ম হইয়া থাকে। যে স্বর্গভ্রষ্ট তাহারও পুনর্জ্জন্ম ঐরূপে হয়, যে নরকভ্রষ্ট তাহার জরায়ুজ ও অণ্ডজ যোনিতে পুনর্জ্জন্ম ঐরূপে হয়, যাহার স্বর্গনরক কিছুই হয় নাই তাহারও জরায়ুজ ও অণ্ডজ যোনিতে পুনর্জ্জন্ম ঐরূপে হয়। নরকভ্রষ্টের বা স্বর্গনরক-শূন্যের স্বেদজ উদ্ভিজ্জ যোনিতে জন্ম স্বেদসঙ্গে বা উদ্ভিদ্‌-কুসুমাদি সঙ্গে হয়। ৮৪ লক্ষ প্রাণী আছে,—জরায়ুজ ২১, অণ্ডজ ২১, উদ্ভিজ্জ ২১ এবং স্বেদজ ২১ লক্ষ। তবেই হইল মৃত্যুর পর অতিবাহিক দেহ প্রাপ্তি, অনন্তর পুনর্জ্জন্ম সকল সংসারী জীবেরই হয়। তবে পিণ্ডাধিকারী মনুষ্যগণের আতিবাহিক দেহ প্রাপ্তির পরপ্রেতদেহ হয়।* এবং তদ্দ্বারা যমলোক গমন হইয়া

প্রাপকমাতিবাহিকশরীরমিত্যাশয়েনাপ্যেয়ে কথিতং কেবলং স মনুষ্যাণামিত্যাদি, জন্মান্তরপ্রাপকস্তু ভবত্যেব, তদুক্তং গারুড়ে পদৈকেন ব্রজংস্তিষ্ঠন্নিতি। সাংখ্যেহপি চিহ্নং যথাশ্রয়মৃত ইতি। নাপি সর্ব্বেষাং নরাণাং তথাবিধমাতিবাহিকশরীরমপিতু পিণ্ডাপেক্ষিণাং যমালয়গমনপ্রতিবন্ধিগুণশূন্যানাং ত্রৈবর্ণিকসচ্ছূদ্রাণামেব। ম্লেচ্ছাদীনান্তু সত্যপ্যাতিবাহিকশরীরে, ন তেন যমালয়গমনোপযোগিপ্রেতদেহপ্রতিপত্তিরপিতু তদ্দ্বারা বৃষ্ট্যাদিসম্মিলিতানাং ব্রীহিযবাদিসংশ্লেষপূর্ব্বকং জন্মান্তরগ্রহণং, তত্রাপি পাপীয়সাং যমনির্দ্দিষ্টনরকভোগোপযোগিশরীরান্তরগ্রহণং তদুত্তরং পুনর্জন্মার্থমাতিবাহিকদেহপ্রাপ্তিঃ পুণ্যবতান্তু সর্ব্বেষামেব জীবানাং স্বর্গভোগোপযোগিশরীরান্তরগ্রহণম্। তত্রানপেক্ষিতপিণ্ডানাং মরণোত্তরমেব। পিণ্ডাপেক্ষিণান্তু আতিবাহিকাদিশরীরপ্রাপ্ত্যনন্তরমত্র প্রমাণমুক্তপ্রায়মুচ্যতে চান্যৎ। তদ্‌যথা ভবিষ্যপুরাণে শিবরাত্রিব্রতকথায়াম্—অস্তি বারাণসী নাম পুরী সর্ব্বগুণৈর্যুতা। ব্যাধস্তত্রাবসন্দেহারঃ সর্ব্বদা প্রাণিহিংসকঃ॥ কদাচিদায়ুষঃ শেষে যমদূকস্তমভ্যগাদিত্যাদৌ। মনুসংহিতায়ামপ্যেকাদশেহধ্যায়ে—কীটাশ্চাহিপতঙ্গাশ্চ পশবশ্চ বয়াংসি চ। স্থাবরাণি চ ভূতানি দিবং যান্তি তপোবলাদিতি যমলোকগমনপ্রতিবন্ধিগুণশ্চাদৃষ্টবিশেষরূপঃ যথা

---

থাকে। এই সমস্ত বিষয়ের প্রমাণ গরুড় পুরাণের উত্তর খণ্ড ৬ষ্ঠ ও অপরাপর অধ্যায় এবং অগ্নিপুরাণ ৩৭১ প্রভৃতি অধ্যায় হইতে উদ্ধৃত হইল।

জীব ইহলোক ও পরলোকে সুখদুঃখভোগ করিয়া থাকেন। ন্যায়মতে জীব আত্মা সর্ব্বব্যাপী নিত্য এবং চেতন। সুখদুঃখাদি ও ধর্ম্মাধর্ম্মের আশ্রয়। তিনি সর্ব্বব্যাপী বলিয়া তাঁহার গমন অসম্ভব হইলেও তাঁহার ভোগ-সাধন মনের গতি আছে, কেননা মন ক্ষুদ্র; মনের এক দেহ হইতে চিরপ্রস্থানই

ভরতমুনেঃ সদ্যোমৃগজন্মহেতুভূতমদৃষ্ট-( ভাগবত ৫ম স্কঃ ৭ অঃ ) মিত্যেবমন্যান্যপ্যুদাহরণানি তত্র তত্রানুসন্ধেয়ানি। তস্মাৎ-প্রায়েণ তাবৎত্রৈবর্ণিকসচ্ছূদ্রাণাং মরণোত্তরমাতিবাহিকদেহপ্রেত-দেহ-যমমার্গগমন-যমালয়প্রাপ্তি-ভোগদেহপ্রাপ্তয় ইতি ক্রমঃ, ভোগ-দেহশ্চ দিব্যো বা নারকো বেতি যথাদৃষ্টং ভবতি। প্রেত-দেহনিষ্পত্তিঃ যমদূতপ্রীতিঃ প্রেততৃপ্তিশ্চ প্রেতপিণ্ডফলম্। যম-মার্গলঙ্ঘনাবসরে যোড়শশ্রাদ্ধানাং বৈতরণীতরণায় দানস্য চ পাথেয়-সারূপ্যমস্তি। অতএব মনুনা যৎ শরীরং যাতনার্থীয়মস্মাদুৎপদ্যত ইত্যুক্তং তদনপেক্ষিতপিণ্ডানাং তদানীমেব যাতনার্থীয়শরীরপ্রাপ্তি-রিত্যভিপ্রায়েণাপেক্ষিতপিণ্ডানান্তু তদানীমুৎপন্নযাতনার্থীয়শরীরে প্রেতদেহত্যাগোত্তরং প্রবেশ ইত্যভিপ্রায়েণ চ সঙ্গমনীয়ম্। পুনর্জ্জন্মার্থাতিবাহিকদেহপ্রাপ্তিশ্চ সর্ব্বজীবসাধারণীত্যুক্তম্।

লোকদ্বয়ভোক্তা চ জীবঃ। স খল্বাত্মা, নিত্যো বিভুশ্চেতনঃ সুখাদিধর্ম্মী ধর্ম্মাধর্ম্মাশ্রয়শ্চ। তস্য বিভোঃ পরলোকগত্যসম্ভবেঽপি মনোগত্যা তদ্গতিব্যপদেশঃ। মনো হ্যণু নিত্যঞ্চ। আত্মা মনশ্চেতি দ্বয়মেব প্রতিব্যক্তি ভিদ্যতে। একস্যাত্মনো নিত্যস্য একেন নিত্যেন মনসা অনাদিপ্রবাহাদৃষ্টনিমিত্তকা হ্যনিত্যাঃ সংযোগা উৎপদ্যন্তে। চৈত্রাদিশরীরাবচ্ছেদেন তচ্ছরীরাদ্যারম্ভকাদৃষ্টবত আত্মনস্তন্নিষ্ঠাদৃষ্ট-

---

সেই দেহীর মৃত্যু বা পরলোকগতি। আত্মা ও মন দুইই ব্যক্তিভেদে ভিন্ন ভিন্ন। কোন আত্মার অনাদি অদৃষ্টবলে কোন মনের সহিত সম্বন্ধ হইয়া আছে, যতদিন অদৃষ্টবলে কোন মনের সহিত সম্বন্ধ হইয়া আছে, যতদিন মুক্তিলাভ না ঘটে, ততদিন সেই মনে সেই আত্মার ভোগসাধনত্ব সম্বন্ধ ঘুচিবার নহে। জীবাত্মা নানা, অথচ প্রত্যেকটীই সর্ব্বব্যাপী—সর্ব্বব্যাপী অর্থে যত সসীম দ্রব্য আছে, তৎসমস্তের সহিতই ঐ সকল আত্মারই সংযোগ

ফলভোগসাধনেন মনসা সংযোগবিশেষনিবৃত্তির্মরণং সা চ নিবৃত্তির্মনস উৎক্রান্তৌ ভবতি। যেয়ং প্রাণোৎক্রান্তির্নাম তয়ৈব মনউৎক্রান্তিঃ প্রত্যেতব্যা। উৎক্রামচ্চ মনঃ শরীরান্তরমাদত্তে ইদমেব জীবস্য শরীরান্তরগ্রহণমিত্যয়ং নৈয়ায়িকসিদ্ধান্তঃ।

জীবশ্চ খলু পুরুষ এব, তস্য বিভোর্গত্যভাবেঽপি নৈয়ায়িক-মতে মনোগতিদ্বারেব, লিঙ্গশরীরগতিদ্বারা তদ্গতিব্যপদেশঃ, যদ্বা জীবঃ চিদচিৎসঙ্ঘাতঃ, স চ পুরুষলিঙ্গশরীরোভয়াত্মকঃ। লিঙ্গশরীরং তু একাদশেন্দ্রিয়াণি পঞ্চতন্মাত্রাণি বুদ্ধিশ্চেতি সপ্তদশাবয়বম্। পুরুষ-লিঙ্গশরীরে হি প্রতিব্যক্তি ভিদ্যেতে, পুরুষো বিভুর্নিত্যঃ নির্গুণঃ নিত্যজ্ঞানাত্মকঃ লিঙ্গশরীরন্তু মূর্ত্তং প্রাকৃতং জড়ঞ্চ আ চাদিসর্গাৎ আ

---

আছে—সুতরাং যাবতীয় মনের সহিত আত্মার সংযোগ থাকিলেও এক একটী মনই এক একটী জীবাত্মার ভোগসাধন—সেই বন্ধন যে অদৃষ্টকৃত তাহা বলিয়াছি। লোকে যে প্রাণত্যাগ বলিয়া থাকে, তদ্দ্বারাই মনের চির প্রস্থান বুঝিবে। মন এই দেহ ত্যাগ করিয়া যে অপর দেহ আশ্রয় করে, তাহাই জীবের শরীরান্তর গ্রহণ।

সাংখ্যমত এই যে, পুরুষই জীব, ন্যায়মতে মনের গতির ন্যায় লিঙ্গশরীরের গতিদ্বারাই তাঁহার পরলোক, লিঙ্গশরীরের সম্বন্ধ ও মনের সম্বন্ধ প্রায় তুল্য। অথবা পুরুষ ও লিঙ্গশরীর মিলিত হইয়া জীবনামে অভিহিত হয়। পুরুষ আত্মা—সর্ব্বব্যাপী, নিত্য, নির্গুণ অর্থাৎ সুখদুঃখাদি পুরুষের ধর্ম্ম নহে, তিনি স্বয়ং নিত্যজ্ঞান স্বরূপ। এই পুরুষ নারীদেহেও আছেন পুরুষদেহেও আছেন—ইনি নিরাকার। লিঙ্গশরীর একাদশ ইন্দ্রিয় পঞ্চতন্মাত্র এবং বুদ্ধি এই সপ্তদশ বস্তুর সমষ্টি। একাদশ ইন্দ্রিয়—চক্ষুঃ, কর্ণ, নাসিকা, রসনা ও ত্বক্—এই পাঁচ জ্ঞানেন্দ্রিয়, বাগ্‌যন্ত্র, হস্ত, পদ, মলদ্বার ও মূত্রদ্বার এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয় এবং মন। পঞ্চতন্মাত্র পঞ্চভূতের অতিসূক্ষ্ম অবস্থা। ক্রিয়া-নিশ্চয় অন্তঃকরণের একটী বৃত্তি; এই বৃত্তিবিশিষ্ট অন্তঃকরণই বুদ্ধি। লিঙ্গশরীর ও পুরুষ ন্যায়মতে জীবাত্মাও মনের ন্যায় ব্যক্তিভেদে ভিন্ন ভিন্ন। এক এক লিঙ্গশরীর এক এক

চ মহাপ্রলয়াদবতিষ্ঠতে। তস্যোৎক্রান্তিরেব মরণম্। প্রাণানাং লিঙ্গশরীরধর্ম্মত্বেন তদুৎক্রান্ত্যা লিঙ্গশরীরোৎক্রান্তির্নিশ্চেতব্যা। ইদং খলু পুরুষবিশেষেণাধিষ্ঠিতং লিঙ্গশরীরমুৎক্রামদস্থং কায়-মাশ্রয়ত ইদমেব জীবস্য শরীরান্তরগ্রহণমিত্যয়ং সাংখ্যসিদ্ধান্তঃ।

অবিদ্যা ব্যষ্টিরূপমজ্ঞানং নাম কারণশরীরং তদবচ্ছিন্নং তৎ-প্রতিবিম্বিতং বা চৈতন্যং জীবঃ, স চ চিদচিৎসজ্ঘাত এব। আবিদ্যকং হি লিঙ্গশরীরং পঞ্চপ্রাণমনোবুদ্ধিদশেন্দ্রিয়ময়ং জীবস্য কারণশরীর-লিঙ্গশরীরে প্রতিব্যক্তি ভিদ্যেতে। প্রাণোৎক্রান্তি-লক্ষণা হি শরীরদ্বয়োৎক্রান্তির্মরণম্। জীবপ্রাণাশ্চ ভূতসূক্ষ্মাধি-ষ্ঠিতা উৎক্রামন্তঃ শরীরান্তরচারিণো ভবন্তীতি জীবস্য শরীরান্তর-গ্রহণমিতি বেদান্তসিদ্ধান্তঃ। এতদনুগামিতয়ৈব মন্বাদিসিদ্ধান্তঃ

---

আদি সৃষ্টি হইতে মহাপ্রলয় পর্য্যন্ত এক এক পুরুষকে আশ্রয় করিয়া থাকে পুরুষের যতদিন মুক্তি না হয়, ততদিন সেই লিঙ্গশরীরই কখন অর্থাৎ মহা-প্রলয়কালে প্রকৃতিতে তিরোভূত হইয়া থাকে সৃষ্টিপ্রারম্ভে পুনরুদ্বুদ্ধ হয়। এই লিঙ্গশরীর ক্ষুদ্র। প্রাণ এই লিঙ্গশরীরের ধর্ম্ম। এই স্থূল দেহ হইতে লিঙ্গশরীরের চিরপ্রস্থানই মৃত্যু অথবা পরলোক গতি; লিঙ্গশরীর বর্ত্তমান দৃশ্য দেহ ছাড়িয়া যে শরীরান্তর গ্রহণ করে, তাহাই জীবের দেহান্তর প্রাপ্তি।

বেদান্তমত এই যে অবিদ্যামিলিত বা অবিদ্যাপ্রতিবিম্বিত চৈতন্যই জীব। অবিদ্যা অজ্ঞান, ব্যাপক সমষ্টি অজ্ঞান মায়া, আর ক্ষুদ্র ক্ষুদ্র এক একটী অজ্ঞান অবিদ্যা। এক একটী ক্ষুদ্র অজ্ঞান ও তদীয় কার্য্য ব্যক্তিভেদে ভিন্ন ভিন্ন, চৈতন্যাংশ অখণ্ড হইলেও উপাধি অবিদ্যার ভেদপ্রযুক্ত ঘটভেদে নানা-ঘটাকাশের ন্যায় অথবা নানা জলাশয়ে একই সূর্য্যের নানা প্রতিবিম্বের ন্যায় ভিন্ন ভিন্ন রূপে প্রকাশ পাইয়া থাকেন। লিঙ্গশরীর—পঞ্চপ্রাণ, মন, বুদ্ধি পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং পঞ্চ কর্ম্মেন্দ্রিয় এতৎ সমুদায় গঠিত। এই লিঙ্গ শরীরের মূল অবিদ্যা। অবিদ্যার নামান্তর কারণ শরীর। প্রাণত্যাগেই কারণ শরীর ও লিঙ্গ শরীরের বর্ত্তমান দৃশ্য দেহত্যাগ, ইহাই মৃত্যু বা পরলোকগতি। ভূতসূক্ষ্মাধি-

পূর্ব্বাচার্য্যৈর্ব্যাখ্যাতঃ। ইমে চ সিদ্ধান্তবাদাঃ কর্ম্মফলভোক্তু-র্জীবস্য মনঃসংযোগবিশেষধ্বংসতদুৎপত্তিপূর্ব্বকং শরীরান্তরগ্রহণ-মিতীমং মুখ্যার্থমবিসংবাদমেব প্রতিপাদয়ন্তি।

প্রপঞ্চস্তাকরাদবগন্তব্যঃ। যমলোকগামিনাং পুণ্যাতিশয়বন্তঃ স্বয়ং যমেন স্বলোকং নীয়ন্তে, অন্যে পুনর্যমদূতৈঃ—"অঙ্গুষ্ঠমাত্রং, পুরুষং নিশ্চকর্ষ যমো বলাদি"ত্তি মহাভারতবনপর্ব্বসাবিত্র্যুপাখ্যানসন্দর্ভ-গারুড়াদি-বচনজাতয়োরেকবাক্যতয়া তথাবগমাৎ সুখং সুকৃতিনো লোকে নীয়ন্তে নাকনায়কৈরিতি গারুড়াদিবচনাৎ শিব-দূতাদিভির্দেববৈস্তত্তল্লোকং পুণ্যকৃতোনীয়ন্ত ইত্যপি বোধ্যম্।

---

স্থিত প্রাণের যে শরীরান্তরে সঞ্চরণ তাহাই জীবের শরীরান্তর গ্রহণ। প্রাণের সঞ্চরণেই তাহার মূলীভূত কারণ শরীর, এবং লিঙ্গ শরীরের সঞ্চরণ বুঝিবে।

পরলোকগতি ও শরীরান্তর গ্রহণ সম্বন্ধে মনু প্রভৃতির বচনসমূহ আছে। পূর্ব্বাচার্য্যগণ এই বেদান্ত সিদ্ধান্তের অনুরূপ করিয়া তৎসমুদয়ের ব্যাখ্যা করিয়াছেন। ফলে মত যতই কেন হউক না, কর্ম্মফলভোক্তা জীবের এক শরীরে মনঃসংযোগবিশেষ ধ্বংস ও অন্য শরীরে মনঃসংযোগবিশেষের উৎপত্তি-পূর্ব্বক শরীরান্তর গ্রহণ,—পরলোকপ্রাপ্তি, বা পুনর্জ্জন্ম হইয়া থাকে—এ বিষয়ে সকলেই ঐকমত্য-সম্পন্ন।

এই সকল বিষয়ে বিস্তৃত বিচার্ন ন্যায়, সাংখ্য বেদান্তের মূল গ্রন্থ হইতে জ্ঞাতব্য।

যাহা হউক এই যমলোকযাত্রী জীবদিগের মধ্যে যাহাদের বিশেষরূপ পুণ্য আছে তাহাদিগকে যমরাজ স্বয়ং লইয়া যান এবং সাধারণ যাত্রীদিগকে যমদূতেরা লইয়া যায়। যমরাজ সত্যবান্‌কে স্বয়ং লইয়া যাইতেছিলেন—একথা মহাভারত বনপর্ব্ব সাবিত্রী উপাখ্যানে আছে, গরুড় পুরাণ প্রভৃতি গ্রন্থে যমদূত কর্ত্তৃক মনুষ্যগণের যমালয়ানয়ন কথা আছে, এতদুভয় মতের সামঞ্জস্যে যে সিদ্ধান্ত হয়, তাহাই উপরে উল্লেখ করিলাম। অধিকন্তু পুণ্যবানেরা অন্যান্য দেবতা কর্ত্তৃক তত্তৎ স্থানে নীত হ'ন, এ কথাও গরুড়পুরাণাদিতে আছে।

তথাবিধং যল্লোকদ্বয়ং তত্র হিতং নাম ভোক্তুর্জীবস্য সুখাবাপ্তি-র্দুঃখনিবৃত্তির্বা তদেতৎ প্রয়োজনমুক্তম্। ইতি প্রয়োজননিরূপণম্।

ধর্ম্মো নামাত্র *বলবদনিষ্টাননুবন্ধীষ্টসাধনতয়া শাস্ত্রসদাচার-প্রতিপাদিতোঽর্থঃ যতোঽভ্যুদয়স্য নিঃশ্রেয়সস্য বা সিদ্ধিস্তাদৃশো বার্থঃ। স চ সংক্ষেপেতো দ্বিবিধঃ। একোদ্দেশ্যকানেকপুরুষপ্রযত্ন-মন্তরেণানুপপন্নস্তদিতরশ্চ। একঃ খলু যৎফলমুদ্দিশ্য প্রবর্ত্ততে নিবর্ত্ততে বা তদেব ফলমুদ্দিশ্য তদিতরোঽপি চেৎ প্রবর্ত্ততে নিবর্ত্ততে বা তদৈবোপপদ্যতে যঃ স হ্যনেকেষাং প্রবৃত্তিং নিবৃত্তিং বা বিনানুপপন্নো ভাবরূপোঽভাবরূপো বা ধর্ম্মো ভবতি। সোঽপি দ্বিবিধঃ অন্যোন্যোদ্দেশজ্ঞানসাপেক্ষস্তন্নিরপেক্ষশ্চ। তত্রাদ্যো যথা ঋত্বিগ্‌যজমানানাং যজমানস্বর্গাদ্যভিসন্ধায়িনাং যজ্ঞানুষ্ঠানং যথা বা সত্রযাগঃ যত্র সপ্তদশর্ত্বিজামেকফলোদ্দেশেন প্রবৃত্তিসাধ্যঃ। যথা

---

পূর্ব্বোক্ত লোকদ্বয়ে ভোক্তা জীবের যে হিত অর্থাৎ সুখপ্রাপ্তি বা দুঃখ নিবৃত্তি তাহাই এই গ্রন্থের প্রয়োজন। প্রয়োজন নিরূপণ সমাপ্ত।

শাস্ত্র বা সদাচার বিহিত কার্য্যই ধর্ম্ম। অথবা যে কার্য্য করিলে অধোগতি হয় না, কিন্তু এ উন্নতি হয়, অথবা মুক্তি লাভ হয়, তাহাই ধর্ম্ম। সংক্ষেপেতঃ সেই ধর্ম্ম দুই প্রকার; এক প্রকার ধর্ম্ম এক ফলাভিলাষী অনেক ব্যক্তির প্রযত্নসাধ্য, অন্য প্রকার ধর্ম্ম তদ্ভিন্ন। অর্থাৎ এক ব্যক্তি যে ফল অভিলাষে কোন কার্য্যে প্রবৃত্ত হয় বা কোন কার্য্য হইতে নিবৃত্ত হয়—অন্য ব্যক্তিও সেই ফলের অভিলাষে সেই কার্য্যে প্রবৃত্ত বা নিবৃত্ত হয়—তাহা হইলে সেই অনেক ব্যক্তির প্রবৃত্তি বা নিবৃত্তিমূলক কর্ম্ম প্রথমোক্ত প্রকারের ধর্ম্ম। এই প্রথমোক্ত ধর্ম্মও দুই প্রকার তন্মধ্যে পরস্পরের উদ্দেশ্য জানিয়া পরস্পরে যে কার্য্যের জন্য যত্ন করে—তাহা এক প্রকার এবং পরস্পরের উদ্দেশ্য না জানিয়া যে কার্য্য করা হয় তাহা অন্য প্রকার। এতন্মধ্যে যজমানের স্বর্গ উদ্দেশে স্বয়ং যজমান ও বহু ঋত্বিক্ যে যজ্ঞ অনুষ্ঠান করিয়া থাকেন তাহা এবং সত্র যাগ ও তানূনপ্ত্র নামক বৈদিক কর্ম্ম

বা তানূনপ্‌ত্রং মৈত্রীবন্ধননিমিত্তং কর্ম্ম। এযু তাবদ্ধর্ম্মবতা-মন্যোহন্যাভিসন্ধিজ্ঞানমস্ত্যেব। এতেন সেন্যাদিধর্ম্মোহপি ব্যাখ্যাতঃ। তথাহি শ্রুতিঃ,—

সংগচ্ছধ্বং সংবদধ্বং সং বো মনাংসি জানতাম্।
দেবা ভাগং যথা পূর্ব্বে সংজানানা উপাসতে ॥ ২
সমানী ব আকূতিঃ সমানা হৃদয়ানি বঃ।
সমানমস্তু বো মনো যথা বঃ সুসহাসতি ॥ ৪

ইতীমৌ ঋগ্বেদাষ্টমাষ্টক ১৯১ সূক্তস্থ দ্বিতীয়চতুর্থমন্ত্রৌ।

অনয়োরর্থস্তু—

হে স্তোতারঃ যূয়ং সংগচ্ছধ্বং সঙ্গতা সম্ভূতা মিলিতা ভবত। সংবদধ্বং সহ বদত পরস্পরং বিরোধং পরিত্যজ্য ব্রূত। বো যুষ্মাকং মনাংসি সংজানতাং সমানমেকরূপমেবার্থং নিশ্চিন্বন্তু। যথা পূর্ব্বে পুরাতনা দেবাঃ সংজানানা ঐক্যমত্যং প্রাপ্তাঃ হবির্ভাগ-মুপাসতে যথাজ্যং স্বীকুর্ব্বন্তি তথা যূয়মপি বৈমত্যং পরিত্যজ্য স্বীকুরুতেতি শেষঃ (২)। হে ঋত্বিগ্‌যজমানাঃ বো যুষ্মাকং আকূতিঃ সঙ্কল্পঃ অধ্যবসায়ঃ সমানা একবিধা অস্তু তথা বো যুষ্মাকং হৃদয়ানি সমানানি একবিধানি সন্তু তথা বো যুষ্মাকং মনঃ অন্তঃ-

---

প্রভৃতি, প্রথম প্রকার ধর্ম্মের অন্তর্গত। সত্রযাগে অন্যূন ১৭ জন ঋত্বিক্ কার্য্য করেন, তাঁহাদের প্রত্যেকের কার্য্য এক যজমান-সমৃদ্ধির উদ্দেশে অনুষ্ঠিত এবং প্রত্যেকের উদ্দেশ্যই পরস্পরের পরিজ্ঞাত। তানূনপ্ত্র কর্ম্ম পরস্পরের মৈত্রী-বন্ধনের জন্য অনুষ্ঠিত হইত; এই কর্ম্মে পরস্পরের মৈত্রীই পরস্পরের পরি-জ্ঞাত উদ্দেশ্য। সৈন্য প্রভৃতির ধর্ম্মও ইহা দ্বারা বিবৃত হইল। সৈন্যগণ পরস্পর পরস্পরের উদ্দেশ্য বুঝিয়া শত্রু নিবারণে প্রবৃত্ত হয়। এই শত্রু-নিবারণ ধর্ম্মও ইহার অন্তর্গত। পরস্পরে পরস্পরের উদ্দেশ্য জানিয়া এক-ফলোদ্দেশে

করণং সমানমস্তু যথা বো যুস্মাকং সু সহ শোভনসাহিত্যম্ অসতি ভবতি, তথা সমানমস্তু ইত্যন্বয়ঃ।

তথাচ যোহয়মপরিস্মাদেতদ্দেশানামেকস্মোদ্দেশিনাং সম্মেলন-মবিরুদ্ধভাষণমবিরুদ্ধচেষ্টা সমানসঙ্কল্পতা। প্রাতিস্বিকক্রোধলোভ-সংবরণং প্রাতিস্বিকসুখদুঃখত্যাগঃ, সমদুঃখসুখং সমপ্রিয়াপ্রিয়ত্বঞ্চে-ত্যেতে ধর্ম্মাঃ। সমদুঃখসুখপ্রিয়ত্বেন বৈরসাম্যং মৈত্রীসাম্যঞ্চ সংগৃহীতম্। বৈরমৈত্র্যোর্যথাক্রমং দ্বেষরাগসম্বন্ধেন দুঃখসুখরূপ-ত্বাৎ। এতেষাং সর্ব্বেষাং ধর্ম্মতয়া জ্ঞাপনার্থমেব সামানী ব আকূতি-রিত্যাদিমন্ত্রে আকূতিমনোহৃদয়ানাং সমানত্বং পৃথক্ পৃথঙ্ নির্দ্দিষ্টম্। অয়ং হি গণধর্ম্ম ইত্যাখ্যায়তে। অত্রেদং বোধ্যম্,—যদি গণানাং শত্রুজয়াদিরূপধর্ম্মৈকদেশোদ্দেশঃ, বক্ষ্যমাণসামান্যবিশেষধর্ম্মোদ্দেশঃ, অধর্ম্ম-পরিহারোদ্দেশো বা তদৈব সম্মেলনাদির্ধর্ম্মরূপো ভবতি ন ত্বন্যথা। অতঃ তস্করাণাং পরধনাপহরণাদ্যুদ্দেশিনাং সম্মেলনাদিকং তথা-

মণ্ডলে রহিলে, তাহাদের নিম্নলিখিত ধর্ম্ম পালনীয়—এই সকল ধর্ম্মও তাহাদি-গের গণধর্ম্মরূপ; যথা পরস্পরের সম্মিলন, পরস্পরের অপ্রতিকূল বাক্য প্রয়োগ, অপ্রতিকূল কার্য্যানুষ্ঠান, সঙ্কল্পে সাম্য, ব্যক্তিগত ক্রোধ-সংবরণ, ব্যক্তিগত লোভ-সংবরণ, ব্যক্তিগত সুখ দুঃখ বিসর্জ্জন, ব্যক্তিগত প্রিয়ে অনাসক্তি বা ব্যক্তিগত অপ্রিয়ে উপেক্ষা এবং পরস্পরের সমবেদনা। এই সকল ধর্ম্মের মূল তত্ত্ব ঋগ্বেদ দশমমণ্ডল ১৯১ সূক্তস্থিত দ্বিতীয় এবং চতুর্থ মন্ত্রে পরিস্ফুট আছে। সেই মন্ত্রদ্বয় মূলে উদ্ধৃত হইয়াছে। এইপ্রকার ধর্ম্ম গণধর্ম্ম নামেও কথিত হয়। পরন্তু জানিবে যে, যদি কোন দল শত্রু প্রভৃতি ধর্ম্মফলের উদ্দেশে অথবা বক্ষ্যমাণ সামান্য বিশেষ ধর্ম্ম বা তৎ প্রতিষ্ঠার উদ্দেশে কিম্বা অধর্ম্ম নিবারণের উদ্দেশে গঠিত হয় তবেই তাদৃশ ব্যক্তিবর্গের সম্মিলন প্রভৃতি কথিত ধর্ম্মমধ্যে গণ্য হইবে; নতুবা নহে, কেন না তস্করদের পরধন অপহরণ প্রভৃতি উদ্দেশ্যে সেই সমস্ত ব্যক্তির সম্মিলনাদি পরধন অপহরণ প্রভৃতি উদ্দেশ্যের

বিধেদেশ্যস্নানমপি ন বলবদনিষ্টাননুবন্ধি পরস্বাপহরণাদীনাং নরকরূপবলবদনিষ্টানুবন্ধিত্বেন শাস্ত্রপ্রতিপাদিতত্বাৎ ন বাভ্যুদয়সাধনং নরকরূপাধোগতিহেতুত্বাৎ। গণধর্ম্মশ্চ মহাভারতশান্তিপর্ব্বণি সপ্তাধিকশততমাধ্যায়ে প্রোক্তঃ। যথা—

গণানাঞ্চ কুলানাঞ্চ রাজ্ঞাং ভরতসত্তম।
বৈরসন্দীপনাবেতৌ লোভামর্ষৌ নরাধিপ॥
লোভমেকো হি বৃণুতে ততোঽমর্ষমনন্তরঃ।
তৌ ক্ষয়ব্যয়সংযুক্তাবন্যোন্যঞ্চ বিনাশিনৌ॥

অনন্তর ইত্যত্র অনন্তরমিতি পাঠে অন্য ইতি কর্ত্তৃপদমূহ্যম্। একস্য লোভে, তজ্জ্ঞানাদন্যস্তস্মৈ ক্রুধ্যতি, ক্ষয়ো বিনাশমূলং ব্যয়োঽপচয়মূলং হেতুহেতুমতোরভেদাৎ ক্ষয়ঃ সঙ্ঘাতনাশঃ ব্যয়স্তদ্ধানিরিতি বা, তদুভয়সংযুক্তৌ তৌ লোভিক্রোধিনাবন্যোন্যং বিনাশয়ত ইত্যর্থঃ।

'তত্রাদানেন ভিদ্যন্তে গণাঃ সঙ্ঘাতবৃত্তয়ঃ। ভিন্না বিমনসঃ সর্ব্বে গচ্ছন্ত্যরিবশং ভয়াৎ॥ ভেদে গণা বিনশ্যন্তি ভিন্নাস্তু সুজয়াঃ পরৈঃ। তস্মাৎ সঙ্ঘাতযোগেন প্রযতেরন্ গণাঃ সদা॥ অর্থাশ্চৈবাধি-

---

সাধন হইলেও বলবৎ অনিষ্টের অর্থাৎ নরকের হেতু সুতরাং শাস্ত্রবিহিত বা সদাচার বিহিত নহে কিংবা অভ্যুদয়সাধন নহে, অতএব তাহা ধর্ম্ম নহে, গণধর্ম্ম মহাভারত শান্তিপর্ব্ব ১০৭ অধ্যায়ে কথিত হইয়াছে। গণধর্ম্মপ্রতিপাদক মহাভারতীয় বচনাবলীর অর্থ এই যে, গণমধ্যে কোন ব্যক্তি লোভগ্রস্ত হইলে, অপরে ক্রুদ্ধ হয় এইরূপ লোভ ও ক্রোধে গণভঙ্গ হইয়া থাকে, সুতরাং ব্যক্তিগত লোভ ও ক্রোধসংবরণ কর্ত্তব্য। একের লোভবশতঃ অর্থগ্রহণ হেতু অপর সকলের ক্রোধে গণভঙ্গ বা দলভঙ্গ হইলে শত্রুগণ তাহাদিগকে অনায়াসে জয় করিতে পারে। অতএব লোক সকল সম্মিলিত, অবিরুদ্ধভাবী, সমবেত চেষ্টাযুক্ত ও

সমায়ান্তে সজ্ঞাতবলপৌরুষৈঃ। বাহ্যাশ্চ মৈত্রীং কুর্ব্বন্তি তেষু সংঘাতবৃত্তিষু॥ জ্ঞানবৃদ্ধাঃ প্রশংসন্তি শুশ্রূষন্তঃ পরস্পরম্। বিনিবৃত্তাভিসন্ধানাঃ সুখমেধন্তি সর্ব্বশঃ॥"

গণৈশ্চ গণমুখ্যনির্দেশে স্থাতব্যমিত্যয়মন্যো ধর্ম্মঃ। উক্তং চ তত্রৈব,—

"প্রাজ্ঞান্ শূরান্ মহোৎসাহান্ কর্ম্মসু স্থিরপৌরুষান্। মানয়ন্তঃ সদা যুক্তা বিবর্দ্ধন্তে গণা নৃপ॥" মুখ্যাভাবে মুখ্যনির্দেশাকরণে চ দোষস্তত্রৈবোক্তঃ।—'ক্রোধো ভেদো ভয়ং দণ্ডো নিগ্রহঃ কর্ষণং বধঃ। নয়ত্যরিবশং সদ্যো গণান্ ভরতসত্তম॥ তস্মান্মানয়িতব্যাস্তে গণ মুখ্যাঃ প্রধানতঃ॥' গণমুখ্যধর্ম্মস্তত্রৈবোক্তঃ,—

"ধর্ম্মিষ্ঠান্ ব্যবহারাংশ্চ স্থাপয়ন্তশ্চ শাস্ত্রতঃ। যথাবৎ প্রতিপশ্যন্তো বিবর্দ্ধন্তে গণোত্তমাঃ॥ পুত্রান্ ভ্রাতৄন্ নিগৃহ্নন্তো বিনয়ন্তশ্চ

অন্যান্য বর্গেও ঐকমত্য প্রাপ্ত হইয়া কার্য্যসাধনে সতত যত্ন করিবে। এইরূপ সম্মিলিত জনসমূহের বল ও পৌরুষ দ্বারা বিবিধ কার্য্য সিদ্ধ হয়। বাহিরের লোকেও এই সম্মিলিত জনসমূহ অর্থাৎ গণের সহিত মিত্রতা করিয়া থাকে। ইহারা বিবেচনাকুশল হইয়া পরস্পরের প্রতি কপটতা পরিত্যাগ করিবে, তাহা হইলেই ইহারা সর্ব্বতোভাবে সুখী ও উন্নত হইবে। গণ বা দল দলপতির বা বিভাগীয় দলপতিসমূহের আদেশকারী হইবে। ইহা আর একটী গণধর্ম্ম। এ ধর্ম্ম পূর্ব্বে উল্লিখিত হয় নাই। দলপতি না থাকিলে গণমধ্যে ক্রোধ, মতভেদ, ভয়, দণ্ড, নিগ্রহ অন্যের আকর্ষণ, এবং হত্যা সমস্তই ঘটিতে পারে ইহাতেই দল শত্রু কর্ত্তৃক পরাজিত হয়। অতএব উপযুক্ত ব্যক্তির প্রাধান্য স্বীকার করিতে হয় এবং তাহাদিগের মত মানিতে হয়। যাহারা দলপতি হইবেন তাঁহাদের ধর্ম্ম এই যে, তাঁহারা নিজদলে শাস্ত্রানুসারে ধর্ম্মব্যবহার প্রতিষ্ঠিত করিবেন এবং নিজদলের সকল ব্যক্তির প্রতি অপক্ষপাত দৃষ্টি করিবেন। পুত্র বা ভ্রাতাও যদি দলের স্বার্থের বিরোধী হয় ত তাহাদিগকে দণ্ড দিবেন, দণ্ডদানের পর

তান্ সদা। বিনীতাংশ্চ প্রগৃহ্নন্তো বিবর্দ্ধন্তে গণোত্তমাঃ॥ ন গণাঃ কৃৎস্নশো মন্ত্রং শ্রোতুমর্হন্তি ভারত। গণমুখ্যৈস্তু সম্ভূয় কার্য্যং গণহিতং মিথঃ॥

গণানাং মিথোভেদে কর্ত্তব্যমুক্তং তত্রৈব।—'তেষামন্যোন্য-ভিন্নানাং স্বশক্তিমনুতিষ্ঠতাম্। নিগ্রহঃ পণ্ডিতৈঃ কার্য্যঃ ক্ষিপ্র-মেব. প্রধানতঃ। কুলেষু কলহা জাতাঃ কুলবৃদ্ধৈরুপেক্ষিতাঃ। গোত্রস্য নাশং কুর্ব্বন্তি গণভেদস্য কারকম্॥ আভ্যন্তরং ভয়ং রক্ষ্যমসারং বাহ্যতো ভয়ম্। আভ্যন্তরং ভয়ং রাজন্ সদ্যো মূলানি কৃন্ততি॥' তথাচ গণমধ্যে ধর্ম্মিষ্ঠব্যবহারস্থাপনং, সমদৃষ্টিঃ, অপ-রাধিনাং পুত্রাদীনামপি নিগ্রহঃ, নিগৃহীতানাং সুশিক্ষণং, সুশিক্ষি-

---

সুশিক্ষা দিবেন, সুশিক্ষায় বিনীত হইলে তাহাদিগকে গ্রহণ করিবেন। দলপতিগণ দলের হিত মন্ত্রণা করিবেন, দলপতিগণের সকল মন্ত্রণাই যে দলের সকল লোকের কর্ণগোচর হইবে, তাহা নহে, বরং অনেক মন্ত্রণাই গুপ্ত থাকিবে। অনেক সময়ে দলপতির আদেশ পালনই দলের উদ্দেশ্য হইবে। দলের মধ্যে পরস্পর মতভেদাদি প্রযুক্ত বিরোধ উপস্থিত হইলে, পণ্ডিত দলপতি মতভেদকারীদিগের প্রধান ব্যক্তি হইতে আরম্ভ করিয়া অবিলম্বে শাসনের ব্যবস্থা করিবেন। নিজ নিজ উপদলের মধ্যে কলহ যদি বিভাগীয় দলপতিগণ কর্ত্তৃক উপেক্ষিত হয়, তাহা হইলে; সেই কলহ হইতে উপদল বিনষ্ট হয় সুতরাং দলও ছত্রভঙ্গ হইয়া পড়ে। অর্থাৎ নানা সম্প্রদায়ে একটী বৃহৎ দল গঠিত হইলে, সেই ভিন্ন ভিন্ন সম্প্রদায়ে এক একজন সম্প্রদায়পতি বা বিভাগীয় দলপতি থাকিবেন—তাঁহারা নিজ নিজ সম্প্রদায়ের ঐকমত্য স্থাপন ও বিরোধ পরিহারে দৃষ্টি রাখিবেন, তাঁহারা এ বিষয়ে যত্নহীন হইলে—এক এক সম্প্রদায় বিশৃঙ্খল হয়, তাহাতে দলের সর্ব্বনাশ হইয়া যায়। ভিতরের বিপ্লবভয়ই প্রকৃত ভয়, তাহা যাহাতে না হয় সেই দিকেই দৃষ্টি রাখিতে হয়, বাহ্যভয় তুচ্ছ। অন্তর্দ্রোহই দলকে অল্পদিনের মধ্যে সমূলে বিনষ্ট করিতে

তানাং সংগ্রহঃ, গণহিতার্থং মন্ত্রণা, মন্ত্রগুপ্তিঃ, মিথো বিরোধিনাং গণানাং নিগ্রহঃ। ইত্যেতে গণমুখ্যধর্ম্মাঃ।

গণবিশেষপ্রয়োজনং তত্রৈবোক্তং—"দ্রব্যবন্তশ্চ শূরাশ্চ শস্ত্রজ্ঞাঃ শাস্ত্রপারগাঃ। কৃচ্ছ্রাপৎস্থ সম্মূঢ়ান্ গণাঃ সন্তারয়ন্তি তে॥"

অথ প্রসঙ্গাগতা গণদ্রব্যহরণাপরাধাদয়োঽভিধীয়ন্তে। যথাহ যাজ্ঞবল্ক্যঃ,—"গণদ্রব্যং হরেদ্‌যস্তু সংবিদং লঙ্ঘয়েচ্চ যঃ। সর্ব্বস্বহরণং কৃত্বা তং রাষ্ট্রাদ্বিপ্রবাসয়েৎ॥" (২য় অঃ ১৯০) মনুশ্চ—"যো গ্রামদেশসঙ্ঘানাং কৃত্বা সত্যেন সংবিদম্। বিসংবদেন্নরো লোভাৎ তং রাষ্ট্রাদ্বিপ্রবাসয়েৎ॥" (৮ম অঃ ২১৯) অলব্ধরাজদণ্ডস্য ত্ববিনষ্টপাপস্য সুতরাং প্রায়শ্চিত্তার্হত্বং, 'দণ্ডশ্চরতি পাপহা' (৭ম অঃ ২৫) রাজভির্ধৃতদণ্ডাশ্চ (৮ম অঃ ৩১৮) ইত্যাদিনা দণ্ডস্য "অকামতঃ কৃতং পাপং বেদাভ্যাসেন শুধ্যতি। কামতস্তু কৃতং মোহাৎ প্রায়শ্চিত্তৈঃ পৃথগ্‌বিধৈঃ॥" (১১ অঃ ৪৬) ইত্যনেন চ মনুনা প্রায়শ্চিত্তস্য পাপনাশকত্বেনাভিধানাৎ। দণ্ডপ্রায়শ্চিত্তয়োরভাবে তু ব্যবহার এব প্রতিষিদ্ধঃ। যথা—"প্রায়শ্চিত্তীয়তাং প্রাপ্য দৈবাৎ

---

পারে। দল যদি ধনবল, বাহুবল, বিদ্যাবল এবং শাস্ত্রবলে বলীয়ান্ হয়, তাহা হইলে সেই দল অনেক ঘোর বিপন্ন ব্যক্তিকে সেই বিপদ হইতে উদ্ধার করিতে পারে।

এক্ষণে দল সম্বন্ধে দুই একটী কথা প্রসঙ্গক্রমে কথিত হইতেছে। দলস্থ কোন ব্যক্তি যদি দলের বস্তু অপহরণ করে অথবা দলের নিকট প্রতিজ্ঞা করিয়া তাহা লঙ্ঘন করে তাহা হইলে, রাজা তাহাকে রাজ্য হইতে নির্ব্বাসিত করিবেন। এ বিষয়ে যাজ্ঞবল্ক্যের ২য় অঃ ১৯০ এবং মনু ৮মঃ ২১৯ শ্লোক প্রমাণস্বরূপে উদ্ধৃত হইয়াছে। যদি উক্ত অপরাধী রাজদণ্ড না পায়, তাহা হইলে সেই পাপের প্রায়শ্চিত্ত করিবে। তাহাও না করিলে সেই পাপে ঐ ব্যক্তি সমাজে ত্যাজ্য হইবে, কেন না অকৃতপ্রায়শ্চিত্ত পাপীর সহিত সংসর্গ করিতে নাই।

পূর্ব্বকৃতেন বা ? ন সংসর্গং ব্রজেৎ সদ্ভিঃ প্রায়শ্চিত্তেঽকৃতে দ্বিজঃ॥" (মনু ১১ অঃ ৪১) এতন্মতত্রাপি। যাজ্ঞবল্ক্যঃ,—"কর্ত্তব্যং বচনং সর্ব্বৈঃ সমূহহিতবাদিনাম্। যস্তত্র বিপরীতঃ স্যাৎ স দাপ্যঃ প্রথমং দমম্॥ সমূহকার্য্য আয়াতান্ কৃতকার্য্যান্ বিবর্জ্জয়েৎ। সদানমানসৎকারৈঃ পূজয়িত্বা মহীপতিঃ॥ সমূহকার্য্যপ্রহিতো যল্লভেত তদর্পয়েৎ। একাদশগুণং দাপ্যো যদ্যসৌ নার্পয়েৎ স্বয়ম্॥" (২য় অঃ ১৯১—৯৩) মহীপতিরিতি সম্ভবাভিপ্রায়েণ, কৈমুতিকন্যায়েন তদিতরস্য গণকার্য্যসিদ্ধ্যর্থমাশ্রয়ণীয়পাত্রস্যাপি তত্র গ্রহণম্, সামর্থ্যাৎ। সমূহকার্য্যার্থমাগতানাং কার্য্যসাধনমধিকৃতেনাবশ্যকর্ত্তব্যমিত্যাবেদয়তি 'কৃতকার্য্যান্ বিসর্জ্জয়েদি'তি।

উদ্দেশজ্ঞাননিরপেক্ষো নিরুক্তানেকপ্রযত্নসাধ্যধর্ম্মশ্চ বিভক্তানাং ভ্রাতৄণাং পিতৃস্বর্গাদ্যুদ্দেশিনাং প্রত্যেকমনুষ্ঠেয়ং পার্ব্বণাদি কর্ম্ম, দিঙ্মাত্রমেতৎ।

---

যাহারা দলের কার্য্যের জন্য যাঁহার নিকট আসিবেন, তিনি রাজাই হউন, বা যিনিই হউন, কার্য্যসিদ্ধি করিয়া দিয়া এবং ধনদান, সম্মানপ্রদান দ্বারা পূজা করিয়া বিদায় দিবেন। সেই দল-প্রতিভূ প্রাপ্ত ধনাদি দলকে অর্পণ করিবে, তাহা না করিলে রাজদণ্ড হয়। এ বিষয়েও যাজ্ঞবল্ক্যের ২য় অঃ ১৯১—৯৩ শ্লোক প্রমাণস্বরূপে উদ্ধৃত হইয়াছে। গণধর্ম্মের কথা এইখানেই ফুরাইল।

পরস্পরের উদ্দেশ্যজ্ঞান না থাকিলেও এক ফলের কামনায় অনেকে যে ধর্ম্ম করে,—বিভক্ত ভ্রাতৃগণের পার্ব্বণ শ্রাদ্ধাদি অনুষ্ঠান তাহার অন্তর্গত, কেননা পিত্রাদিস্বর্গ সকলেরই উদ্দেশ্য, পরন্তু এক ভ্রাতার সে উদ্দেশ্য জ্ঞান না থাকিলে অপর ভ্রাতা যে পার্ব্বণ করিতে পারিবে না তাহা নহে, সুতরাং সকল ভ্রাতার ভিন্ন ভিন্ন পার্ব্বণশ্রাদ্ধানুষ্ঠান এক উদ্দেশ্যে যুক্ত হইলেও পরস্পরের উদ্দেশ্যজ্ঞাননিরপেক্ষ নহে। সর্ব্বপ্রথমোক্ত দুই প্রকার ধর্ম্মের মধ্যে এক প্রকার ধর্ম্মের পরিচয় দিলাম।

একোদ্দেশানেকপুরুষপ্রযত্নসাপেক্ষধর্ম্মেতরধর্ম্মোঽপি সামান্য-বিশেষভেদাদ্দ্বিবিধঃ। তত্রাদ্যমাহ,—বিষ্ণুর্দ্বিতীয়াধ্যায়ে—

"ক্ষমা সত্যং দমঃ শৌচং দানমিন্দ্রিয়সংযমঃ। অহিংসা গুরু-শুশ্রূষা তীর্থানুসরণং দয়া॥ আর্জ্জবং লোভশূন্যত্বং দেবব্রাহ্মণ-পূজনম্। অনভ্যসূয়া চ তথা ধর্ম্মঃ সামান্য উচ্যতে॥"

অয়মেব সংক্ষিপ্য মনুনা দর্শিতো যথা দশমাধ্যায়ে—"অহিংসা সত্যমস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ। এবং সামাসিকং ধর্ম্মং চাতু-র্ব্বর্ণ্যেঽব্রবীন্মনুঃ"॥ ৬৩

চাতুর্ব্বর্ণ্য ইতি প্রাধান্যাভিপ্রায়েণ, প্রকরণসামর্থ্যাদ্ যুক্তেরবি-শেষাদ্ গৃহ্যমাণমহাভারত-বচনৈকবাক্যত্বাচ্চ সর্ব্বেষামেব মানবা-নাময়ং ধর্ম্মো বেদিতব্যঃ। সামাসিকমিত্যস্য সংক্ষেপত ইত্যর্থঃ। মহাভারতবচনং যথা, শান্তিপর্ব্বণি পঞ্চষষ্টিতমাধ্যায়ে—"যবনাঃ কিরাতা গান্ধারাশ্চীনাঃ শবরবর্ব্বরাঃ। শকাস্তুষারাঃ কঙ্কাশ্চ পহ্লবা-শ্চান্ধ্রমদ্রকাঃ। পৌণ্ড্রাঃ পুলিন্দা রমঠাঃ কাম্বোজাশ্চৈব সর্ব্বশঃ॥

---

অন্যপ্রকার ধর্ম্ম অর্থাৎ যাহা একফলকামী অনেক পুরুষের প্রযত্ন ব্যতীতও হয়, তাহাও সামান্য-বিশেষভেদে দুই প্রকার।

এই সামান্য ধর্ম্ম বিষ্ণুসংহিতামতে ক্ষমা, সত্য, ইন্দ্রিয়সংযম অহিংসা, গুরুসেবা, তীর্থ-পর্য্যটন, দয়া, সরলতা, লোভ না করা, দেবপূজা, ব্রাহ্মণপূজা এবং অসূয়া না থাকা, এই কয়টী সাধারণ ধর্ম্ম।

মনু ইহা হইতে বাছিয়া অহিংসা, সত্য, অস্তেয়, শৌচ এবং ইন্দ্রিয়সংযম এ কয়টীকে সাধারণ ধর্ম্ম বলিয়াছেন। অহিংসা, সত্য অস্তেয়, শৌচ ও ইন্দ্রিয়নিগ্রহ কেবল বর্ণধর্ম্ম নহে, মনুষ্যমাত্রেরই ধর্ম্ম, কেননা সর্ব্বজাতীয় মনুষ্যনির্দ্দেশের পরেই মনু এই ধর্ম্ম নির্দ্দেশ করিয়াছেন, সুতরাং বচনমধ্যে স্থিত 'চাতুর্ব্বর্ণ্য' অর্থে সর্ব্বজাতি। অহিংসাদি যে দস্যু পর্য্যন্ত সর্ব্ববিধমানবজাতির ধর্ম্ম এ কথা মহাভারতে শান্তিপর্ব্ব ৬৫ অধ্যায়ে স্পষ্ট লিখিত আছে, প্রমাণ উদ্ধৃত হইল। মাতাপিতৃসেবা, অস্ত্রাচার্য্যাদি সেবা, ব্রহ্মচারি প্রভৃতির সেবা রাজ-

ব্রহ্মক্ষত্রপ্রসূতাশ্চ বৈশ্যাঃ শূদ্রাশ্চ মানবাঃ। কথং ধর্ম্মাংশ্চরিষ্যন্তি সর্ব্বে বিষয়বাসিনঃ ॥ মদ্বিধৈশ্চ কথং স্থাপ্যাঃ সর্ব্বে বৈ দস্যুজীবিনঃ ॥ ইতীন্দ্রং প্রতি মান্ধাতৃপ্রশ্নঃ। অস্যার্থঃ,—যবনাদিকাম্বোজান্তা জাতয়শ্চ ব্রহ্মক্ষত্রবৈশ্যশূদ্রাঃ বর্ণাশ্চ দস্যবশ্চ তদ্বৃত্তয়শ্চৈবং প্রভৃতয়ঃ সর্ব্ব এব মানবাঃ কীদৃশং ধর্ম্মমাচরিষ্যন্তি, তে খলু কীদৃশে ধর্ম্মে রাজ্ঞা ময়া স্থাপনীয়া ইতি। তত্র ইন্দ্র উবাচ—"মাতাপিত্রোর্হি শুশ্রূষা কর্ত্তব্যা সর্ব্বদস্যুভিঃ। আচার্য্যগুরুশুশ্রূষা তথৈবাশ্রমবাসিনাম্ ॥ ভূমিপানাঞ্চ শুশ্রূষা কর্ত্তব্যা সর্ব্বদস্যুভিঃ। বেদধর্ম্মক্রিয়াশ্চৈব তেষাং ধর্ম্মো বিধীয়তে। পিতৃযজ্ঞাস্তথা কূপাঃ প্রপাশ্চ শয়নানি চ। দানানি চ যথাকালং দ্বিজেভ্যো বিসৃজেৎ সদা ॥ অহিংসা সত্যমক্রোধো বৃত্তি-দারানুপালনম্। ভরণং পুত্রদারাণাং শৌচমদ্রোহ এব চ ॥ দক্ষিণা সর্ব্বযজ্ঞানাং দাতব্যা ভূতিমিচ্ছতা। পাকযজ্ঞা মহার্হাশ্চ দাতব্যাঃ সর্ব্বদস্যুভিঃ। এতান্যেবম্প্রকারাণি বিহিতানি পুরানঘ। সর্ব্বলোকস্য কর্ম্মাণি কর্ত্তব্যানীহ পার্থিবে"তি। অস্যার্থঃ,—মাতাপিতৃসেবা অস্ত্রাচার্য্যাদিসেবা ব্রহ্মচারিপ্রভৃতিসেবা, গুর্ব্বন্তর সেবা, রাজশুশ্রূষোপলক্ষিতা রাজভক্তিঃ, যস্য কস্যচিৎ পুরুষস্য বেদোক্তধর্ম্মে যজ্ঞাদাবুপস্থিতে বর্ণধর্ম্মানতিক্রমেণ তৎসাহায্যকরূপা ক্রিয়া ইত্যেবং বেদধর্ম্মক্রিয়াঃ, বেদধর্ম্মো ব্রহ্মচর্য্যং তদনুকূলক্রিয়াঃ সর্ব্বেন্দ্রিয়সংযমরূপা ইতি বা। পিতৃযজ্ঞ-জলাশয়-প্রপা-শয্যা-পান্থশালোৎসর্গাঃ দ্বিজ-সম্প্রদানকধনাদিদানম্, অহিংসাসত্যাক্রোধাঃ, আত্মোচিতবৃত্তিরক্ষা,

---

ভক্তি স্ত্রীপুত্র প্রতিপালন, অপরের ধর্ম্মকার্য্যে সাহায্য দান, জলাশয়াদিদান, শয্যাদান পান্থশালাদি দান, ইত্যাদি ধর্ম্ম কার্য্যও সকল মানবের কর্ত্তব্য বলিয়া মহাভারতে উল্লিখিত হইয়াছে, পরন্তু অহিংসাদিই যে সমস্ত ধর্ম্মেরই ফল

দারাধিকারনিয়মপ্রতিপালনং, পুত্রদারাণাং ভরণং, শৌচম্, অদ্রোহঃ, যজ্ঞার্থদক্ষিণাদানং, পাকযজ্ঞাশ্চেতি সর্ব্বমানবসাধারণধর্ম্মাঃ। দস্যুভিরপ্যয়ং সেব্যঃ। তস্মাদহিংসাদয়ঃ সর্ব্বমানবসাধারণা ধর্ম্মা ইতি সিদ্ধম্। অহিংসাদীনাং সর্ব্বপ্রাণিসাধারণপ্রীতিপ্রতিষ্ঠানাং মাতাপিতৃসেবাদিরূপভক্তিধর্ম্মব্যাপ্যতয়া মনুনা ব্যাপ্যানামেব গ্রহণং ব্যাপকানাং তদধীনত্বাৎ, বিষ্ণুসূত্রমহাভারতয়োস্তু ব্যাপ্যব্যাপক-প্রপঞ্চস্তু শ্রোতৃবুদ্ধিবৈশদ্যার্থমিত্যেতাবন্মাত্রং বিশেষঃ। যে তু কুল-পারম্পর্য্যেণ মোহবলাৎ শ্রুতিস্মৃতিপ্রামাণ্যমনভ্যুপগচ্ছন্তো জাতি-পতিতাঃ সুতরাং দ্বিজাতিবাহ্যাঃ, দর্শশ্রাদ্ধাদিরূপপিতৃযজ্ঞাষ্টকাদি-রূপপাকযজ্ঞাদৌ তেষামধিকারো নাস্তি। ম্লেচ্ছাদিস্বরূপমেতা-দৃশশূদ্রমভিপ্রেত্য মনুনা দশমাধ্যায়ে ১২৬শবচনে তথৈব প্রতিপা-দিতত্বাৎ। তদ্যথা—"ন শূদ্রে পাতকং কিঞ্চিৎ ন চ সংস্কারমর্হতি। নাস্যাধিকারো ধর্ম্মেঽস্তি ন ধর্ম্মাৎ প্রতিষেধনম্॥ অস্যার্থঃ—শূদ্রে শূদ্রবিশেষে ম্লেচ্ছাদিস্বরূপে পাতকং নাস্তি, জাতিপতিতত্বাৎ, কিং নাম কর্ম্মাস্তি যৎ ততোঽপি তং পাতয়েদিতি জাতিনিন্দার্থবাদোঽয়ম্। তত্র কুলপারম্পর্য্যেণ শ্রুতিস্মৃতিপ্রামাণ্যানভ্যুপগন্তরি সংস্কারঃ পিতৃযজ্ঞাদিধর্ম্মাধিকারশ্চ নাস্তি, যদ্যসাবহিংসাদিলক্ষণং ধর্ম্মমনু-তিষ্ঠেদনুতিষ্ঠতু নাম নাসৌ নিষেদ্ধব্যঃ তেনাপি তস্য ক্রমোৎকর্ষ সম্ভবাৎ। নবেতদ্বচনে শূদ্রপদস্য ম্লেচ্ছাদিরূপাধমশূদ্রপরত্বে কিং

---

এই জন্য মনু সেই ফলমাত্রই গ্রহণ করিয়াছেন। মহাভারতাদিতে ফল ও মূল উভয়ই গৃহীত হইয়াছে। বলা বাহুল্য যাহারা বহুপুরুষাবধি মোহ বশতঃ শ্রুতিস্মৃতির প্রামাণ্য স্বীকার করে না, তাহাদিগের বেদোক্ত ধর্ম্মাচরণে মহাযজ্ঞ, পিতৃযজ্ঞ, পাকযজ্ঞ ইত্যাদি কার্য্যে অধিকার লুপ্ত হইয়াছে। এ বিষয়ে প্রমাণ মনুসংহিতা ১০ম অধ্যায় হইতে উদ্ধৃত হইয়াছে, এবং ব্যাখ্যা-

মানমিতি। চেদনন্তরবচনমেবেতি। তথাহি ধর্ম্মেপ্সবস্তু ধর্ম্মজ্ঞাঃ সতাং বৃত্তিমনুষ্ঠিতাঃ। মন্ত্রবর্জ্জং ন দুষ্যন্তি প্রশংসাং প্রাপ্নুবন্তি চ॥ অত্র তুকারস্য প্রাগুক্তশূদ্রব্যবচ্ছেদার্থকত্বম্ প্রাগুক্তশূদ্রো হেতদ্বচনোক্তশূদ্রবিলক্ষণ ইত্যর্থতঃ সিদ্ধেঃ। ধর্ম্মজ্ঞা ইত্যনেন শ্রুতিস্মৃতিপ্রামাণ্যাভ্যুপগন্তৃত্বং সিদ্ধং, ন হি তদনভ্যুপগন্তারো ধর্ম্মজ্ঞা ভবন্তি, সতাং বৃত্তিমনুষ্ঠিতা ইত্যনেন সতঃ, অনিষিদ্ধ-ত্রৈবর্ণিকাচারোপেতাঃ পিতৃপিতামহানামাচারেণানুবর্ত্তমানা ইত্যর্থ-লাভঃ।

যেনাস্য পিতরো যাতা যেন যাতাঃ পিতামহাঃ।

তেন যায়াৎ সতাং মার্গং তেন গচ্ছন্নরিষ্যতি॥ ইতি

চতুর্থাধ্যায়বচনান্তরেণ পিতৃপিতামহসেবিতসৎপথানুসরণস্য কর্ত্তব্যতয়া প্রতিপাদনাৎ। কর্ত্তব্যতয়া শাস্ত্রপ্রতিপাদিতাচারস্য চ নির্ব্বিবাদসদ্বৃত্তিত্বাৎ। ধর্ম্মেপ্সব ইত্যনেন শূদ্রাণাং পিতৃযজ্ঞ-পাকযজ্ঞাদিরূপমন্ত্রসাধ্যকর্ম্মাধিকারে তত্র তত্রানুরাগোঽপ্যেকো হেতু-রিতি সূচিতম্। কুল্লূকভট্টাদয়স্তু — ন শূদ্রে পাতকং কিঞ্চিদিতি বচনে শূদ্রপদং শূদ্রসামান্যপরতয়া পাতকমিতি লশুনাদিভক্ষণজনিত-পাপপরতয়া সংস্কারপদমুপনয়নপরতয়া ধর্ম্মাধিকার ইতি অগ্নিহোত্রা-দ্যধিকারপরতয়া ব্যাচক্ষতে তন্ন মনোরমম্, এতদ্বচনাবগতার্থানাং দ্বিজাতীনাং লশুনাদিভক্ষণং নিষেধতো দ্বিজাতেরেবোপনয়নাদিকং বিদধতশ্চ বচনান্তরস্যপ্রাপ্ত্যা পুনঃ প্রতিপাদনস্য বৈয়র্থ্যাৎ। স্মৃত্য-ন্তরবিরোধাচ্চ। তথাহি অভক্ষ্যভক্ষ্যানুবৃত্তৌ প্রায়শ্চিত্তবিবেকাদিধৃত বিষ্ণুবচনং—

---

বিচার প্রদর্শিত হইয়াছে। বিচারের শেষ সিদ্ধান্ত এই যে, অহিংসা প্রভৃতি

বিপ্রে তু সকলং দেয়ং পাদোনং ক্ষত্রিয়ে স্মৃতম্।
বৈশ্যেঽৰ্দ্ধং পাদশেষন্তু শূদ্রজাতিষু শস্যতে ॥

অত্র লশুনাদ্যভক্ষ্যভক্ষণে যৎ প্রায়শ্চিত্তমুক্তং তৎ সম্পূর্ণং ব্রাহ্মণস্য, ক্রমেণ পাদপাদহান্যা শূদ্রস্য পাদ ইতি বিধীয়তে, তথাচ অভক্ষ্যভক্ষণে শূদ্রস্যাপি পাতকং বিষ্ণোরভিমতং, কিঞ্চ 'মলানাং মদ্যানাঞ্চ প্রাশনে চান্দ্রায়ণং কুর্য্যাৎ লশুনপলাণ্ডুগৃঞ্জনৈতদ্গন্ধিবিড়্‌বরাহ-গ্রাম্যকুক্কুটবানরগোমাংসভক্ষণে চে'ত্যভিধায় 'সর্ব্বেষ্বেতেষু দ্বিজানাং প্রায়শ্চিত্তান্তে ভূয়ঃ সংস্কারং কুর্য্যাদি'তি বিষ্ণুনোক্তং, অত্র যদি লশুনাদিভোজনং শূদ্রস্য পাতকং ন স্যাৎ, দ্বিজানামিতি বিশেষাভিধানপূর্ব্বকং পুনঃসংস্কারবিধানমসঙ্গতং স্যাৎ। ন হ্য-দ্বিজানামুপনয়নসংস্কারঃ সকৃদপি বৃত্তো যেন পুনঃ সংস্কারঃ সম্ভাব্যেত। তস্মাৎ চান্দ্রায়ণমিতি সর্ব্ববর্ণসাধারণপ্রায়শ্চিত্তং দ্বিজানাং পুনরুপনয়নঞ্চেতি বিশেষঃ। তস্মাৎ সচ্ছূদ্রাণাং লশুনাদি-ভক্ষণেঽপি পাতকমস্তীতি বিষ্ণুমতং প্রতীয়তে। অত্র যদি লশুনাদিভক্ষণজপাতকং শূদ্রজাতিসামান্যে নাস্তীতি ব্যাখ্যায়তে, বিষ্ণুস্মৃতিবিরোধো দুর্ব্বারঃ স্যাৎ। নমু ছত্রাকং বিড়্‌বরাহঞ্চ লশুনং গ্রামকুক্কুটম্। পলাণ্ডুং গৃঞ্জনঞ্চৈব মত্যা জগ্ধা পতেদ্দ্বিজ" ইতি মনুনা দ্বিজস্য পতনমুক্তং ন তু শূদ্রস্যেতি তদ্বিরোধাৎ বিষ্ণুমত-মেব সঙ্কোচনীয়মিতি চেন্ন লশুনাদিগোমাংসান্তভক্ষণপ্রায়শ্চিত্ত-বিধায়কস্যৈকস্য বিষ্ণুসূত্রস্য দ্বিজমাত্রপ্রায়শ্চিত্তপরত্বে গোমাংস-ভক্ষণেঽপি শূদ্রস্য প্রায়শ্চিত্তাভাবপ্রসক্ত্যা সর্ব্বশিষ্টাচারবিরোধাৎ।

---

ধৰ্ম্ম সকল মানবের নিত্য ধৰ্ম্ম, কেননা নিষিদ্ধ বর্জ্জন সকলেরই কর্ত্তব্য; বিহিতানুষ্ঠান শূদ্রের কাম্য। যে ধার্ম্মিক শূদ্র, নিষিদ্ধ বর্জ্জনপূর্ব্বক বিহিতানুষ্ঠান

এতেঽন্ত্যজাঃ সমাখ্যাতা যে চান্যে চ গবাশনা ইত্যনেন (১ম অঃ) ব্যাসসংহিতায়াং গবাশনশূদ্রাণামন্ত্যজত্বাভিধানাসঙ্গতেশ্চ। সতাং বৃত্তিমনুষ্ঠিতা ইত্যনেন শূদ্রাণামনিষিদ্ধত্রৈবর্ণিকাচারপালনস্য মনূক্ত-ত্বেন কুল্লূকভট্টাদিভিরেব ব্যাখ্যাতত্বাচ্চ। মনুসংহিতায়াং যৎ পতেদ্ দ্বিজ ইত্যভিহিতং তদ্ দ্বিজানাং প্রায়শ্চিত্তগৌরববোধনায়। তস্মাৎ কুলপারম্পর্য্যেণ শ্রুতিস্মৃতিপ্রামাণ্যানভ্যুপগন্তৄণাং ম্লেচ্ছাদি-রূপাণাং দ্বিজবাহ্যানাং ন পিতৃযজ্ঞাধিকারঃ, অহিংসাদিধর্ম্মাধিকার-স্তস্ত্যেব। শ্রুতিস্মৃতিপ্রামাণ্যাভ্যুপগন্তৄণাং কুলপারম্পর্য্যেণ সদা-চারাণাং শূদ্রাণান্তু পিতৃযজ্ঞাদাবপ্যধিকার ইতি সিদ্ধম্। যথা শূদ্রে উপনয়নাভাবাৎ বিহিতানমুষ্ঠানাৎ পাতকং নাস্তি, যতস্তস্য উপনয়নরূপসংস্কারে অধিকার এব নাস্তি তদতিরিক্তে বিহিত-ক্রিয়ারূপে ধর্ম্মে চ নিত্যাধিকারো নাস্তি, ন চ ধর্ম্মপ্রতিষেধঃ, তস্মাৎ বিহিতক্রিয়ায়াং শূদ্রস্য কাম্যাধিকার ইত্যয়মেব ন শূদ্রে পাতকং কিঞ্চিদিত্যাদিবচনার্থঃ, নাস্য ধর্ম্মেঽধিকারোঽস্তীত্যত্র অধিকারপদস্য নিত্যাধিকারপরত্বং স্ফুটীকর্ত্তুমুত্তরবচনমাহ ধর্ম্মেপ্সব ইতি। যে হি নিষিদ্ধাচরণবিরতাঃ ধর্ম্মকামাঃ শূদ্রা বিহিতমনু-তিষ্ঠন্তি তে সচ্ছূদ্রা ইত্যুচ্যন্তে। হিংসানৃতস্তেয়ক্রৌর্য্যাভোজ্যভোজন-পারদার্য্যাদীনাং প্রতিষিদ্ধতয়া তদ্বর্জ্জনরূপাহিংসাদিধর্ম্মে সর্ব্বেষামেব মানবানাং নিত্যাধিকার ইতি সূচয়িতুং মনুনা তৎপক্ষকমেব গৃহীতমিতি ভাবঃ।

---

করেন, তাঁহারা সৎ শূদ্র। এই সৎ শূদ্র কুলানুসারে দেশে ব্যবহৃত হইয়া থাকেন।

অত্র সত্যং প্রধানম্। যথাহ শ্রুতিঃ,—সত্যেনোত্তভিতা ভূমি-রিতি (ঋগ্বেদ ৮ অষ্টক, ৩ অঃ ২০ বর্গঃ)। উত্তভিতা অভ্যুদয়ং প্রাপ্তা। ভূমিরিতি স্থানেন স্থানিগ্রহণং গ্রামং দগ্ধমেদিতিবৎ। উত্তভিতা সুফলেতি সায়নাচার্য্যঃ।

বিষ্ণুঃ—অশ্বমেধসহস্রঞ্চ সত্যঞ্চ তুলয়া ধৃতম্। অশ্বমেধসহস্রাদ্ধি সত্যমেব বিশিষ্যতে (৮ম অঃ)। ব্যাসঃ—

"নাস্তি সত্যাৎ পরো ধর্ম্মো নানৃতাৎ পাতকং মহৎ। স্থিতির্হি সত্যং ধর্ম্মস্য তস্মাৎ সত্যং ন লোপয়েৎ॥" (মহাভারত শান্তি-পর্ব্ব ১৬২ অধ্যায়ে।)

সত্যং নাম অনৃতবর্জ্জনম্। বস্তুনো যদযথাভাবজ্ঞাপনং তদনৃতমিতি। জ্ঞানকৃতাদিভেদাদনৃতং নানারূপং ভবতি। তৎ-প্রপঞ্চঃ প্রায়শ্চিত্তসিদ্ধান্তে বক্ষ্যতে। ইদং হি সত্যং বচনাবচন-সাধারণম্।

সত্যবচনে বিশেষমাহ মনুঃ—সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ম্। প্রিয়ঞ্চ নানৃতং ব্রূয়াদেষ॥ ধর্ম্মঃ সনাতনঃ॥ (৪ অঃ)

---

এই সাধারণ ধর্ম্ম মধ্যে সত্য সর্ব্বপ্রধান। সত্য অর্থে মিথ্যা বর্জ্জন। যে বস্তুর যাহা স্বরূপ সেই বস্তুকে তদ্ভিন্ন রূপে প্রকাশ করাই মিথ্যা। আকারে ইঙ্গিতে কথাবার্ত্তায় ভাবভঙ্গীতে যেরূপেই হউক সে বস্তুকে তদ্ভিন্নরূপে প্রকাশ করাই মিথ্যা। এই মিথ্যা জ্ঞানকৃত প্রভৃতি ভেদে নানাপ্রকার হয়, এতৎসম্বন্ধে বিশেষ বিবরণ প্রায়শ্চিত্তসিদ্ধান্তে বলিব। এই মিথ্যাবর্জ্জন রূপ সত্য, আকার ইঙ্গিত কথাবার্ত্তা ভাবভঙ্গী ব্যবহার সর্ব্বত্রই গ্রাহ্য। মৌনী হইয়াও এই প্রকার সত্যনিষ্ঠ হইতে পারে। সত্য কথা সম্বন্ধে মনুর মত এই যে, প্রিয় সত্য কথা বলিবে, অপ্রিয় সত্য কথা বা মিথ্যা প্রিয়কথা বলিবে না। (৪ অঃ

অত্র প্রিয়াপ্রিয়শব্দৌ লোকপ্রিয়ত্ববিশিষ্টবচনৌ। তথাচ পরপীড়ানাবহমিতি প্রিয়শব্দার্থঃ। শ্রোতৃমাত্রপ্রিয়সত্যস্য বক্তব্যত্বে দস্যৌ শ্রোতরি হিংসাফলকসত্যবচনস্যাপি বক্তব্যতাপত্তিঃ, নচেষ্টাপত্তিঃ মহাভারতীয়শ্রীভগবদুক্তিবিরোধাৎ।

তথাহি—

কৌশিকো হ্যভবদ্বিপ্রস্তপস্বী নো বহুশ্রুতঃ নদীনাং সঙ্গমে গ্রামাদদূরাৎ স কিলাবসৎ॥ সত্যং ময়া সদা বাচ্যমিতি তস্যাভবদ্‌ব্রতম্। সত্যবাদীতি বিখ্যাতঃ স তদাসীদ্ধনঞ্জয়॥ অথ দস্যুভয়াৎ কেচিত্তদা তদ্বনমাবিশন্। তত্রাপি দস্যবঃ ক্রুদ্ধাস্তানমার্গন্ত যত্নতঃ॥ অথ কৌশিকমভ্যেত্য প্রোচুস্তে সত্যবাদিনম্। কতমেন পথা যাতা ভগবন্ বহবো জনাঃ॥ স পৃষ্টঃ কৌশিকঃ সত্যং বচনং তানুবাচ হ। ততস্তে তান্ সমাসাদ্য কৃবা জঘ্নুরিতি শ্রুতিঃ॥ তেনাধর্ম্মেণ মহতা বাগ্দুরুক্তেন কৌশিকঃ। গতঃ সঃ কষ্টং নরকং সূক্ষ্মধর্ম্মেষ্বকোবিদঃ॥ ইতি (কর্ণপর্ব্ব ৬৯ অঃ ৪৭—৫৩) তথাচ পরপীড়ানাবহস্যৈব সত্যস্য প্রাধান্যং পর্য্যবসিতম্। যত্তু ক্বচিদহিংসায়াঃ সর্ব্বধর্ম্ম-

---

১৩৮) প্রিয় অর্থে যাহা পরপীড়াকর নহে, অর্থাৎ লোকপ্রিয়, কেবল শ্রোতার প্রিয় নহে;—তাহা হইলে তপস্বী কৌশিকের সত্যকথায় নরকবাস হইত না; এ সম্বন্ধে মহাভারত কর্ণপর্ব্ব ৬৯ অঃ ৪৭—৫৩ শ্লোকে বর্ণনা আছে; মর্ম্ম এই যে, কৌশিক নামে এক ধার্ম্মিক ব্রাহ্মণ তপোবনে তপস্যা করিতেন, 'আমি সর্ব্বদা সত্য কথা বলিব' এই তাঁহার ব্রতছিল, এই জন্য তিনি 'সত্যবাদী' নামে প্রসিদ্ধ হন। একদিন কতিপয় ব্যক্তি দস্যুদলের আক্রমণে ভীত হইয়া সেই তপোবনে আসিয়া লুক্কায়িত হইল। দস্যুদলও তাহাদের অনুসরণ করিয়া সেই বনে উপস্থিত হয় এবং সত্যবাদীকে সেই সকল ব্যক্তির কথা জিজ্ঞাসা করে। সত্যবাদী ধর্ম্মের সূক্ষ্ম গতি না জানিয়া তাহাদের আগমনবার্ত্তা বলিয়া দিলে

প্রাধান্যমভিহিতং তৎ প্রায়েণ হিংসাফলকসত্যমপেক্ষ্য বরমহিংসা-ফলকমনৃতমিত্যেতদ্বোধনায়। তথাবিধসত্যস্য লোকধারকত্বাভাবান্নি-তরস্য চ তদ্ভাবাৎ। * *

যথাহ মহাভারতম্—যৎ স্যাদহিংসাসংযুক্তং স ধর্ম্ম ইতি নিশ্চয়ঃ। অহিংসার্থায় ভূতানাং ধর্ম্মপ্রবচনং কৃতম্ ॥ ধারণাদ্ধর্ম্মমিত্যাহুর্ধর্ম্মো ধারয়তে প্রজাঃ। যৎ স্যাদ্ধারণসংযুক্তং স ধর্ম্ম ইতি নিশ্চয়ঃ॥ সত্যস্য প্রাধান্যঞ্চ সত্ত্বপ্রকর্ষজনকতয়া সকলাধর্ম্মহেতুভূততমসো নিরোধনেন (কর্ণপর্ব্ব ৬৯ অঃ ৫৮—৫৯)। যথাহ মহাভারতে শান্তিপর্ব্বণি ১৯০ মাধ্যায়ে ব্যাসঃ—সত্যং ব্রহ্ম তপঃ সত্যং সত্যং বিসৃজতে প্রজাঃ। সত্যেন ধার্য্যতে লোকঃ স্বর্গং সত্যেন গচ্ছতি। ইত্যুপক্রম্য—তত্র যৎ সত্যং স ধর্ম্মো যো ধর্ম্মঃ স প্রকাশ ইত্যাহ। প্রকাশঃ সত্ত্বম্। সত্ত্বোৎকর্ষজনকতয়া সত্যমেব সত্ত্ব-মিত্যুক্তম্। আয়ুর্ঘৃতমিতিবৎ। অনৃতাৎ খলু তমঃ প্রাদুর্ভূতং

---

দস্যুগণ সেই বনে তাহাদিগকে অনুসন্ধান করিয়া বিনাশ করে এই সত্যের ফলে কৌশিকের নরকভোগ হইয়াছিল। অবশ্য এস্থলে কৌশিকের সত্যবাক্য, শ্রোতা দস্যুদলের প্রিয় বটে, কিন্তু তাহা লোকপ্রিয় নহে, কেমনা পরের বিশেষতঃ নিরপরাধ ব্যক্তির পীড়ন যে সত্যের ফল, এমন সত্য বক্তব্য নহে, ফলতঃ যে সত্য পরের ক্লেশাবহ নহে তাহাই সর্ব্বপ্রধান। কোন স্থলে অহিংসা যে সর্ব্বধর্ম্মপ্রধান বলিয়া অভিহিত হইয়াছে তাহার মর্ম এই যে অহিংসা-হেতু মিথ্যা বরং ভাল তথাপি হিংসাহেতু সত্য ভাল নহে। পরন্তু কেবল অহিংসা হইতে সত্ত্বগুণের তাদৃশ বৃদ্ধি হইতে পারে না, সত্যদ্বারা যেমন হইতে পারে। যদ্দ্বারা লোক রক্ষা হয়, তাহা ধর্ম্ম; অহিংসা দ্বারাও লোক রক্ষা হয়, সত্য-দ্বারাও লোক রক্ষা হয়, কিন্তু যে সত্যদ্বারা লোক রক্ষা হয় না, বরং লোক হানি হয় তাহা অপেক্ষা অহিংসা প্রধান, লোকরক্ষক সত্য সর্ব্বপ্রধান; সত্য ব্রহ্মের স্বরূপ, তপস্যার স্বরূপ; সত্য হইতেই লোক সৃষ্টি ও লোক রক্ষা। সত্য

ততস্তমোগ্রস্তা**অধর্ম্মমেবানুবর্ত্তন্তে ন ধর্ম্মমিতি ( শান্তিপর্ব্ব ১৯০ অঃ )। অত্র ক্বচিৎ প্রতিপ্রসবমাহ মহাভারতম্—প্রাণাত্যয়ে বিবাহে চ বক্তব্যমনৃতং ভবেৎ। সর্ব্বস্বস্যাপহারে চ বক্তব্যমনৃতং ভবেৎ॥ প্রাণাত্যয়ো রাজদণ্ডপ্রায়শ্চিত্তনিমিত্তকাতিরিক্তো বোধ্যঃ। দণ্ডাদি-নিমিত্তকপ্রাণাত্যয়সম্ভাবনায়াং তু সত্যস্যৈব বক্তব্যত্বোপদেশাৎ। যথা মনুঃ ( ৮ম অঃ )—ব্রাহ্মণস্বর্ণহারী তু রাজ্ঞে মুষলমর্পয়েৎ। স্বকর্ম্ম খ্যাপয়ংস্তেন হতো মুক্তোঽপি বা শুচিরিতি। প্রায়শ্চিত্তে ত্বাহাঙ্গিরাঃ—কৃতে নিঃসংশয়ে পাপে ন ভুঞ্জীতানুপস্থিতঃ। ভুঞ্জানো বর্দ্ধয়েৎ পাপমসত্যং পর্ষদি ব্রুবন্॥ এবমগ্রেঽপি যথাযথমূহ্যম্। বিবাহকালে রতিসম্প্রয়োগে প্রাণাত্যয়ে সর্ব্বধনাপহারে। বিপ্রস্য চার্থে হ্যনৃতং বদেত পঞ্চানৃতান্যাহুরপাতকানি॥ প্রাণাত্যয়ে বিবাহে চ সর্ব্বজ্ঞাতিবধাত্যয়ে। নর্ম্মণ্যভিপ্রবৃত্তে বা ন চ প্রোক্তং মৃষা ভবেৎ॥ অধর্ম্মং নাত্র পশ্যন্তি ধর্ম্মতত্ত্বার্থদর্শিনঃ॥ যৎ স্তেনৈরপি সম্বন্ধাম্মুচ্যতে শপথৈরপি। শ্রেয়স্তত্রানৃতং বক্তুং তৎ সত্যমবি-

---

**ও সত্ত্বগুণ একই এবং মিথ্যা ও তমো গুণ একই। যে অহিংসক কিন্তু মিথ্যা-বাদী, তাহার অহিংসামধ্যেও মোহ আছে, আত্মপ্রতিষ্ঠা কামনা আছে; কিন্তু যে প্রকৃত সত্যনিষ্ঠ সেই আদর্শ পুরুষ। যে স্থানে সত্য বলিলে পরের অনিষ্ট-সম্ভাবনা, অথচ কিছু না বলিলে আত্মপীড়ন অবশ্যম্ভাবী, সে স্থলে আত্ম-পীড়ন সহ্য করিয়া কিছু না বলাই প্রধান কল্প। যাহার তেমন শক্তি নাই, তাহার পক্ষে সত্য অপেক্ষা মিথ্যা কথাই বলা উচিত, পরন্তু তাহাতেও কিঞ্চিৎ পাপ হয়, সে পাপের প্রায়শ্চিত্ত শাস্ত্রে আছে। যে স্থলে সত্য বলিলে, বা কিছু না বলিলে পরের অনিষ্ট হয় সে স্থলে মিথ্যা বলা উচিত। এই অনিষ্ট অর্থে বিবাহ-ভঙ্গ, সর্ব্বস্বনাশ মৃত্যু ও ধর্ম্মনাশ। ধর্ম্মতস্কর, প্রাণতস্কর, ও ধনতস্ক-রের নিকট অক্ষম ব্যক্তি যে উপায়ে হউক ধর্ম্মাদি রক্ষা করিবে. তাহাকে মিথ্যা-

চারিত্রম্॥ ন চ তেভ্যো ধনং দেয়ং শক্যে কর্থঞ্চন। পাপেভ্যো হি ধনং দত্তং দাতারমপি পীড়য়েৎ॥ (বর্ণপর্ব্ব ৬৯ অঃ।) সর্ব্বস্বাতিবধাত্যয়ে সর্ব্বস্বাতিবধরূপে অত্যয়ে, বিপৎপাতে। সর্ব্বপদং বহ্বর্থকম্। শক্যে সামর্থ্যে, বলাৎকারং বিনেতি যাবৎ।

স্তেনৈরিতি যত্র যস্য বৈধোঽধিকারঃ, অবৈধাদ্ বলাচ্ছলাদ্বা অবৈধেন প্রকারান্তরেণ বা তত্র তস্যাধিকারং ভ্রংশয়ন্তঃ স্তেনা ভবন্তি। তেন তথাবিধ ধর্ম্মপ্রাণাপহর্ত্তারোঽপি ধনাপহর্তৃবৎ স্তেনা যুক্তেরবিশেষাৎ। ন নর্ম্মযুক্তমনৃতং হিনস্তি ন স্ত্রীষু রাজন্ন বিবাহকালে। ন গুর্ব্বর্থং নাত্মনো জীবিতার্থে পঞ্চানৃতান্যাহুরপাতকানি॥ ন হিনস্তি ন পীড়য়তি, অপ্রাতিপ্রসূতানৃতবৎ নাত্যর্থং দুঃখাকরোতি। মনুরপি—শূদ্রবিট্‌ক্ষত্রবিপ্রাণাং যত্রর্ত্তোক্তৌ ভবেদ্বধঃ। তত্র বক্তব্যমনৃতং তদ্ধি সত্যাদ্বিশিষ্যতে॥ বাগ্‌দৈবত্যৈশ্চ চরুভি-র্যজেরংস্তে সরস্বতীম্। অনৃতস্যৈনসস্তস্য কুর্ব্বাণা নিষ্কৃতিং পরাম্॥ (৮ম অঃ ১০৪-৫।) ন চ প্রাণাত্যয়সম্ভাবনাদিকালীনমনৃতবচনং ন পাপরূপং কিন্তু ধর্ম্ম এব, প্রাণাত্যয়ে বিবাহে চ বক্তব্যমনৃতং

---

প্রয়োগ এমন কি শপথ পর্য্যন্ত করিতে পারে। তবে সেই মিথ্যাদি ব্যবহারের জন্য প্রায়শ্চিত্ত কর্ত্তব্য। নিজ সর্ব্বস্বহানি এমন কি প্রাণত্যাগ পর্য্যন্ত পণ করিয়া সত্যনিষ্ঠ হওয়া যে মুখ্য কল্প ইহা পূর্ব্বেই বলিয়াছি। অন্য জাতি মুখ্য ব্রাহ্মণের উপকারার্থে মিথ্যা বলিতে পারে, যদি এই মিথ্যা অন্যের অধিকতর অপকার হেতু না হয়। যেখানে সত্য কথা বলিলে, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রের প্রাণবধ হইতে পারে, সে স্থলে সত্য অপেক্ষা মিথ্যা ভাল, কিন্তু সেই মিথ্যা কথার জন্যও প্রায়শ্চিত্ত কর্ত্তব্য। যেস্থলে সত্য বলিলে নিরপরাধ ব্যক্তির কোনরূপ অনিষ্ট হয় বা দুর্ব্বৃত্তগণের দুষ্কার্য্য সিদ্ধ হয়, সে স্থলে মৌনাবলম্বনা অশক্তপক্ষে মিথ্যাও আশ্রয়ণীয়। স্ত্রীলোকের গুপ্তকথা রক্ষণে সামর্থ্য নাই,

ভবেদিত্যাদিমহাভারতবচনেন তস্য বিনিবোধিতত্বাৎ, তদতিরিক্তা-নৃতবচনস্য পাপরূপতা যুক্তেতি বাচ্য মনুস্মৃতিবিরোধাৎ মনুনা হি ব্রাহ্মণাদিপ্রাণরক্ষাফলকস্যাপ্যনৃতস্য বক্তব্যতাং বিদধতাপি তস্য পাপ-রূপতায়াঃ স্পষ্টমুক্তত্বাৎ। তদ্ধি বাগ্দৈবতৈশ্চ চরুভিরিত্যাদি-বচনং প্রাগুপদর্শিতম্। বিবাহকালীনমনৃতবচনমপাপরূপং ব্রাহ্ম-ণাদি-প্রাণরক্ষাফলকানৃতবচনং পাপরূপমিতি কো নামানুন্মত্তমানী ব্রূয়াৎ। যৎপুনস্তত্রানৃতং বক্তব্যমিতি বিধিপ্রতিরূপকবচনং তদপি 'ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়মি'ত্যাদিবৎ তত্র তত্র প্রতিকূলসত্য-বচনপ্রতিষেধপরতয়ৈব পর্য্যবসেয়ম্। যত্র খলু সত্যবচনমুপবর্ণিত-কৌশিকোক্তিবদ্ধিংসোদর্কতামাপদ্যতে তত্র স্বয়ং নিপীড্যমানোঽপি জীবিতনিরপেক্ষোঽপি তূষ্ণীমাসীতেত্যয়ং নির্দোষঃ সত্যকল্পঃ। অত্রাশক্তশ্চেৎ বরমপি সাফল্যমনৃতবচনমাদদীত নতু হিংসোদর্ক-সত্যবচনং তদনৃতবচনাপেক্ষয়া তৎ সত্যবচনস্য লোকধারণবিরোধি-তয়া হীয়মানত্বাৎ। তত্র চ গৃহীতানৃতবচনো যথোক্তশাস্ত্রতপআদি-রূপ-প্রায়শ্চিত্তং কুর্য্যাৎ। যত্র তু সত্যবচসা পরকীয় বিবাহপ্রতিবন্ধ-সম্ভাবনা তত্রাপি তূষ্ণীম্ভাবঃ প্রথমঃ কল্পঃ। অশক্তাবনৃতবচনং তৎ-প্রায়শ্চিত্তঞ্চ চরেৎ। রাজদণ্ডনিমিত্তকাতিরিক্ত-স্বপ্রাণাত্যয়-সর্ব্ব-

---

সেই জন্য যে সকল কথা অপ্রকাশ্য তাহার জন্য স্ত্রীলোকের নিকট মিথ্যা বলিতে পারে।, ফলে ইহাও অশক্তকল্প। দস্যুগণের নিকট মিথ্যা বলা বরং ভাল, তথাপি তাহাদিগকে ধন দেওয়া উচিত নহে। পরিহাসকালীন মিথ্যাও মিথ্যা মধ্যে গণ্য নহে। ফলে তাহাও মুখ্য সত্যনিষ্ঠের পরিহরণীয়। নিরপরাধ ব্যক্তির অনিষ্টকর মিথ্যা এবং আপনার সংবর্দ্ধাপক মিথ্যা সকলেরই বর্জ্জনীয়। তাহার পর যে যতদূর মিথ্যাবর্জ্জন করিতে পারে, সে ততই প্রশস্ত।

,,কেবল নিরপরাধ ব্যক্তির অনিষ্টকর, ব্রাহ্মণাদি চতুর্ব্বর্ণের বধহেতু—ধর্ম্মনাশকর.

স্বাপহরণসম্ভাবনাদৌ চ তূষ্ণীম্ভাবো বা সত্যবচনং বাদ্যঃ কল্পঃ। যদি নাম তৎসত্যবচনং দস্যুদেশ্যকধনদানাদিবচনবৎ দুষ্টবুদ্ধিফলকং ন স্যাৎ। তত্রাশক্তাবনৃতবচনং ন কামকারকৃতানৃতবচনবদ্ধেয়ং ন চ পরপ্রাণরক্ষণহেত্বনৃতবচনবদুপাদেয়ং বা। যদি তু দুষ্টবুদ্ধিফলকং তৎ তূষ্ণীম্ভাব এবাদ্যঃ কল্পঃ। তত্রাশক্তাবনৃতবচনম্। ইদন্তু পরপ্রাণরক্ষণহেত্বনৃতবদুপাদেয়ম্। পরিণয়াদিকালীনমপকারাহেতু-ভূতমনৃতবচনমনেনৈব ব্যাখ্যাতম্। হিংসাফলকমনৃতং সর্ব্বথৈব বর্জ্জনীয়ং সত্যস্যাপি তত্র বর্জ্জনীয়ত্বাৎ। সর্ব্বথা বর্জ্জনীয়মনৃতান্তর-মাহ মনুঃ—যোঽন্যথা সন্তমাত্মানমন্যথা সৎসু ভাষতে। স পাপ-কৃত্তমো লোকে স্তেন আত্মাপহারকঃ॥ (৪ অঃ ২৫৫) ইতি তথাচাত্মোৎকর্ষখ্যাপকমনৃতং সর্ব্বথা বর্জ্জনীয়মতএব তদনৃতমনু-পাতকমধ্যে যাজ্ঞবল্ক্যেনাপি "উৎকর্ষে চ বচোঽনৃতমি"তি (৩য় অঃ) সংগৃহীতম্॥

ইতি সত্যপ্রকরণম্।

---

ও সর্ব্বস্বনাশকর এবং বিবাহভঙ্গকর সত্য কথা বক্তব্য নহে। সেখানে মৌনাবলম্বন শ্রেয়ঃকল্প অশক্ত পক্ষে মিথ্যা বক্তব্য; কিন্তু এই মিথ্যাতেও পাপ আছে, এ কথা পূর্ব্বেই বলিয়াছি। তবে এই মিথ্যা কথার পাপ সেস্থলে সত্য বলিলে যে পাপ হয়, তদপেক্ষা অল্প। এই বিচারের মূল শাস্ত্র মহাভারত শান্তি পর্ব্ব ১৯০ অঃ কর্ণপর্ব্ব ৬৯ অঃ মনু ৮ম অঃ ১০৪।৫।৪ অঃ ২৫৫ বচনাদি উদ্ধৃত হইয়াছে।

সত্যপ্রকরণ সমাপ্ত

অথাহিংসা। সা চাধিকারিভেদেন হিংসাসামান্যবর্জ্জনরূপা বৈধহিংসাতিরিক্তহিংসাবর্জ্জনরূপা বেতি বৈকল্পিকী। তত্রাদ্যায়াং নিবৃত্তিধর্ম্মিণাং মুমুক্ষূণামেবাধিকারঃ। দ্বিতীয়া চ ব্যাখ্যায়তে, তত্র প্রমাণং 'মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানী'তি 'অগ্নীষোমীয়ং পশুমালভে-তে'ত্যাদিকা চ শ্রুতিঃ। "যা বেদবিহিতা হিংসা নিয়তাস্মিংশ্চরা-চরে। অহিংসামেব তাং বিদ্যাদ্বেদাদ্ধর্ম্মো হি নির্ব্বভাবি"ত্যাদি-স্মৃতিশ্চ (মনু ৫মঅঃ)। অত্র বেদপদং ধর্ম্মপ্রমাণপরং ধর্ম্মো হি নির্ব্ব-ভাবিতি হেতুবন্নিগদস্বরসাৎ। শ্রুতৌ ভূতানীত্যস্য প্রাণিন ইত্যর্থঃ, তে চ জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জভেদাচ্চতুর্ব্বিধাঃ। হিংসা প্রাণ-বিয়োগফলকো ব্যাপারঃ। তদেতদ্ধিংসাশব্দঃ শক্ত্যা হননমাত্রবৃত্তি-রপি শক্তিভক্তিভ্যামনুমনন-বিশসন-হনন-বিক্রয়-মাংসক্রয়-পচন-পরিবেশনভোজন-সাধারণঃ, বন্ধনাদিরূপক্লেশজনকব্যাপারসাধারণশ্চ।

তথাচ মনুঃ—"অনুমন্তা বিশসিতা নিহন্তা ক্রয়বিক্রয়ী। সংস্কর্ত্তা চোপহর্ত্তা চ খাদকশ্চেতি ঘাতকাঃ॥" অস্যার্থমাহ কুল্লূকভট্টঃ—

যদনুমতিব্যতিরেকেণ হননং কর্ত্তুং ন শক্যতে সোঽনুমন্তা।

---

অনন্তর অহিংসাধর্ম্ম কথিত হইতেছে। অহিংসা অধিকার ভেদে দুই প্রকার,—হিংসাসামান্য বর্জ্জন বা বৈধহিংসাতিরিক্ত হিংসাবর্জ্জন। এতন্মধ্যে প্রথম কল্পে নিবৃত্তি-ধর্ম্মাবলম্বী মুমুক্ষুগণেরই অধিকার। দ্বিতীয় কল্পের ব্যাখ্যা করিতেছি। প্রথমেই শ্রুতি-স্মৃতির প্রমাণ উদ্ধৃত হইল, বৈধহিংসাতিরিক্ত হিংসা-বর্জ্জন ব্যাখ্যা করিতে হইলে, হিংসা এবং বৈধহিংসার ব্যাখ্যা প্রথম কর্ত্তব্য বলিয়া তাহার আলোচনাই হইতেছে;—হিংসা হনন,—এই হনন মুখ্য গৌণ-ভেদে নানা প্রকার, হননে অনুমতি প্রদান, মাংসকর্ত্তন; চর্ম্মমোচন, মাংসক্রয়, মাংসবিক্রয়, ঘাতকের নিকট পশু বিক্রয় বা বিনিময় ঘাতককে পশুদান, মাংস পাক, মাংস পরিবেশন এবং মাংসভোজনও হননের—চলিত কথায় হত্যার—অন্তর্গত। হনন অর্থে স্বহস্তে বধ এবং অন্য দ্বারা বধ করান দুইই

বিশসিতা অঙ্গানি যঃ কর্ত্তর্য্যাদিনা পৃথক্ পৃথক্ করোতি । নিহন্তা মারয়িতা । ক্রয়বিক্রয়ী, মাংসস্য ক্রেতা বিক্রেতা চ । গোবিন্দরাজস্তু যঃ ক্রীত্বা বিক্রীণাতি স ক্রয়বিক্রয়ীত্যেকমেবাহ তদযুক্তং "হননেন তথা হন্তা ধনেন ক্রায়কস্তথা । বিক্রয়ী তু ধনাদানাৎ সংস্কর্ত্তা তৎপ্রবর্ত্তনাদি"তি যমবচনেন পৃথঙ্ নির্দ্দেশাৎ । সংস্কর্ত্তা পাচকঃ । উপহর্ত্তা পরিবেশকঃ । খাদকো ভক্ষয়িতা । বস্তুতঃ বিক্রয়ীত্যস্য ন মাংসস্য বিক্রেতেত্যেতন্মাত্রমর্থঃ কিন্তু ঘাতকস্বত্বপ্রযোজকং পশুবিক্রয়ং যঃ করোতি যশ্চ মাংসং বিক্রীণীতে তৌ দ্বৌ বিক্রয়িশব্দেনোচ্যেতে । বিক্রয়োঽপ্যত্র বিক্রয়বিনিময়ান্যতররূপঃ । একত্র তথা দর্শনাৎ । "বিক্রৈয়র্গাং বিনিময়ৈর্দত্ত্বা গোমাংসখাদকে । ব্রতং চান্দ্রায়ণং কুর্য্যাদ্বধে সাক্ষাদ্বধী ভবেদি"তি স্মার্ত্তধৃতস্মৃতিসাগরসারীয়গোভিলবচনাৎ । দানমপি কৈমুতিকন্যায়েন গ্রাহ্যম্ । পাকাদিকন্তু মাংসস্যৈবেতি বোধ্যম্ ।

অত্র হননপদেন হন্তৃত্ব-হননপ্রযোজকত্বে প্রত্যেতব্যে । প্রযোজয়িতা অনুমন্তা কর্ত্তা চেতি সর্ব্বে স্বর্গনরকফলভোক্তার ইত্যাপস্তম্বসূত্রেণ প্রযোজয়িতুরপি প্রাপ্ত্যা তস্য মনূক্তনিহন্তর্য্যন্তর্ভাবন-

বুঝিবে। হননে অনুমতি প্রদান এবং অস্ত্র দ্বারা বধ করান এক কার্য্য নহে, কেননা অনুমন্তার প্রথম হইতে হিংসাপ্রবৃত্তি না থাকিতেও পারে, কিন্তু যে অস্ত্র দ্বারা বধ করাইতেছে, হননে তাহার উদ্যোগ অনেক পূর্ব্ব হইতেই আছে। অথবা অনুমতিদান অর্থেই সামান্যতঃ অনুমতিদান এবং হননে প্রবর্ত্তন উভয়ই বুঝিবে। বন্ধনাদি ক্লেশজনক ব্যাপারও হিংসাবিশেষ। মাংসক্রয়, মাংস বিক্রয় হইতে ধনলাভ হয়, এবং উহা পাকাদির অনুকূল পাক ও পরিবেশন মাংস ভোজনের অনুকূল, মাংসকর্ত্তন ক্রয়-বিক্রয়াদির অনুকূল, হত্যা মাংসকর্ত্তনাদি ব্যবহারের মূল ; সুতরাং ক্রয়বিক্রয়াদির অভাব হইলে মাংসভোজনের পক্ষে ব্যাঘাত ঘটে, সুতরাং হত্যাও কমিয়া যায় ; অতএব

স্থৈবৌচিত্যাৎ প্রযোজয়িতৃসাধারণত্বাৎ কর্ত্তৃত্বস্য, যদ্বা অনুমন্তৃ-পদেনৈব অনুমন্তৃপ্রযোজয়িত্রোর্গ্রহণম্। ননু অস্তু তাবদনুমনন-হননয়োর্হিংসারূপত্বং প্রাণিঘাতিনি প্রাণিবিক্রয়স্য হিংসোদর্কতয়া বন্ধনাদেশ্চ ক্লেশজনকতয়া ভবতু নাম কথঞ্চিত্তথাত্বমিতরেষান্তু মাংসোৎপাদনহেতুবিশসনমাংসক্রয়াদিরূপমাংসতন্ত্রব্যাপারাণাং হিংসা-ত্বমননুভবগম্যমিতি চেন্নৈবং দৃশ্যতে হি বহবো ধনার্থিতয়া হননায় প্রবর্ত্তন্তে ন চ তেষাং সর্ব্বেষাং হননমাত্রেণ ধনলাভঃ কিন্তু মাংস-বিক্রয়েণ, ন চ মাংসমপি হননমাত্রেণ সম্পদ্যতে কিন্তু বিশসনেন, নাপি বিক্রয়ঃ ক্রেতারমন্তরেণ সম্ভবতি, ক্রয়োঽপি তস্য ধনার্থং বা ভোজনার্থং বা ধনার্থঞ্চেদ্ভোক্তারং পুনর্ব্বিক্রয়ায় ভবতি। ভোক্তা চ পচনপরিবেশনে হ্যপেক্ষমাণস্তৃপ্তিকামো ভুক্তৌ প্রবর্ত্ততে ইত্যেবং বিশসনাদিরূপমাংসতন্ত্রব্যাপারাণামনেকহিংসোপযোগিতয়া হিংসা-রূপত্বমিতি। তথাচ মনুঃ,—

"নাকৃত্বা প্রাণিনাং হিংসাং মাংসমুৎপদ্যতে ক্বচিৎ। ন চ প্রাণি-বধঃ স্বর্গ্যস্তস্মান্মাংসং বিবর্জ্জয়েৎ॥ মাংসং বিবর্জ্জয়েদিত্যস্য মাংসং বিশসনক্রয়বিক্রয়াদিরূপক্রিয়ানিমিত্তং ন কুর্য্যাদিত্যর্থঃ। মাংসং ন ভক্ষয়েদিতি তু কুল্লুকভট্টাদয়ঃ।

---

মাংস সম্বন্ধে ক্রয়-বিক্রয়াদি কোন কার্য্যই কর্ত্তব্য নহে। ভোজনের অনুকূল বলিয়াই যে হত্যা অনুষ্ঠিত হয়, তাহা নহে, ধনলোভও ক্রোধাদি বশতঃ ও হইয়া থাকে—এই জন্য হত্যা, হত্যা করান বা হত্যার অনুমতিদান সর্ব্বত্রই যে ভোজনের অধীন তাহা নহে। তবে মাংস ভোজন বন্ধ হইলে যে অনেক জীবহত্যা কমে তাহা নিশ্চয়; এই জন্য মাংসভোজন নিবৃত্তি বিশেষভাবে উপদিষ্ট হইয়াছে। সামান্যতঃ হিংসা-নিষেধ দ্বারা অনুমতি প্রদানাদি যে নিষিদ্ধ হইয়াছে ইহা বলা বাহুল্য।

অত্রাপি বিশসনাদীনাং প্রায়েণ ভোজনসাপেক্ষতয়া ভোজননিবৃত্ত্যৈব তন্নিবৃত্তিরিত্যাশয়েন বিশেষেণ ভোজননিবৃত্তিমুপদিশতি স এব "সমুৎপত্তিঞ্চ মাংসস্য বধবন্ধৌ চ দেহিনাম্। প্রসমীক্ষ্য নিবর্ত্তেত সর্ব্বমাংসস্য ভক্ষণাৎ ॥ বর্ষে বর্ষেঽশ্বমেধেন যো যজেত শতং সমাঃ। মাংসানি চ ন খাদেদ্যস্তয়োঃ পুণ্যফলং সমম্ ॥ অশক্তাবাহ,—

"ক্রব্যাদান্ শকুনীন্ সর্ব্বাংস্তথা গ্রামনিবাসিনঃ। অনির্দ্দিষ্টাংশ্চৈকশফাংষ্টিট্টিভঞ্চ বিবর্জ্জয়েৎ ॥ কলবিঙ্কং প্লবং হংসং চক্রাঙ্গং গ্রামকুক্কুটম্। সারসং রজ্জুবালঞ্চ দাত্যূহং শুকসারিকে। প্রতুদান্ জালপাদাংশ্চ কোয়ষ্টিনখবিষ্কিরান্। নিমজ্জতশ্চ মৎস্যাদান্ সৌনং বল্লূরমেব চ ॥ বকঞ্চৈব বলাকঞ্চ কাকোলং খঞ্জরীটকম্। মৎস্যাদান্ বিড়্বরাহাংশ্চ মৎস্যানেব চ সর্ব্বশঃ ॥" ক্রব্যাদাঃ শকুনয়ো গৃধ্রাদয়ঃ। গ্রামবাসিনঃ পারাবতাদয়ঃ। টিট্টিভঃ পক্ষিবিশেষঃ। কলবিঙ্কশ্চটকঃ। হংসচক্রবাকয়োঃ পৃথগ্‌গ্রহণং জালপাদত্বরাগ্রামাপদি ভক্ষণানুজ্ঞানার্থম্। তুদাঃ চঞ্চ্বা প্রতুদ্য যে ভক্ষয়ন্তি তে দার্ব্বাঘাটাদয়ঃ। জালপাদাঃ সরারিপ্রভৃতয়ঃ। নখবিষ্কিরাঃ শ্যেনাদয়ঃ। নখবিষ্কিরগ্রহণেন গ্রামকুক্কুটস্য প্রাপ্তাবপি পূর্ব্বং গ্রামকুক্কুটগ্রহণ-

---

মাংসভক্ষণ ত্যাগের কর্ত্তব্যতা ও ফলশ্রুতি বিষয়ে প্রমাণস্বরূপ মনু ৫ম অধ্যায়ের দুইটী বচন উদ্ধৃত হইল।

সামান্যতঃ মাংস ভক্ষণ যাহারা পরিত্যাগ করিতে অসমর্থ, তাহাদের পক্ষে বিশেষ নিষেধ-স্থল এবং প্রায়শ্চিত্তবোধক শাস্ত্রবচন মনু ৫ম অধ্যায় হইতে প্রমাণিত হইল। সেই সব বচনের ভাবার্থ এই যে, রোহিত পাঠীন প্রভৃতি সশল্ক মৎস্য ব্যতীত সর্ব্ববিধ মৎস্য, গৃধ্র-প্রভৃতি মাংসাশী পক্ষী, পারাবতাদি গ্রাম্য-পক্ষী, একশফ পশু, টিট্টিভ পক্ষী, চড়ুই, পক্ষী, হংস, চক্রবাক, কাঠ-ঠোকরা, সারস, শুক, সারিকা, পানকৌড়ি শ্যেন ও দাঁড়কাক প্রভৃতির

মারণ্যকুক্কুটস্য তক্ষ্যত্বাভ্যনুজ্ঞানাৎ। নিমজ্জতো মৎস্যাদাঃ নিমজ্জ্য যে মৎস্যান্ খাদন্তি তে মদ্গুপ্রভৃতয়ঃ। সৌনং মারণস্থানভবং। বল্লূরং শুষ্কমাংসম্। কাকোলো দ্রোণকাকঃ। মৎস্যাদাঃ নক্রাদয়ঃ। বিশেষাতিরিক্তাঃ সর্ব্বে মৎস্যাঃ।

স্মার্ত্তধৃতঃ শঙ্খঃ—"গ্রামশ্বং কুঞ্জরোষ্ট্রৌ চ সর্ব্বং পঞ্চনখং তথা। ক্রব্যাদং কুক্কুটং গ্রাম্যং কুর্য্যাৎ সংবৎসরং ব্রতম্।" স্মার্ত্তা হি তথেত্যস্য ভুক্ত্বেত্যর্থমাহুঃ, যুক্তঞ্চৈতৎ, প্রকরণাৎ, ক্রিয়াপদরহিতানাং কর্ম্মপদানাং নিরাকাঙ্ক্ষত্বেনান্বয়াযোগাচ্চ।

অদ্যতনমুদ্রিতশঙ্খসংহিতায়াং সপ্তদশাধ্যায়ে যদেতৎ সদৃশ-বচনং দৃশ্যতে তত্র গ্রামশ্বং কুঞ্জরোষ্ট্রাবিত্যত্র গৌশ্বেরকুঞ্জরোষ্ট্রমিতি পাঠঃ। বক্ষ্যমাণশ্রুত্যা (ঋগ্বেদ ৮ মণ্ডলে ১০ অঃ ৯০ সূক্তে ১৫ ঋচা) গোবধস্য বিশেষতো নিষিদ্ধতয়া 'নাকৃত্বা প্রাণিনাং হিংসাং মাংসমুৎপদ্যতে ক্বচি"দিতি মনূপদর্শিতন্যায়াচ্চ গোবধমূলক-গোমাংস-ভক্ষণস্যৈব নিষেধঃ শঙ্খসম্মতো ভবিতুং যুক্ত ইতি স্মার্ত্তধৃতপাঠ এব শ্রেয়ান। মুদ্রিতপাঠস্তু প্রামাদিকঃ। গোমাংস ভক্ষণে ব্যক্তং প্রায়-

---

মাংস ভোজন করিতে নাই। গো, গ্রাম্যকুক্কুট, গ্রাম্য শূকর প্রভৃতির মাংস অভক্ষ্য। পঞ্চনখযুক্ত বানরাদি পশু অশ্ব ও হস্তীর মাংস ভোজন নিষিদ্ধ। শুষ্ক-মাংস, কসাইখানার মাংস নক্রাদির মাংস বক প্রভৃতি জলচর পক্ষীর মাংসও ভোজন করা নিষিদ্ধ। গোমাংস সর্ব্বাপেক্ষা বর্জ্জনীয়, কেননা বেদে সকল প্রাণীর হত্যাই নিষিদ্ধ হইলেও গোহত্যা বিশেষ ভাবে নিষিদ্ধ হইয়াছে। (ঋগ্বেদ ৮ম মণ্ডল ৯০ সূক্ত ১৫ ঋক্। কেহ না কেহ গোহত্যা না করিলে ত আর গোমাংস মিলিতে পারে না। মৃত পশুর মাংস চিকিৎসা শাস্ত্রে নিষিদ্ধ ও রোগহেতু বলিয়া অভক্ষ্য আছেই। আরও দেখ কলিকালে গো-বধ ত কোন ক্রমেই কর্ত্তব্য নহে, তাহার শাস্ত্রও আছে (সায়নাচার্য্য রঘুনন্দন প্রভৃতির ধৃত স্মৃতি-বচন)।

শ্চিত্তমাহ পরাশরঃ অমেধ্যরেতো গোমাংসং চাণ্ডালান্নমথাপি বা। যদি ভুক্তঞ্চ বিপ্রেণ কৃচ্ছ্রং চান্দ্রায়ণং চরেৎ॥ তথৈব ক্ষত্রিয়ো বৈশ্য-স্তদর্দ্ধন্তু সমাচরেৎ। শূদ্রোঽপ্যেবং যদা ভুঙ্‌ক্তে প্রাজাপত্যং সমা চরেৎ॥ (অঃ ১১।১২) বিষ্ণুরপি—মলানাং মদ্যনাঞ্চ অন্যতমস্য প্রাশনে চান্দ্রায়ণং কুর্য্যাৎ লশুনপলাণ্ডুগৃঞ্জনৈতদ্গন্ধিবিড়্‌বরাহ-গ্রাম্য-কুক্কুট-বানর-গোমাংস-ভক্ষণে চেতি। মনুঃ—ন ভক্ষয়েদেকচরান্ অজ্ঞাতাংশ্চ মৃগদ্বিজান্। ভক্ষ্যেষ্বপি সমুদ্দিষ্টান্ সর্ব্বান্ পঞ্চনখাং-স্তথা॥ সামান্যতো নিষিদ্ধেতরতয়া ভক্ষ্যতয়া সম্ভাবিতানিতি ভক্ষ্যে-ষ্বপি সমুদ্দিষ্টানিত্যস্যার্থঃ।

বৈধহিংসা চ ত্রিবিধা পারলৌকিকদুঃখবিশেষানুৎপাদসুখান্ত-ভরসাধনাত্মকধর্ম্মরূপা, বৃত্তিরূপা আততায়িনিগ্রহরূপা চ। তত্রাদ্যো

---

অশক্ত পক্ষে নিষিদ্ধ ব্যতীত মৎস্য মাংস ভোজন করিতে পারিবে, তবে দেবগণ বা পিতৃগণকে নিবেদন করিয়া ভোজন করিবে। ব্রাহ্মণের আজ্ঞাতেও ভোজন করিতে পারিবে। এইরূপ মাংস ভোজনসত্ত্বেও যদি অবৈধ প্রাণিহত্যা না করে ও মাংসাদি বিক্রয় না করে এবং সর্ব্বপ্রকারে গো-মাংস ব্যবহার বর্জ্জন করে, তাহারও অহিংসা ধর্ম্ম পালন হইবে। সর্ব্ব সময়ে সকল মাংস ত্যাগ করিয়া যে ব্রাহ্মণ শ্রাদ্ধে নিযুক্ত হইয়া মাংসভোজন করেন তাঁহার সেই ভোজন ধর্ম্ম; তিনি সর্ব্বথা নিবৃত্তমাংসের কিঞ্চিন্ন্যূন মাত্র। যিনি সর্ব্বথা মাংস ভোজন বর্জ্জিত তাঁহার পক্ষে শ্রাদ্ধে নিযুক্ত হইতে নাই। শ্রাদ্ধে নিযুক্ত অর্থে, শ্রাদ্ধে পাত্রীয় ব্রাহ্মণ হওয়া। এখন সেই পাত্রীয় ব্রাহ্মণ কুশময় হইয়া থাকেন, সুতরাং সে বিষয়ের জন্য অধিক বিচার নিষ্প্রয়োজন। মাংস বিশেষ ভোজন বৈধহিংসার অন্তর্গত হইলেও সেই বৈধত্বও শক্তাশক্ত-অধিকারিসাপেক্ষ।

বৈধহিংসা তিন প্রকার, যে কার্য্য না করিলে পরকালে দুঃখভোগ করিতে হয় বা যাহা করিলে পরকালে সুখভোগ হয় সেইরূপ হিংসা ইহাকে ধর্ম্মবিশেষ বলা হয়, (১) যাহা করিয়া জীবিকানির্ব্বাহ বা প্রাণ ধারণ করিতে হয় সেইরূপ

প্রত্যেকং দ্বিধা নিয়তানিয়তভেদাৎ। পারলৌকিক-দুঃখনিবৃত্তিসুখাদ্য-তরসাধনমাত্ররূপা নিয়তা, যথা, ক্ষত্রিয়াণাং ধর্ম্ম্যযুদ্ধে রিপুহননম্। তথাহি বিষ্ণুসংহিতায়াং দ্বিজাতিধর্ম্মোপক্রমে ব্রাহ্মণস্যাধ্যাপনং ক্ষত্রিয়স্য শস্ত্রনিত্যতেতি। শ্রীমদ্ভগবদ্গীতায়ামর্জ্জুনং প্রতি শ্রীকৃষ্ণ-বাক্যং—স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি। ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাৎ শ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে॥ এবমন্যেঽপি বধ্যবধাদয়ো রাজ-ধর্ম্মা দ্রষ্টব্যাঃ। অনিয়তা, যথা—ব্রাহ্মণাদীনাং যাগাদৌ পূজাদৌ চ হিংসা—তথাহি শ্রুতিঃ—অগ্নীষোমীয়ং পশুমালভেতেতি বায়ব্যং শ্বেতমালভেতেতি চ। বিষ্ণুঃ—অনুপাতকিনস্ত্বেতে মহাপাতকিনো যথা। অশ্বমেধেন শুধ্যন্তীতি। তিথিতত্ত্বধৃতভবিষ্যপুরাণম্—"অজানাং মহিষাণাঞ্চ মেষাণাঞ্চ তথা বধাৎ। প্রীণয়েদ্বিধিবদ্দুর্গাং মাংসশোণিততর্পণৈঃ॥"

বসিষ্ঠঃ—পিতৃদেবতাতিথিপূজায়াং পশুং হিংস্যাৎ। গৌতমঃ—ন দোষো হিংসায়ামাহবেঽন্যত্র ব্যশ্বসারথ্যায়ুধকৃতাঞ্জলি-প্রকীর্ণকেশ-পরাঙ্মুখোপবিষ্টস্থলবৃক্ষারূঢ়-গোব্রাহ্মণবাদিভ্যঃ ক্ষত্রিয়শ্চেৎ, অন্যস্ত-মুপজীবেত্তদ্বৃত্তিঃ স্যাৎ॥ অন্যস্তমুপজীবেত্তদ্বৃত্তিঃ স্যাদিত্যক্ষত্রিয়াণা-মাপদ্বৃত্তিরূপাং হিংসামনুজানাতি। ইদমুপবিষ্টাদ্বিবেচয়িষ্যামঃ। গো-ব্রাহ্মণবর্ণধর্ম্মরক্ষাত্যর্থমক্ষত্রিয়াণাং পরিপন্থিনিবর্হণমপ্যোক্তরূপং, তথা চ মহাভারতম্—ব্রহ্মবীর্য্যে মৃদূভূতে ক্ষাত্রবীর্য্যে চ দুর্ব্বলে। দুষ্টেষু

---

হিংসা ইহাকে 'বৃত্তি' বলা হয় (২) এবং আততায়িনিগ্রহ (৩)। প্রথম দুই প্রকার হিংসাই নিয়ত এবং অনিয়ত ভেদে দ্বিবিধ। ক্ষত্রিয়ের রণচর্য্যারূপ হিংসা নিয়ত ধর্ম্ম, ব্রাহ্মণাদির যাগযজ্ঞে ও দুর্গোৎসবাদিতে পশুবধ অনিয়ত ধর্ম্ম। ক্ষত্রিয়ের রণচর্য্যা কখন ধর্ম্ম এবং কখন বৃত্তি হইয়া থাকে; ক্ষত্রিয়ের রণচর্য্যা স্বর্গার্থ হইলে ধর্ম্ম, জীবিকার্থ হইলে বৃত্তি। ক্ষত্রিয় শক্তি এবং ব্রহ্মবীর্য্য

সর্ব্ববর্ণেষু ব্রাহ্মণান্ প্রতি সর্ব্বশঃ। যে তত্র যুদ্ধং কুর্ব্বন্তি ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ। ব্রাহ্মণান্ পরিরক্ষন্তো ধর্মমাত্মানমেব চ। মনস্বিনো মন্যুমন্তঃ পুণ্যশ্লোকা-ভবন্তি তে। ব্রাহ্মণার্থং হি সর্ব্বেষাং শস্ত্রগ্রহণমিষ্যতে॥ তথা—অপারে যো ভবেৎ পার অপ্লবে যঃ প্লবো ভবেৎ। শূদ্রো বা যদি বাপ্যন্যঃ সর্ব্বথা মানমর্হতি। এবং—স্বাম্যর্থে ব্রাহ্মণার্থে চ মিত্রকার্য্যে চ যে হতাঃ। গোগ্রহে নিহতা যে চ তে নরাঃ স্বর্গগামিন" ইতি শুদ্ধিতত্ত্বীয়বিষ্ণুধর্ম্মোত্তরবচনং স্বাম্যাদ্যর্থ নিহতস্য স্বর্গফললাভমুপদিশৎ তদর্থহিংসাং বিদধাতি।

বসিষ্ঠঃ—আত্মত্রাণে বর্ণশঙ্করে বা ব্রাহ্মণবৈশ্যৌ শস্ত্রমাদদীয়াতামিতি।

মনুঃ—শস্ত্রং দ্বিজাতিভির্গ্রাহ্যং ধর্ম্মো যত্রোপরুধ্যতে। দ্বিজাতীনাঞ্চ বর্ণানাং বিপ্লবে কালকারিতে॥ আত্মনশ্চ পরিত্রাণে দক্ষিণানাঞ্চ সঙ্গরে। স্ত্রীবালাভ্যুপপত্তৌ চ ধর্ম্মেণ ঘ্নন্ ন দুষ্যতি। ব্রাহ্মণস্ত্রিষু কালেষু শস্ত্রং গৃহ্নন্ন দুষ্যতি। আত্মত্রাণে বর্ণদোষে দুর্দম্যনিয়মেষু চ॥ আত্মপরিত্রাণাদি সমভিব্যাহারাম্ন দুষ্যতীতি বস্তুতো বর্ণধর্ম্মরক্ষাদ্যর্থং দ্বিজাতিভিঃ শস্ত্রং গ্রাহ্যমিতি বিধিঃ। অশ্বমেধগবালম্ভপল-পৈতৃকাদীনাং ক্বচিদ্বিহিতানামপি কলৌ নিষিদ্ধতয়া—তাদৃশ-

---

দুর্ব্বল হইলে, বর্ণসঙ্কর জন্ম প্রভৃতি অধর্ম্ম নিবারণার্থ সকল জাতিই অস্ত্র ধারণ করিবে এবং এই অধর্ম্ম নিবারণোদ্দেশে বেতনাদি উদ্দেশ না করিয়া যাঁহারা অস্ত্র চালনা করিবেন তাঁহারা স্বর্গীয় পুরুষ, ক্ষত্রিয়শক্তি হ্রাস প্রাপ্ত হইলে, উপযুক্ত রক্ষকহীন মানবগণের রক্ষাবিধানে যিনি অগ্রসর, তিনি যে জাতিই হউন—তিনি ধন্য, তিনি সর্ব্বপ্রকারে মাননীয়। গো রক্ষা, ব্রাহ্মণ রক্ষা, রমণী রক্ষা, শিশু রক্ষা ও শরণাগত রক্ষার জন্য অস্ত্র ধারণ সকল জাতির পক্ষেই ধর্ম্ম। সেই ধৃতাস্ত্র ব্যক্তি যদি স্বয়ং নিহতও হন তাঁহার স্বর্গভোগ অবশ্যম্ভাবী। ইত্যাদি ধর্ম্মের প্রমাণ গীতা, তিথিতত্ত্বধৃত ভবিষ্যপুরাণ, বশিষ্ঠসংহিতা, মনু

হিংসা কলৌ ন ভবেদিতি বোধ্যম্। প্রমাণন্তু—"অশ্বমেধং গবালম্ভং সন্ন্যাসং পলপৈতৃকম্। দেবরেণ সুতোৎপত্তিং কলৌ পঞ্চ বিবর্জ্জয়েৎ"দিতি সায়ণাচার্য্যরঘুনন্দনাদিধৃতবচনম্। অত্রেদং বোধ্যং ক্ষত্রিয়ো যয়া রণচর্য্যয়া নোপজীবেৎ সাহি তস্য ধর্ম্মরূপা। যয়া বোপজীবেৎ বৃত্তিরূপামেব তস্য তামবেহি। এবমেব ব্রাহ্মণস্যাধ্যাপনমপি ধর্ম্মরূপং বৃত্তিরূপঞ্চ বেদিতব্যম্। অতএব বিষ্ণুর্যং ধর্ম্মমাহ সৈব মনূক্তা বৃত্তিঃ। তথাহি "শস্ত্রাস্ত্রভৃত্ত্বং ক্ষত্রস্য বণিক্পশুকৃষির্বিশঃ। আজীবনার্থং ধর্ম্মস্তু দানমধ্যয়নং যদি।" বিষ্ণুশ্চ দ্বিজাতিধর্ম্মানুপক্রম্য ব্রাহ্মণস্যাধ্যাপনমিতি (২ অঃ) সূত্রেণাধ্যাপনং ব্রাহ্মণস্য ধর্ম্ম ইত্যুপদিশন্ পুরস্তাদ্বৃত্তিরূপস্যাধ্যাপনস্য ধর্ম্মরূপতাং নিষেধতি—যশ্চ বিদ্যামাসাদ্যাস্মিন্ লোকে তয়া জীবেৎ ন সা তস্য পরলোকে ফলপ্রদা ভবেদিতি। (৩০ অঃ)।

অতএব মনুঃ—অধ্যাপনমধ্যয়নং যজনং যাজনং তথা। দানং প্রতিগ্রহশ্চৈব ষট্ কর্ম্মাণ্যগ্রজন্মনঃ। ষণ্ণান্তু কর্ম্মণামস্য ত্রীণি কর্ম্মাণি জীবিকা। যাজনাধ্যাপনে চৈব বিশুদ্ধাচ্চ প্রতিগ্রহঃ॥ এতেন ক্ষত্রিয়স্য নিয়তবৃত্তিরূপা হিংসা ব্যাখ্যাতা। এবং নিষাদাদীনামপি নিয়তবৃত্তিরূপা হিংসা ভবতি যথা মনুঃ—

মৎস্যঘাতো নিষাদানাংত্বষ্টিস্ত্বায়োগবস্য চ। ক্ষত্রুগ্রপুক্কসানান্তু বিলৌকোবধবন্ধনম্॥ চাণ্ডালশ্বপচানুপক্রম্য সএব—বধ্যাংশ্চ হন্যুঃ সততং যথাশাস্ত্রং নৃপাজ্ঞয়া॥ অনিয়তবৃত্তিরূপা যথা—

---

সংহিতা এবং মহাভারত হইতে মূলে উদ্ধৃত হইল। ক্ষত্রিয়ের জীবিকার্থ রণচর্য্যা বা হিংসা নিয়ত বৃত্তি এবং নিষাদ প্রভৃতির হিংসা নিয়ত বৃত্তি (মনু ১০ম অঃ)। হিংসা ব্রাহ্মণাদির অনিয়ত বৃত্তি কেমন, উহা আপদ্বৃত্তি আপদে অর্থাৎ ব্রাহ্মণবৃত্তি দ্বারা জীবিকা নির্ব্বাহ না হইলে ব্রাহ্মণ ক্ষত্রিয়বৃত্তি অবলম্বন

ব্রাহ্মণস্যাপদি ক্ষত্রবৃত্তিঃ। অজীবংস্তু যথোক্তেন ব্রাহ্মণঃ স্বেন কর্ম্মণা। জীবেৎ ক্ষত্রিয়ধর্ম্মেণ সহ্যস্যপ্রত্যনন্তরঃ'। ইতি মনুস্মরণাৎ আপদ্যনন্তরাবৃত্তিরিতি বিষ্ণুস্মরণাচ্চ। যত্তু গোতমঃ—অস্যস্তমুপজীবেত্তদ্বৃত্তিঃ স্যাদিত্যনেন ক্ষত্রোপজীবিবর্ণান্তরস্য ক্ষত্রবৃত্ত্যুপদেশেনাহবে হিংসামাচরণীয়ামভ্যনুজানাতি তদপ্যাপদ্বিষয়মন্যথা অধ্যাপনমধ্যয়নমিত্যাদিবচনৈর্মন্বাদ্যুক্তায়া ব্রাহ্মণস্যাধিকা প্রবচনযাজন-প্রতিগ্রহা ইতি ( ১০ অঃ ) স্বোক্তয়া বৃত্তিব্যবস্থয়া অজীবন্নিত্যাদিবিশেষবচনেন ( মনু ) চ বিরোধো দুর্ব্বারঃ স্যাৎ প্রাণাত্যয়হেতুভূতাং ক্ষুধমুপশমযিতুকামস্য গত্যন্তরবিরহিতস্য যে হননমাংসভোজনে তে অপ্যনিয়তবৃত্তিরূপাবাৎ হিংসায়ামন্তর্ভবতঃ, বর্ত্তনহেতুত্বাদবস্থাবিশেষমাত্রনির্দ্দিষ্টত্বাচ্চ যথোক্তং মনুনা—অজীগর্ত্তঃ সুতং হন্তুমুপাসর্পদ্বুভুক্ষিতঃ। ন চালিপ্যত পাপেন ক্ষুৎপ্রতীকারমাচরন্॥ শ্বমাংসমিচ্ছন্নার্ত্তোহত্তুং ধর্ম্মাধর্ম্মবিচক্ষণঃ। প্রাণানাং পরিরক্ষার্থং বামদেবো ন লিপ্তবান্॥ অন্যচ্চ—ক্ষুধার্ত্তশ্চাত্তুমভ্যাগাদ্বিশ্বামিত্রঃ শ্বজাঘনীম্। বৃত্তান্তোহয়ং বিস্তরেণ বর্ণিতো মহাভারতে॥ অন্ত্যা পুনশ্চতুর্ব্বিধা স্বধর্ম্মরক্ষার্থা স্বপ্রাণরক্ষার্থা, স্বদ্রব্যরক্ষার্থা স্বযশোরক্ষার্থা চেতি দ্রব্যপদেন স্ত্রীপুত্রক্ষেত্রপশুহিরণ্যাদীনাং গ্রহণম্। তথাচ মনুঃ—নাততায়িবধে দোষোহন্তর্ভবতি কশ্চন। প্রকাশঞ্চাপ্রকাশঞ্চ মন্যুস্তন্মন্যুমৃচ্ছতি। আততায়ী তু—উদ্যতাসিবিষাগ্নিঞ্চ শাপোদ্যতকরং তথা। আথর্ব্বণেন হন্তারং পিশুনঞ্চৈব রাজসু।

---

করিয়া যুদ্ধে হিংসা করিতে পারে। এ বিষয়ে মনু বিষ্ণু এবং গৌতম সংহিতার প্রমাণ উদ্ধৃত হইল। তবে একটী কথা স্মর্তব্য যে পলায়মান, শরণাগত, ভীত, নিরস্ত্র এবং আহত প্রতিদ্বন্দ্বীর প্রতি অস্ত্রাঘাত করিবে না, তাহা করিলে সে হিংসা বৈধহিংসা হইবে না। পূর্ব্বোক্ত আততায়িনিগ্রহ—চারিপ্রকার—যথা, স্বধর্ম্ম রক্ষার্থ, স্বপ্রাণ রক্ষার্থ, স্বদ্রব্য রক্ষার্থ এবং স্বযশের রক্ষার্থ। ধর্ম্মাপহরণ

ভার্য্যাতিক্রমিণশ্চৈব বিদ্যাৎ সপ্তাততায়িনঃ। যশোবিত্তহরানন্যানাহ ধর্ম্মার্থহারকান্॥ ইতি বিষ্ণুক্তঃ। রাজস্থ পিশুনং বধদণ্ড-ফলকেনাপরাধেন ধর্ম্মাধিকরণেঽনৃতেনাভিশংসন্তমিত্যর্থঃ। বৈধ-হিংসারতস্য অলব্ধকামস্য মরণেঽপি শুভমাহ তৃতীয়াধ্যায়ে পরাশরঃ—ব্রাহ্মণার্থে বিপন্নানাং বন্দিগোগ্রহণে তথা। আহবেষু বিপন্নানামেকরাত্রস্তু সূতকম্॥ দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডল-ভেদকৌ। পরিব্রাড়্ যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হতঃ। যত্র যত্র হতঃ শূরঃ শক্রুভিঃ পরিবেষ্টিতঃ। অক্ষয়ান্ লভতে লোকান্ যদি ক্লীবং ন ভাষতে। জিতেন লভ্যতে লক্ষ্মীঃ মৃতেনাপি সুরাঙ্গনাঃ। ক্ষণবিধ্বংসকেঽমুষ্মিন্ কা চিন্তা মরণে রণে। যা তু ভগ্নেষু সৈন্যেষু বিদ্রবৎসু সমন্ততঃ। পরিত্রাতা যদা গচ্ছেৎ স চ ক্রতুফলং

---

প্রাণাপহরণ, দারাপহরণ, বৃত্তিহরণ এবং খলতাদ্বারা কীর্ত্তিহরণে উদ্যত ব্যক্তিগণ আততায়ী। যেরূপে হউক তাহাদের নিগ্রহ করিয়া আত্মধর্ম্মাদি রক্ষা করা উচিত। এ বিষয়ে মনু এবং বিষ্ণুসংহিতা ৫ম অধ্যায় হইতে প্রমাণ উদ্ধৃত হইল।

এই প্রকার বৈধহিংসারত ব্যক্তি ইষ্টসিদ্ধি করিতে না পারিয়া মৃত্যুমুখে পতিত হইলেও তাহার কি প্রকার সদ্গতি হয়, তাহা পরাশর সংহিতা তৃতীয়াধ্যায়ে কথিত হইয়াছে, তৎসমুদয়ের মর্ম্ম এই ;—

ব্রাহ্মণ রক্ষণ বা বন্দীকৃত গো মোচনের জন্য অথবা যে কোন ধর্ম্মযুদ্ধে যে ব্যক্তি নিহত হইয়াছে তাহার মরণে একদিন মাত্র অশৌচ। এই অশৌচ গ্রাস অপঘাত দোষ জন্য নহে, গুণ জন্য। যোগী সন্ন্যাসী এবং সম্মুখ সংগ্রামে নিহত এই দুই প্রকার পুরুষই সূর্য্যমণ্ডল ভেদ করিয়া গমন করেন অর্থাৎ ব্রহ্মলোক প্রাপ্ত হন। সম্মুখ সংগ্রামে ক্ষীতবক্ষে শত্রুবেষ্টিত হইয়া নিহত ব্যক্তির অক্ষয় লোকসমূহ লাভ হয়, কিন্তু কাপুরুষোক্তি করিলে সে ফল লাভ হয় না। জয় হইলে সম্পত্তি লাভ, মৃত্যু হইলে স্বর্গ লাভ এতদুভয়ের মধ্যে একপক্ষ যখন নিশ্চিত, তখন এই ক্ষণভঙ্গুরদেহে রণে মরণে চিন্তা কি? যে ব্যক্তি পলায়মান

লভেৎ। যস্য ছেদক্ষতং গাত্রং শরশক্ত্যৃষ্টিমুদ্গরৈঃ। দেবকন্যাস্ত তং বীরং গায়ন্তি রময়ন্তি চ। বরাঙ্গনাসহস্রাণি শূরমায়োধনে হতম্। নাগকন্যাশ্চ ধাবন্তি মম ভর্ত্তা ভবেদিতি। ললাটদেশ রুধিরং হি যস্য তপ্তঞ্চ জন্তোঃ প্রবিশেচ্চ বক্ত্রে। তৎ সোমপানেন হি তস্য তুল্যং সংগ্রামযজ্ঞে বিধিবচ্চ দৃষ্টম্। যং যজ্ঞসঙ্ঘৈস্তপসা চ বিদ্যয়া স্বর্গৈষিণো বাত্র যথৈব বিপ্রাঃ। তথৈব যান্ত্যেব হি তত্র বীরাঃ প্রাণান্ সুযুদ্ধেন পরিত্যজন্তঃ॥ ইতি। যত্তু গীতায়াং—পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ। তন্নিবৃত্তিধর্ম্মকামস্যার্জ্জুনস্যাভিপ্রায়মনুরুধ্যোক্তং। ন তু তত্ত্বতঃ নিবৃত্তিধর্ম্মে তস্যানধিকারস্য ভগবতা স্পষ্টমুক্তত্বাৎ।

মাংসভোজনরূপা গৌণী হিংসা চ যথোক্তধর্ম্মরূপায়াং বৃত্তিরূপায়াং বা যথাযথমন্তর্ভূতা বৈধী। বৈধমাংসভোজনরূপতয়া বা পৃথগ্‌গণনীয়া। তথাহি—

যাজ্ঞবল্ক্যঃ—"ভক্ষ্যাঃ পঞ্চনখাঃ শ্বাবিৎ গোধা কচ্ছপশল্লকাঃ। শশশ্চ মৎস্যেষ্বপি চ সিংহতুণ্ডকরোহিতাঃ। তথা পাঠীনরাজীবৌ সশল্কাশ্চ দ্বিজাতিভিঃ॥"

মনুরপি—"পাঠীনরোহিতাবাদ্যৌ নিযুক্তৌ হব্যকব্যয়োঃ। রাজীবান্ সিংহতুণ্ডাংশ্চ সশল্কাংশ্চৈব সর্ব্বশঃ॥ অদ্যাদিতি শেষঃ। মনুঃ—যজ্ঞায় জগ্ধির্মাংসস্যেত্যেষ দৈবো বিধিঃ স্মৃতঃ। প্রোক্ষিতং

---

সৈন্যের পরিত্রাণার্থ সম্মুখ সমরে উপস্থিত হন তাঁহার যজ্ঞফল প্রাপ্ত হইয়া থাকে। যাহার গাত্রে শত্রু অস্ত্রে ছিন্ন হয়, দেবকন্যাগণ তাঁহার যশোগান করেন ও তাঁহার সহিত ক্রীড়া করেন। সময়ে নিহত বীরপুরুষের উদ্দেশে সহস্র সহস্র নাগকন্যা ও রমণীয় দেবাদি কন্যাগণ 'ইনি আমার ভর্ত্তা হউন' এই বলিয়া ধাবিত হইয়া থাকেন। যুদ্ধে ললাট-নিঃসৃত উষ্ণ রক্ত, মুখে প্রবিষ্ট হইলে

ভক্ষয়েন্মাংসং ব্রাহ্মণানাঞ্চ কাম্যয়া। যথাবিধি নিযুক্তস্তু প্রাণানামেব বাত্যয়ে॥ স্বমাংসং পরমাংসেন যো বর্দ্ধয়িতুমিচ্ছতি। অনভ্যর্চ্চ্য পিতৄন্ দেবাংস্ততোঽন্যো নাস্ত্যপুণ্যকৃৎ॥ তথাচ প্রাগুক্তবচনজাতপ্রতিবিদ্ধব্যতিরিক্তানি ব্যক্তং বিহিতানি চ মাংসানি যজ্ঞশেষ-শ্রাদ্ধশেষরূপাণি দেবনৈবেদ্যরূপাণি বা ভুঞ্জীত, তদিতরস্থাপি শ্রাদ্ধে নিযুক্তো ব্রাহ্মণকাম্যযা বা প্রাণাত্যয়ে বেতি।

হিংসায়াং বিশেষনিষেধমাহ শ্রুতিঃ—"মাতা রুদ্রাণাং দুহিতা বসূনাং স্বসাদিত্যানামমৃতস্য নাভিঃ। প্রনু বোচং চিকিতুষে জনায় মাগামনাগামদিতিং বধিষ্ট। (৮মঃ ১০মঃ ৯০ সূক্ত, ১৫) অস্যার্থঃ সায়নাচার্য্যেণোক্তো যথা—

'যা গৌঃ রুদ্রাণাং রুদ্রপুত্রাণাং মরুতাং মাতা জননী, বসূনাং দুহিতা, পুত্রী, আদিত্যানাং স্বসা ভগিনী, অমৃতস্য পয়সো নাভিঃ আবাসস্থানং, তাম্ অনাগাং অনাগসম্ অদিতিম্ অদীনাং গাং গোরূপাং দেবীং মা বধিষ্ট হে জনা মা হিংসিষ্টেতি চিকিতুষে চেতনাবতে জনায় নু ইদানীং প্রবোচম্ অহং প্রাবোচমিতি।' শ্রুত্যন্তরং

ব্রাহ্মণায়াবগুরেৎ ন হন্যাৎ ন লোহিতং কুর্য্যাদিতি।

অবগোরণং দণ্ডাদ্যাতোদ্যমঃ। মনুঃ—"বালঘ্নাংশ্চ কৃতঘ্নাংশ্চ বিশুদ্ধানপি ধর্ম্মতঃ। শরণাগতহন্তৄংশ্চ স্ত্রীহন্তৄংশ্চ ন সংবসেদিতি নরবধে বিশেষনিষেধশ্চ রাজকৃতঃ সিদ্ধ এবেতি তন্ন প্রপঞ্চিতম্।

---

সোমপানের তুল্য ফল লাভ হয়। ব্রাহ্মণগণ, বিবিধ যজ্ঞ তপস্যা ইত্যাদি দ্বারা যে সকল লোক লাভ করিতে ইচ্ছা করেন, বীরগণ ধর্ম্মযুদ্ধে প্রাণত্যাগ করিয়া, সেই সমুদয় লোক অনায়াসে প্রাপ্ত হ'ন। যাহারা ঐ প্রকার বৈধহিংসা ব্যতীত হিংসা হইতেও নিবৃত্ত হইতে অক্ষম, তাঁহারা অন্ততঃ গো, ব্রাহ্মণ, বালক, স্ত্রী,

অথ ভাক্তব্রহ্ম হত্যা। সা চ নিঃস্বব্রাহ্মণং স্বয়ং ভিক্ষার্থমাহূয় নাস্তীত্যুক্ত্বা প্রত্যাখ্যানম্ অনাততায়িবিপ্রবৃত্তিহরণং, তৃষাও-গোযূথস্য জলপানপ্রতিবন্ধঃ, অজানতা শ্রুতিস্মৃত্যোঃরসদর্থকল্পনম্ সদৃশে বরায় দুহিতুরসম্প্রদানং, মর্ম্মাতিগালীকশোকবার্ত্তয়া পর-দুঃখোৎপাদনম্, অন্ধকাণ-পঙ্গুজড়ানাং সর্ব্বস্বহরণম্ আশ্রমবনগ্রামন-গরাণাগন্তমত্রাগ্নিক্ষেপশ্চেত্যষ্টবিধা। অত্র চ প্রমাণং মহাভার-তানুশাসনপর্ব্বীয়চতুর্ব্বিংশাধ্যায়ে দ্রষ্টব্যম্।

তত্র হি মুখ্যা হিংসা সর্ব্বপ্রাণিসাধারণী সম্ভবতি, গৌণী চ যথাসম্ভবমূহ্যেয়া। যো হি মুখ্যয়া গৌণ্যা চ বৈধব্যতিরিক্তয়া হিংসয়া কমপি প্রাণিনং ন দুঃখাকর্ত্তুং কাময়তেহপি সোঽহিংসক ইত্যু-চ্যতে। "যো বন্ধনবধক্লেশান্ প্রাণিনাং ন চিকীর্ষতি স সর্ব্বস্য হিতপ্রেপ্সুঃ সুখমত্যন্তমশ্নুতে॥" ইতি মনুবচনে চিকীর্ষতীত্যনেন তত্তৎকামনাপর্য্যন্তবর্জ্জনস্য প্রকৃষ্ট তত্তবর্জ্জনরূপাতায়াঃ সূচনাৎ। এবমনৃতবর্জ্জনাদাবপি বোধ্যম্। অতএব পরদ্রব্যেষভিধ্যানং মনসানিষ্টচিন্তনম্। বিতথাভিনিবেশশ্চ ত্রিবিধং কর্ম্ম মানসমিতি দশবিধপাপগণনায়াং মানসপাপত্রয়মভিহিতম্।

পরদ্রোহসামান্যবর্জ্জনরূপা মুখ্যা হ্যহিংসা মুমুক্ষুধর্ম্মঃ। সর্ব্ব-মাংসভোজন-বিশসন ক্রয়বিক্রয়-পচনপরিবেশননিবৃত্তিঃ" নিরুক্ত-ধর্ম্মরূপাততায়িবিগ্রহরূপাভ্যাং বৈধহিংসাভ্যামতিরিক্তায়া হিংসায়া বধবন্ধনপ্রহারতৎপ্রবর্ত্তনতদনুমানরূপায়া বর্জ্জনং চ সংসারাসক্ত-

---

শরণাগত, উপকর্ত্তা এবং গুরুজনের হিংসা করিবে না, এই নিয়ম একজন্মে পালিত হইলে, তাহার সত্ত্বশুদ্ধি হইবে. সে জন্মান্তরে উৎকৃষ্টতর অহিংসা ধর্ম্ম পালনে সক্ষম হইবে। তবেই হইল, যিনি বৈধহিংসা ব্যতিরিক্ত হিংসা দ্বারা কোন প্রাণীকে দুঃখিত করিতে ইচ্ছাও করেন না তিনি সংসারাসক্ত জনমধ্যে

ব্রাহ্মণস্য প্রকৃষ্টো ধর্ম্মঃ। অনাপদি ব্রাহ্মণস্য বৃত্তিরূপহিংসায়া অসম্ভবাৎ। ক্ষত্রিয়াদীনাং বৃত্তিরূপহিংসা প্যহিংসাং ন ব্যাহন্তীতি প্রাগুক্তম্। অশক্তৌ প্রাক্ প্রতিষিদ্ধেতরমাংসমাত্রভোজনেঽপ্য-হিংসা ভবতি। গ্রাম্যকুক্কুটাদিমাংসভোজনাদিনিষেধো দ্বিজ-সচ্ছূদ্রসাধারণঃ। সচ্ছূদ্রাণাং বৈশ্যতুল্যসদাচারত্বেন কীর্ত্তনাৎ। তথাচ মনুঃ—"শূদ্রাণাং মাসিকং কার্য্যং বপনং ন্যায়বর্ত্তিনাম্। বৈশ্যবচ্ছৌচকল্পশ্চ দ্বিজোচ্ছিষ্টঞ্চ ভোজন"মিতি। অন্যেষাং তন্নিবৃত্তিঃ কাম্যা। গোমাংসস্য সর্ব্বৈরবিশেষেণ বর্জ্জনীয়ম্। কলৌ গোবধস্য বিশেষতো নিষেধাৎ। মাংসভোজনস্য দুর্ব্বধাধীনত্বাচ্চ স্বয়ংমৃত-পশুমাংসঞ্চ সর্ব্বৈরেব বর্জ্জনীয়ম্, রোগহেতুত্বেনাভিধানাৎ। গোব্রাহ্মণ-বালস্ত্রী-শরণাগতোপকর্ত্তৃ-গুরুহিংসায়াং তু বিশেষেণ বির-ন্তব্যম্। প্রাগুপদর্শিতপ্রমাণসিদ্ধান্তাদন্যদবধার্য্যমিতি সংক্ষেপঃ।

---

অহিংসক নামে খ্যাত হইতে পারেন। এ বিষয়ে মনু হইতে প্রমাণ উদ্ধৃত হইল। এই বিচার পাঠ করিয়া এবং প্রমাণ দেখিয়া অহিংসা ধর্ম্মের তারতম্য অবধারণ করিবেন।

অহিংসা প্রকরণ সমাপ্ত।

অথাস্তেয়ম্। স্তেয়ং নাম অবৈধেনোপায়েন দ্রব্যস্য গ্রহণম্। দ্রব্যগ্রহণে বৈধোপায়াশ্চ মনুনা প্রোক্তাঃ—সপ্তবিত্তাগমাধর্ম্ম্যা দায়ো লাভঃ ক্রয়ো জয়ঃ। প্রয়োগঃ কর্ম্মযোগশ্চ সৎপ্রতিগ্রহ এব চ॥ (১০ম অঃ) তদর্থঃ কুল্লূকভট্টাদিসম্মতো যথা—

দায়াদ্যাঃ সপ্তধনাগমাঃ যথাধনাধিকারং ধর্ম্মাদনপেতাঃ। তত্র দায়োঽন্বয়াগতধনম্। লাভো নিধ্যাদেঃ, মৈত্র্যাদিলব্ধস্য চ। ক্রয়ঃ প্রসিদ্ধঃ। এতে ত্রয়ঃ সর্ব্বেষাং মানবানাং ধর্ম্ম্যাঃ। জয়ধনং বিজয়ত্বেন ক্ষত্রিয়স্য ধর্ম্ম্যম্। প্রয়োগো বৃদ্ধ্যাদিঃ, কর্ম্মযোগঃ কৃষিবাণিজ্যে, প্রয়োগকর্ম্মযোগৌ বৈশ্যস্য ধর্ম্ম্যৌ। সৎপ্রতিগ্রহো ব্রাহ্মণস্য ধর্ম্ম্যঃ। এবঞ্চৈতেষাং ধর্ম্ম্যত্ববচনাদন্যেষনাপদ্বিহিতেষু বৃত্তিকর্ম্মসু প্রবর্ত্তিতব্যং তদভাবে চাপদ্বিহিতেষ্বিতি। অনাপদ্বিহিতা আপদ্বিহিতাশ্চ বৃত্তয়ো বক্ষ্যন্তে। ক্রয়শব্দাদ্বিক্রয়বিনিময়ৌ তুল্যযোগক্ষেমতয়া গ্রাহ্যৌ। অনপগতপরস্বত্বানাং দ্রব্যাণামাত্মসাৎকরণমিতি ফলিতার্থঃ। অত্র পরস্বত্বপদং স্বস্বত্বপ্রতিবন্ধকপরং, তেন দীয়মানধনস্য দানপ্রতিগ্রহ-

---

অস্তেয় ধর্ম্মের কথা বলিতেছি, অস্তেয় অর্থে চুরি না করা, পরদ্রব্য, পরধর্ম্ম বা পরকীয় যশ চুরি না করা সকল মানবের অন্যতম ধর্ম্ম। প্রাণ চুরি না করা অহিংসা দ্বারাই সিদ্ধ হইয়াছে, সুতরাং সে কথা এখানে তুলিলাম না। তবে চুরি না করা বলিলে প্রধানতঃ পরদ্রব্য চুরি না করাই বুঝায়। পরধর্ম্মাদি চুরি না করা অস্তেয়ের গৌণ অর্থ। স্তেয় অর্থাৎ চুরি যে কাহাকে বলে, ইহার বিচার মূলে আছে। তাহার মর্ম্ম এই যে এখানে 'না বলিয়া পরদ্রব্য গ্রহণের' নাম চুরি নহে ;—বলিয়া বলপূর্ব্বক পরদ্রব্য গ্রহণ করিলেও চুরি হইবে—ডাকাতি চুরির উচ্চকল্প, সুতরাং চুরি না করা বলিলে, ডাকাতি না করাও বুঝা উচিত। অতএব পরদ্রব্য গ্রহণই চুরি, সে গ্রহণ বলিয়াই হউক আর না বলিয়াই হউক। যে দ্রব্যে নিজ স্বত্বের শাস্ত্রসম্মত প্রতিবন্ধক পরস্বত্বাদি তখনও বিনষ্ট হয় নাই—

য়োরন্তরালে প্রতিগ্রহীতৃত্বেন দাত্রভিমতাদন্যেন পুরুষেণ যদাত্মসাৎ-করণং তস্য নাসংগ্রহঃ। তথাবিধস্যেয়াভাবোহস্তেয়ম্। তত্র শ্রুতি-রপি প্রমাণমস্তি—ঈশাবাস্যমিদং সর্ব্বং যৎকিঞ্চ জগত্যাং জগৎ। তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিদ্ধনম্ ॥ (যজুর্ব্বেদমাধ্যন্দিন-শাখা—৪১শ অঃ)

অস্য মন্ত্রস্য কর্ম্মাচার্য্যপারম্পর্য্যসম্মতোঽর্থঃ যৎকিঞ্চ জগৎ জড়-জাতং জগত্যাং ব্রহ্মাণ্ডে বর্ত্তত ইতি শেষঃ, ইদং তদিদং সর্ব্বম্ ঈশা ঈশ্বরেণ বাস্যং বাসনীয়ং যথাবৎ স্থাপনীয়মিতি যাবৎ। (অতঃ) কস্যস্বিৎ কস্যাপি ধনং মা গৃধঃ, মা কাঙ্ক্ষীঃ ত্যক্তেন তেন (ধনেন) ভুঞ্জীথাঃ সুখমাপ্নুয়াঃ। কস্যস্বিদিত্যুক্ত্যা অন্য-স্যেতি গম্যতে, অন্যথা তদুপাদানমনর্থকং স্যাদিতি ভাবঃ ঈশ্বরো হি বিশ্বরাজঃ যথাবৎ বস্তু রক্ষতি, তং হি সর্ব্বদর্শিনং বঞ্চয়িত্বা

---

তাহাই পরদ্রব্য। পরের নিকট যাহা দান পাওয়া যায়, তাহা পরদ্রব্য নহে, কোন ব্যক্তির মৃত্যু হইলে উত্তরাধিকার সূত্রে যাহা পাওয়া যায়, তাহাও পরদ্রব্য নহে, এক রাজার রাজ্য ধর্ম্ম-যুদ্ধে অপর রাজা জয় করিলে, বিজিত রাজ্যধন পরদ্রব্য নহে, সে সকলকে যদি পরদ্রব্য বলা হয় তাহা হইলে মা বলিয়া পর দ্রব্য গ্রহণকেও চুরি বলা যায় না, কেমনা পিতার মরণের পর পুত্র পিতৃদ্রব্য গ্রহণ করিলেও তাহা চুরি হইয়া পড়ে। কেন না পুত্র, মৃত পিতাকে বলিয়া তাঁহার দ্রব্য গ্রহণ করে না। যেখানে দ্রব্য দান হইয়াছে, কিন্তু দাতা যে পাত্রে দান করিয়াছেন সেই পাত্র তখনও তাহা প্রতিগ্রহ করেন নাই, এমন সময় তৃতীয় ব্যক্তি আসিয়া তাহা হরণ করিলে তাহাও চুরি হইবে, কেননা সেই দ্রব্য তখন কাহারও স্বত্বাস্পদ না হইলেও—দাতার স্বত্বের শাস্ত্র-সঙ্গত প্রতিবন্ধক প্রতিগ্রহীতার স্বত্বপ্রাগভাব বা ভাবিস্বত্ব সেই দ্রব্যে আছে, তখনও তাহা বিনষ্ট হয় নাই। পরদ্রব্য গ্রহণ যে অকর্ত্তব্য এ বিষয়ে যজুর্ব্বেদ মাধ্যন্দিন শাখা ৪১ শ অধ্যায়ের মন্ত্রও প্রমাণস্বরূপ উদ্ধৃত হইল। চৌর্য্যের

পরধনগ্রহণমসম্ভবম্, 'অতস্তত্র লোভো ন কর্ত্তব্যঃ, পরধনানাং লোভাবিষয়ত্বে তেনৈবাস্তেয়ধর্ম্মেণ সুখমাপ্নুযা ইতি ভাবঃ। স্মৃতি-বচনানি চ মনুসংহিতাষ্টমাধ্যায়াদিস্থানি বহূনি সন্তি; অনতি-প্রয়োজনকতয়া বাহুল্যভিয়া চ তদুল্লেখাদ্বিরম্যতে। অবৈধো-পায়েন ছলবলাদিনা পরস্য যশোনাশনং ধর্ম্মনাশনং চ গৌণস্তেয়ম্। অতএব আততায়িগণনায়াং বিষ্ণুনা "যশোবিত্তহরানন্যানাহুর্ধর্ম্মার্থহার-কানি"ত্যত্র যশোধর্ম্ময়োরন্যতরৎ ধর্ম্মত্বেনারোপিতম্ ; যদ্বা বিত্তপদার্থ-বস্তুবিশেষযশসোরর্থপদার্থ-বস্তুন্তরবিশেষধর্ম্ময়োশ্চৈকয়া হরণক্রিয়য়া সম্বন্ধ উক্তঃ। তথাচ তেষাং সমানরূপত্বমভিপ্রেযতে, অবৈধোপায়েন পরকীয়াধিকারভ্রংশনরূপমপহরণমাশ্রিত্য তৎকর্ত্তৃতয়া তথৈব প্রাণাদি-নাশকেষু পরকীয়বৃক্ষাদিচ্ছেদকেষু চ চৌরাদিপদপ্রয়োগোহপি ঘটতে। ইত্যলমেতেৎ।

কিঞ্চ—"যোহদত্তাদায়িনো হস্তাল্লিপ্সেত ব্রাহ্মণো ধনম্। যাজনা-

---

অকর্ত্তব্যতা জ্ঞাপক মনু অষ্টম অধ্যায় প্রভৃতিতে বহুতর বচন আছে, কিন্তু প্রয়োজন না থাকায় তৎসমুদায়ের উল্লেখ হইতে বিরত থাকিলাম। পরধর্ম্মহরণ বা পরযশো-হরণ যে গৌণস্তেয়মধ্যে সন্নিবেশিত হইয়াছে, তাহাব যুক্তিমূলক প্রমাণ বিষ্ণু-সংহিতা ৫ম অধ্যায় হইতে উদ্ধৃত হইল। সে প্রমাণে ধনহারী, যশোহারী এবং ধর্ম্মহারীকে আততায়িমধ্যে গণনা করা হইয়াছে। এইরূপে আততায়িগণনা দেখিলেই বুঝা যায়, যশোহর্ত্তা ধর্ম্মহর্ত্তাও ধনাপহারীর তুল্য। বিশেষতঃ যশোহারী ও বিত্তাপহারীকে একত্র এক সঙ্গে, ধর্ম্মাপহারী ও অর্থাপ-হারীকেও অন্যত্র এক সঙ্গে গাঁথিয়া দেওয়া হইয়াছে—এক হরণ ক্রিয়ার সঙ্গে যশ এবং বিত্তের অন্বয় আছে, এক হরণ ক্রিয়ার সঙ্গে ধর্ম্ম ও অর্থের অন্বয় আছে ; এই স্থানে হরণ শব্দের সাধারণ অর্থ—অবৈধ উপায়ে পরকীয় অধিকার নাশ করা—সেই হরণই গৌণ্য মুখ্য স্তেয়। উভয় স্তেয়ই অকর্ত্তব্য। পরদ্রব্যের অপহরণ না করা, অবৈধ উপায়ে পরধর্ম্মের বিনাশ না করা, অবৈধ উপায়ে পর-

ধ্যাপনেনাপি যথা স্তেনস্তথৈব সঃ॥" (৮ম অঃ) ইতি মনুবচনাৎ চৌরপ্রতিগ্রহোঽপি চৌর্য্যসমানঃ, এবমিতি অস্তেয়রূপসামান্যাভাব-প্রতিযোগিতয়া তস্যাপি গ্রহণমাবশ্যকম্। "ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ। তৈর্দ্দত্তানপ্রদায়ৈভ্যো যে ভুঙ্‌ক্তে স্তেন এব সঃ॥" ইতি শ্রীমদ্ভগবদ্গীতাবচনাৎ দেবসাৎকৃতব্যতিরিক্তান্ন-ভোজনমপি স্তেযরূপমিত্যাদিমুখ্যলক্ষ্যস্তেয়াভাবো ধর্ম্মঃ। আদিপদ-গ্রাহ্যং কূটপণ্যবিক্রয়চৌরভক্তাদিদানরূপং দিঙ্‌মাত্রমুদাহ্রিয়তে। "দ্বিবিধাংস্তস্করান্ বিদ্যাৎ পরদ্রব্যাপহারকান্। প্রকাশাংশ্চাপ্রকাশাংশ্চ চারচক্ষুর্মহীপতিঃ॥ প্রকাশা বঞ্চকাস্তেষাং নানাপণ্যোপজীবিনঃ। প্রচ্ছন্নবঞ্চকাস্ত্বেতে যে স্তেনাটবিকাদয়ঃ॥" ইতিমনুবচনম্ (৯ম অঃ)। "ভক্তাবকাশাগ্ন্যুদক-মন্ত্রোপকরণব্যয়ান্। দত্ত্বা চৌরস্য হন্তুর্ব্বাজানতো দণ্ড উত্তম" ইতি (২য় অঃ ২৭৯) যাজ্ঞবল্ক্যঃ।

অশক্তৌ বিশেষস্য মনুগোতমোক্তো বর্ত্তমানরাজবিধিপ্রতিষিদ্ধো-ঽপি ধর্ম্মস্বরূপপ্রদর্শনায় প্রদর্শ্যতে;—মনুঃ "বানস্পত্যং মূলফলং

---

কীয় যশোহানি না করা অস্তেয় ধর্ম। অস্তেয়ধর্ম্ম পালনে আর যে সকল নিয়ম রক্ষা করিতে হয়, তাহা বলিতেছি—চৌরের নিকট দান গ্রহণ করিতে নাই, চোরকে কোনরূপে প্রশ্রয় দিতে নাই, স্বল্পমূল্যের বস্তুকে বহুমূল্য বস্তু বলিয়া ঠকাইয়া অধিক মূল্য লইতে নাই, ওজনে জুয়াচুরি করিতে নাই, ফলে কোন-রূপ জালজুয়াচুরিই করিতে নাই। ভক্ষ্যপেয় দ্রব্য ভগবদ্দত্ত, সেই ভগবৎস্বরূপ ইষ্টদেবতাকে ভক্ষ্যপেয় নিবেদন না করিয়া ভোজন করাও এক প্রকার চৌর্য্য, সুতরাং ইষ্টদেবতাকে নিবেদন করিয়া পানভোজন করিতে হয়। কেবল আধুনিক নিয়মে নিষিদ্ধ হইলেও মনু ও গোতম কিঞ্চিৎ অশক্ত পক্ষে যে চৌর্য্যকে অস্তেয়ের মধ্যে ধরিয়াছেন তাহার কয়েকটী নিম্নে প্রদর্শিত হইল, সেইরূপ চৌর্য্যে অধর্ম্ম না হইলেও আধুনিক রাজবিধি অনুসারে হয়ত তাহাকেও রাজদণ্ডে দণ্ডিত হইতে হয়। অনাবৃত বনস্পতির ফলমূল, অগ্নিহোত্রের জন্য

দার্ব্বর্থ্যর্থং তথৈব চ। তৃণঞ্চ গোভ্যো গ্রাসার্থমস্তেয়ং মনুরব্রবীৎ॥" (৮ম অঃ)। গোতমঃ—"বীরুদ্বনস্পতীনাং পুষ্পাণি স্ববদাদদীতে"তি (১২শ অ

ইত্যস্তেয়প্রকরণম্।

---

অথ শৌচম্। তচ্চান্তর্বাহ্যশুদ্ধিরূপম্। তদ্বিরোধিনোঽশৌচস্য নিন্দা শ্রুতাবপ্যস্তি, তথাহি—"যস্ত্ববিজ্ঞানবান্ ভবত্যমনস্কঃ সদাঽশুচিঃ। ন স তৎপদমাপ্নোতি সংসারঞ্চাধিগচ্ছতি॥" শৌচমুখ্যফলমপি তত্রৈবোক্তম্,—"যস্তু বিজ্ঞানবান্ ভবতি সমনস্কঃ সদা শুচিঃ। স তু তৎ পদমাপ্নোতি যস্মাদ্ভূয়ো ন জায়ত" ইতি (কঠোপনিষদাং ১ম অঃ তৃতীয়া বল্লী)। "শুচি তৎকালজীবী কর্ম্ম কুর্য্যাদি"তি চ স্মার্ত্তশ্রুতিঃ। বিবৃণোতি দক্ষঃ,—"শৌচে যত্নঃ সদা কার্য্যঃ শৌচমূলো দ্বিজঃ স্মৃতঃ। শৌচাচারবিহীনস্য সমস্তা নিষ্ফলাঃ ক্রিয়াঃ॥ শৌচঞ্চ দ্বিবিধং প্রোক্তং বাহ্যমাভ্যন্তরং তথা। মৃজ্জলাভ্যাং স্মৃতং বাহ্যং ভাবশুদ্ধিস্তথান্তরম্॥ অশৌচাদ্ধি বরং বাহ্যন্তস্মাদাভ্যন্তরং বরম্।

---

কাষ্ঠ, গো-গ্রাসের জন্য তৃণ, এবং বৃক্ষলতাদির পুষ্প অপহরণ করিলেও তাহা অস্তেয় হইবে। মনু ৮ম অঃ, ৩৯ শ্লোকে ও গোতম ১২ শ অধ্যায়ের প্রমাণ উদ্ধৃত হইল।

অস্তেয় প্রকরণ সমাপ্ত।

---

অনন্তর শৌচ ধর্ম্মের কথা কথিত হইতেছে। শৌচ বা শুদ্ধি দুইপ্রকার—অন্তঃশুদ্ধি ও বহিঃশুদ্ধি। অশুচির নিন্দা ও শুচির প্রশংসা বেদেও আছে, প্রমাণ যজুর্ব্বেদ কঠ উপনিষদ্ ১ম অঃ ৩য় বল্লী হইতে উদ্ধৃত হইল। স্মৃতিশাস্ত্রসম্মত শ্রুতি হইতে জানা যায়,শৌচ ব্যতীত কর্ম্মে অধিকার হয় না। এ বিষয় প্রজাপতি

উভাভ্যান্ত শুচির্যস্তু স শুচির্নেতরঃ শুচিঃ॥ (৫ম অঃ) ভাবশুদ্ধি-র্নৈর্ম্মল্যং রাগাদিকালুষ্যাভাব ইতি গীতাভাষ্যম্ (১৬ অঃ ৩)। দম্ভ-কাপট্যক্রৌর্য্যাণি মায়াসমানত্বেনাদিপদগ্রাহ্যানি। আহ্নিকতত্ত্বে ব্যাঘ্র-পাদঃ—গঙ্গাতোয়েন কৃৎস্নেন মৃত্তারৈশ্চ নগোপমৈঃ। আমৃত্যোঃ স্নাতকশ্চৈব ভাবদুষ্টো ন শুধ্যতি॥ মৈত্রীকরুণামুদিতোপেক্ষাভাবনা চ ভাবশুদ্ধ্যুপায়ঃ। বাহ্যশৌচং ত্রেধা,—ধাতুশৌচং, ধাতুবাহ্যশারীর-শৌচং, তদ্বাহ্যশৌচঞ্চেতি। সন্দংশন্যায়েন আদ্যন্তশৌচয়োঃ সংগ্রহায় ধাতুবাহ্যশৌচমেব দক্ষেণ প্রপঞ্চিতং 'মৃজ্জলাভ্যাং স্মৃতং বাহ্যমি'তি। বর্ণাশ্রমভেদাদ্ভিদ্যমানে বাহ্যশৌচে, যথাধিকারং মানবৈঃ প্রবর্ত্তি-তব্যম্। তচ্চ সংক্ষেপাৎ প্রতিপাদয়িষ্যামঃ। জননমরণাদ্যশৌচা-ভাবস্য শুক্রান্তাদিরূপ-কালগতাশৌচবিরহস্য পুরুষপ্রযত্ননিরপেক্ষ-তয়া নাত্র তদন্তর্ভাবঃ কার্য্যঃ। অথ জননমরণাদ্যশৌচাভাবস্য কথঞ্চিৎ পুরুষপ্রযত্নাপেক্ষিতং সংস্কারবৎ শারীরশৌচ এবান্তর্ভবিষ্যতি। মূত্রপুরীষোৎসর্গাদিশুদ্ধির্ধাতুশৌচান্তর্গতা, তল্লেপগন্ধাদিব্যুদাসার্থং মৃজ্জলশৌচং দন্তধাবনস্নানাচমনানি চ সাক্ষাৎ ধাতুবাহ্যস্য স্থূলদেহ-দৃশ্যভাগস্য, ধাতুশৌচং ধাতুবাহ্যশারীরশৌচঞ্চ একেন শারীর-শৌচ-ত্বেনাপ্যভিধীয়তে। বিবাহাদিসংস্কারাঃ শারীরশৌচার্থাঃ "গার্ভৈর্হোমৈ-

---

দক্ষের (৫ম অঃ) বচন উদ্ধৃত হইল। প্রতারণা,প্রবঞ্চনা,দম্ভ,কপটতা এবং ক্রূরতা প্রভৃতি অন্তঃকরণের মলিনভাব না থাকাই ভাবশুদ্ধি। রাগ দ্বেষের ছায়া পর্য্যন্ত না থাকিলে ভাবশুদ্ধির উৎকর্ষ হইল। তাহা সংসারাসক্তের অসম্ভব। সংসারী যতদূর সম্ভব ভাবশুদ্ধি করিবে। ভাবশুদ্ধি না থাকিলে বাহ্যশৌচ দ্বারা প্রকৃত শুদ্ধ হয় না। ভাবশুদ্ধি প্রধান, বাহ্যশৌচ অপ্রধান। পরন্তু ভাব-শুদ্ধি না থাকিলেও বাহ্য-শৌচ কর্ত্তব্য। সর্ব্বপ্রকারে অশুদ্ধি অপেক্ষা বাহ্য-শুদ্ধি উত্তম। বাহ্য শৌচ তিনপ্রকার—ধাতুশুদ্ধি, ধাতুবাহ্য

র্জ্জাতকর্ম্মচৌড়মৌঞ্জীনিবন্ধনৈঃ। বৈজিকং গার্ভিকং চৈনো দ্বিজানামপমৃজ্যতে॥" ইতি দ্বিতীয়াধ্যায়ে মনুনোক্তত্বাৎ দ্বিজেতরস্য তু "বিবাহমাত্রং সংস্কারং শূদ্রোঽপি লভতাং সদে"তি, মলমাসতত্ত্বধৃত-পদ্মপুরাণবচনাৎ বিবাহস্য প্রাধান্যম্ উপনয়নেঽনধিকারঃ সংস্কারান্তরাণামমন্ত্রকত্বেন পাতিত্যাপ্রয়োজক-বিরহপ্রতিযোগিত্বয়া চাপ্রাধান্যম্। অন্নবস্ত্রাদিশুদ্ধিশ্চ ধাতুবাহ্যবাহ্যশৌচরূপা। তত্রান্নশুদ্ধের্ধাতুঃশৌচং সাক্ষাৎ ফলং, বস্ত্রাদ্যুপকরণ-শুদ্ধেশ্চ ধাতুবাহ্য-শুদ্ধিঃ। অস্মিন্ হি স্থূলশরীরে সপ্ত ধাতবো রস-রক্তাদিশুক্রান্তা বর্ত্তন্তে. তে চ ধাতুবাহ্যানি শারীরাণি চ নখ-দন্ত-লোম-মাংস-চর্ম্মাদীনি, ইত্যেতৎ সর্ব্বং যথাযোগং মাতাপিতৃশুক্রশোণিতোৎপন্নম্—

শারীর শুদ্ধি এবং উপকরণশুদ্ধি। তন্মধ্যে প্রথম ও শুদ্ধিই শারীর শুদ্ধি নামে অভিহিত হইতে পারে। বিবাহ, গর্ভাধানাদি সংস্কার দ্বারা স্ত্রী ও পুত্রের শরীরশুদ্ধি হয়,—জাতকর্ম্ম হইতে উপনয়ন পর্য্যন্ত সংস্কার দ্বারা সংস্কৃত বালকের শরীরশুদ্ধি হয়। দ্বিজেতর জাতির উপনয়ন নাই, অপর সংস্কারেই তাহাদিগের শরীরশুদ্ধি। এই সকল সংস্কার মধ্যে তাহাদিগের বিবাহই প্রধান, কেন না বিবাহে মন্ত্র আছে,অন্য সংস্কার অমন্ত্রক। আর অন্য সংস্কার না হইলেও কেবল বিবাহ হইলেই সেই বিবাহে বিবাহিতা স্ত্রীর গর্ভোৎপন্ন সন্তানের জাতিভ্রংশ হয় না, এই জন্যও বিবাহ প্রধান সংস্কার। অনেক বাহ্যশৌচই বর্ণ ও আশ্রমভেদে ভিন্নভিন্ন আছে, সেখানে নিজ নিজ অধিকার অনুসারে প্রবৃত্ত হওয়া সকলের কর্ত্তব্য। এ বিষয় সংক্ষেপে পরে বলিব। 'শৌচ' প্রস্রাব ইত্যাদি—দ্বারা ধাতুশুদ্ধি হয়। শৌচ প্রস্রাবের লেপ-গন্ধাদি নাশের জন্য যে, মৃত্তিকা ও জল দ্বারা শুদ্ধি তাহা ধাতুবাহ্যের অর্থাৎ স্থূলদেহের উপর অংশের শুদ্ধি এবং অন্নবস্ত্রাদি শুদ্ধিই উপকরণশুদ্ধি বা ধাতুবাহ্যাবাহ্যশুদ্ধি। তন্মধ্যে অন্নশুদ্ধির সাক্ষাৎ ফল ধাতুশুদ্ধি, বস্ত্রাদি উপকরণশুদ্ধির সাক্ষাৎ ফল ধাতুবাহ্যশুদ্ধি। রস রক্ত প্রভৃতি সপ্ত ধাতু দেহে আছে, অন্ন হইতে এই সকল ধাতুর পুষ্টি ও বৃদ্ধি হয়। এই দেহ পিতামাতার শুক্র-শোণিতে উৎপন্ন। পিতামাতার আত্মোৎকর্ষে বা দৈহিক-শুদ্ধিতে

তত্র মূত্রপুরীষাদ্যুৎসর্গেণ অন্নপানাদিনা চ ধাতুনামুপচয়াপচয়হেতুভূতঃ সাক্ষাৎসম্বন্ধঃ, গন্ধলেপক্ষয়করেণ মৃজ্জলশৌচেন দন্তধাবনাদিনা বস্ত্রাদিনা চ নখদন্তলোমমাংসচর্ম্মণাং ধাতুবাহ্যশারীরাণাং সাক্ষাৎ সম্বন্ধঃ, ইত্যভিপ্রেত্য শুদ্ধ্যাশ্রয়ভেদাদাহ্নিক শুদ্ধিত্রৈবিধ্যং—ফলন্তু শারীরাভ্যন্তরবাহ্যয়োঃ শুদ্ধিরিতি দ্বিবিধমুক্তম্।

মৃচ্ছৌচং ত্রৈবর্ণিকানামাহ মনুঃ।—একা লিঙ্গে গুদে তিস্রঃ দশ বামকরে তথা। উভয়োঃ সপ্ত দাতব্যা মৃদঃ শুদ্ধিমভীপ্সতা॥ (৫ম অঃ) শুদ্ধিমভীপ্সতেত্যত্র "তিস্রস্তু পাদযোরি"তি দক্ষঃ। (৫ম অঃ) শৌচরতব্রাহ্মণপক্ষে বামকরতলে দশধা মৃত্তিকাদানানন্তরং বামকরপৃষ্ঠে ষোঢ়া মৃত্তিকাদানমাহাহ্নিকতত্ত্বে হারীতঃ,—"দশ মধ্যে চ ষট্ পৃষ্ঠে" ইতি। মনুদক্ষৌ—এতচ্ছৌচং গৃহস্থানাং দ্বিগুণং ব্রহ্মচারিণাম্। ত্রিগুণং স্যাদ্বনস্থানাং যতীনাস্তু চতুর্গুণম্॥ (৫ম অঃ) "বিণ্মূত্রোৎসর্গশুদ্ধ্যর্থং মৃদ্বার্য্যাদেয়মর্থবদি"তি (৫ম অঃ) মনুঃ।

---

যেমন দেহের জাত্যুৎকর্ষ বা দেহশুদ্ধি অর্থাৎ দেহগত ব্রাহ্মণ্যাদি হয়, সেই দেহের স্থিতির পুষ্টিসাধন অন্নের শুদ্ধিও সেই ব্রাহ্মণ্যাদির স্থিতি-পুষ্টিসাধন হইয়া থাকে। অন্নের অভাবে যেমন শরীর নাশ হয়, বিশুদ্ধ অন্নের অভাবে সেইরূপ বিশুদ্ধ শরীরের নাশ হয়। তবে বহু উপবাস ইত্যাদি প্রায়শ্চিত্তে শরীরের সেই অবিশুদ্ধ অংশ বিনষ্ট হইলে বিশুদ্ধ হয়। অন্নপানের সহিত রস রক্তের সাক্ষাৎ সম্বন্ধ বলিয়া তৎশুদ্ধিকে অন্নশুদ্ধির সাক্ষাৎ ফল বলিয়াছি। আর বস্ত্রাদির সহিত শরীরের উপরিভাগের সাক্ষাৎ সম্বন্ধ বলিয়া এই উপরিভাগের শুদ্ধিই তাহার সাক্ষাৎ ফল বলিয়াছি। মনু, দক্ষ, হারীত ও যাজ্ঞবল্ক্য-বচনের একবাক্যতায় স্থির হইল,—শৌচে যাইবার পর মূত্রদ্বারে ১, মলদ্বারে ২, বামকরতলে ১০, বামকরপৃষ্ঠে ৬, দুই হস্তে একযোগে ৭ এবং পাদতলে ৩ বার করিয়া মৃত্তিকা দিয়া জলদ্বারা প্রক্ষালন করিবে। কিঞ্চিৎ অশক্তপক্ষে বামকরপৃষ্ঠে ৬ বার পৃথক্ মৃত্তিকা দিতে হইবে না। স্ত্রীলোক, দ্বিজেতর জাতি ও

দক্ষঃ—মৃদা জলেন শুদ্ধিঃ স্যান্ন ক্লেশো ন ধনব্যয়ঃ। যস্য শৌচেঽপি শৈথিল্যং চিত্তং তস্য পরীক্ষিতম্॥ (৫ম অঃ) যাজ্ঞবল্ক্যঃ,—

গন্ধলেপক্ষয়করং কুর্য্যাচ্ছৌচমতন্দ্রিতঃ। (১ম অঃ) ইদং হি শৌচং সর্ব্বমানবসাধারণম্।

স্থূলশরীরোৎপাদক-শুক্রশোণিতশুদ্ধ্যনুরূপা স্থূলশরীরবর্দ্ধকান্ন-পানাদিশুদ্ধিরপেক্ষিতা; স্থূলশরীরনিষ্ঠব্রাহ্মণ্যাদীনাং রক্ষার্থা বৃদ্ধ্যর্থা চ। তেন ব্রাহ্মণস্য শূদ্রান্নভোজনং প্রতিষিদ্ধং ন তু শূদ্রস্য সজাতীয়-শূদ্রান্নভোজনম্। সচ্ছূদ্রস্যান্ত্যজাদ্যন্নভোজনন্তু প্রতিষিদ্ধমেব। তত্রান্নশুদ্ধিঃ ভক্ষ্যপেয়শুদ্ধিঃ, জাতিসাধনপক্তৃদাতৃস্বাম্যাশ্রয়কাল-স্পর্শস্বরূপনিমিত্তক-নবদোষশূন্যত্বান্নববিধা। তত্র জাতিদোষো গোমাংসলশুনাদীনাম্। সাধনদোষোঽন্যায়োপার্জ্জিতানাম্। ম্লেচ্ছাদি-পক্কানাং তদ্দত্তানাং তৎস্বামিকানাঞ্চ পক্ত্রাদিনিমিত্তকদোষত্রয়ম্।—অপবিত্রপাত্রপক্কানাম্ আশ্রয়নিমিত্তকো দোষঃ। যৎকালে যস্য

---

অনুপনীতের পক্ষে এবং অশক্ত দ্বিজাতি পক্ষে গন্ধ-লেপক্ষয় যে পর্য্যন্ত না হয় সেই পর্য্যন্তই মৃত্তিকাশৌচ করিবে, বার নিয়ম নাই। ইহা যাজ্ঞবল্ক্যের (১ম অঃ) মত। মনু ও দক্ষ (৫ম অঃ) বলিয়াছেন, এই যে মৃত্তিকা-শৌচ বলিলাম—ইহা গৃহস্থের পক্ষে, ব্রহ্মচারীর এতদপেক্ষায় দ্বিগুণ, বানপ্রস্থের তিনগুণ ও সন্ন্যাসীর চারগুণ হইবে।

বর্ণাশ্রমভেদে শৌচভেদ বলিয়াই অন্নশুদ্ধি বিষয়—ব্রাহ্মণের শূদ্রান্ন নিষিদ্ধ, কিন্তু শূদ্রের সজাতীয় শূদ্রান্ন নিষিদ্ধ নহে। তবে সৎশূদ্রের পক্ষে অন্ত্যজের অন্ন অভক্ষ্য ইহা বলা বাহুল্য। এক্ষণে অন্নশুদ্ধির কথা বলিতেছি—অন্নশুদ্ধি অর্থে ভক্ষ্যপেয় শুদ্ধি। অন্নশুদ্ধি নয় প্রকার, কেন না, অন্নের অশুদ্ধি বা দোষ নয় প্রকার, সেই নয় প্রকার দোষ না থাকাই অন্নশুদ্ধি এক এক দোষ না থাকাই এক এক শুদ্ধি। অন্নে জাতিদোষ, সাধনদোষ, পাচক-দোষ, দাতৃদোষ, স্বামিদোষ, আশ্রয়দোষ, কালদোষ, স্পর্শদোষ এবং স্বরূপ-

ভোজনং প্রতিষিদ্ধং নবম্যাং তুম্বীভোজনবৎ তস্য ভক্ষ্যস্য তথাবিধ-কালদোষঃ, পর্য্যুষিতাদীনাঞ্চ কালদোষো বোধ্যঃ। ম্লেচ্ছপতিতাদি-স্পৃষ্টানাং সুরাগোমাংসাদিস্পৃষ্টানাং চ স্পর্শদোষঃ। যদ্দর্শনাদিনা বিচিকিৎসা জায়তে তেষাং স্বরূপদোষঃ, যথা পুরীষাদীনাং তৎসদৃশা-নাঞ্চ, যেষাঞ্চ উৎপত্তিহেতুদ্রব্যে দোষো নাস্তি নির্ব্বৃত্তস্বরূপাণাম্ভু পক্বাদিদোষানপেক্ষো দোষো ভবতি তেষামপি সুরাদীনাং স্বরূপ-দোষঃ,—ইতি স্বরূপদোষো দ্বিধা। পক্তৃদাতৃস্বাম্যাশ্রয়দোষাণাং সংসর্গদোষান্তর্ভাবেণ অন্যায়োপার্জ্জনাদিদোষস্য ক্রিয়াদোষান্ত-র্ভাবেণ স্বরূপদোষস্য দ্বিবিধস্য পৃথক্‌তয়াগ্রহণেন চ ভক্ষ্যদোষস্য ষড়্‌-বিধত্বমুক্তং প্রায়শ্চিত্তবিবেকধৃতভবিষ্যপুরাণে—জাতিদুষ্টং ক্রিয়া-দুষ্টং কালাশ্রয়বিদূষিতম্। সংসর্গাশ্রয়দুষ্টঞ্চ সহৃল্লেখং স্বভাবতঃ॥ ইতি। তদ্বিবরণার্থং পুনস্তত্রৈব "ন ভক্ষয়েৎ ক্রিয়াদুষ্টং যদ্দুষ্টং পতিতৈঃ পৃথক্॥" পৃথক্ উচ্যমানাতিরিক্তং পতিতৈঃ যদ্দুষ্টং তেন পাপবতা স্বয়মন্যায়েনোপার্জ্জিতং যৎ তস্যাপি লাভঃ।

. যস্য বর্ণস্য যা বৃত্তিরুক্তা যে চ তদন্যে ধর্ম্ম্যা বিত্তাগমা উক্তাঃ

---

দোষ আছে। লশুন পলাণ্ডু প্রভৃতিতে জাতিদোষ আছে, লশুন উৎপত্তি হইতেই দুষ্ট পাকাদি বশতঃ যে দুষ্ট তাহা নহে, অন্যায়-উপার্জ্জিত অন্নে সাধন দোষ আছে, তাহা ভোজন করিতে নাই, যথা অপহৃত অন্ন। যাহার যে বৃত্তি শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে, তদতিরিক্ত বৃত্তি অবলম্বনে উপার্জ্জিত অর্থে প্রস্তুত অন্নও অন্যা-য়োপার্জ্জিত, আপৎকাল না হইলে, আপদ্‌বৃত্তি দ্বারা অর্জ্জিত অন্নও অন্যায়োপা-র্জ্জিত, এই বৃত্তির কথা পরে বলিব। ম্লেচ্ছাদি জাতি পাচক দাতা বা স্বামী হইলে পাচকাদি দোষ হয়। ম্লেচ্ছের পাকপাত্রে শব বা উচ্ছিষ্ট অন্নে—আশ্রয়দোষ হয়, যে বস্তুর ভোজন যে কালে নিষিদ্ধ, যেমন নবমীতে অলাবু ভোজন নিষেধ, সেই কালে সেই বস্তু ভোজন করিলে অন্নে কালদোষ হয়। ম্লেচ্ছাদির স্পৃষ্টান্নে স্পর্শদোষ আছে, বিষ্ঠা ও বিষ্ঠাবৎ দৃশ্য বিকৃত পদার্থ এবং সুরাদিতে স্বরূপ-

তদতিক্রমেণার্জ্জনমন্যাযার্জ্জনম্ । আপদ্বৃত্ত্যা অনাপদ্যর্জ্জনমপ্যন্যায়ার্জ্জনম্ । উক্তং হি মনুনা পঞ্চমাধ্যায়ে—সর্ব্বেষামেব শৌচানামর্থশৌচং পরং স্মৃতম্ । যোঽর্থে শুচিঃ স হি শুচির্ন মৃদ্বারিশুচিঃ শুচিঃ ॥

জলে পঙ্ক্তিদোষাসম্ভবাৎ অষ্টবিধা শুদ্ধিঃ । ফলদুগ্ধস্নেহাদৌ স্পর্শদোষো নাস্তি দুগ্ধতদ্বিকার-কন্দুপক্ক-পক্কতৈলশক্তূনাং শূদ্ররূপপঙ্ক্তিদোষাভাবো বাচনিকঃ । তানি চ বচনানি প্রসিদ্ধানীতি গ্রন্থগৌরবভিয়া তদুল্লেখাদুপরম্যতে ।

সম্যগ্‌বস্ত্রশুদ্ধিশ্চ দেশজত্বম্ অমেধ্যালিপ্তত্বম্ অচ্ছিন্নত্বম্ অনির্দ্দশত্বম্ অমলিনত্বং স্বপুত্রকলত্রদাসাদ্যন্যতমপ্রক্ষালিতত্বম্ অলুপ্তকেশত্বম্ অসূচীবিদ্ধত্বং শুভ্রত্বম্ অজীর্ণত্বং পরাপবিহিতত্বং স্বকীয়ত্বম্ অদগ্ধত্বং কার্পাসাদিপ্রভবত্বঞ্চেতি বোধ্যম্ । তত্র শাণক্ষৌমাবিকানাং পুনরপ্রক্ষালিতত্বেঽপি শুদ্ধিঃ । মহাভারতে আদিপর্ব্বণি ক্রমেণ প্রমাণানি যথা—অথৈনং দেশজৈঃ শুক্লৈর্বাসোভিঃ সমযোজয়ন্ । সংছন্নঃ স তু বাসোভির্জ্জীবন্নিব নরাধিপঃ । শুশুভে স নরব্যাঘ্রো মহার্হশয়নোচিতঃ ॥

এবং মৃতপাণ্ডুম্ । ঔর্দ্ধদেহিকসময়ে পাণ্ডোরাচ্ছাদনাদি-বস্ত্রাণাং বিশুদ্ধত্বজ্ঞাপনায় দেশজৈরিতি বস্ত্রবিশেষণং যথা শুক্লৈরিতি, সমানরূপাঃ সহচরা ভবন্তীতি ন্যায়াৎ । "বস্ত্রং নান্যধৃতং ধার্য্যং ন রক্তং মলিনং তথা । জীর্ণং বাপদশঞ্চৈব শ্বেতং ধার্য্যং প্রযত্নত"

---

দোষ আছে। ফল দুগ্ধ তৈল ঘৃত প্রভৃতিতে স্পর্শদোষ নাই। বস্ত্রশুদ্ধিও আবশ্যক, বিদেশজ বস্ত্র অশুদ্ধ, অগ্নিদগ্ধ, অশুভ্র, সীবনযুক্ত, দশাহীন, চর্ব্বি-রস-রক্ত-বিষ্ঠা-মূত্র প্রভৃতি মলযুক্ত, ময়লা, জীর্ণ, ছিন্ন, অপ্রক্ষালিত, পরপরিহিত এবং পরকীয় ও কার্পাসাদি হইতে অনুৎপন্ন বস্ত্রও অশুদ্ধ। সম্ভব হইলে

ইত্যাহ্নিকতত্ত্বধৃত-বিষ্ণুধর্ম্মোত্তরবচনাৎ শুক্লস্য বস্ত্রস্য বস্ত্রান্তরাপেক্ষয়া প্রযত্নতো ধারণবিধানাৎ শুদ্ধিবিশেষরূপঃ প্রকর্ষো বোধ্যতে। রক্ত-বস্ত্রাদেঃ কর্ম্মবিশেষযোগ্যত্বং তু কর্ম্মশাস্ত্রাদবগন্তব্যম্। কালিকা-পুরাণে ৬৮ মাধ্যায়ে শ্রীভগবানুবাচ—কার্পাসং কাম্বলং বাল্কং কোশজং বস্ত্রমিষ্যতে। নির্দ্দশং মলিনং জীর্ণং ছিন্নং গাত্রাব-লিঙ্গিতম্॥ পরকীয়ং বাখুদষ্টং সূচীবিদ্ধং তথোষিতম্। উপ্তকেশং বিধৌতঞ্চ শ্লেষ্মমূত্রাদিদূষিতম্॥ প্রদানে দেবতাভ্যশ্চ দৈবে পৈত্র্যে চ কর্ম্মণি। বর্জ্জয়েৎ শাপযোগেন যজ্ঞাদাবুপযোজনে॥ কাম্বলমাবিকম্। বাল্কং শাণাদি। গাত্রাবলিঙ্গিতং গাত্রবেষ্টনীভূতম্। উষিতং পরিহিতম্। গাত্রবেষ্টনীভূতপরিহিতয়োঃ প্রক্ষালিতয়োরপি ন দেবতাদিভ্যঃ প্রদানমিতি ভাবঃ। আহ্নিকাচারতত্ত্বে "নিষিদ্ধ-বস্ত্রাণি যথা ভারতে—ন স্যূতেন ন দগ্ধেন পারক্যেণ বিশেষতঃ। মূষিকোৎকীর্ণজীর্ণেন কর্ম্ম কুর্য্যাদ্বিচক্ষণঃ॥—নারসিংহে—ন রক্ত-মুল্বণং বাসো ন নীলঞ্চ প্রশস্যতে। মলাক্তঞ্চ দশাহীনং বর্জ্জয়েদম্বরং বুধঃ॥" শ্লেষ্মমূত্রাদিদূষিতমিত্যত্রাদিপদং মলান্তরগ্রাহকং মলাক্ত-মিত্যেকবাক্যত্বাৎ শ্লেষ্মাদিবদশুচিত্বস্য মলান্তরসাধারণ্যাচ্চ। মলাশ্চ মনুনা দর্শিতা যথা পঞ্চমাধ্যায়ে,—বসা শুক্রমসৃঙ্ মজ্জা মূত্রবিড়্-ঘ্রাণকর্ণবিট্‌ নখাঃ। শ্লেষ্মাশ্রুদূষিকাঃ স্বেদো দ্বাদশৈতে নৃণাং মলাঃ॥

আহ্নিকতত্ত্বে প্রচেতাঃ—স্বয়ং ধৌতেন কর্ত্তব্যা ক্রিয়া ধর্ম্ম্যা বিপশ্চিতা॥ পুত্রমিত্রকলত্রেণ স্বজাতিবান্ধবেন চ। দাসবর্গেণ যদ্ধৌতং তৎপবিত্রমিতি স্থিতিঃ॥ আহ্নিকতত্ত্বে যোগিযাজ্ঞবল্ক্যঃ—

---

এ সমস্ত বস্ত্র পরিত্যাজ্য। অশক্তপক্ষে চর্ব্বি-বসা-বিষ্ঠা-মূত্র প্রভৃতি মলযুক্ত বস্ত্র, অপ্রক্ষালিত বস্ত্র এবং পরকীয় বস্ত্র কোন সময়ে পরিধান করিবে না। নীলী-যুক্ত, সীবনযুক্ত, ছিন্ন ও দগ্ধ বস্ত্র পরিয়া ধর্ম্ম কার্য্য করিবে না। সিদ্ধান্ত

অভাবে ধৌতবস্ত্রাণাং শাণক্ষৌমাবিকানি চ। কুন্তপো যোগপট্টং বা দ্বির্ব্বাসা যেন বা ভবেৎ ॥

মলাক্তস্য অপ্রক্ষালিতস্য পরকীয়স্য চ বস্ত্রস্যাশুদ্ধিরধিকা। তানি তানি চ নিতরাং ন ধার্য্যাণি। কিঞ্চিৎ শক্তেন স্যূতং শক্তেন চ ছিন্নজীর্ণমলিনবাসাংসি পরিহর্ত্তব্যাণি। নীলীরক্তবস্ত্রঞ্চ সর্ব্বথা বর্জ্জ্য-মাহ—নীলীরক্তন্তু যদ্বস্ত্রং তৎ সর্ব্বত্র বিবর্জ্জয়েদিতি কালিকাপুরাণস্য ৬৮ তমাধ্যায়বচনাৎ। দশাহীনেন বস্ত্রেণ কুর্য্যাৎ কর্ম্মাণ্যভাবত ইতি আচাররত্নে উশনাঃ। অত্যন্তাশক্তেন তু দশাহীনং দেশান্তরজং চ বসনং গ্রাহ্যং যদি শ্লেষ্মমূত্রবসাদিরূপমলাক্তং ন স্যাৎ। দেশজত্বস্য হি শুদ্ধ্যতিরেকাধায়কত্বম্। পরকীয়বস্ত্রন্ত পরস্বামিকং পরদেশোদ্ভবঞ্চেতি দ্বিবিধমিতি কেচিৎ। ধাতুবাহ্যবাহ্যশুদ্ধিমধ্যে ভোজন-পাত্রাদিশুদ্ধিরপি বোধ্যা। তেষাং স্বরূপশুদ্ধির্নিমিত্তশুদ্ধিশ্চেতি দ্বয়ী। তৈজসেষু স্বর্ণরৌপ্যশঙ্খপ্রস্তররত্নপাত্রাণি সর্ব্বেষাং ভোজন-পাত্রাণি ভবন্তি, তানি হি স্বরূপশুদ্ধানি। কাংস্যপাত্রং চ যতি-বিধবাব্রহ্মচারিবর্জ্জমন্যেষাম্। তদেতদুচ্ছিষ্টং ভস্মজলাদিদ্বারা শোধ-নীয়ম্। "তৈজসানাং মণীনাঞ্চ সর্ব্বস্যাশ্মময়স্য চ। ভস্মনাদ্ভির্মৃদা চৈব শুদ্ধিরুক্তা মনীষিভিঃ॥ তাম্রায়ঃকাংস্যরৈত্যানাং ত্রপুণঃ সীসকস্য চ। শৌচং যথার্হং কর্ত্তব্যং ক্ষারাম্লোদকবারিভিরি"ত্যাদি-মনুস্মরণাৎ (৫ ম), শুদ্ধিরিত্যুপক্রম্য পরিমার্জ্জন-প্রদাহ-তক্ষণ-নির্ণেজনানি তৈজসমার্ত্তিকদারবতান্তবানামিতি গৌতমাদিস্মরণাচ্চ (১ম অঃ)। নব্য-বর্দ্ধমানধৃতাগ্নিপুরাণবচনেন—অর্কপত্রে তথা পৃষ্ঠে আয়সে তাম্রভাজনে। করে কর্পটকে চৈব ভুক্ত্বা চান্দ্রায়ণং চরে-

---

অশক্তপক্ষেও নীলীযুক্ত বস্ত্র পরিয়া ধর্ম্ম কার্য্য করিবে না। শক্তি-পূজা প্রভৃতি কার্য্যবিশেষে রক্তবস্ত্র প্রশস্ত। অপর পরের বস্ত্র অপ্রক্ষালিত

দিত্যর্কপত্রায়সাদিপাত্রে ভোজননিষেধাদায়সপাত্রে জলাদিপানং হেয়ম্। তদেতানি পানভোজনাদৌ স্বরূপাশুদ্ধানি। গৃহশৌচমপি কর্ত্তব্যং তচ্চ মার্জ্জনোপাঞ্জনৈর্বেশ্মেতি (৫ম, অঃ) মনূক্তম্। সম্মার্জ্জনলেপনাভ্যাং হি গৃহশৌচমিত্যর্থঃ। এবং দ্রব্যান্তরশৌচং দ্রষ্টব্যম্। অতএবাত্রিঃ—অভক্ষ্য পরিহারশ্চ সংসর্গশ্চাপ্যনিন্দিতৈঃ। আচারেষু ব্যবস্থানং শৌচমিত্যভিধীয়তে, নিন্দিতপুরুষৈঃ নিন্দিতদ্রব্যৈশ্চ সংসর্গোহপ্যশৌচমিতি ভাবঃ।

ইত্যয়ং প্রথমঃ কল্পঃ। প্রথমকল্পাশক্তৈঃ সংসারাসক্তৈস্তুনাততায়িনং প্রতি মায়াক্রৌর্য্যাদিরশুদ্ধভাবো ন কর্ত্তব্যঃ। আততায়িনি তু কৃতোহপ্যশুদ্ধভাবো ন তস্য ভাবশুদ্ধিং ব্যাহন্তুমীষ্টে। স্বাপকৃষ্টজাতীয়পক্কং তৎস্পৃষ্টং তৎস্বামিকং তদ্দত্তকান্নং কেনাপি ন ভক্ষণীয়ম্। লশুনপলাণ্ডুগৃঞ্জনাদিকং দ্বিজাতিসচ্ছূদ্রৈর্বিশেষতো দ্বিজাতিভিরভোজ্যম্। সুরাবর্জ্জনেহপ্যয়মেব রীতিঃ। তত্রাপ্যশক্তৌ

---

হইলেও পরিধান করিতে পারে। ভোজনের জন্য তাম্রপাত্র ও লৌহপাত্র ব্যবহার করিবে না। রত্ন, স্বর্ণ, রৌপ্য, কাংস্য, পিত্তল, ও প্রস্তর পাত্র স্বরূপাতঃ শুদ্ধ; তবে উচ্ছিষ্টাদি হইলে ভস্ম জলাদি দ্বারা মার্জ্জন করিলে শুদ্ধ হয় সম্মার্জ্জন ও লেপনাদি দ্বারা গৃহশুদ্ধি করিতে হয়। অভক্ষ্য বর্জ্জন, অপবিত্র সংসর্গ ত্যাগ ও আচারনিষ্ঠতাই শৌচ লক্ষণ। এই সকল সিদ্ধান্ত প্রমাণ করিবার জন্য মূলে মনু, গৌতম, বিষ্ণু, ব্রহ্মপুরাণ, কালিকাপুরাণ, ভবিষ্যপুরাণ, দক্ষ, অত্রি, এবং অগ্নিপুরাণ প্রভৃতির বচন; আহ্নিকতত্ত্বধৃত যোগিযাজ্ঞবল্ক্যবচন প্রভৃতি বচন প্রমাণ স্বরূপে উদ্ধৃত হইয়াছে। শৌচের এই মুখ্যকল্প কথিত হইল। মুখ্যকল্পপালনে অশক্ত সংসারাসক্ত মনুষ্যেরা আততায়ীর প্রতি ভাবশুদ্ধ হইবে না, কিন্তু অন্যের প্রতি ভাবশুদ্ধ হইবে, নিজের জাতি হইতে যাহাদের জাতি অপকৃষ্ট তাহাদের পক্ক বা স্পৃষ্ট অন্ন ভোজন করিবে না। তাহাতেও অশক্ত দরিদ্র নিকৃষ্ট জাতির স্পৃষ্ট অন্ন ভোজন করিবে না, ইহা প্রচলিত আচার। লশুন

নিকৃষ্টজাতিস্পৃষ্টান্নং বর্জ্জনীযম্। আচারাৎ বস্ত্রপাত্রাদ্যুপকরণশুদ্ধৌ সর্ব্বৈরেবং প্রযতিতব্যম্। সর্ব্বাপকৃষ্টজাতীনাত্ত্বন্নবিচারঃ কাম্যঃ। মলবাহিসূতপপ্রভৃতয়োঽপি গৃহশৌচাদিকং যথাসম্ভবমশনাদি-পূর্ব্বাপরকালীনহস্তপ্রক্ষালনাচমনাদিকং চ বৃত্তি বিশেষধর্ম্মস্য চাবিরোধেন যথাসম্ভবমাচরেয়ুঃ শুদ্ধভাবাশ্চ ভবিতুং যতেরন্। এতেন ব্রাহ্মণাদিম্লেচ্ছান্তানাং বিশেষধর্ম্মাবিরুদ্ধং বৃত্ত্যবিরুদ্ধঞ্চ শৌচং ব্যাখ্যাতম্। আচারশ্চাগ্রে বক্ষ্যতে।

ইতি শৌচ প্রকরণম্।

---

অথেন্দ্রিয়নিগ্রহঃ। স চৈকাদশেন্দ্রিয়সংযমাত্মকঃ, তত্র মনোনিগ্রহঃ প্রধানম্।

শ্রোত্রং ত্বক্ চক্ষুষী জিহ্বা নাসিকা চৈব পঞ্চমী।
পায়ূপস্থং হস্তপাদং বাক্ চৈব দশমী স্মৃতা॥
বুদ্ধীন্দ্রিয়াণি পঞ্চৈষাং যথাবদনুপূর্ব্বশঃ।
কর্ম্মেন্দ্রিয়াণি পঞ্চৈষাং পায়্বাদীনি প্রচক্ষতে॥

---

পলাণ্ডু সুরা প্রভৃতি অখাদ্য অপেয়,—ব্রাহ্মণ হইতে সৎ শূদ্র পর্য্যন্ত সকলেরই বর্জ্জনীয়। সর্ব্বাপকৃষ্ট জাতিদিগের ভক্ষ্যাভক্ষ্য বিষয়ে বিচার কাম্য,—ইচ্ছা হয় করিতে পারে, না হয় না পারে। তবে অভক্ষ্য বর্জ্জন করিলে শুদ্ধ হইবে। সকল জাতিই নিজ বৃত্তি ও বিশেষ ধর্ম্মের অবিরোধে যথাশক্তি শুচি থাকিবে, এমন কি, মেথর মুর্দ্দাফরাসরাও হস্তপাদ প্রক্ষালনাদি শৌচ করিবে। যথাসম্ভব ভাবশুদ্ধ হইতে যত্ন করিবে। আহার শৌচান্ত, আচারের কথা পশ্চাৎ বলিব।

শৌচপ্রকরণ সমাপ্ত।

---

অনন্তর ইন্দ্রিয়-সংযমের কথা বলিতেছি। ইন্দ্রিয় একাদশ—পঞ্চ জ্ঞানে-

একাদশং মনো জ্ঞেয়ং স্বগুণেনোভয়াত্মকম্।
যস্মিন্ জিতে জিতাবেতৌ ভবতঃ পঞ্চকৌ গণৌ॥ (২য় অঃ)
ইতি মনুস্মরণাৎ।

অত্র শ্রুতিঃ—

যদাশসা নিঃশসাভিশসোপারিম জাগ্রতো যৎ স্বপন্তঃ।
অগ্নির্বিশ্বান্যপ দুষ্কৃতান্যজুষ্টান্যারে অস্মদ্দধাতু।
(ঋগ্বেদ ১০ মণ্ডল ১৬৪ সূক্তে ৩ ঋঃ)

আশসা অভিলাষেণ—হেতুনা (যৎ দুষ্কৃতং) জাগ্রতঃ উপারিম প্রাপ্তাঃ নিঃশসা নিঃশংসনেন নির্গতাভিলাষেণ বহিবিন্দ্রিয়ব্যাপারেণেত্যর্থঃ স্বপন্তঃ স্বপ্নাবস্থাপন্নাশ্চ বয়ম্ অভিশসা অভিগতাভিলাষেণ মনোমাত্রাবলম্বনেন ব্যাপারেণ যদ্ (দুষ্কৃতম্) উপারিম (তানি) বিশ্বানি সর্ব্বাণি অগ্নিঃ অস্মৎ আরে দূরে অপ দধাতু অপকৃষ্য স্থাপয়ত্বিত্যর্থঃ। তথা চ মনোবৃত্তিরভিলাষঃ পাপমূলং স এব বাহ্যব্যাপারদ্বারা কদাচিন্নির্গচ্ছন্ পাপং জনয়তি, তদ্ব্যাপারাসত্ত্বেঽপি মনোমাত্রালম্বনো বিষয়সঙ্গী পাপং জনয়তীতি শ্রুত্যা প্রতিপাদ্যতে। তস্মাদভিলাষসংযমরূপে মনঃসংযমে সতি পাপানুৎপত্তিরিত্যর্থাদায়াতি।

শ্রুত্যন্তরম্—যস্ত্ববিজ্ঞানবান্ ভবত্যযুক্তেন মনসা সদা।
তস্যেন্দ্রিয়াণ্যবশ্যানি দুষ্টাশ্বা ইব সারথেঃ॥

---

ন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয় এবং মন। এই একাদশ ইন্দ্রিয়েরই সংযম কর্ত্তব্য, এতন্মধ্যে মনঃসংযম বা মনোনিগ্রহই প্রধান, কেননা মন নিগৃহীত হইলে বিষয়কামনা হইতে পারে না, কামনা নষ্ট হইলে তাহাতে প্রবৃত্তিও হয় না, সুতরা পাপ হইতে পারে না। ইন্দ্রিয় দ্বারা যে সকল পাপ অনুষ্ঠিত হয়, মন যে তাহার মূল এবং মনঃসংযমই যে প্রধান কর্ত্তব্য, তদ্বিষয়ে ঋগ্বেদ ১০ম মণ্ডল ১৬৪ সূক্ত ৩ ঋক্, যজুর্ব্বেদ কঠোপনিষদের ১ম অঃ ৩য়

যস্তু বিজ্ঞানবান্ ভবতি যুক্তেন মনসা সদা।
তস্যেন্দ্রিয়াণি বশ্যানি সদশ্বা ইব সারথেঃ॥ ইতি
( যজুঃ কঠ—১ম অঃ ৩য় বল্লী )

ইন্দ্রিয়াণাং দুষ্টাশ্বতুল্যত্বে রথি-সারথি-বিপত্তির্ধ্রৌব্যমিতি তৎ-পরিহারো মনঃসংযমদ্বারা কর্ত্তব্য ইতি ভাবঃ।

এতচ্ছ্রুতিতাৎপর্য্যং বিবৃণোতি মনুঃ—

ইন্দ্রিয়াণাং বিচরতাং বিষয়েষপহারিষু।
সংযমে যত্নমাতিষ্ঠেদ্ বিদ্বান্ যন্তেব বাজিনাম্ ( ২য় অঃ )

অয়ং সংযমাপরনামা নিগ্রহঃ নিষিদ্ধবিষয়েভ্যো নিবর্ত্তনং বিহিতেষু প্রবর্ত্তনম্ অবিহিতাপ্রতিষিদ্ধেষ্বনতিপ্রবর্ত্তনঞ্চ। বিধিনিষেধৌ চাধি-কারিভেদভিন্নৌ। অধিকারিভেদশ্চ জাত্যাশ্রমকুলদেশগণভেদতন্ত্রঃ। সত্যপ্যেবং ভেদে বিধির্নিষেধশ্চেতিদ্বয়ং বিষয়বিশেষানিযন্ত্রিতং সর্ব্বমানবাধিকৃতমেবেতি শৌচাদিবদয়মপি সাধারণধর্ম্মো ভবতি। পঞ্চমোহয়ং ধর্ম্মঃ প্রথমচতুষ্কমূলকঃ, প্রথমচতুষ্কস্য মূলঞ্চেত্যন্যোন্যা-শ্রিতো বীজাঙ্কুরাদিবৎ। অসংযতেন্দ্রিয়াণাং সত্যাদ্যসম্ভবাৎ সত্যাদ্যপ্রতিষ্ঠস্যেন্দ্রিয়সংযমাসম্ভবাচ্চ। সর্ব্বেন্দ্রিয়সংযমো মুখ্য-

---

বল্লী এবং মনু ২য় অধ্যায় হইতে প্রমাণ উদ্ধৃত হইল। ইন্দ্রিয়সমূহকে নিষিদ্ধ বিষয় হইতে নিবৃত্ত করা, বিহিত বিষয়ে প্রবৃত্ত করা এবং অবিহিত ও অপ্রতিষিদ্ধ বিষয়ে অতিরিক্ত রূপে প্রবৃত্ত না করাই ইন্দ্রিয়-সংযম বা ইন্দ্রিয়-নিগ্রহ। এই যে বিধি-নিষেধ ইহা অধিকারিভেদে বিভিন্ন অধিকারিভেদ—জাতি, আশ্রম, কুল দেশ ও সম্প্রদায়ভেদ প্রযুক্ত হইয়া থাকে। তাহা হইলেও সামান্যরূপে বিধি ও নিষেধ—সকল মনুষ্যেরই আছে, তবে বিধি ও নিষেধের বিষয় ভিন্ন হইতে পারে। সুতরাং শৌচাদির ন্যায় ইন্দ্রিয়নিগ্রহও সাধারণ ধর্ম্ম। ইহা সত্যাদিমূলক অথচ সত্যাদির মূল,

ধর্ম্মোঽপি কাংশ্চিদেব মহাপুরুষানাশ্রয়তে। পারদার্য্যনিবৃত্তিরূপে-ন্দ্রিয়নিগ্রহবিশেষস্তু সর্ব্বমানবেষু সমানঃ।

তথা চ শ্রুতিঃ—

গৃভ্ণামি তে সৌভগত্বায হস্তম্ ময়া পত্যা জরদষ্টির্যথাসঃ।
ভগো অর্য্যমা সবিতা পুরন্ধির্মহ্যং ত্বাদুর্গার্হপত্যায় দেবাঃ॥

(ঋগ্বেদ ১০ মণ্ডল ৮৫ সূক্ত ৩৬ ঋক)

অস্যার্থঃ—হে বধু স্তে তব হস্তং গৃভ্ণামি, গৃহ্ণামি কিমর্থং সৌভগত্বায সৌভাগ্যায় ময়া পত্যা ত্বং যথা জরদষ্টিঃ প্রাপ্তবার্দ্ধক্যা অসো ভবসি। ভগঃ অর্য্যমা সবিতা পুরন্ধিঃ পূষা এতে দেবাঃ গার্হপত্যায়, যথাহং গৃহপতিঃ স্যাম্ ইত্যেতদর্থং ত্বা ত্বাং মহ্যম্ অহুঃ দত্তবন্তঃ।

তা পূষঞ্ছিবতমামেরয়স্ব যস্যাং বীজং মনুষ্যা বপন্তি।
যা ন ঊরূ উশতী বিশ্রয়াতে যস্যামুশন্তঃ প্রহরাম শেপম্॥ (৩৭ ঋক্)

অস্যার্থঃ—হে পূষন্! তন্নামকদেব! শিবতমাম্ অত্যন্তমঙ্গল-ভূতাং তাং বধূম্। আ ঈরয়স্ব সর্ব্বতঃ প্রেরয়। যস্যাং বীজং রেতো-লক্ষণং মনুষ্যা বপন্তি আদধতে। যা নোঽস্মাকম্ ঊরূ উশতী কাময়মানা, বিশ্রয়াতে যস্যামুরৌ উশন্তঃ কাময়মানা বয়ং শেপং স্পর্শনিযোগ্যং পুংপ্রজননং প্রহরাম।

এতেন পাণিগৃহীতিকামন্তরেণান্যত্র রেতো বপনং ভোগসম্পা-দনং বা সর্ব্বেষামেব মানবানামনাচার ইতি প্রতীয়তে।

---

এইরূপ বীজাঙ্কুরের ন্যায় পরস্পর আশ্রয়আশ্রিত-ভাবে অবস্থিত। সর্ব্বেন্দ্রিয়-সংযম সর্ব্বোৎকৃষ্ট ধর্ম্ম হইলেও সেই ধর্ম কোন কোন মহাপুরুষের অধিকার-ভুক্ত। পরদারগমন না করা যে এক প্রকার ইন্দ্রিয়নিগ্রহ, ইহা সকল মানবেরই ধর্ম্ম। নিজ পত্নী ভিন্ন অন্যত্র যে ভোগ-সম্বন্ধ করিতে নাই, এবিষয়ে

মনুরপি—নহীদৃশমনায়ুষ্যং লোকে কিঞ্চন বিদ্যতে।
যৎ পরং পুরুষস্যেহ পরদারোপসেবনম্ ॥ ( ৪র্থ অঃ )

যদ্যপি পারদার্য্যশব্দেন পরদারগমনমুচ্যতে তথাপি কুমারী-গমন-বেশ্যাগমনাযোনিগমনপশুগমনানাং পাতকত্বেন তান্যপি পার-দার্য্যশব্দেনাত্র সংগ্রাহ্যাণি।

তথাচ মনুঃ—রেতঃসেকঃ স্বযোনীষু কুমারীষন্ত্যজাসু চ।
সখ্যুঃ পুত্রস্য চ স্ত্রীষু গুরুতল্পসমং বিদুঃ ॥ ( ১১শ অঃ ৫৯ )

সংবর্ত্তঃ—
পশুবেশ্যাভিগমনে প্রাজাপত্যং বিধীয়তে। ( ১৬১ শ্লোকঃ )

বিষ্ণুঃ—জাতিভ্রংশকরপাপগণনায়াং—
পশুষু মৈথুনাচরণং পুংসি চেতি। ( ৩৮শ অঃ )

বসিষ্ঠঃ—যস্তু পাণিগৃহীতায়া আস্যে কুর্ব্বীত মৈথুনম্।
ভবন্তি পিতরস্তস্য তন্মাসং রেতসো ভুজঃ ॥ ( ১২শ অঃ )

নারীষু বিশেষেণাগম্যাস্তু—স্নুষা কন্যা, গুর্ব্বঙ্গনা ভ্রাতৃবধূ ভগিনী তৎসখী সখিপত্নী রাজপত্নী শ্রোত্রিয়পত্নী প্রভুপত্নী শ্যালিকা ভার্য্যা-সখী ভ্রাতুষ্পুত্রী ভাগিনেয়ী গুরুপুত্রী প্রব্রজিতা নিক্ষিপ্তা শরণাগতা শিষ্যভার্য্যা কুমারী চেতি সর্ব্বেষাং স্বজায়াবর্জ্জম্। ব্রতনিয়মস্থা চ

---

ঋগ্বেদ ১০ মণ্ডল ৮৫ সূক্ত ৩৬।৩৭ ঋক্, মনু ৪র্থ ১১শ অঃ, সংবর্ত্তসংহিতা বিষ্ণু ৩৮শ অঃ বসিষ্ঠসংহিতা ১২শ অঃ হইতে প্রমাণ উদ্ধৃত হইল।

স্ত্রীজাতির মধ্যে যে যে স্ত্রীতে ভোগসম্বন্ধ করিলে সকল মানবেরই অধিক-তর পাপ হয়, তাহার উল্লেখ করিতেছি, কন্যা, পুত্রবধূ, স্ত্রীলোকের মধ্যে যাহারা গুরুজন, ভগিনী, বন্ধুপত্নী, রাজপত্নী, প্রভুপত্নী, শ্যালিকা, বেদজ্ঞ ব্রাহ্মণের পত্নী, ভার্য্যাসখী, ভ্রাতুষ্পুত্রী, ভাগিনেয়ী, গুরুপত্নী, গুরুকন্যা, সন্ন্যা-

স্বজায়াপি রজস্বলা ম্লেচ্ছান্ত্যান্ত্যজস্ত্রিয়শ্চ ত্রৈবর্ণিকসচ্ছূদ্রাণাং রজস্বলা-ম্লেচ্ছান্ত্যস্ত্রিয়শ্চান্ত্যজানাম্। ব্রাহ্মণাদ্যা অন্ত্যজান্তাঃ সর্ব্বে ম্লেচ্ছান্ত্যেভ্যঃ প্রকৃষ্টাঃ। ত্রৈবর্ণিকসচ্ছূদ্রাশ্চান্ত্যজেভ্যঃ, বিপ্রক্ষত্রবিট্‌শূদ্রাশ্চ যথাপূর্ব্বম্। এতেনান্তরালিকা বেদিতব্যাঃ। প্রকৃষ্টাঙ্গনা নিকৃষ্টানামগম্যাঃ। পশুষু গোশ্চবিশেষেণ সর্ব্বেষাম্। গুর্ব্বঙ্গনেতি বিদ্যাসম্বন্ধেন বা ধর্ম্মসম্বন্ধেন বা যোনিসম্বন্ধেন বা গুর্ব্বী অঙ্গনা হি গুর্ব্বঙ্গনাপদেনাত্র গৃহীতা। তেনাচার্য্যর্ত্বিগুপাধ্যায়পিতৃব্যপত্ন্যাদীনাং নাসংগ্রহঃ। অত্র স্নুষা পুত্র তৎসদৃশানাং জায়া। তেন ভ্রাতুষ্পুত্রবধ্বাদি পরিগ্রহঃ। অত্র ভগিনী সোদরা পিতৃব্যকন্যা পৈতৃস্বস্রেয়ী মাতৃস্বস্রেয়ী মাতুলকন্যা চেতি। ভার্য্যাসখী-শ্যালিকাদীনাং মধ্যে যদি কাচিৎ স্বেন পরিণীয়েত, পরিণয়োত্তরং সা গম্যা ভবেদিত্যর্থং স্বজায়াবর্জ্জমিতি। এতেন দাক্ষিণাত্যানাং মাতুলকন্যাদিপরিণয়স্য তদ্দেশাচারসিদ্ধত্বেঽপি ন ক্ষতিঃ। এতেন ভাগিনেয়ী ব্যাখ্যাতা। শ্রোত্রিয়ো জন্মসংস্কারবেদবিদ্যোপেতো ব্রাহ্মণঃ। জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কারৈর্দ্বিজ উচ্যতে। বেদাভ্যাসী ভবেদ্বিপ্রঃ শ্রোত্রিয়স্ত্রিভিরেব চেতি স্মৃতিঃ ( পাদ্মোত্তর খণ্ড, বৃহৎ পরাশর সংহিতা )।

তথাচ বিষ্ণুঃ—মাতৃগমনং দুহিতৃগমনং স্নুষাগমনমিত্যতিপাতকানি (৩৪শ অঃ)। মনুঃ—ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ।

---

গিনী এবং বিশ্বাসপূর্ব্বক স্থাপিতা ও শরণাগতা রমণী সর্ব্বতোভাবে অগম্যা। ভগিনী শব্দে সহোদরা, পিতৃব্যকন্যা, পিতৃস্বসার কন্যা, মাতৃস্বসার কন্যা এবং মাতুলকন্যা। ভাগিনেয়ী, তাহাদের কন্যা। তবে এতন্মধ্যে যাহারা নিজপরিণীতা যথা—ভার্য্যা-সখী, শ্যালী বা শরণাগতা কিংবা দ্রাবিড়াদির পক্ষে মাতুলকন্যা প্রভৃতি হইতে পারে, তাহারা বিবাহের পর অগম্যা নহে। ব্রতনিয়মস্থা

মহ্যান্তি পাতকান্যাহুঃ সংসর্গশ্চাপি তৈঃ সহ ( ১১শ অঃ )॥ বিষ্ণুঃ—পিতৃব্যমাতামহমাতুলশ্বশুরপত্ন্যভিগমনং গুরুদারগমনসমম্। পিতৃস্বসৃমাতৃস্বসৃস্বসৃগমনঞ্চ। শ্রোত্রিয়র্ত্বিগুপাধ্যায়মিত্রপত্ন্যভিগমনং স্বসুঃ সখ্যা সগোত্রায়া উত্তমবর্ণায়াঃ কুমার্য্যা অন্ত্যজায়া রজস্বলায়াঃ শরণাগতায়াঃ প্রব্রজিতায়া নিক্ষিপ্তায়াশ্চ ৩৬শ অঃ )।

যাজ্ঞবল্ক্যঃ—মাতুঃ সপত্নীং ভগিনীমাচার্য্যতনয়াং তথা। আচার্য্যপত্নীং স্বসুতাং গচ্ছংস্তু গুরুতল্পগঃ (৩য় অঃ) ॥

সংবর্ত্তঃ—সখিভার্য্যাং কুমারীঞ্চ শ্বশ্রূং বা শ্যালিকাং তথা। নিয়মস্থাং ব্রতস্থাঞ্চ যোঽভিগচ্ছেৎস্ত্রিয়ং দ্বিজঃ। স কুর্য্যাৎ প্রকৃতং কৃচ্ছ্রং ধেনুং দদ্যাৎ পয়স্বিনীমিতি ( ১৬২ বচনে ) শ্যালিকাগমনস্য শ্বশ্র্বাদিগমনতুল্যত্বমাহ।

প্রায়শ্চিত্তবিবেকে গুরুতল্পগমনপ্রায়শ্চিত্তমুপক্রম্য গোতমঃ "সখিস্বযোনিসগোত্রাশিষ্যভার্য্যাসু যাসু গবি চৈবং গুরুতল্পসমঃ॥ (২৪ অঃ) মনুঃ—চাণ্ডালান্ত্যস্ত্রিয়ো গত্বা ভুক্ত্বা চ প্রতিগৃহ্য চ। পতত্যজ্ঞানতো বিপ্রো জ্ঞানাৎ সাম্যন্তু গচ্ছতি (১১শ অঃ ১৭৬) ॥ অন্ত্যা ম্লেচ্ছযবনশ্বপচাদয় ইতি স্মার্ত্তাঃ। অন্তে ভবা অন্ত্যা যতোঽধমজাতয়ো ন সন্তীতি যাজ্ঞবল্ক্যদীপকলিকা। অত্র ম্লেচ্ছচাণ্ডালা-

---

রমণীমাত্রেই এমন কি নিজ ভার্য্যা পর্য্যন্ত অগম্যা। বিশেষ অগম্যা সম্বন্ধে মনু ১১অঃ, বিষ্ণু ৩৪।৩৬। যাজ্ঞবল্ক ৩ ", সংবর্ত্ত সংহিতা ১৬১।১৬২ শ্লোক প্রমাণ স্বরূপ উদ্ধৃত হইল।

ম্লেচ্ছ প্রভৃতি অন্ত্যজাতির স্ত্রী এবং কৈবর্ত্তাদি অন্ত্যজ জাতির স্ত্রী দ্বিজ ও সৎশূদ্রের অগম্যা। ম্লেচ্ছ প্রভৃতি অন্ত্য স্ত্রী অন্ত্যজ জাতির অগম্যা; অন্ত্যজ জাতি অপেক্ষা ম্লেচ্ছাদি অন্ত্য জাতি অধিকতর নিকৃষ্ট বলিয়াই এই সিদ্ধান্ত হইল। অন্ত্যজ অপেক্ষা সৎশূদ্র ও দ্বিজাতি উৎকৃষ্ট, সৎশূদ্র অপেক্ষা দ্বিজাতি উৎকৃষ্ট। দ্বিজাতির মধ্যেও উৎকর্ষ অপকর্ষ প্রসিদ্ধই আছে। এইরূপ উৎকৃষ্ট

দীনাং তুল্যত্বমভিহিতম্। যমঃ—রজকশ্চর্ম্মকারশ্চ নটো বরুড় এব চ। কৈবর্ত্তমেদভিল্লাশ্চ সপ্তৈতে চান্ত্যজাঃ স্মৃতাঃ॥ ব্রাহ্মণস্য জ্ঞানতঃ সকৃদন্ত্যান্নভোজনে চান্দ্রায়ণং প্রায়শ্চিত্তম্, অন্ত্যজান্নভোজনস্য দ্বিরভ্যাসে চেতি প্রায়শ্চিত্তবিবেকব্যবস্থা। প্রায়শ্চিত্তবিবেকস্য রজকাদ্যন্ত্যজান্নভক্ষণপ্রায়শ্চিত্ত-চাণ্ডালান্নভক্ষণপ্রায়শ্চিত্ত-প্রকরণে মৃগ্যে এবং প্রতিগ্রহেঽপি প্রায়শ্চিত্তবৈষম্যমুক্তং, তত্র হেতুর্ব্বিবেকটীকায়াং প্রতিগ্রহপ্রায়শ্চিত্তপ্রকরণীয়ায়াং গোবিন্দানন্দকবিকঙ্কণভট্টাচার্য্যেণ দর্শিতঃ, চাণ্ডালতোঽন্ত্যজানামুৎকৃষ্টত্বাদিতি। ব্যবহারেঽপি তথা। গমনঞ্চ মৈথুনরূপং, তদষ্টাঙ্গম্, তথাচ দক্ষঃ,—স্মরণং কীর্ত্তনং কেলিঃ প্রেক্ষণং গুহ্যভাষণম্। সঙ্কল্পোঽধ্যবসায়শ্চ ক্রিয়ানিষ্পত্তিরেব চ॥ এতন্মৈথুনমষ্টাঙ্গং প্রবদন্তি মনীষিণঃ (৭ম অঃ ৩১।৩২)॥ এতান্যঙ্গানি ক্রমাৎ ফলোন্মুখীভবন্তি ক্রিয়ানিষ্পত্তিরূপমুত্তমাঙ্গং সাধয়ন্তি। তদেতদষ্টরূপং মৈথুনং বা গমনং বা সর্ব্বথৈব বর্জ্জনীয়মিতি দিক্। এতেন স্ত্রীণামপীন্দ্রিয়নিগ্রহো ব্যাখ্যাতঃ।

ইতীন্দ্রিয়নিগ্রহপ্রকরণম্।

---

জাতির রমণী তদপেক্ষা নিকৃষ্ট জাতীয় পুরুষের অগম্যা। ইহা দ্বারা স্ত্রীলোকের কথাও বলা হইল। অর্থাৎ যে নারী যে পুরুষের পক্ষে বিশেষ অগম্যা, সেই নারীর পক্ষে সেই পুরুষও সেই প্রকার অগম্য। এই সিদ্ধান্ত প্রতিপন্ন করিবার জন্য মনু ১১শ অঃ, যমসংহিতা প্রায়শ্চিত্ত-বিবেক এবং টীকাকার গোবিন্দানন্দ কবিকঙ্কণের উক্তি উদ্ধৃত হইল। যে ইন্দ্রিয়নিগ্রহ করিবে, সে ব্যক্তি ঐ সকল কার্য্যের স্মরণ কীর্ত্তনাদিও করিবে না কেননা উহাও অসৎকার্য্যের অঙ্গ। দক্ষ ৭ম অঃ ইহা স্পষ্টই বলিয়াছেন।

ইন্দ্রিয়নিগ্রহ প্রকরণ সমাপ্ত।

অন্যে চ দয়া-দান-দেবপূজাদিরূপা বিষ্ণূক্তসামান্যধর্ম্মাঃ প্রসিদ্ধাঃ। তে চ যথাধিকারং কাম্যা নিত্যা বা ভবন্তি। তত্র দানে বিশেষো দর্শয়িষ্যতে। দেবপূজা চ 'আদিত্যং গণনাথঞ্চ দেবীং রুদ্রং যথাক্রমম্। নারায়ণং বিশুদ্ধাখ্যমন্তে চ কুলদেবতাম্॥' পূজয়েদিতি শেষঃ। বচনমিদং পদ্মপুরাণীয়মিত্যাহ্নিকতত্ত্বম্। উক্তঃ সামান্যধর্ম্মঃ। অত্র মনুর্দ্বিতীয়াধ্যায়ে—শ্রুতিস্মৃত্যুদিতং ধর্ম্মমনুতিষ্ঠন্ হি মানবঃ। ইহ কীর্ত্তিমবাপ্নোতি প্রেত্য চানুত্তমং সুখম্॥ বচনমিদং বিশেষধর্ম্মেষ্বপি স্মর্ত্তব্যম্।

ইতি সামান্যধর্ম্ম প্রকরণম্।

---

দয়া, দান, দেবপূজা প্রভৃতি বিষ্ণুকথিত মানব সাধারণের যে সকল ধর্ম্ম, তাহার ব্যাখ্যা অনাবশ্যক। দয়া, দান, দেবপূজা, তীর্থপর্য্যটন, ব্রাহ্মণভক্তি, ক্ষমা, মাতা, পিতা ও বিদ্যাদাতার সেবা, সারল্য, এবং লোভবর্জ্জন এ সমস্তই প্রসিদ্ধ। তাহা অধিকার অনুসারে মানবের আয়ত্ত হয়। অর্থাৎ সত্য অহিংসা প্রভৃতি ধর্ম্ম অন্ততঃ আংশিকভাবে প্রতিপালিত হওয়া আবশ্যক—নতুবা তাহারা একেবারেই ধর্ম্মশূন্য হইবে। সেই ধর্ম্ম প্রতিপালন করিবার শক্তি যাহার হয়, পিতৃমাতৃসেবা, লোভবর্জ্জন, দয়া, ক্ষমা ও সরলতা তাহাদের আংশিক ভাবে থাকেই। তাহার স্থিতি ও বৃদ্ধি যেমন অধিকার তেমনই হইবে। দান, দেবপূজাদি ও তীর্থ পর্য্যটনে যাহার ইচ্ছা বা অধিকার নাই, এমন মানবও অনেক আছে, তাহারা সত্যাদিপালনে তৎপর হইলে তাহাদিগকে ধার্ম্মিক বলিব। কেননা দানাদি কার্য্য তাহাদের কাম্য, সত্যাদিই নিত্য। তবে যাহারা ব্রাহ্মণাদি উচ্চবর্ণ, দান দেবপূজা প্রভৃতিতে যাঁহাদের নিত্যাধিকার তাঁহারা ঐ সকল কার্য্য না করিলে যে প্রত্যবায়প্রাপ্ত হন তাহা বলা বাহুল্য। দান সম্বন্ধে বক্তব্য গৃহস্থধর্ম্মপ্রকরণে বলিব। দেবপূজায় সূর্য্য, গণেশ দুর্গা, শিব, নারায়ণ এবং কুলদেবতা প্রত্যহ পূজনীয়।

সামান্যধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

অথ বিশেষধর্ম্মাঃ । তত্র বর্ণধর্ম্মঃ । অত্র বর্ণশব্দশ্চাতুর্ব্বর্ণ্যং তৎপ্রভবাংশ্চ সর্ব্বান্ মানবানাহ । শ্রুতিস্মৃতিপ্রামাণ্যাভ্যুপগন্তৃত্বং তেষামসাধারণো ধর্ম্মঃ । তদভাবে তু বর্ণবাহ্যত্বং ভবতি । তদুক্তং মনুনা—

শ্রুতিস্তু বেদো বিজ্ঞেয়ো ধর্ম্মশাস্ত্রন্তু বৈ স্মৃতিঃ ।
তে সর্ব্বার্থেষ্বমীমাংস্যে তাভ্যাং ধর্ম্মো হি নির্ব্বভৌ ॥
যোঽবমন্যেত তে মূলে হেতুশাস্ত্রাশ্রয়াদ্দ্বিজঃ ।
স সাধুভির্বহিষ্কার্য্যো নাস্তিকো বেদনিন্দকঃ ॥ ( ২য় অঃ )

দ্বিজ ইতি প্রাধান্যেন গ্রহণং কৈমুতিকন্যায়প্রদর্শনায় । তাদৃগ্‌দ্বিজোঽপি বহিষ্কার্য্যঃ কিমুতাবর তদর্থঃ ।

নচৈবং পৌণ্ড্রকাদীনামপি বর্ণবাহ্যত্বে প্রাপ্তে স্থিতং কুল্লূকভট্টাদিভিরিতি বাচ্যং "বৃষলত্বং গতা" ইত্যস্য 'শূদ্রত্বং প্রাপ্তা' ইত্যেবং তৈরেব ব্যাখ্যাতেন পূর্ব্ববচনেন বিরোধস্য প্রাগুপদর্শিতত্বাৎ ।

ধর্ম্মাতিক্রমপ্রযুক্তং বর্ণবাহ্যত্বং প্রায়শ্চিত্তেনাপনীয়তে ন তু মনূক্তং জাতিবাহ্যত্বমিতি তু গ্রন্থান্তরে প্রপঞ্চয়িষ্যামঃ ।

শিখী তিলকী কর্ম্ম কুর্য্যাদিতিশ্রবণাৎ আহ্নিকাচারতত্ত্বাদিপ্রসিদ্ধপ্রমাণেভ্যশ্চ, সর্ব্বেষামেব বর্ণানাং শিখাতিলকধারণং সাধারণো ধর্ম্মঃ । তিলকে বিশেষমাহ ব্রহ্মপুরাণম্, ঊর্দ্ধপুণ্ড্রং দ্বিজঃ কুর্য্যাৎ ক্ষত্রিয়স্য ত্রিপুণ্ড্রকম্ । অর্দ্ধচন্দ্রন্তু বৈশ্যস্য বর্ত্তুলং শূদ্রজাতিষু ॥

ইতি বিশেষ ধর্ম্ম প্রকরণম্ ।

---

অনন্তর বিশেষ ধর্ম্ম কথিত হইতেছে । বর্ণধর্ম্ম, বেদাদি শাস্ত্রের প্রামাণ্য স্বীকারই, বর্ণের অসাধারণ ধর্ম্ম, অর্থাৎ এই ধর্ম্ম যাঁহার আছে তাঁহাকে বর্ণ বলিয়া এই স্থানে গ্রহণ করিব, নতুবা তিনি বর্ণবর্জ্জিত । বর্ণের একটি সাধা-

অথ ব্রাহ্মণধর্ম্মাঃ। তে চাধ্যাপনাদয়ঃ। তথাচ দশমাধ্যায়ে মনুঃ—অধ্যাপনমধ্যয়নং যজনং যাজনং তথা। দানং প্রতিগ্রহশ্চৈব ষট্‌কর্ম্মাণ্যগ্রজন্মনঃ॥ ষণ্ণান্তু কর্ম্মণামস্য ত্রীণি কর্ম্মাণি জীবিকা। যাজনাধ্যাপনে চৈব বিশুদ্ধাচ্চ প্রতিগ্রহঃ॥ ব্রাহ্মণস্য বৃত্ত্যুপক্রমে গৌতমঃ—কৃষিবাণিজ্যে চাস্বয়ংকৃতে কুসীদঞ্চেতি। তত্র কুসীদমাপদ্বিষয়ম্। ইতরে তু প্রমৃতসত্যানৃতনাম্না মনুনা ব্যপদিষ্টে অনাপদ্বৃত্তী ভবতঃ। যয়োঃ—চতুর্থাধ্যায়ে "ঋতামৃতাভ্যাং জীবেতে"ত্যুপক্রমঃ। গীতায়াং ভগবদ্বাক্যং—শমো দমস্তপঃ শৌচং ক্ষান্তিরার্জ্জবমেব চ। জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজম্॥ শমশ্চিত্তসংযমঃ। দমো বাহ্যেন্দ্রিয়সংযমঃ। আস্তিক্যং শাস্ত্রার্থেষু সত্যত্বনিশ্চয়ঃ। জ্ঞানং শাস্ত্রতঃ। বিজ্ঞানং মানসম্। তস্য ত্রিসন্ধ্যোপাসনমাবশ্যকমিত্যাহ দক্ষঃ,—সন্ধ্যায়াঞ্চ প্রভাতে চ

---

রূপ ধর্ম্ম শিখা ও তিলক ধারণ। এ বিষয়ের প্রমাণ আহ্নিকতত্ত্ব ও ব্রহ্মপুরাণাদি হইতে উদ্ধৃত হইল।

বিশেষ ধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

---

প্রথমেই বর্ণধর্ম্মের অন্তর্গত ব্রাহ্মণধর্ম্ম :—তাহা এই অধ্যয়ন, অধ্যাপন, যজন, যাজন, দান এবং সৎ প্রতিগ্রহ, ব্রাহ্মণের কর্ম্ম, এই ছয়টী কর্ম্মের মধ্যে যাজন, অধ্যাপন ও সৎপ্রতিগ্রহ তিনটী ধর্ম্ম বৃত্তি। ইহা মনু দশম অধ্যায়ে বলিয়াছেন। মনু চতুর্থাধ্যায়ে বলিয়াছেন, কৃষির নামান্তর প্রমৃত, এবং বাণিজ্যের নামান্তর সত্যানৃত, এই দুই বৃত্তি দ্বারাও ব্রাহ্মণের জীবিকানির্ব্বাহ হইতে পারে। তবে গৌতম বলিয়াছেন, নিজ হস্তে কৃত নহে এইরূপ কৃষি-বাণিজ্যই ব্রাহ্মণের অনাপৎ-কালে বৃত্তি। গৌতমের মতে কুসীদও ব্রাহ্মণের বৃত্তি, পরন্তু তাহা আপৎকালে হইবে।

মনোনিগ্রহ, বাহ্যেন্দ্রিয়নিগ্রহ, তপস্যা, শৌচ, ক্ষমা, সরলতা, জ্ঞানবিজ্ঞান এবং আস্তিকতা এই কয়টী ব্রাহ্মণের স্বাভাবিক ধর্ম্ম। ইহা গীতায় কথিত

মধ্যাহ্নে চ তত্র পুনঃ। সন্ধ্যাং নোপাসতে যস্তু ব্রাহ্মণো হি বিশেষতঃ। স জীবন্নেব শূদ্রঃ স্যান্মৃতঃ শ্বা চৈব জায়তে॥ সন্ধ্যাহীনোঽশুচির্নিত্যমনর্হঃ সর্ব্বকর্ম্মসু॥ যদন্যৎ কুরুতে কর্ম্ম ন তস্য ফলমশ্নুতে। আহ্নিকাদিতন্ত্রে শাতাতপঃ—তর্পণন্তু শুচিঃ কুর্য্যাৎ প্রত্যহং স্নাতকো দ্বিজঃ। দেবেভ্যশ্চ ঋষিভ্যশ্চ পিতৃভ্যশ্চ যথাক্রমম্॥ গোতমো হ ব্রাহ্মণস্য চত্বারিংশৎ সংস্কারা নিষ্টাবাত্মগুণাংশ্চাহ। (২য় অঃ) চত্বারিংশৎসংস্কারেষু সর্ব্বেষামেব ব্রাহ্মণানাং গর্ভাধানপুংসবন-সীমন্তোনয়ন-জাতকর্ম্ম- নামকরণান্নপ্রাশন-চৌড়োপনয়নমাবশ্যকম্। বেদব্রতচতুষ্টয়ং সমাবর্ত্তনব্রতস্নানং পরিণয়নমষ্টকাদয়ঃ সপ্ত পাকযজ্ঞা অগ্নিহোত্রাদয়ঃ সপ্ত হবির্যজ্ঞা অগ্নিষ্টোমাদয়ঃ সপ্ত সোমযজ্ঞাঃ পঞ্চমহাযজ্ঞাশ্চেত্যন্তে দ্বাত্রিংশৎ সংস্কারা অতিশয়াধায়কত্বেন সংস্কারব্যপদেশাঃ যথাধিকারং নির্ব্বর্ত্তয়িতব্যাঃ, ন ত্বিমে সর্ব্বব্রাহ্মণসাধারণাঃ ন বা সর্ব্ব এব নিত্যাঃ। তথাহি উপনয়নানন্তরমপ্রবিষ্টব্রহ্মচর্য্যাশ্রমাণাং বেদব্রতচতুষ্টয়ং নাস্তি। নৈষ্ঠিকব্রহ্মচারিণাং ব্রহ্মযজ্ঞমাত্রং ন ত্বন্যে মহাযজ্ঞাঃ, ন বা ব্রতস্নানাদয়ঃ।

---

হইয়াছে। দক্ষ বলিয়াছেন, সায়ংকালে প্রাতঃকালে ও মধ্যাহ্নকালে যে ব্রাহ্মণ সন্ধ্যা উপাসনা না করে, সে জীবিতাবস্থায় শূদ্র তুল্য এবং মৃত্যুর পর কুক্কুর হইয়া জন্মগ্রহণ করে। তর্পণে অধিকার হইলে প্রত্যহ তর্পণ কর্ত্তব্য। এই তর্পণে অগ্রে দেবতর্পণ, মধ্যে ঋষিতর্পণ এবং পরিশেষে পিতৃ-তর্পণ কর্ত্তব্য। ইহা শাতাতপের বাক্য।

গোতম ব্রাহ্মণের চত্বারিংশৎ সংস্কার এবং অষ্টবিধ আত্মগুণের কথা বলিয়াছেন। যথা—গর্ভাধান (১) পুংসবন (২) সীমন্তোন্নয়ন (৩) জাতকর্ম্ম (৪) নামকরণ (৫) অন্নপ্রাশন (৬) চূড়াকরণ (৭) উপনয়ন (৮) বেদব্রত-চতুষ্টয়, (৯—১২) সমাবর্ত্তনস্নান (১৩) বিবাহ (১৪) পঞ্চমহাযজ্ঞ (১৫—১৯) অষ্টকা

নিয়ম্যানাং নোক্তপাকযজ্ঞহবির্যজ্ঞসোমযজ্ঞাঃ। অগ্নিমতামপি সোমযজ্ঞাঃ কাম্যা ইত্যেবম্। মহাযজ্ঞাদয়ো বক্ষ্যন্তে। অষ্টাবাত্মগুণা যথা—সর্ব্বভূতেষু দয়া ক্ষান্তিরনসূয়া শৌচমনায়াসো মঙ্গলমকার্পণ্যমস্পৃহেতি (গৌতম ৮মঃ)। ক্ষমাদময়োরকার্পণ্যদানয়োশ্চৈকার্থতামভিপ্রেত্যাত্রিরাহ—শৌচমঙ্গলানায়াসা অনসূয়াস্পৃহা দমঃ। লক্ষণানি চ বিপ্রস্য তথা দানং দয়াপি চ॥ শৌচলক্ষণমুক্তপূর্ব্বম্।

ন গুণান্ গুণিনো হন্তি স্তৌতি চান্যান্ গুণানপি। ন হাসেচ্চান্যদোষাংশ্চ সানসূয়া প্রকীর্ত্তিতা॥ শরীরং পীড্যতে যেন সুশুভেনাপি কর্ম্মণা। অত্যন্তং তন্ন কুর্ব্বীত অনায়াসঃ স উচ্যতে॥ প্রশস্তাচরণং নিত্যমপ্রশস্তবিবর্জ্জনম্। এতদ্ধি মঙ্গলং প্রোক্তম্ ঋষিভিস্তত্ত্বদর্শিভিঃ॥ গোবিপ্রবহ্ন্যাদিপরিচরণং মণিরত্নাদিধারণঞ্চৈবমাদিকং প্রশস্তাচরণং ভবতি, অপ্রশস্তঞ্চ প্রেতধূমসেবানখখাদনাদি। যথোৎপন্নেন কর্ত্তব্যং সন্তোষঃ সর্ব্ববস্তুষু। ন স্পৃহেৎ পরদারেষু সাস্পৃহা পরিকীর্ত্তিতা॥ সর্ব্ববস্তুষু মধ্যে যথালব্ধেন সন্তোষঃ কর্ত্তব্যঃ, ন তু সত্যপি যথাকথঞ্চিদ্ বর্ত্তনে দ্রব্যাধিক্যাভিলাষঃ সন্তোষঃ। বাহ্যমাধ্যাত্মিকং বাপি দুঃখমুৎপাদ্যতেঽপরৈঃ। ন কুপ্যতি ন চাহন্তি দম ইত্যভিধীয়তে॥ এতানি বচনান্যাত্রেয়াণি। কোপে সত্যপ্যসামর্থ্যপ্রযুক্তমপ্রতিকরণমনাহননরূপং ন ক্ষমার্থকো দম ইত্যাবেদয়িতুমাহ—ন কুপ্যতীতি। প্রমাদ-

---

প্রভৃতি সপ্ত পাকযজ্ঞ (২০—২৬) অগ্নিহোত্র প্রভৃতি সপ্ত হবির্যজ্ঞ (২৭—৩৩) এবং অগ্নিষ্টোম প্রভৃতি সপ্ত সোমযজ্ঞ (৩৪—৪০) ইহারাই চত্বারিংশৎ সংস্কার নামে কথিত। সর্ব্বভূতে দয়া (১) ক্ষমা (২) অসূয়া না করা (৩) শৌচ (৪) শরীরপীড়ক পরিশ্রম অত্যধিক পরিমাণে না করা (৫) মঙ্গলাচার অর্থাৎ

প্রযুক্তকোপাদ্যত্বাৎ ব্রক্ষণস্তমঃপ্রভবত্বাত্তামস ইতি তথাপি ন ধর্ম্ম-রূপক্ষমাগুণনির্ব্বাহকত্বং, তমসোঽধর্ম্মরূপত্বাৎ। তমস্ত্বজ্ঞানজং বিদ্ধি মোহনং সর্ব্বদেহিনাম্। প্রমাদালস্যনিদ্রাভিস্তন্নিবধ্নাতি ভারত॥ ইতি (১৪ অঃ ৮) গীতোক্তেঃ "ধর্ম্মো জ্ঞানং বিরাগ ঐশ্বর্য্যং সাত্ত্বিকমেতদ্রূপং তামসমস্মাদ্ বিপর্য্যস্তমি"তি সাংখ্যোক্তেশ্চ। অহন্যহনি দাতব্যমদীনেনান্তরাত্মনা। স্তোকাদপি প্রযত্নেন দান-মিত্যভিধীয়তে। পরস্মিন্ বন্ধুবর্গে বা মিত্রে দ্বেষ্যে রিপৌ তথা। আত্মবদ্বর্ত্তিতব্যং দয়ৈষা পরিকীর্ত্তিতা॥ তেনাত্মনা পাপানু-ষ্ঠানে যথা প্রায়শ্চিত্তাদিক্লেশঃ সহ্যতে, তথা পাপকরেষু পরেষু তৎপাপক্ষয়ায় পরধনাদিরক্ষণায় চ দণ্ডপ্রায়শ্চিত্তাদিব্যবস্থাপনমপি দয়াধর্ম্মসঙ্গতমেবান্যথা ধনজিহীর্ষুণা দস্যুনাক্রান্তে পান্থে দয়াবতঃ প্রতিপত্তিজড়ত্বাপত্তিঃ, পান্থরক্ষায়াং দস্যুদুঃখং তদরক্ষণে পান্থ-দুঃখমিতি।

যস্য ব্রাহ্মণস্য চত্বারিংশৎসংস্কারাণামেকদেশঃ গর্ভাধানাদি-সংস্কারাষ্টকমষ্টাবাত্মগুণাশ্চ স ব্রহ্মণা সযুক্ সলোকো বা ভবতীত্যাহ

---

প্রশস্ত কার্য্য সেবা প্রভৃতি প্রত্যহ করা ও অপ্রশস্ত মদ্যপান প্রভৃতি কার্য্য বর্জ্জন করা (৬) কৃপণ না হওয়া অর্থাৎ দান করা (৭) এবং কামনাসংযম (৮) এই আটটী 'আত্মগুণ' নামে আখ্যাত। যাহার এই ৮টী আত্মগুণ আছে তাঁহার যদি চত্বারিংশৎ সংস্কার নাও থাকে, পরন্তু সংস্কারের এক-দেশও থাকে তিনি সদ্‌ব্রাহ্মণ। সংস্কারের একদেশ বলিলে,—গর্ভাধান হইতে উপনয়ন পর্য্যন্ত আটটী সংস্কার অন্ততঃ বুঝিবে। এই সংস্কারের অভাব হইলে অপর সংস্কারে অধিকারই হয় না। বিশেষতঃ ঐ সকল সংস্কার অবশ্যকর্ত্তব্য বলিয়া মনু প্রভৃতি কর্ত্তৃক নির্দ্দিষ্ট হইয়াছে। ক্ষমা অর্থে অক্ষমতা বা কাপুরুষতা নহে, ভয়ে চুপ করিয়া থাকা নহে,—ক্ষমা অর্থে প্রতিকারের সামর্থ্যসত্ত্বে প্রতিকার না করা, উপেক্ষা করা। তম

গোতমঃ; যস্য তু খলু সংস্কারাণামেকদেশোঽপ্যষ্টাবাত্মগুণা অথ স ব্রহ্মণঃ সাযুজ্যং সালোক্যঞ্চ গচ্ছতীতি। ননু সংস্কারৈকদেশশব্দস্য গর্ভাধানাদিলক্ষণসংস্কারমুষ্টিকল্পবিশেষপরত্বং কথমুপপাদ্যতে ইতি চেন্ন "বৈদিকৈঃ কর্ম্মভিঃ পুণ্যৈর্নিষেকাদির্দ্বিজন্মনাম্। কার্য্যঃ শরীরসংস্কারঃ পাবনঃ প্রেত্য চেহ চ॥" ইত্যুপক্রম্য "অত ঊর্দ্ধং ত্রয়োঽপ্যেতে যথাকালমসংস্কৃতাঃ। সাবিত্রীপতিতা ব্রাত্যা ভবন্ত্যার্য্যবিগর্হিতা" ইত্যন্ত (২য় অঃ) মনুস্মরণাৎ॥

গোতমোক্তং নামকরণপদম্ অন্নপ্রাশনপদং বা নিষ্ক্রমণস্যাপ্যুপলক্ষকম্। চতুর্থে মাসি কর্ত্তব্যং শিশোর্নিষ্ক্রমণং গৃহাদি"তি মনূক্তেঃ। অধ্যয়নং ব্রাহ্মণধর্ম্ম ইতি প্রাপ্তম্ অথ কিংবিষয়কমধ্যয়নমিত্যুচ্যতে তত্র যাজ্ঞবল্ক্যঃ—"পুরাণন্যায়মীমাংসা ধর্ম্মশাস্ত্রাঙ্গমিশ্রিতাঃ। বেদাঃ স্থানানি বিদ্যানাং ধর্ম্মস্য চ চতুর্দ্দশ॥" তত্র—

---

মনে হইতেছে কিনা নিজেই বুঝিবে, আত্মবঞ্চনা করিবে না, যদি দণ্ডভয়, ক্ষতিভয় ইত্যাদি কারণে দোষীর প্রতিকারে অসামর্থ্য হয়, সে অসামর্থ্য তমোগুণের ফল, তাহা সত্ত্বগুণের ফল নহে, সুতরাং ক্ষমাও নহে; ক্ষমা সত্ত্বগুণেরই ফল। কামনা সংযমের অর্থ—অন্নাদি যেমন সংগৃহীত হইবে তাহাতেই সন্তুষ্ট হওয়া এবং পরদারে কামনা না করা, ইহাই কামনা-সংযম বা অস্পৃহা। অপর গুণের ব্যাখ্যা নিষ্প্রয়োজন। অত্রিসংহিতায় গুণের ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে। এই প্রসঙ্গে মনে মনু, অত্রি এবং গোতমসংহিতার প্রমাণ উদ্ধৃত হইয়াছে। গোতমসংহিতায় গর্ভাধানাদি সংস্কারের মধ্যে নিষ্ক্রমণের নাম নাই, কিন্তু মনু নিষ্ক্রমণ-সংস্কারের কথা বলিয়াছেন। অতএব গোতমের অন্নপ্রাশন সংস্কারই নিষ্ক্রমণ-সংস্কারেরও বোধক ইহা স্বীকার করিলে দোষ হয় না। অধ্যয়ন যে ব্রাহ্মণের অন্যতম ধর্ম্ম তাহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে, সেই অধ্যয়ন যে কোন্ বিষয় করিতে হয়, তাহা বলিতেছি। বক্তব্য বিষয়ে অগ্রসর হইবার জন্য যাজ্ঞবল্ক্য-বচন প্রথমেই উদ্ধৃত করিলাম, তাহার ভাবার্থ এই

বেদঃ স্বাধ্যায়োপিশ্চিতঃ শুচৌ দেশে সমাহিতঃ। ধর্ম্মশাস্ত্রং তথা পাঠ্যং ব্রাহ্মণৈঃ শুদ্ধমানসৈঃ॥ ইতি হারীতবচনাৎ শ্রুতিস্মৃত্যধ্যয়নং ব্রাহ্মণানামবশ্যকর্ত্তব্যম্। আর্ষং ধর্ম্মোপদেশঞ্চ বেদশাস্ত্রাবিরোধিনা। যস্তর্কেনানুসন্ধত্তে স ধর্ম্মং বেদ নেতরঃ॥ ইতি মনুস্মরণাৎ সতর্কশাস্ত্রাধ্যয়নমপি কর্ত্তব্যম্। বেদোঽপি সাঙ্গঃ পাঠ্যঃ। "ধর্ম্মেণাধিগতো যৈস্তু বেদঃ সপরিবৃংহণঃ। তে শিষ্টা ব্রাহ্মণা জ্ঞেয়াঃ শ্রুতিপ্রত্যক্ষহেতবঃ॥ ইতি মনুবচনাৎ। সপরিবৃংহণঃ অঙ্গমীমাংসাধর্ম্মশাস্ত্রপুরাণাদ্যুপবৃংহিতঃ ইতি কুল্লূকভট্টাদয়ঃ। শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং জ্যোতিষাং গণঃ। ছন্দসাং বিচিতিশ্চৈবেতি ষড়ঙ্গানি। পুরাণাদ্যধ্যয়নঞ্চানেনৈব প্রাপ্তম্। স এষ বহুশ্রুতো ভবতি লোকবেদবেদাঙ্গবিৎ, বাকোবাক্যেতিহাসপুরাণকুশল ইতি গৌতমবচনাচ্চ। এতেনাধ্যাপনং ব্যাখ্যাতম্।

---

যে পুরাণ, ন্যায়, মীমাংসা, ধর্ম্মশাস্ত্র, স্বর ও উচ্চারণজ্ঞানের জন্য শিক্ষা গ্রন্থ কর্ম্মকাণ্ড নির্ব্বাহের জন্য কল্প, গ্রন্থ, ব্যাকরণ, নিরুক্ত অর্থাৎ বেদের অভিধান জ্যোতিষ শাস্ত্র এবং চতুর্ব্বেদ—এই চতুর্দ্দশ শাস্ত্র বিদ্যা ও ধর্ম্মের মূল। ইহার মধ্যে বেদ ও ধর্ম্মশাস্ত্র ব্রাহ্মণের অবশ্য পাঠ্য, ইহা হারীত বলেন। ব্যাকরণাদি অর্থাৎ বেদাঙ্গ পাঠও তদ্রূপ কর্ত্তব্য। মনুবচন দ্বারা প্রমাণিত হইয়াছে, তর্ক শাস্ত্রও অধ্যয়ন করা উচিত। তবে বেদাঙ্গ অর্থাৎ শিক্ষা-প্রভৃতি ছয় গ্রন্থ, ধর্ম্মশাস্ত্র ও বেদ অবশ্যপাঠ্য। এই সব অধ্যয়ন হইলে তর্কশাস্ত্র ইতিহাস পুরাণাদি অধ্যয়ন করিতে হয়; এই তর্কশাস্ত্র অর্থে ন্যায় ও মীমাংসা। শাস্ত্রবক্তাবর্গের ন্যায় ও মীমাংসাই উল্লিখিত হইয়াছে কি না। বৃত্তির মধ্যে প্রতিগ্রহ সম্বন্ধে বক্তব্য এই যে, অযাচিত প্রতিগ্রহ উৎকৃষ্ট, যাচিত প্রতিগ্রহ হেয়। কাষ্ঠ জল ফল মূল ও অন্ন এই সমস্ত দ্রব্য অযাচিতভাবে ভিক্ষাদানার্থ আনীত হইলে তাহা প্রত্যাখ্যান করিবে না, করিলে পাপ হয়। শয্যাদি দান অযাচিতভাবে করিতে আসিলে তাহাও প্রত্যাখ্যান করিতে নাই, তবে এ নিয়ম গৃহস্থ ব্রাহ্মণের পক্ষে অন্যের নহে।

মনুঃ—এবং যথোক্তং বিপ্রাণাং স্বধর্ম্মমনুতিষ্ঠতাম্। কথং মৃত্যুঃ প্রভবতি বেদশাস্ত্রবিদাং প্রভো॥ স তানুবাচ ধর্ম্মাত্মা মহর্ষীন্ মানবো ভৃগুঃ। শ্রূয়তাং যেন দোষেণ মৃত্যুর্ব্বিপ্রান্ জিঘাংসতি॥ অনভ্যাসেন বেদানামাচারস্য চ বর্জ্জনাৎ। আলস্যাদন্নদোষাচ্চ মৃত্যুর্ব্বিপ্রান্ জিঘাংসতি॥ তস্মাদ্ ব্রাহ্মণৈরনলসৈঃ বেদাভ্যাসার্থং শৌচাচারপরিরক্ষণার্থমন্নশুদ্ধ্যর্থং সদ্বৃত্ত্যর্থঞ্চ, নিত্যং প্রযত্নবদ্ভির্ভবিতব্যমিতি। যাজনাধ্যাপনসৎপ্রতিগ্রহা অশক্তৌ কৃষিবাণিজ্যে চ ধর্ম্ম্যা বৃত্তয়ঃ। তত্রাযাচিতানাং যাচিতানাঞ্চ প্রতিগ্রহো ভবতি। তত্রাদ্যঃ শ্রেয়ান্। আহৃতাভ্যুদ্যতাং ভিক্ষাং পুরস্তাদপ্রচোদিতাম্। মেনে প্রজাপতির্গ্রাহ্যামপি দুষ্কৃতকর্ম্মণঃ ইতি (৪র্থ)। অমৃতং স্যাদযাচিতমিতি চ মনুস্মরণাৎ। ইয়ঞ্চ ভিক্ষা হিরণ্যাদিরূপা। অন্নাদেরেধোদকমিত্যাদিনা পূর্ব্বমুক্তত্বাৎ ইতি কুল্লূকভট্টঃ। বস্তুতঃ এধোদকং মূলফলম্ অন্নমভ্যুদ্যতঞ্চ যৎ। সর্ব্বতঃ প্রতিগৃহ্নীয়াৎ মধ্বথাভয়দক্ষিণামিতি প্রাগুক্তবিবরণমিদম্। অযাচিতানাং দানার্থং সম্প্রদানসমীপমুপহৃত্য দাতুমুদ্যতানামেধোদকান্নাদীনাং ভিক্ষারূপাণাং প্রতিগ্রহণমুচিতমিতি তদর্থঃ। তদপ্রতিগ্রহে দোষমাহ মনুঃ—নাশ্নন্তি পিতরস্তস্য দশ বর্ষাণি পঞ্চ চ। ন চ হব্যং বহত্যগ্নির্যস্তামভ্যবমন্যতে (৪ অঃ) ইতি॥ এবম্ অযাচিতা দাতুমুদ্যতাশ্চ শয্যাদয়োঽপি সম্প্রদানেন ব্রাহ্মণেন ন প্রত্যাখ্যেয়াঃ, যথা মনুঃ—শয্যাং গৃহান্ কুশান্ গন্ধানপঃ পুষ্পং মণীন্ দধি। ধানা মৎস্যান্ পয়ো মাংসং

---

এই সকল ধর্ম্মযুক্ত ব্রাহ্মণের মৃত্যু (অকাল-মৃত্যু) হয় কেন? এই প্রশ্নের উত্তরে স্বয়ং মনু বলিয়াছেন, ব্রাহ্মণ সম্পূর্ণভাবে এই সমস্ত ধর্ম্ম পালন করিতে পারিলে তাহার মৃত্যু হইত না, পরন্তু তাহা তাঁহারা পারেন না, বেদাভ্যাসে অযত্ন, আচার ত্যাগ, আলস্য এবং অন্নদোষেই ব্রাহ্মণের মৃত্যু। অতএব

শাকৈশ্চৈব নং নির্ব্বপেৎ (৪র্থ অঃ)॥ ইদং হি গৃহস্থব্রাহ্মণবিষয়ং প্রকরণাৎ।

অন্ত্যঃ সতি সম্ভবে বর্জ্জনীয়ঃ। প্রতিগ্রহসমর্থোঽপি প্রসঙ্গং তত্র বর্জ্জয়েৎ (৪ অঃ)। প্রতিগ্রহেণ হ্যস্যাশু ব্রাহ্মং তেজঃ প্রশাম্যতীতি (৪র্থ অঃ) মনুস্মরণাৎ। ইদমপি গৃহস্থবিষয়ম্, ব্রহ্মচারি-সন্ন্যাসিনাং সৎপ্রতিগ্রহমাত্রবৃত্তিত্বাৎ। ইতি সংক্ষেপঃ।

ইতি ব্রাহ্মণধর্ম্মপ্রকরণম্।

---

অথ ক্ষত্রধর্ম্মাঃ। তত্র মনুঃ—ত্রয়ো ধর্ম্মা নিবর্ত্তন্তে ব্রাহ্মণাৎ ক্ষত্রিয়ং প্রতি। অধ্যাপনং যাজনঞ্চ তৃতীয়শ্চ প্রতিগ্রহঃ॥ মহাভারতে শান্তিপর্ব্বণি ৬০ অধ্যায়ে ভীষ্মবচনং,—ক্ষত্রিয়স্যাপি যো ধর্ম্মস্তং তে বক্ষ্যামি ভারত। দদ্যাদ্রাজন্ ন যাচেত যজেত চ ন যাজয়েৎ॥ যাজ্ঞবল্ক্যঃ—নাধ্যাপয়েদধীয়ীত প্রজাশ্চ পরিপালয়েৎ। নিত্যোদ্যুক্তো দস্যুবধে রণে কুর্য্যাৎ পরাক্রমম্॥ ইজ্যাধ্যয়নদানানি বৈশ্যস্য ক্ষত্রিয়স্য চ। প্রতিগ্রহোঽধিকো বিপ্রে যাজনাধ্যাপনে তথা॥ গীতায়াং ভগবদ্বচনম্—শৌর্য্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্। দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম্ম স্বভাবজম্॥ প্রধানং ক্ষত্রিয়ে

---

জীবনেচ্ছু ব্রাহ্মণ বেদপাঠে মনোযোগী হইবে, আচারপূত হইবে, আলস্য-হীন ও বিশুদ্ধান্নভোজী হইবে।

ব্রাহ্মণধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

---

অনন্তর ক্ষত্রিয়ধর্ম্ম বলিতেছি। ক্ষত্রিয়ের অধ্যয়ন, যজন, দান, যুদ্ধ হইতে পলায়ন না করা, সৈনিক বৃত্তি এবং প্রজাপালন ধর্ম্ম। এতন্মধ্যে শেষ দুইটী ধর্ম্ম বৃত্তি। যাচ্ঞা, পৌরোহিত্য এবং অধ্যাপনা ক্ষত্রিয়ের নিষিদ্ধ। প্রজা-

কস্য প্রজানাং পরিপালনম্। ইতি যাজ্ঞবল্ক্যবচনং প্রজাপালনস্য প্রকৃষ্টবৃত্তিত্বজ্ঞাপকম্। বৃত্ত্যুপক্রমে "ক্ষত্রিয়াণাং ক্ষিতিত্রাণমি"তি বিষ্ণুনোক্তত্বাৎ। দ্বিজাতিধর্ম্মোপক্রমে ক্ষত্রিয়স্য শস্ত্রনিত্যতেতি তেনৈবোক্তত্বাচ্চ।

তথাচ "যজনাধ্যয়নদানানি যুদ্ধাদনপসরণমিতি ক্ষত্রিয়ধর্ম্মাঃ। ভূস্বামিতা যোধধর্ম্মশ্চেতি বৃত্তিদ্বয়ী ক্ষত্রিয়স্য ধর্ম্ম্যা। যোধধর্ম্মশ্চ মনুনোক্তো যথা—যস্তু ভীতঃ পরাবৃত্তঃ সংগ্রামে হন্যতে পরৈঃ। ভর্ত্তুর্যদ্দুষ্কৃতং কিঞ্চিৎ তৎসর্ব্বং প্রতিপদ্যতে॥ যচ্চাস্য সুকৃতং কিঞ্চিদমুত্রার্থমুপার্জ্জিতম্। ভর্ত্তা তৎসর্ব্বমাদত্তে পরাবৃত্তহতস্য তু॥ রথাশ্বং হস্তিনং ছত্রং ধনং ধান্যং পশূন্ স্ত্রিয়ঃ। সর্ব্বদ্রব্যাণি কুপ্যঞ্চ যো যজ্জয়তি তস্য তৎ॥ রাজ্ঞশ্চ দদ্যুরুদ্ধারমিত্যেষা বৈদিকী শ্রুতিঃ। রাজ্ঞা চ সর্ব্বযোধেভ্যো দাতব্যমপৃথগ্জিতম্॥ ইতি (৭ম অঃ)॥

অথাত্র রাজধর্ম্মাঃ—চৌরপারদারিকমদ্যপাদিনিগ্রহরূপদুষ্টদমনং শিষ্টপালনং প্রজাক্ষেপসহনং কুলদেশাদিপ্রসিদ্ধধর্ম্মরক্ষণং গোব্রাহ্মণরক্ষণং ন্যায্যদণ্ডত্বং প্রজারঞ্জনমনুজীবিনামযুক্তাচারপ্রতিষেধঃ যথাধিকারং ধর্ম্মব্যবস্থাপনং প্রজানামপীড়নং সমরাদিকৌশলমুদ্যোগশীলতা গূঢ়মন্ত্রতা বিজিতপররাজ্যেঽপি স্বরাজ্যপালনধর্ম্মানুসরণং

---

পালনই ক্ষত্রিয়ের উৎকৃষ্ট বৃত্তি। সৈনিক বৃত্তি যে করিবে, তাহার যুদ্ধ হইতে পলায়ন সর্ব্বতোভাবে নিষিদ্ধ, এবং তাহার বিজিত দ্রব্য তাহারই প্রাপ্য। এতৎসম্বন্ধে মনু, গীতা যাজ্ঞবল্ক্য ও বিষ্ণুসংহিতা হইতে প্রমাণ উদ্ধৃত হইয়াছে। ক্ষত্রিয়ধর্ম্ম প্রকরণেই রাজধর্ম্ম কথিত হইয়াছে; যথা—চোর লম্পট মাতাল প্রভৃতি দুষ্টগণের দমন, শিষ্টপালন, প্রজার কটুবাক্য সহ্য করা, কুলদেশাদির প্রচলিত ধর্ম্ম রক্ষা করা অর্থাৎ যে বংশে যে জাতি বা যে দেশে যে

লোকহিতায় ভৃত্যনিযোজনং রাষ্ট্রকোশগুপ্তিঃ দুর্ব্বলানুগ্রহশ্চেত্যাদয়ঃ। তদেতৎ সর্ব্বমেকোক্ত্যা—লোকরঞ্জনমিত্যুচ্যতে। এষ রাজ্ঞাং পরমো ধর্ম্মঃ, উক্তং হি মহাভারতে শান্তিপর্ব্বণি ৫৭ মাধ্যায়ে লোক-রঞ্জনমেবাত্র রাজ্ঞাং ধর্ম্মঃ সনাতনঃ। নন্বেবং প্রিয়ানৃতবচনাদিনা কপটব্যবহারেণ চ লোকরঞ্জনমপি ধর্ম্মো ভবিষ্যতীত উত্তরার্দ্ধমুক্তং "সত্যস্যরক্ষণঞ্চৈব ব্যবহারস্য চার্জ্জবমি"তি। সত্যাদিনা লোকরঞ্জনমেব তত্ত্বতো লোকরঞ্জনং লোকশব্দেন পরলোকস্যাপি বোধনাৎ।

তত্র দুষ্টদমনং শিষ্টপালনঞ্চাহ স এব,—নিগ্রহেণ চ পাপানাং সাধুনাং সংগ্রহেণ চ। দ্বিজাতয় ইবেজ্যাভিঃ পূযন্তে সততং নৃপাঃ (৮ম অঃ)॥

প্রজাক্ষেপসহনমাহ স এব,—ক্ষন্তব্যং প্রভুণা নিত্যং ক্ষিপতাং কার্য্যিণাং নৃণাম্। বালবৃদ্ধাতুরাণাঞ্চ কুর্ব্বতা হিতমাত্মনঃ॥ যঃ ক্ষিপ্তো মর্ষয়ত্যার্ত্তৈস্তেন স্বর্গে মহীয়তে। যস্ত্বৈশ্বর্য্যান্ন ক্ষমতে নরকং তেন গচ্ছতি (৮ম অঃ)॥ ক্ষেপো ভর্ৎসনম্।

কুলজাতিদেশাদিধর্ম্মরক্ষণমাহ স এব,—জাতিজানপদান্ ধর্ম্মান্ শ্রেণীধর্ম্মাংশ্চ ধর্ম্মবিৎ। সমীক্ষ্য কুলধর্ম্মাংশ্চ স্বধর্ম্মং প্রতিপাদয়েৎ॥ সদ্ভিরাচরিতং যৎস্যাদ্ধার্ম্মিকৈশ্চ দ্বিজাতিভিঃ। তদ্দেশকুলজাতীনা-মবিরুদ্ধং প্রকল্পয়েৎ (৮ম অঃ)॥ মহাভারতে শান্তিপর্ব্বণি ৬৬ মাধ্যায়ে ব্যাসঃ—দেশধর্ম্মাংশ্চ কৌন্তেয় কুলধর্ম্মাংস্তথৈব চ। পালয়ন্ পুরুষব্যাঘ্র রাজা সর্ব্বাশ্রমী ভবেৎ॥

গোব্রাহ্মণরক্ষণাদিকমাহ তত্রৈব ৭৭মাধ্যায়ে—যেষাং গোব্রাহ্মণং রক্ষ্যং প্রজা রক্ষ্যাশ্চ কেকয়। ন রক্ষোভ্যো ভয়ং তেষাং কুত এব তু

---

ধর্ম্ম যেমন ভাবে চলিতেছে তাহার অন্যথা না করিয়া রক্ষা করা, গো ব্রাহ্মণ রক্ষা, সতর্কতার সহিত ও নিরপেক্ষ ভাবে দণ্ড প্রদান ব্যবহার দ্বারা প্রজার

পাবকাৎ ॥ তত্রৈব রক্ষঃ প্রতি কেকয়রাজবাক্যে—ন মে স্তেনো জনপদে ন কদর্য্যো ন মদ্যপঃ। নানাহিতাগ্নির্নাযজ্বা মামকান্তরমাবিশঃ ॥ কৃপণানাথবৃদ্ধানাং দুর্ব্বলাতুরযোষিতাম্। সংবিভক্তাস্মি সর্ব্বেষাং মামকান্তরমাবিশঃ ॥ কুলদেশাদিধর্ম্মাণাং প্রথিতানাং যথাবিধি। অব্যুচ্ছেত্তাস্মি সর্ব্বেষাং মামকান্তরমাবিশঃ ॥

ন্যায্যদণ্ডত্বমাহ মনুঃ—দণ্ডঃ শাস্তি প্রজাঃ সর্ব্বা দণ্ড এবাভিরক্ষতি। দণ্ডঃ সুপ্তেষু জাগর্ত্তি দণ্ডং ধর্ম্মং বিদুর্জ্জনাঃ ॥ সমীক্ষ্য স ধৃতঃ সম্যক্ সর্ব্বা রঞ্জয়তি প্রজাঃ। অসমীক্ষ্য প্রণীতস্তু বিনাশয়তি সর্ব্বতঃ ॥ তত্রৈব মহাভারতে শান্তিপর্ব্বণি ৫৭ মাধ্যায়েঽপি—ধর্ম্মে চার্থে চ কামে চ মোক্ষে চ সততং রতঃ। এষ্যাং সংবৃতমন্ত্রশ্চ রাজা ভবিতুমর্হতি ॥ পুত্রা ইব পিতুর্গেহে বিষয়ে যস্য মানবাঃ। নির্ভয়া বিচরিষ্যন্তি স রাজা রাজসত্তমঃ ॥ সর্ব্বাভিকাঙ্ক্ষী নৃপতির্যশ্চ সর্ব্বহরো ভবেৎ। স ক্ষিপ্রমনৃজুর্লুব্ধঃ স্বজনেনৈব বধ্যতে ॥

যথাধিকারং ধর্ম্মরক্ষণমাহ মহাভারতে শান্তিপর্ব্বণি ৫৭ মাধ্যায়ে ব্যাসঃ—চাতুর্ব্বর্ণস্য ধর্ম্মাশ্চ রক্ষিতব্যা মহীক্ষিতা। ধর্ম্মসঙ্কররক্ষা চ রাজ্ঞাং ধর্ম্মঃ সনাতনঃ ॥ ন যস্য কূটং কপটং ন মায়া ন চ মৎসরঃ। বিষয়ে ভূমিপালস্য তস্য ধর্ম্মঃ সনাতনঃ ॥ প্রজারঞ্জন প্রকারমাহ তত্রৈব—অভৃতানাং ভবেদ্ভর্ত্তা ভৃতানামন্ববেক্ষকঃ। নৃপতিঃ সুমুখশ্চ স্যাৎ স্মিতপূর্ব্বাভিভাষিতা ॥ তত্রৈব ৫৮ মাধ্যায়ে—সতাং সংগ্রহণং

---

প্রীতি আকর্ষণ কর্ম্মচারীদিগের প্রজাবর্গের প্রতি অন্যায় আচরণ নিষেধ, প্রজাপীড়ন না করা, যুদ্ধাদিতে নিপুণতা, উদ্যোগশীলতা, গূঢ় মন্ত্রণা পরকীয় রাজ্য জয় করিয়া লইলে, অবিকল স্বীয় পৈতৃক রাজ্যের ন্যায় সে স্থানেও সুশাসন প্রবর্ত্তন রাজ্যরক্ষা ও দেশরক্ষা এবং দুর্ব্বলের প্রতি অনুগ্রহ ইত্যাদি ধর্ম্ম রাজার পালনীয়। এই ধর্ম্মসমূহকে এক কথায় লোকরঞ্জন বলা যাইতে

শৌর্য্যং দাক্ষ্যং সত্যং প্রজাহিতম্। অনার্জ্জবৈরার্জ্জবৈশ্চ শত্রুপক্ষস্য ভেদনম্ ॥

অনুজীবিনামযুক্তাচারপ্রতিষেধমাহ মনুঃ—রাজ্ঞো হি রক্ষাধিকৃতাঃ পরস্বাদায়িনঃ শঠাঃ। ভৃত্যা ভবন্তি প্রায়েণ তেভ্যো রক্ষেদিমাঃ প্রজাঃ ॥

প্রজাপীড়নে দোষমাহ যাজ্ঞবল্ক্যঃ—প্রজাপীড়নসন্তাপ-সমুদ্ভূতো হুতাশনঃ। রাজ্ঞঃ কুলং শ্রিয়ং প্রাণান্ নাদগ্ধ্বা বিনিবর্ত্ততে (১ম অঃ) ॥ স্বয়মকৃতমপি রক্ষাধিকৃতাদিকৃতং প্রজাপীড়নমুপেক্ষমাণস্য রাজ্ঞো দোষমাহ মনুঃ—মোহাদ্রাজা স্বরাষ্ট্রং যঃ কর্ষয়ত্যনবেক্ষয়া। সোঽচিরাদ্‌ভ্রশ্যতে রাজ্যাজ্জীবিতাচ্চ সবান্ধবঃ (৭ম অঃ) ॥ সমর-কৌশলং দিঙ্‌মাত্রেণোক্তপূর্ব্বং প্রপঞ্চস্তু মনু-মহাভারতাদের্দণ্ডনীতিশাস্ত্রাচ্চ জ্ঞেয়ম্।

উদ্যোগশীলত্বমুক্তং মহাভারতে শান্তিপর্ব্বণি ৫৭ অধ্যায়ে—নিত্যোত্থিতেন বৈ রাজ্ঞা ভবিতব্যং যুধিষ্ঠির। প্রশস্যতে ন রাজা হি নারীবোদ্যমবর্জ্জিতঃ ॥ তত্রৈব ৫৮ অধ্যায়ে—উত্থানং হি নরেন্দ্রাণাং বৃহস্পতিরভাষত। রাজধর্ম্মস্য তন্মূলং শ্লোকাংশ্চাত্র নিবোধ মে ॥ উত্থানেনামৃতং লব্ধমুত্থানেনাসুরা হতাঃ। উত্থানেন মহেন্দ্রেণ শ্রৈষ্ঠ্যং প্রাপ্তং দিবীহ চ ॥ উত্থানবীরঃ পুরুষো বাগ্‌বীরানধিতিষ্ঠতি। উত্থানবীরান্ বাগ্‌বীরা রময়ন্ত উপাসতে ॥

গূঢ়মন্ত্রত্বমাহ যাজ্ঞবল্ক্যঃ—মন্ত্রমূলং যতো রাজ্যমতো মন্ত্রং সুরক্ষিতম্। কুর্য্যাদ্ যথাস্য ন বিদুঃ কর্ম্মণামাফলোদয়াৎ ॥

---

পারে। সরল ব্যবহার ও সত্যাদি রক্ষা দ্বারা সমস্ত প্রজাকে নিজের অনুরক্ত করাই লোকরঞ্জন শব্দের অর্থ। এ সম্বন্ধে মনু, মহাভারত ও যাজ্ঞবল্ক্যাদি হইতে প্রমাণ উদ্ধৃত হইয়াছে।

বিজিতপররাজ্যেঽপি স্বরাজ্যপালনধর্ম্মানুবর্ত্তনমাহ স এব,— য এব ধর্ম্মো নৃপতেঃ স্বরাষ্ট্রপরিপালনে। তমেব কৃৎস্নমাপ্নোতি পররাষ্ট্রং বশং নয়ন্* ( ১ম অঃ )॥ 'আপ্নোতি' অধিগচ্ছতি, ন পালয়তীত্যর্থঃ, সদাচারপারম্পর্য্যদ্যোতনায় লট্। পালয়েৎ— ইতি তু তাৎপর্য্যম্। অত্র বিশেষমপ্যাহ স এব—যস্মিন দেশে য আচারো ব্যবহারঃ কুলস্থিতিঃ। তথৈব পরিপাল্যোঽসৌ যদা বশমুপাগতঃ ( ১ম অঃ )॥ অথবা—স্বদেশব্যবহারজাতিকুলধর্ম্মরক্ষণাদিনা স্বরাষ্ট্রপরিপালনে কৃতে নৃপতের্যো ধর্ম্মো ভবতি বিজিতং পররাষ্ট্রং তথৈব পরদেশব্যবহার-তত্তজ্জাতিকুলধর্ম্মরক্ষণাদিনা বশং নয়ন্ তমেব ধর্ম্মমাপ্নোতি রাজা ইত্যর্থঃ।

দুর্ব্বলং প্রত্যপচারেঽননুগ্রহে চ দোষমাহ মহাভারতে শান্তিপর্ব্বণি মান্ধাতারং ( ৯১ মাধ্যায়ে ) প্রত্যুতথ্যঃ—দুর্ব্বলাংস্তাত মন্যেথা নিত্যমেবাবমানিতান্। মা ত্বাং দুর্ব্বলচক্ষুংষি প্রদহেয়ুঃ সবান্ধবম্॥ বিমানিতো হতঃ ... ষ্টস্ত্রাতারং চেন্ন বিন্দতি। অমানুষকৃতস্তত্র দণ্ডো হন্তি নরাধিপম্॥ মনুঃ—স্বাদানাৎ বর্ণসংসর্গাৎ ত্ববলানাঞ্চ রক্ষণাৎ। বলং সঞ্জায়তে রাজ্ঞঃ প্রেত্য চেহ চ বর্দ্ধতে॥ স্বাদানং ন্যায়তো ধনগ্রহণম্, বর্ণসংসর্গঃ বর্ণানাং প্রজারূপাণামন্যোন্যসম্বন্ধঃ।

লোকহিতার্থং ভৃত্যনিযোজনমাহ মনুঃ—এবং চরন্ সদা যুক্তো রাজধর্ম্মেষু পার্থিবঃ। হিতেষু চৈব লোকস্য সর্ব্বান্ ভৃত্যান্ নিয়োজয়েৎ॥ বহূনাং রাজধর্ম্মাণামিমে সার্ব্ববর্ণিকরাজসাধারণেষু মুখ্যাঃ। অন্যে তু শ্রদ্দধতাং শাস্ত্রত এবাবগম্যাঃ সন্তু। তদেবং ধর্ম্মা হি রাজা ভূমিপো ভবতি ভূমে রক্ষকত্বাৎ। ভূমিপশ্চ প্রজানাং

* এইরূপ ধর্ম্মযুক্ত রাজাই 'ভূমিপ' শব্দ বাচ্য, কেন না, তিনি ভূমি অর্থাৎ স্বীয় রাজ্যকে যথার্থই পালন করেন; তিনি মহতী দেবতা; তিনি বালক হইলে

মহতী দেবতা, বালোঽপি নাবমন্তব্যো মনুষ্য ইতি ভূমিপঃ। মহতী দেবতা হ্যেষা নররূপেণ তিষ্ঠতি (৭ম অঃ)॥ ইতি মনুস্মরণাৎ; অন্যথা পুনঃ স এবাহ—অনপেক্ষিতমর্য্যাদং নাস্তিকং বিপ্রলুম্পকম্। অরক্ষিতারমত্তারং নৃপং বিদ্যাদধোগতিম্॥ মহাভারতে শান্তিপর্ব্বণি ৭১ মাধ্যায়ে ব্যাসঃ—অর্থশাস্ত্রপরো রাজা ধর্ম্মার্থান্নাধিগচ্ছতি। অস্থানে চাস্য তদ্বিত্তং সর্ব্বমেব বিনশ্যতি॥

অথাদ্য মহাভারতোক্তৈ্যব বদামঃ সর্ব্বে ধর্ম্মা রাজধর্ম্মপ্রধানাঃ সর্ব্বে বর্ণাঃ পাল্যমানা ভবন্তি। সর্ব্বস্ত্যাগো রাজধর্ম্মেষু রাজংস্ত্যাগং ধর্ম্মঞ্চাহুরগ্র্যং পুরাণম্॥ (মহাভারত শান্তিপর্ব্ব ৬৩ মাধ্যায়ঃ)।

ইতি ক্ষত্রিয়ধর্ম্ম-রাজধর্ম্মপ্রকরণম্।

---

অথ বৈশ্যধর্ম্মাঃ। —তত্রেজ্যাধ্যয়নদানান্যুক্তপ্রমাণানি। পশুপালনমস্যো ধর্ম্মঃ, দ্বিজাতিধর্ম্মোপক্রমে বৈশ্যস্য পশুপালনমিতি বিষ্ণুক্তেঃ। ধর্ম্ম্যা বৃত্তয়শ্চ কৃষিগোরক্ষবাণিজ্যকুসীদযোনিপোষণানীতি চ" বৃত্ত্যুপক্রমে তেনৈবোক্তাঃ। যোনিপোষণং ধান্যাদি-

---

লেও অবজ্ঞেয় নহেন। আর রাজা, রাজধর্ম্মচ্যুত হইলে, তাঁহার অধোগতি হয়, রাজা ধর্ম্মদর্শী না হইয়া কেবল অর্থনীতির বশবর্ত্তী হইলে, রাজার সর্ব্বস্ব নাশ হয়। এই কথা মনু ও মহাভারত হইতে প্রমাণিত হইল। সমস্ত ধর্ম্মই যে, রাজধর্ম্মের অন্তর্গত, রাজধর্ম্ম যে শ্রেষ্ঠধর্ম্ম, এ কথা মহাভারত হইতে প্রমাণিত হইল।

রাজধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

---

অনন্তর বৈশ্যধর্ম্ম কথিত হইতেছে। অধ্যয়ন, যজন ও দান বৈশ্যেরও ধর্ম্ম। পশুপালন বৈশ্যের জাতীয় ধর্ম্ম। কৃষিকর্ম্ম, পশুপালন, বাণিজ্য, কুসীদ (সুদ) এবং বীজরক্ষা বৈশ্যের ধর্ম্ম বৃত্তি। মণি মুক্তা প্রবালাদির মূল্যাদি জ্ঞান,

বীজরক্ষণম্। বিবিধপশূৎপাদনার্থং তৎপ্রসূতিপালনম্। গবিপশ্বন্তর-সঙ্করণমকর্ত্তব্যম্, অন্যত্র তু সঙ্করণমপীতি গোরক্ষাযোনিপোষণয়োঃ পৃথগ্‌গ্রহণমিতি নব্যাঃ।

অস্য তু কৃষিবাণিজ্যয়োঃ পাশুপাল্যে বা যথাসম্ভবমন্তর্ভাবমভি-প্রেত্য যাজ্ঞবল্ক্যেনোক্তং "কুসীদকৃষিবাণিজ্যং পাশুপাল্যং বিশঃ স্মৃতমি"তি (১ম অঃ)। অত্র বাণিজ্যপদেন লবণমধুতৈলদধিতক্রঘৃত-পয়োমদ্যমাংসবিক্রয়েতরবাণিজ্যস্যৈব বৈশ্যবৃত্তিতয়া গ্রহণমন্যথা "লবণং মধু তৈলঞ্চ দধি তক্রং ঘৃতং পয়ঃ। ন দুষ্যেচ্ছূদ্রজাতীনাং কুর্য্যাৎ সর্ব্বস্য বিক্রয়ম্॥ ইতি শূদ্রজাতিষু লবণাদিবিক্রয়মভ্যনু-জানানা পরাশরোক্তিরসঙ্গতা স্যাৎ। শূদ্রস্যাপ্যবিক্রেয়ং মদ্যং মাংসং বা কথং নাম বৈশ্যো বিক্রীণীত। তচ্চ বক্ষ্যতে। মণিমুক্তাপ্রবা-লানাং লোহানাং তান্তবস্য চ। গন্ধানাঞ্চ রসানাঞ্চ বিদ্যাদর্ঘ্যবলা-বলম্॥ বীজানামুপ্তিবিচ্চ স্যাৎ ক্ষেত্রদোষগুণস্য চ। মানযোগঞ্চ জানীয়াৎ তুলাযোগাংশ্চ সর্ব্বশঃ॥ সারাসারঞ্চ ভাণ্ডানাং দেশানাঞ্চ গুণাগুণান্। লাভালাভঞ্চ পণ্যানাং পশূনাং পরিবর্দ্ধনম্॥ ভৃত্যানাং চ ভৃতিং বিদ্যাদ্ ভাষাশ্চ বিবিধা নৃণাম্। দ্রব্যাণাং স্থানযোগাংশ্চ

---

অন্যান্য পণ্য বিষয়ে অভিজ্ঞতা, নানাভাষা জ্ঞান, বীজবপন সম্বন্ধে অভিজ্ঞতা, কোন্ দেশে কোন্ দ্রব্য উৎপন্ন হয়, কোন্ দেশে কোন্ দ্রব্য বিক্রয়ে লাভ বা ক্ষতি হয়, কোন্ দেশে কি উপায়ে যাইতে হয়, এই সকল বিষয়ে ও তুলা-দণ্ড এবং পরিমাণ-দ্রব্য সম্বন্ধে অভিজ্ঞতা. কি উপায়ে পশু রক্ষা ও বৃদ্ধি হয়, তাহাদের খাদ্য কি কি? মূলধন কেমন করিয়া রাখিতে হয়, ক্ষেত্রের উন্নতি কিরূপে হয়, এই সকল বিষয়ে জ্ঞান, কৃষি পশুরক্ষা ও বাণিজ্যের উপযোগী. বিবিধজ্ঞান বৈশ্যের অর্জ্জনীয়। কতকগুলি বস্তু বৈশ্যের অবিক্রেয় ও শূদ্রের বিক্রেয় আছে, যথা—লবণ তৈল ঘৃত দধি দুগ্ধ তক্র ও মধু। মদ্য ও মাংস বৈশ্য

ক্রয়বিক্রয়মেব চেতি (৯ম অঃ) মনূক্তং বাণিজ্যপশুপালন-কৃষিকুসীদোপযোগিজ্ঞানমপি ধর্ম্মধর্ম্ম্যবৃত্ত্যুপযোগিতয়া বৈশ্যধর্ম্ম এবান্তর্ভাব্যতে।

বৈশ্যকর্ত্তব্যেষু মুখ্যমাহ মনুঃ—ধর্ম্মেণ চ দ্রব্যবৃদ্ধাবাতিষ্ঠেদ্‌যত্নমুত্তমম্। দদ্যাচ্চ সর্ব্বভূতানামন্নমেব প্রযত্নতঃ (৯ম অঃ)॥

অধ্যয়নেনোপনয়নং ব্যাখ্যাতম্। অতএব দ্বিজাতিধর্ম্মা অপুনরুক্ত-প্রায়াঃ। নিষেকাদিশ্মশানান্তকর্ম্মণাং মন্ত্রপূর্ব্বকতা চোপবীতধারণ ঞ্চাসমাবর্ত্তবাৎ ইত্যন্যৌ তদ্ধর্ম্মৌ। অত্র ঐতরেয়ব্রাহ্মণাদিশ্রুতিরপি প্রমাণম্।

ইতি বৈশ্যধর্ম্মপ্রকরণম্।

---

অথ শূদ্রধর্ম্মাঃ। তত্র বিপ্রসেবা প্রধানম্—স্বর্গার্থমুভয়ার্থং বা বিপ্রানারাধয়েত্তু সঃ। জাতব্রাহ্মণশব্দস্য সা হ্যস্য কৃতকৃত্যতা॥ (১০ম অঃ) ইতি মনূক্তেঃ। জাতো ব্রাহ্মণশব্দো যস্যেতি, ব্রাহ্মণো ব্রহ্মসম্বন্ধী বিপ্রস্বামিক ইতি শব্দঃ সংজ্ঞা যস্য জাতঃ তস্য সৈব কৃতকৃত্যতেত্যর্থঃ। তদভাবে রাজন্যানাং তদভাবে বৈশ্যানাং সেবা

---

বা শূদ্রেরও বিক্রেয় নহে, এই দুই বস্তু বিক্রয় করিলে শূদ্রও পতিত হয়। ধর্ম্মতঃ ধনবৃদ্ধি এবং অন্নদান বৈশ্যের পক্ষে প্রধান কর্ম্ম। এ বিষয়ে মনু ও বিষ্ণুসংহিতা হইতে প্রমাণ উদ্ধৃত হইয়াছে।

বৈশ্যধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

---

অনন্তর শূদ্রধর্ম্ম কথিত হইতেছে। ব্রাহ্মণসেবা, অযাচিতভাবে দান এবং গৃহস্থ-ধর্ম্ম শূদ্রের পালনীয়। বিপ্রসেবায় শূদ্রের পরকালে শুভ ফল হয়—ইহকালেও জীবিকা নির্ব্বাহ হইতে পারে, তবে এখনকার কালে তাহা অসম্ভব,

শূদ্রধর্ম্মো ভবতি, শূদ্রস্য দ্বিজাতিশুশ্রূষেতি ( ২য় অঃ ) বিষ্ণুক্তেঃ। অযাচিতপ্রদানং গার্হস্থ্যঞ্চ ধর্ম্মান্তরম্। শূদ্রইত্যনুবৃত্তৌ অযাচিত-প্রদাতা চ কষ্টং বৃত্ত্যর্থমাচরেৎ। ইতি হারীতবচনাৎ। গার্হস্থ্য সূচিতমেকং শূদ্রস্য কর্ণমাচরেদিতি পরাশরভাষ্যধৃত ব্রহ্মপুরাণবচনাচ্চ দ্বিজসেবাধর্ম্ম এব তস্য প্রধানং বৃত্তিঃ, তদভাবে মদ্যমাংসবিক্রয়াতি-রিক্তবাণিজ্যং সর্ব্বাণি চ শিল্পানি।

তথাচ যাজ্ঞবল্ক্যঃ। শূদ্রস্য দ্বিজশুশ্রূষা তয়া জীবন্ বণিগ্‌ভবেৎ। শিল্পৈর্ব্বা বিবিধৈর্জীবেদ্‌দ্বিজাতিহিতমাচরন্॥ ইতি যাজ্ঞবল্ক্যোক্তেঃ। শূদ্রোপক্রমে অবিক্রেয়ং মদ্যমাংসমিতি ( ১ম অঃ ) পরাশরোক্তেঃ। বৃত্ত্যুপক্রমে বৃত্ত্যন্তরগমনভিধায় বিষ্ণুনা শূদ্রস্য সর্ব্বশিল্পানীত্যুক্তত্বাচ্চ। অবিহিতত্বাৎ নিন্দিতসংসর্গতয়া সামান্যতো নিষিদ্ধত্বাচ্চ হীনসেবা শূদ্রস্যাপি হেয়া।

ইতি শূদ্রধর্ম্মপ্রকরণম্।

---

কেননা ব্রাহ্মণের এখন এমন ক্ষমতা নাই যে, নিজের সেবায় অর্থাৎ চাকুরীতে নিযুক্ত করিয়া সমস্ত শূদ্র জাতির ভরণপোষণ ব্যবস্থা করিতে পারেন। সুতরাং শূদ্রকে অন্যের চাকুরী করিতে হয়, তাহা হইলে, শূদ্র ক্ষত্রিয়-বৈশ্যের চাকুরী করিতে পারে। চাকুরী করিতে অসমর্থ হইলে বা ঐরূপ চাকুরী দ্বারায় জীবিকা নির্ব্বাহ না হইলে—শূদ্র শিল্প-বাণিজ্য অবলম্বন করিবে। কিন্তু হীনজাতির সেবা করিবে না, কেননা হীনজাতির সেবা শূদ্রের পক্ষেও শাস্ত্রে বিহিত হয় নাই, বিশেষতঃ হীনজাতির দাস্য হীনসংসর্গ বলিয়াও নিষিদ্ধ। মনু যাজ্ঞবল্ক্য, বিষ্ণু এবং পরাশর বচন প্রমাণ স্বরূপে উদ্ধৃত হইয়াছে।

শূদ্রধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

অথান্তরালিক-সঙ্কীর্ণ-ধর্ম্মাঃ। তত্র মূর্দ্ধাবসিক্তাম্বষ্ঠমাহিষ্যাণাং দ্বিজানাম্ ইজ্যাধ্যয়নদানানি দ্বিজত্বেনাবিশিষ্টানি। বৃত্তিস্ত্বম্বষ্ঠানাং চিকিৎসিতং তথৈব মনুস্মরণাদিতরয়োর্মাতৃবর্ণস্বমানা। যো লোভাদধমো জাত্যা জীবেদুৎকৃষ্টকর্ম্মভিঃ। তং রাজা নির্দ্ধনং কৃত্বা ক্ষিপ্রমেব বিবাসয়েদিতি মনুস্মরণাৎ। ইতরে প্রতিলোমজানুলোমজাঃ সর্ব্ব এব শূদ্রধর্ম্মাণঃ সজাতিজানন্তরজাঃ ষট্ সুতা দ্বিজধর্ম্মিণঃ। শূদ্রাণাস্তু সধর্ম্মাণঃ সর্ব্বেঽপধ্বংসজাঃ স্মৃতা (১০ম অঃ)॥ ইতি মনূক্তেঃ। কুল্লুকভট্টাদিমতে ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যা মূর্দ্ধাবসিক্তাম্বষ্ঠমাহিষ্যাঃ ইত্যেতে ষট্ দ্বিজধর্ম্মাণঃ। মেধাতিথিমতে তু ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্যা দ্বিজাঃ, দ্বিজধর্ম্মাণস্তু মূর্দ্ধাবসিক্তাম্বষ্ঠ-মাহিষ্যাঃ সূত-মাগধ-বৈদেহাশ্চেতি অন্ত্যানাং ত্রয়াণাং প্রতিলোমজানামপ্যুপনয়নং বাচনিকমিতি সূতাদীনাং বৃত্তয়স্ত্বশ্বসারথ্যাদিরূপাঃ। কেষাঞ্চিদ্ধিংসাবিশেষাদিরূপা বৃত্তয়ো ব্যবহারসিদ্ধাঃ সূতাদীনাঞ্চ সারথ্যাদিরূপা ইদানীং

---

* অনন্তর আন্তরালিক ও সঙ্কীর্ণজাতির ধর্ম্ম কথিত হইতেছে। আন্তরালিক অর্থে মূর্দ্ধাবসিক্ত অম্বষ্ঠ প্রভৃতি অনুলোমজ জাতি; সঙ্কীর্ণ অর্থে প্রতিলোমজ সূত প্রভৃতি জাতি। তন্মধ্যে মূর্দ্ধাবসিক্ত অম্বষ্ঠ ও মাহিষ্যের অর্থাৎ যাহাদের উপনয়ন সংস্কার আছে এইরূপ আন্তরালিক জাতির অধ্যয়ন যজন এবং দান ধর্ম্ম আছে অম্বষ্ঠের চিকিৎসা বৃত্তি এবং মূর্দ্ধাবসিক্ত প্রভৃতির মাতামহকুলের বৃত্তি আশ্রয়ণীয়। এতদ্ভিন্ন অনুলোমজ প্রতিলোমজ জাতি সাধারণতঃ শূদ্রধর্ম্মা। মেধাতিথি বলেন, সূত মাগধ ও বৈদেহ জাতি সৎ-শূদ্রাপেক্ষা নিকৃষ্ট হইলেও উপনয়ন সংস্কার তাহাদের আছে, এই উপনয়ন সংস্কার বাচনিক। কুল্লুকভট্ট সেই বচনের অন্যপ্রকার অর্থ করেন—এই জন্য তাঁহার মতে উহাদেরও উপনয়ন সংস্কার নাই। সূত প্রভৃতির বৃত্তি অশ্বসারথ্য প্রভৃতি, সে সব উল্লেখের এখন আর বিশেষ প্রয়োজন নাই, তদ্ভিন্ন কতকগুলি সংকীর্ণ জাতির মাছ ধরা—

নাতিপ্রয়োজনকোপদেশাশ্চেতি তেষাং শূদ্রধর্ম্মাণাং, বৃত্তয়ো নেহ প্রপঞ্চিতাঃ।

ইত্যান্তরালিকসঙ্কীর্ণধর্ম্মপ্রকরণম্।

---

অথ দস্যুধর্ম্মাঃ। তে চ অহিংসাদিলক্ষণযথোক্তসামান্যধর্ম্মাচরণাশক্তস্যাপি তদ্বিশেষরূপাঃ, যথা মহাভারতে শান্তিপর্ব্বণি ১৩৩ মাধ্যায়ে—অযুধ্যমানস্য বধো দারামর্ষঃ কৃতঘ্নতা। ব্রহ্মবিত্তস্য চাদানং নিঃশেষকরণং তথা॥ স্ত্রিয়া মোষঃ পতিস্থানং দস্যুষ্বেতদ্বিগর্হিতম্। সংশ্লেষঞ্চ পরস্ত্রীভির্দস্যুরেতানি বর্জ্জয়েৎ॥ দারামর্ষঃ দারেষু স্বদারেষু অমর্ষঃ ক্রোধঃ। দারামর্শঃ ইতি পাঠে দারশব্দোঽত্র পরদারপরঃ অদারামর্শ ইত্যকারপ্রশ্লেষো বা, তেন স্বদারভিন্নরূপঃ খলু অদার শব্দার্থো ভবতি পরদারা ইতি পর্য্যবসিতম্, তেষামকামিচ্ছতাং বলাৎকরণমামর্শঃ। এতৎপাঠে পরস্ত্রীভিঃ সংশ্লেষমিত্যত্র ইচ্ছন্তীভিঃ পরজায়াভিরিত্যর্থঃ, পরকীয়কন্যাদিভিরিত্যর্থো বা বোধ্যঃ। নিঃশেষকরণং ব্রাহ্মণেতরস্যাপি সর্ব্বস্বহরণম্। পিতৃমাতৃসেবাদিরূপা

---

প্রভৃতি হিংসাবৃত্তি আছে; তাহা প্রসিদ্ধ, সুতরাং তজ্জন্য গ্রন্থবাহুল্য করিলাম না। মনু-বচন প্রমাণরূপে উদ্ধৃত হইয়াছে।

আন্তরালিক ও সঙ্কীর্ণ-ধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

---

দস্যুধর্ম্ম। অহিংসা সত্য প্রভৃতি সামান্য ধর্ম্ম সকল জাতিরই পালনীয়, ইহা পূর্ব্বে বলিয়াছি। দস্যুগণ স্বাভাবিক ধর্ম্মেও জীবিকার অনুরোধে অহিংসাদি ধর্ম্ম সম্যক্ পালন করিতে পারেই না, এই জন্য সেই সামান্য ধর্ম্মকে সঙ্কুচিত করিয়া দস্যুদিগের পক্ষে নির্দ্ধারিত হইতেছে। বলা বাহুল্য এ ধর্ম্ম যে পালন না করে সে দস্যু অপেক্ষাও অধম। যুদ্ধে অনুদ্যত ব্যক্তির হত্যা, পরস্ত্রীর প্রতি

দস্যুধর্ম্মাশ্চ প্রসঙ্গাদুক্তপূর্ব্বাঃ। কিঞ্চ মহাভারতে শান্তিপর্ব্বণি ১৩৫ মাধ্যায়ে দস্যুগণং প্রতি কায়ব্যবচনম্—মা বধীস্ত্বং স্ত্রিয়ং ভীরুং মা শিশুং মা তপস্বিনম্। নাযুধ্যমানো হন্তব্যো ন চ গ্রাহ্যা বলাৎ স্ত্রিয়ঃ॥ সর্ব্বথা স্ত্রী ন হন্তব্যা সর্ব্বসত্ত্বেষু কেনচিৎ। নিত্যং তু ব্রাহ্মণে স্বস্তি যোদ্ধব্যঞ্চ তদর্থতঃ॥ সত্যঞ্চ নাপি হর্ত্তব্যং সারবিঘ্নঞ্চ মা কৃথাঃ। পূজ্যন্তে যত্র দেবাশ্চ পিতরোঽতিথয়স্তথা॥ সর্ব্বভূতেষ্বপি চ বৈ ব্রাহ্মণো মোক্ষমর্হতি। কার্য্যা চোপচিতিস্তেষাং সর্ব্বস্বেনাপি যা ভবেৎ॥ যে পুনর্দ্ধর্ম্মশাস্ত্রেণ বর্ত্তেরন্নিহ দস্যবঃ। অপি তে দস্যবো ভূত্বা ক্ষিপ্রং সিদ্ধিমবাপ্নুয়ুঃ॥ যত্র পিতৃদেবাতিথি-পূজা তত্র সারবিঘ্নং মা কৃথাঃ ইত্যন্বয়ঃ। অপিচ মনুঃ- ব্রাহ্মণার্থে গবার্থে বা দেহত্যাগোঽনুপস্কৃতঃ॥ স্ত্রীবালাভ্যুপপত্তৌ চ বাহ্যানাং সিদ্ধিকারণম্॥ এতেন গোব্রাহ্মণস্ত্রীবালকরক্ষার্থৈ সামান্যধর্ম্ম-প্রকরণোপদর্শিতবচনেন ব্রাহ্মণাদীনাং ধর্ম্মধনাদিরক্ষার্থৈ চ যুধ্যতো মৃত্যুর্দস্যূনামপি প্রকৃষ্টো ধর্ম্মঃ॥ ননু চতুর্ণামেব বর্ণানাং ধর্ম্মো নান্যস্য বিদ্যতে ইতি মহাভারতানুশাসনপর্ব্বীয়াষ্টচত্বারিংশাধ্যায়-

---

বলাৎকার, কৃতঘ্নতা, ব্রাহ্মণের ধনাপহরণ, অন্যজাতির মূলধন অপহরণ, স্ত্রী চুরি এবং দলপতির উপর কর্ত্তৃত্ব, স্ত্রীহত্যা, শিশুহত্যা, এবং তপস্বী-হত্যা, দস্যুর পক্ষে নিষিদ্ধ। আর যেখানে দেবতা পূ ।, শ্রাদ্ধ ও অতিথি পূজা হয়, সে স্থলে মূলধনের বিঘ্ন ও কদাচ কর্ত্তব্য নহে। দস্যুগণও সত্য অপলাপ করিবে না; ব্রাহ্মণের পূজা করা ব্রাহ্মণের জন্য, গোরক্ষার জন্য, স্ত্রীলোকের রক্ষার জন্য ও শিশুরক্ষার জন্য প্রাণত্যাগ দস্যু এবং অন্যান্য সকল হীনজাতিরও স্বর্গলাভের উপায়। পিতা মাতা প্রভৃতির সেবা যে দস্যুগণেরও কর্ত্তব্য তাহা পূর্ব্বেই বলিয়াছি। দস্যুমধ্যে যে ব্যক্তি নিজের অধিকার মত এতদপেক্ষাও উৎকৃষ্ট ধর্ম্ম পালন করিবে—সে দস্যুমধ্যে উৎকর্ষ

৩০ বচনাদন্যেষাং ধর্ম্ম এব নাস্তি কিমিদমুচ্যতে, দস্যুধর্ম্ম ইতি উক্তঞ্চ—সঙ্কীর্ণধর্ম্ম ইতি নৈবম্ এতদ্বচনস্য চাতুর্ব্বর্ণ্যব্যতিরিক্তানাং স্বরূপানুবাদরূপত্বাৎ, ধর্ম্মসত্তাপ্রতিষেধার্থত্বে ব্রাহ্মণার্থে গবার্থে চেত্যাদি-মনুস্মৃত্যা দস্যুধর্ম্মপ্রতিপাদকপ্রাগুক্ত-মহাভারতবচনান্তরৈশ্চ বিরোধাৎ। সঙ্কীর্ণানাং দস্যূনাঞ্চ ধর্ম্মা ভবন্ত্যেবেতি সিদ্ধম্। ইদন্তু বোধ্যং যদ্ এতদপেক্ষয়া ধর্ম্মানুকল্পো মনুষ্যেষু নাস্তি, সত্যাহিংসাদিপ্রকর্ষস্তু দস্যুষপি প্রকর্ষমাধত্তে। এতেন দস্যু-তুল্যানাং জাত্যন্তরাণামপি ধর্ম্মা ব্যাখ্যাতাঃ।

ইতি দস্যুধর্ম্মপ্রকরণম্।

---

অথাশ্রমধর্ম্মাঃ। তত্র চাতুরাশ্রম্যং বিপ্রস্য, কলৌ সন্ন্যাস-বর্জ্জমাশ্রমত্রয়ং বিপ্রেতরদ্বিজাতীনাং, সর্ব্বেষু যুগেষু বা রাজন্যস্য বৈশ্যস্য চ ব্রহ্মচর্য্য-গার্হস্থ্যে, ব্রহ্মচর্য্যমাত্রং বা দ্বিজাতীনাং, ব্রহ্মচর্য্য-সন্ন্যাসৌ বা গার্হস্থ্যসন্ন্যাসৌ বা ব্রহ্মচর্য্যগার্হস্থ্য সন্ন্যাসা বা বিপ্রস্য, গার্হস্থ্যমাত্রং বা সর্ব্বেষামিতীমে বিকল্পাঃ। তত্রাদ্যমেব কল্পং প্রায়েণানুবর্ত্তন্তে পঞ্চমমপি কেচিৎ, ইতরাংস্ত্বনুবর্ত্তমানা

---

লাভ করিবে। যে দস্যু নরহত্যা করে না, আর যে দস্যু নরহত্যা করে, কিন্তু ব্রহ্মহত্যা, শিশুহত্যা ও স্ত্রীহত্যা করে না—এতদুভয়ের মধ্যে যে নরহত্যা হইতে নিবৃত্ত সে উৎকৃষ্ট। এই অনুসারে সকল নিকৃষ্ট জাতিরই ধর্ম্মতত্ত্ব স্থির করিবে। এ বিষয়ে মহাভারত ও মনুসংহিতা হইতে প্রমাণ উদ্ধৃত হইল।

দস্যুধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

---

অনন্তর আশ্রমধর্ম্ম কথিত হইতেছে। চার আশ্রম, যথা—ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ এবং সন্ন্যাস, মনুপ্রভৃতি এই মত প্রকাশ করিয়াছেন। গৌতম

শাস্ত্রবর্ত্মগামিনঃ সুবিরলা এব, ভবতু তাবদ্ যথা তথা প্রমাণমস্যামুপন্যস্যামঃ।

তত্রাশ্রমচতুষ্টয়মাহ—গোতমঃ। তস্যাশ্রমবিকল্পমেকে ব্রুবতে ব্রহ্মচারী গৃহস্থো ভিক্ষুর্বৈখানস ইতি। বৈখানসো বানপ্রস্থঃ, স চ তৃতীয়ঃ। তস্য চ কলৌ ক্ষত্রিয়স্যান্ত্যাশ্রমতয়া যুগান্তরেঽপি তত্রৈব এব বহূনাং পর্য্যবসানাদন্তে বিনিবেশঃ। তৃতীয়ত্বন্ত মন্বাদিভিরুক্তম্।—গৃহস্থস্তু যদা পশ্যেদ্বলীপলিতমাত্মনঃ। অপত্যস্যৈব চাপত্যং তদারণ্যং সমাশ্রয়েৎ॥ বনেষু তু বিহৃত্যৈবং তৃতীয়ং ভাগমায়ুষঃ। চতুর্থমায়ুষো ভাগং ত্যক্ত্বা সঙ্গান্ পরিব্রজেদিতি (৬ অঃ)। বস্তুতো যথা ব্রহ্মচারি-গৃহস্থয়োঃ ক্রমো নিয়তঃ নৈবং বানপ্রস্থভিক্ষ্বোর্গার্হস্থ্যাৎ পরং যথাধিকারং ভিক্ষুর্ব্বা বানপ্রস্থো বা ভবেদিতি গোতমাভিপ্রায়ঃ। ভৈক্ষবানন্তরমাশ্রমান্তরং নাস্তি বানপ্রস্থানন্তরন্তু ভৈক্ষবমস্তীতি স্মৃত্যন্তরাদূহ্যেয়ম্। এতদভিপ্রায়েণ মন্বাদিভির্বানপ্রস্থস্য তৃতীয়ত্বমুক্তমিতি তত্ত্বম্। চতুর্ভিরপি চৈতৈর্নিত্যমাশ্রমিভির্দ্বিজৈঃ। দশলক্ষণকো ধর্ম্মঃ সেবিতব্যঃ প্রযত্নতঃ॥ ধৃতিঃ ক্ষমা দমোঽস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ। ধীর্ব্বিদ্যা সত্যমক্রোধো দশকং ধর্ম্মলক্ষণমিতি (৬ অঃ) মনুস্মরণাৎ দ্বিজৈঃ বিশেষধর্ম্মানতিক্রমেণ সর্ব্বাশ্রমেষ্বেব ধৃত্যাদিপালনে প্রযত্নো বিধেয়ঃ।

---

বলিতেছেন এইচার আশ্রম কেহ কেহ বলেন, পরন্তু আচার্য্য স্বয়ং গোতমের মত এ। গার্হস্থ্যই আশ্রম। এ সময়ে আমাদের দেশে অন্য আশ্রম নাই বলিলেও হয়, এক গার্হস্থ্যই আছে। সকল আশ্রমী দ্বিজেরই সন্তোষ, ক্ষমা, মনঃসংযম বাহ্য ইন্দ্রিয়সংযম, শৌচ, অস্তেয়, বিদ্যা, বুদ্ধি—অর্থাৎ শাস্ত্রে বিশ্বাস, সত্য ও অক্রোধ এই দশ প্রকার ধর্ম্ম পালনীয়।

সত্য অহিংসাদি সামান্য ধর্ম্ম হইলেও আশ্রমী দ্বিজাতির পক্ষে অধিক-

ধৃতিঃ সন্তোষঃ। 'দমো মনোনিগ্রহঃ। ইন্দ্রিয়নিগ্রহো বাহ্যেন্দ্রিয়-সংযমঃ সামান্যধর্ম্মান্তর্গতানাং সত্যাদীনাং পুনর্গ্রহণং দ্বিজানাং তদতিক্রমে পাপগৌরববোধনার্থম্।

গার্হস্থ্যমাত্রমাশ্রমমাহ গোতমঃ ঐকাশ্রম্যং ত্বাচার্য্যাঃ প্রত্যক্ষ-বিধানাদ্ গার্হস্থ্যস্য। গার্হস্থ্যবিধায়িনী প্রত্যক্ষশ্রুতিস্তু ঋগ্বেদদশম-মণ্ডলপঞ্চাশীতিতম-সূক্তস্য বিবাহপ্রকরণীয়স্য বিনিয়োজিকা দ্রষ্টব্যা।

অশ্বমেধং গবালম্ভং সন্ন্যাসং পলপৈতৃকম্। দেবরেণ সুতোৎপত্তিং কলৌ পঞ্চ বিবর্জ্জয়েদিতি প্রতিষেধবচনাৎ কলৌ ক্ষত্রিয়বৈশ্যয়োঃ সন্ন্যাসাভাব ইতি রঘুনন্দনমতম্। ব্রাহ্মণা বিবিদিষন্তীতিশ্রুতেঃ ব্রাহ্মণানামেব সন্ন্যাসাধিকারো নত্বন্যেষামিতি মিতাক্ষরামতম্। অতঃ, চত্বার আশ্রমাশ্চৈব ব্রাহ্মণস্য প্রকীর্ত্তিতাঃ। গার্হস্থ্যং ব্রহ্মচর্য্যঞ্চ বানপ্রস্থং ত্রয়ো মতাঃ॥ ক্ষত্রিয়স্যাপি কথিতা আশ্রমাস্ত্রয় এব হি। ব্রহ্মচর্য্যঞ্চ গার্হস্থ্যমাশ্রমদ্বিতয়ং বিশ ইতি পরাশরভাষ্যধৃত-ব্রহ্মপুরাণবচনাচ্চ দ্বিতীয়তৃতীয়কল্পৌ। নৈষ্ঠিকব্রহ্মচর্য্যমভিসন্ধায় চতুর্থঃ কল্পঃ। যদি ত্বাত্যন্তিকং বাসং রোচয়েত গুরোঃ কুলে। যুক্তঃ পরিচরেদেনমাশরীরবিমোক্ষণাদিতি (২য় অঃ) মনূক্তেঃ। ষট্ত্রিংশদাব্দিকং চর্য্যং গুরৌ ত্রৈবেদিকং বসেৎ। তদর্দ্ধিকং

---

তত্র পালনীয়, অন্যের পক্ষে এই ধর্ম্ম পালনে শৈথিল্য করিলে যত দোষ হইবে, আশ্রমী দ্বিজের পক্ষে তদপেক্ষা অধিক দোষ হইবে।

কলিকালে দীর্ঘকাল ব্রহ্মচর্য্য শাস্ত্রে নিষিদ্ধ হইয়াছে, সন্ন্যাসও নিষিদ্ধ হইয়াছে; তবে সন্ন্যাস-নিষেধ ক্ষত্রিয়-বৈশ্যের পক্ষে, ইহা রঘুনন্দন ভট্টাচার্য্য প্রভৃতির মত। যাহার বৈরাগ্য উৎপন্ন হয় নাই, তেমন ব্রাহ্মণেরও বৈরাগ্য শিক্ষার্থ সন্ন্যাস কলিকালে নিষিদ্ধ, ইহা আচার্য্য-প্রভৃতির মত। দীর্ঘকাল ব্রহ্মচর্য্য অর্থে 'ব্রহ্মচর্য্য আশ্রম' এই কথা কেহ কেহ বলেন, এইজন্য তাঁহারা উপনয়নের

পাদিকং বা গ্রহণান্তিকমেব বা॥ গুরুণানুমতঃ স্নাত্বা সমাবৃত্তো যথাবিধি। উদ্বহেত দ্বিজো ভার্য্যাং সবর্ণাং লক্ষণান্বিতামিতি (৩য় অঃ) মনূক্তব্রহ্মচর্য্যগার্হস্থ্যক্রমং যদহরেব বিরজেৎ তদহরেব প্রব্রজেদিতি শ্রৌতসন্ন্যাসক্রমকাণ্ডিসন্ধায় পঞ্চমষষ্ঠসপ্তমাষ্টকাশ্চোপাত্ত্যাশ্রয়ঃ কল্পাঃ। এতে চ উৎকটবৈরাগ্যাণামধিকারিণাং বোধ্যা নীত্যেষাম্। তৎপ্রপঞ্চশ্চ মনুসংহিতাষষ্ঠাধ্যায়াদৌ দ্রষ্টব্যঃ। "দীর্ঘকালং ব্রহ্মচর্য্যং ধারণঞ্চ কমণ্ডলোঃ। দেবরেণ সুতোৎপত্তির্দত্তা কন্যা প্রদীয়তে। বানপ্রস্থাশ্রমস্যাপি প্রবেশো বিধিদেশিতঃ। দত্তৌরসেতরেষান্তু পুত্রত্বেন পরিগ্রহঃ॥" ইত্যুপক্রম্য এতানি লোকগুপ্ত্যর্থং কলেরাদৌ মহাত্মভিঃ। নিবর্ত্তিতানি কর্ম্মাণি ব্যবস্থাপূর্ব্বকং বুধৈরি"তি হেমাদ্রিসায়ণাচার্য্যপ্রভৃতিধৃতাদিত্যপুরাণবচনেন মন্বাদ্যুক্তং সর্ব্ববিধমেব ব্রহ্মচর্য্যং দীর্ঘকালীনমিতীদানীং প্রতিষিদ্ধমিত্যেকে। পরে তু বিকল্পিতানাং ব্রহ্মচর্য্যকালানাং যো দীর্ঘঃ প্রতিবেদং দ্বাদশবর্ষলক্ষণঃ কালঃ তদ্ব্যাপকমেব ব্রহ্মচর্য্যমুক্তবচনেন প্রতিষিদ্ধং নতু তদর্দ্ধিকপাদিকাদিরূপমিতি। বানপ্রস্থাশ্রমোঽপি কলৌ নিষিদ্ধঃ, স চ নিষেধো বৈশ্যমাত্রপর ইতি নব্যাঃ, এতে তাবৎ অত্র স্মার্ত্তপ্রদর্শিত-

ব্রহ্মচর্য্যও অধিক দিন রাখিতে মত দেন না, পক্ষান্তরে কথিত হইয়া থাকে—উপনয়নকালীন ব্রহ্মচর্য্যের সময় প্রতিবেদে ১২ বৎসর করিয়া ধরা আছে, ৬ বৎসর এবং ৩ বৎসরও আছে, ন্যূনকল্পও আছে, এমত অবস্থায় দীর্ঘকাল বলিলে ১২ বৎসরই বোধ হয়, এইরূপ ব্রহ্মচর্য্যই কলিকালে নিষিদ্ধ। আমরা অন্তিম কল্পের পক্ষপাতী। প্রত্যেকবেদে ৬ কি ৩ বৎসর করিয়া ব্রহ্মচর্য্য প্রতিষ্ঠিত হওয়া উচিত। মনু বলিয়াছেন, এই সকল আশ্রম যথাক্রমে পালনীয়। উৎকটবৈরাগ্য হইলে, ব্রহ্মচর্য্যের পর বা গার্হস্থ্যের পরও সন্ন্যাস গ্রহণ করিতে পারে। বানপ্রস্থ ধর্ম্মও কলিকালে নিষিদ্ধ হইয়াছে। স্মার্ত্তপরবর্ত্তী অনেক পণ্ডিত বলেন, এই নিষেধ বৈশ্যের পক্ষে—এ সম্বন্ধে প্রমাণ মূলে দুই স্থানে উল্লিখিত

ক্ষত্রিয়-বৈশ্য-সন্ন্যাসপ্রতিষেধযুক্তিমনুবর্ত্তন্তে। তস্য নপ্রমাণত্ত "চত্বার আশ্রমাশ্চৈব ব্রাহ্মণস্য প্রকীর্ত্তিতাঃ।" ইত্যাদিরূপমুক্তম্ তত্র ব্রহ্মচারি বৈখানস-ভিক্ষুধর্ম্মা ইদানীং নাতিপ্রয়োজনকপ্রপঞ্চোপদেশাঃ ইতি সংক্ষেপেণাভিধায় গৃহস্থধর্ম্মমত্রে বক্ষ্যামঃ।

ইত্যাশ্রমধর্ম্মপ্রকরণম্।

---

তত্র ব্রহ্মচারিধর্ম্মাঃ। তে চ সমিদাধানাদয়ঃ। তথা চ গোতমঃ—উক্তং ব্রহ্মচর্য্যম্, অগ্নীন্ধনভৈক্ষচরণে বহিঃ সন্ধ্যার্থকাতিষ্ঠেৎ। বর্জ্জয়েন্মধুমাংসগন্ধমাল্যদিবাস্বপ্নাঞ্জনাভ্যঞ্জনযানোপানচ্ছত্রকামক্রোধলোভমোহবাদ্যবাদনদন্তধাবনহর্ষনৃত্যগীতপরিবাদভয়ানি স্ত্রীপ্রেক্ষণালম্ভনে দ্যূতং হীনবর্ণসেবাম্। অধঃশয্যাশায়ী পূর্ব্বোত্থায়ী

---

হইয়াছে, একস্থানে বানপ্রস্থ কলিতে নিষিদ্ধ বলা হইয়াছে এবং অপর স্থানে বৈশ্যের ব্রহ্মচর্য্য ও গার্হস্থ্য দুই আশ্রম আছে, ইহা বলা হইয়াছে। অথচ মনু প্রভৃতির মতে দ্বিজমাত্রেরই চার আশ্রম আছে, এই সকল বচন এক-বাক্যতাপন্ন করিলে কলিতে বৈশ্যের বানপ্রস্থও নাই; এই তাৎপর্য্য বুঝা যায়।

ব্রহ্মচারী বানপ্রস্থ ও সন্ন্যাসী ধর্ম্মের অতিবিস্তৃতভাবে বর্ণনা করা এ সময়ে তত আবশ্যক নহে, মুখ্য মুখ্য অংশ বর্ণনা করিতেছি, পশ্চাৎ গৃহস্থধর্ম্ম বলিব।

আশ্রমধর্ম্ম-প্রকরণ সমাপ্ত।

---

প্রথমেই ব্রহ্মচারীর ধর্ম্ম কথিত হইতেছে;—ব্রহ্মচারী প্রত্যহ সায়ংকাল ও প্রাতঃকালে অগ্নিতে সমিধ আহুতি দিবে, প্রত্যহ ভিক্ষা করিয়া আনিয়া গুরুকে অর্পণ করত তাঁহার অনুমতিক্রমে ভিক্ষালব্ধ দ্রব্য আহার করিবে, মধু-মাংস ভোজন করিবে না, গন্ধ মাল্য অঞ্জন ছত্র ও পাদুকা পরিবে না, দিবানিদ্রা করিবে না, যানে আরোহণ করিবে না। বাদ্যবাদন, দন্তধাবন, তৈলাভ্যঙ্গ, নৃত্য-গীত, দ্যূতক্রীড়া, পরনিন্দা, স্ত্রীদর্শন, স্ত্রীস্পর্শ, হীনবর্ণসেবা,

অধন্যসংবেশী প্রাগ্ বাহুদরসংযত ইতি অ ধন্যসংবেশীতি গুরোঃ শয়নানন্তরং নিত্যমেব যঃ শেতে স ইতি তদর্থঃ। বসিষ্ঠঃ, ব্রহ্মচারীত্যুপক্রম্য গুর্ব্বধীনো জটিলঃ শিখাজটো বা গুরুং গচ্ছন্তমনুগচ্ছেদাসীনমনুতিষ্ঠেৎ শয়ানঞ্চাসীন উপবসেৎ আহূতাধ্যায়ী সর্ব্বভৈক্ষ্যং নিবেদ্য তদনুজ্ঞয়া ভুঞ্জীত। ত্রিঃকৃত্বোহভ্যুপেয়াদপঃ। অভ্যুপেয়াদপ ইতি স্নায়াদিত্যর্থঃ। মনুঃ—নিত্যং স্নাত্বা দ্বিজঃ কুর্য্যাদ্দেবর্ষিপিতৃতর্পণম্। দেবতাভ্যর্চ্চনঞ্চৈব সমিদাধানমেব চ। বশে কৃত্বেন্দ্রিয়গ্রামং সংযম্য চ মনস্তথা। সর্ব্বান্ সংসাধয়েদর্থানক্ষিণ্বন্ যোগতস্তনুম্॥ মনুঃ—তপোবিশেষৈর্ব্বিবিধৈর্ব্রতৈশ্চ বিধিচোদিতৈঃ। বেদঃ কৃৎস্নোঽধিগন্তব্যঃ সরহস্যো দ্বিজন্মনা॥ কুল্লুকভট্টকৃতমনুটীকায়াং শঙ্খলিখিতৌ—ন বেদমনধীত্যান্যাং বিদ্যামধীয়ীতান্যত্র বেদাঙ্গস্মৃতিভ্যঃ। মনুঃ—ব্রহ্মারম্ভেঽবসানে চ পাদৌ গ্রাহ্যৌ গুরোঃ সদা। বিষ্ণুঃ—ত্রয়ঃ পুরুষস্যাতিগুরবো ভবন্তি পিতা মাতা আচার্য্যশ্চ

---

আসনে অধীরতা, এবং জয় করিবে না। ব্রহ্মচারী কাম, ক্রোধ, লোভ, ও মোহ-ত্যাগ করিবে; সমস্ত ইন্দ্রিয় জয় করিবে, গুরুর অধীন হইয়া থাকিবে, জটা রাখিবে; শরীর রক্ষার যত্ন রাখিবে; খট্টায় শয়ন করিবে না, গুরুর শয়নের পরে শয়ন করিবে এবং পূর্ব্বে গাত্রোত্থান করিবে, গুরু দণ্ডায়মান হইলে, ব্রহ্মচারী সঙ্গে সঙ্গে উঠিয়া দাঁড়াইবে, গমন করিবার সময় তাঁহার অনুবর্ত্তী হইবে, শয়ন করিয়া থাকিলে স্বয়ং উপবেশন করিয়া তাঁহার শুশ্রূষা করিবে, গুরু অধ্যয়নার্থ আহ্বান করিলেই আসিয়া অধ্যয়ন করিবে। ব্রহ্মচারী, প্রত্যহ তিনবার স্নান করিবে। প্রাতঃকাল ও সায়ংকালে সন্ধ্যা উপাসনা করিবে। সন্ধ্যা উপাসনা নদীতীরাদিতে প্রশস্ত। স্নানান্তে দেবতা ঋষি ও পিতৃতর্পণ মৃতপিতৃক ব্রহ্মচারী করিবে। বিবিধব্রত নিয়ম অবলম্বনপূর্ব্বক সমগ্র বেদ ও তদীয় রহস্য অবগত হইবে, শিক্ষা প্রভৃতি ষড়ঙ্গ স্মৃতি ও সমগ্র বেদ অগ্রেই অধ্যয়ন করিতে হয়, অন্য শাস্ত্র প্রথমে অধ্যয়ন করিতে নাই।

তেষাং নিত্যমেব শুশ্রূষুণা ভবিতব্যম্। যত্তে ত্রয়স্তৎ কুর্য্যাৎ তেষাং প্রিয়হিতমাচরেৎ। ন তৈরননুজ্ঞাতঃ কিঞ্চিদপি কুর্য্যাৎ (৩১ অঃ)। মনুবিষ্ণু—সর্ব্বে তস্যাদৃতা ধর্ম্মা যস্যৈতে ত্রয় আদৃতাঃ। অনাদৃতাস্তু যস্যৈতে সর্ব্বাস্তস্যাফলাঃ ক্রিয়াঃ। মনুঃ—অল্পং বা বহু বা যস্য শ্রুতস্যোপকরোতি যঃ। তমপীহ গুরুং বিদ্যাৎ শ্রুতোপক্রিয়য়া তয়া॥ তঞ্চেদভ্যুদিয়াৎ সূর্য্যঃ শয়ানং কামকারতঃ। নিম্লোচেদ্বাপ্যবিজ্ঞানাদ্‌জপন্নুপবসেদ্দিনম্॥ পূর্ব্বাং সন্ধ্যাং জপংস্তিষ্ঠেৎ সাবিত্রীমার্কদর্শনাৎ। পশ্চিমান্তু সমাসীনঃ সম্যগৃক্ষবিভাবনাৎ॥ এষু মাত্রাদিসেবারূপো ধর্ম্মঃ সর্ব্বমানবসাধারণঃ, সন্ধ্যোপাসনাদিরূপশ্চ সর্ব্বদ্বিজসাধারণ ইত্যুক্তপ্রায়ম্।

ইতি ব্রহ্মচারি-ধর্ম্মপ্রকাশম্।

---

অথ বানপ্রস্থধর্ম্মাঃ। তেচারণ্যবাসাদিরূপাঃ। যানাহ বশিষ্ঠঃ—বানপ্রস্থো জটিলশ্চীরাজিনবাসা গ্রামঞ্চ ন প্রবিশেৎ। ন ফালকৃষ্ট-

---

প্রত্যহ অধ্যয়নের আরম্ভে ও অন্তে গুরুর চরণ গ্রহণপূর্ব্বক প্রণাম করিবে। পুরুষের তিন মহাগুরু—পিতা, মাতা এবং আচার্য্য; পুরুষ ইহাঁদিগকে অত্যন্ত ভক্তি করিবে, তাহাদের প্রিয় ও হিতকার্য্য করিবে, ইহাদের কথামত কার্য্য করিবে। অল্প বা অধিক যাহা হউক যে ব্যক্তির নিকট শাস্ত্র সম্বন্ধে উপদেশ পাইবে, সেই ব্যক্তিকেই গুরু বলিয়া মানিতে হইবে। সূর্য্য উদয়ের পূর্ব্বেই শয্যোত্থান করিবে, অস্ত সময়ে শয়ন করিবে না। এতন্মধ্যে পিতামাতা প্রভৃতির সেবা সর্ব্ব মানবেরই ধর্ম্ম, সন্ধ্যা উপাসনা সকল দ্বিজেরই ধর্ম্ম—এই সকল সিদ্ধান্তের অনুকূল গৌতম, মনু, বশিষ্ঠ, এবং বিষ্ণুর প্রমাণ উদ্ধৃত হইয়াছে।

ব্রহ্মচারিধর্ম্মপ্রকরণ সমাপ্ত।

---

অনন্তর বানপ্রস্থধর্ম্ম কথিত হইতেছে;—গৃহস্থ পৌত্র দৌহিত্র হইলে, বৃদ্ধ

মধিতিষ্ঠেৎ। অকৃষ্টং মূলফলং সঞ্চিম্বীত। ঊর্দ্ধরেতাঃ ক্ষমাশয়ঃ। মূলফলভৈক্ষ্যেণাশ্রমাগতমতিথিমর্চ্চয়েৎ। দদ্যাদেব ন প্রতিগৃহ্ণীয়াৎ। ত্রিষবণমুদকমুপস্পৃশেৎ। দদ্যাদ্দেবর্ষিপিতৃমনুষ্যেভ্যঃ। গোতমঃ— প্রতিষিদ্ধবর্জ্জং ভৈক্ষ্যমপ্যুপযুঞ্জীত। এতৎকালশ্চ মনুনোক্তঃ গৃহস্থস্তু যদা পশ্যেদ্বলীপলিতমাত্মনঃ। অপত্যস্যৈব চাপত্যং তদারণ্যং সমাশ্রয়েৎ॥ বানপ্রস্থো দ্বিবিধঃ সদারোঽদারশ্চ, তত্রাদ্যো দর্শিতঃ। আদ্যস্তু পুত্রেষু দারান্ নিক্ষিপ্য বনং গচ্ছেৎ সহৈব বেতি মনুনোক্তঃ।

ইতি বানপ্রস্থধর্ম্মপ্রকরণম্।

---

বয়সে অরণ্যে প্রবাস করিবে, এখন এই বার্দ্ধক্য ১০০ বৎসর পূর্ণ আয়ুঃ ধরিলে ৫০ বৎসর বয়সের পর হইতে ধরা যায়। আর ১২০ বৎসর পূর্ণ আয়ু ধরিলে ৬০ হইতে ধরা যায়। অরণ্য প্রবাসের সময়ে পত্নী, পুত্রগণের নিকট থাকিবেন অথবা স্বামীর সহিত তিনিও অরণ্যবাসিনী হইবেন। বানপ্রস্থ ক্ষৌর কর্ম্ম ত্যাগ করিবেন, চীরখণ্ড বা মৃগচর্ম্ম তাঁহার পরিধেয় হইবে, গ্রামে প্রবেশ করিবেন না। যে স্থানে লাঙ্গলের আকর্ষণ হয়, সে স্থান মাড়াইবেন না। স্বভাবজাত ফলমূল সংগ্রহ করিবেন, এই ফলমূল সংগ্রহ তাঁহার চৌর্য্য নহে— গৃহস্থের হিসাবে কিঞ্চিৎ অশক্ত পক্ষে উহা চৌর্য্য নয়, কিন্তু বানপ্রস্থের পক্ষে আর অশক্তির কথা তুলিতেই হইবে না। কেননা বানপ্রস্থ আশ্রমই সেই অশক্তির আশ্রয়। বানপ্রস্থ ক্ষমাবান্ এবং শুক্রসংযমী হইবেন তাঁহার আশ্রমে অতিথি উপস্থিত হইলে, তিনি ফলমূল ভিক্ষা দ্বারা তাঁহার সেবা করিবেন। তিনবার স্নান এবং পঞ্চ মহাযজ্ঞ, বানপ্রস্থের কর্ত্তব্য; দান বানপ্রস্থের ধর্ম্ম, কিন্তু প্রতিগ্রহ অকর্ত্তব্য; তবে বানপ্রস্থের 'অভক্ষ্য না হইলে মাধুকরী' ভিক্ষাও গ্রাহ্য। এ বিষয়ে বশিষ্ঠ, গৌতম ও মনুর প্রমাণ উদ্ধৃত হইয়াছে।

বানপ্রস্থধর্ম্মপ্রকরণ সমাপ্ত।

অথ সন্ন্যাসিধর্ম্মাঃ। তে চ নিঃসঙ্গত্বাদয়ঃ। তথাচ মনুঃ—বনেষু তু বিহৃত্যৈবং তৃতীয়ং ভাগমায়ুষঃ। চতুর্থমায়ুষো ভাগং ত্যক্ত্বা সঙ্গান্ পরিব্রজেৎ॥ বশিষ্ঠঃ—পরিব্রাজকঃ সর্ব্বভূতাভয়দক্ষিণাং দত্ত্বা প্রতিষ্ঠেৎ। সন্ন্যসেৎ সর্ব্ব কর্ম্মাণি বেদমেকং ন সন্ন্যসেৎ। বেদসন্ন্যাসতঃ শূদ্রস্তস্মাদ্বেদং ন সন্ন্যসেৎ॥ মুণ্ডোঽমমত্ব-পরিগ্রহঃ সপ্তাগারাণ্যসঙ্কল্পিতানি চরেদ্ভৈক্ষ্যং বিধূমে সন্নমুষলে, একশাটীপরিবৃতোঽজিনেন বা স্থণ্ডিলশায্যনিত্যাং বসতিং বসেৎ গ্রামান্তে দেবগৃহে শূন্যাগারে বৃক্ষমূলে বা মনসা জ্ঞানমধীয়ানঃ। দক্ষঃ, স্মরণং কীর্ত্তনমিত্যুপক্রম্য—এতন্মৈথুনমষ্টাঙ্গং প্রবদন্তি মনীষিণঃ। ন ধ্যাতব্যং ন বক্তব্যং ন কর্ত্তব্যং কদাচন॥ একো ভিক্ষুর্যথোক্তস্তু দ্বৌ চৈব মিথুনং স্মৃতম্। ত্রয়ো গ্রামস্তথাখ্যাত ঊর্দ্ধন্তু নগরায়তে॥ নগরং হি ন কর্ত্তব্যং গ্রামো বা মিথুনং তথা।

---

অনন্তর সন্ন্যাসীর ধর্ম্ম কথিত হইতেছে। পূর্ণ আয়ুষ্কালের তৃতীয়ভাগ—অর্থাৎ পূর্ণ আয়ু; ১০০ বৎসর ধরিলে ৫০ হইতে ৭৫ এবং ১২০ বৎসর পূর্ণ আয়ু ধরিলে ৬০ বৎসরের পর হইতে ৯০ বৎসর পর্য্যন্ত বানপ্রস্থ ধর্ম্মে থাকিয়া সন্ন্যাসী হইবে; এই আশ্রম প্রবেশ করিতে হইলে প্রথমেই সর্ব্বভূতের উদ্দেশে অভয় দক্ষিণা দিয়া প্রব্রজ্যা করিবেন। সমস্ত কর্ম্মই সন্ন্যাস করিবেন, কেবল বেদসন্ন্যাস করিবেন না। তখন একেবারেই নিঃসঙ্গ হইবেন, স্ত্রীসঙ্গ বিষয় চিন্তা পর্য্যন্ত করিবেন না। সন্ন্যাসী একাকী থাকিবেন, আত্মচিন্তায় রত থাকিবেন, ভিক্ষা করিবেন এবং পবিত্রভাবে থাকিবেন। মুণ্ডিতমুণ্ড হইবেন, কিছুতেই মমতা রাখিবেন না, সঞ্চয় করিবেন না, পূর্ব্বে সঙ্কল্প না করিয়া সপ্তগৃহে মাধুকরী ভিক্ষা করিবেন। ভিক্ষার সময় অপরাহ্ণ। ভূতলে শয়ন করিবেন। একখানি বস্ত্র বা মৃগচর্ম্ম তাঁহার পরিধানে থাকিবে। এক-স্থানে অনেক দিন থাকিবেন না, কোনদিনই গ্রামমধ্যে বাস করিবেন না, গ্রামের প্রান্তভাগে, দেবালয়ে, পরিত্যক্ত গৃহে অথবা বৃক্ষমূলে থাকিবেন। সন্ন্যাসী স্ত্রী-

এতত্রয়ং প্রকুর্ব্বাণঃ স্বধর্ম্মাচ্চ্যবতে যতিঃ॥ রাজবার্ত্তাদি তেষাস্তু ভিক্ষাবার্ত্তা পরম্পরম্। স্নেহপৈশুন্যমাৎসর্য্যং সন্নিকর্ষাদসংশয়ম্॥ লাভপূজানিমিত্তং হি ব্যাখ্যানং শিষ্যসংগ্রহঃ। এতে চান্যে চ বহবঃ প্রপঞ্চাঃ কুতপস্বিনাম্॥ ধ্যানং শৌচং তথা ভিক্ষা নিত্যমেকান্তশীলতা। ভিক্ষোশ্চত্বারি কর্ম্মাণি পঞ্চমো নোপপদ্যতে॥ মনুঃ—অল্পান্নাভ্যবহারেণ রহঃ স্থানাসনেন চ। হ্রিয়মাণানি বিষয়ৈরিন্দ্রিয়াণি নিবর্ত্তয়েৎ॥ অবেক্ষেত গতীর্নৃণাং কর্ম্মদোষসমুদ্ভবাঃ। নিরয়েচৈব পতনং যাতনাশ্চ যমক্ষয়ে॥ বিপ্রয়োগং প্রিয়ৈশ্চৈব সংযোগঞ্চ তথাপ্রিয়ৈঃ। জরয়া চাভিভবনং ব্যাধিভিশ্চোপপীড়নম্। সূক্ষ্মতাঞ্চাবেক্ষেত যোগেন পরমাত্মনঃ (৬ অঃ)॥

ইতি সন্ন্যাসিধর্ম্ম প্রকরণম্।

---

অথ গৃহস্থধর্ম্মাঃ। তে চ দম্পতিপ্রেমা, পরদারসংসর্গাভাবঃ, নারীসমাদরণং, পঞ্চমহাযজ্ঞাঃ, দানং, দানপাত্রবিচারঃ, যোগিপরিচর্য্যা, দেবপূজা চেত্যাদয়ঃ। তথাহি গোতমঃ—গৃহস্থঃ সদৃশীং ভার্য্যাং

---

অল্প-আহার নির্জ্জন-স্থান সেবা দ্বারা বিষয়াসক্ত ইন্দ্রিয়কে নিবৃত্ত করিবেন। ধনলাভ ও প্রতিপত্তির জন্য কিছুই করিবেন না। শাস্ত্রব্যাখ্যা ও শিষ্যসংগ্রহ প্রভৃতি কার্য্য কুসন্ন্যাসীই করিয়া থাকে। কর্ম্মদোষে বিবিধ জন্ম নরকভোগ, ইষ্টবিয়োগ অনিষ্টপ্রাপ্তি এবং জরাব্যাধি দোষ চিন্তা সন্ন্যাসীর কর্ত্তব্য এবং সন্ন্যাসী যোগদ্বারা পরমাত্মার সূক্ষ্ম স্বরূপ সাক্ষাৎকার করিবেন। এ বিষয়ে মনু, বশিষ্ঠ ও দক্ষের বচন প্রমাণ স্বরূপে উদ্ধৃত হইয়াছে।

সন্ন্যাসিধর্ম্মপ্রকরণ সমাপ্ত।

---

অনন্তর গৃহস্থধর্ম্ম কথিত হইতেছে। গৃহস্থ আপনার অনুরূপ রমণীর

বিন্দেতানন্যপূর্ব্বাং যবীয়সীম্। অসমানপ্রবরৈর্ব্বিয়াহ উর্দ্ধং সপ্তমাৎ পিতৃবন্ধুভ্যঃ বীজিনশ্চ মাতৃবন্ধুভ্যঃ পঞ্চমাৎ। বীজিন ইতি পিতৃপক্ষকূটস্থাৎ মাতৃপক্ষকূটস্থাচ্চ। তস্য চ দ্বিরাবৃত্তস্য যথাযোগং সপ্তমাদিতি পঞ্চমাদিত্যনেন চান্বয়ঃ। পিতৃপক্ষকূটস্থাৎ সপ্তমাদূর্দ্ধং মাতৃপক্ষকূটস্থাচ্চ পঞ্চমাদূর্দ্ধমিতি তদর্থঃ। অতএব উদ্বাহমিত্যনুবৃত্তৌ যাজ্ঞবল্ক্যঃ—অরোগিণীং ভ্রাতৃমতীমসমানার্যগোত্রজাম্। পঞ্চমাৎ সপ্তমাদূর্দ্ধং মাতৃতঃ পিতৃতস্তথা॥ উদ্বাহতত্ত্বে ব্যাসঃ—সগোত্রাং মাতুরপ্যেকে নেচ্ছন্ত্যুদ্বাহকর্ম্মণি। জন্মনাম্নোরবিজ্ঞানেহপ্যুদ্বহেদবিশঙ্কিতঃ॥ মনুঃ—ঋতুকালাভিগামী স্যাৎ স্বদারনিরতঃ সদা। পর্ব্ববর্জ্জং ব্রজেচ্চৈনাং তদ্‌ব্রতো রতিকাম্যযা॥ গোতমঃ—ঋতাবুপেয়াদনৃতৌ চ পর্ব্ববর্জ্জম্। মনুঃ—সন্তুষ্টো ভার্য্যয়া ভর্ত্তা ভর্ত্রা ভার্য্যা তথৈব চ। যস্মিন্নেব কুলে নিত্যং কল্যাণং তত্র বৈ ধ্রুবম্॥ যত্র নার্য্যস্তু পূজ্যন্তে রমন্তে তত্র দেবতাঃ। যত্রৈতাস্তু ন পূজ্যন্তে সর্ব্বাস্তত্রাফলাঃ ক্রিয়াঃ। পিতৃভির্ভ্রাতৃভিশ্চৈতাঃ পতিভির্দেবরৈস্তথা। পূজ্যা ভূষয়িতব্যাশ্চ বহুকল্যাণমীপ্সুভিঃ॥ দক্ষঃ—সুধা নব গৃহস্থস্য শর্ম্মাণি নবৈব তু। তথৈব নব কর্ম্মাণি বিকর্ম্মাণি তথা নব॥ প্রচ্ছন্নানি নবান্যানি প্রকাশ্যানি তথা নব। সফলানি নবান্যানি নিষ্ফলানি নবৈব তু॥ অদেয়ানি নবান্যানি দেয়জাতানি

---

পাণিগ্রহণ করিবে। গোত্র প্রবর ও সম্বন্ধে না বাধে এমন দেখিয়া বিবাহ করিবে। পতি-পত্নীর পরস্পর প্রেম থাকা আবশ্যক। গৃহস্থ-গৃহে স্ত্রীলোকের প্রতি আদর থাকা উচিত। পিতা, ভ্রাতা, পতি, দেবর—যিনিই সংসারের কর্ত্তা হউন তিনিই আপন আপন কন্যা ভগিনী পত্নী ও ভ্রাতৃজায়াকে সমাদর করিবেন, এবং বসন ভূষণ প্রদান করিবেন, তাহা হইলেই সংসারে কল্যাণ হইবে।

সর্ব্বদা। সুধাবস্তুনি বক্তব্যানি প্রাপ্তে গৃহমাগতে। মনশ্চক্ষুর্মুখং বাক্যং সৌম্যং দদ্যাচ্চতুষ্টয়ম্॥ অভ্যুত্থানমিহাগচ্ছ পৃচ্ছালাপপ্রিয়ান্বিতঃ। উপাসনমনুব্রজ্যা কার্য্যাণ্যেতানি যত্নতঃ॥ ঈষদ্দানানি চান্যানি ভূমিরাপস্তৃণানি চ। পাদশৌচং তথাভ্যঙ্গমাশ্রয়ঃ শয়নং তথা॥ কিঞ্চিচ্চান্নং যথাশক্তি নাস্যানশ্নন্ গৃহে বসেৎ। মৃজ্জলকার্থিনে দেয়মেতান্যপি সদা গৃহে॥ সন্ধ্যা স্নানং জপো হোমঃ স্বাধ্যায়ো দেবতার্চ্চনম্। বৈশ্বদেবং তথাতিথ্যমুদ্ধৃতঞ্চাপি শক্তিতঃ॥ পিতৃদেবমনুষ্যাণাং দীনানাথতপস্বিনাম্। মাতাপিতৃগুরূণাঞ্চ সংবিভাগো যথার্হতঃ॥ এতানি নব কর্ম্মাণি বিকর্ম্মাণি তথা পুনঃ॥ অনৃতং পারদার্য্যঞ্চ তথাভক্ষ্যস্য ভক্ষণম্। অগম্যাগমনাপেয়পানং স্তেয়ঞ্চ হিংসনম্॥ অশ্রৌতকর্ম্মাচরণং মিত্রধর্ম্মবহিষ্কৃতম্। নবৈতানি বিকর্ম্মাণি তানি সর্ব্বাণি বর্জ্জয়েৎ॥ আয়ুর্ব্বিত্তং গৃহচ্ছিদ্রং মন্ত্রমৈথুনভেষজম্। তপো দানাবমানৌ চ নব গোপ্যানি যত্নতঃ॥ প্রাযোগ্যমৃণশুদ্ধিশ্চ দানাধ্যয়নবিক্রয়াঃ। কন্যাদানং বৃষোৎসর্গো রহঃপাপমকুৎসনম্। প্রকাশ্যানি নবৈতানি গৃহস্থাশ্রমিণস্তথা॥

---

মাননীয় পাত্র অভ্যাগত হইলে, অগ্রবর্ত্তী হইয়া গৃহস্থের তাঁহাকে লইয়া আসিতে হয়, প্রীতিপূর্ণ মনে প্রীতিপূর্ণ বাক্যে এবং প্রীতিপূর্ণ ব্যবহারে তাঁহাকে আপ্যায়িত করিতে হয়। আহ্বান হইতে বিদায় পর্য্যন্ত সর্ব্বত্রই বিনীতভাব প্রদর্শন কর্ত্তব্য। সন্ধ্যা স্নান ও জপ গৃহস্থের কর্ত্তব্য। মিথ্যা কথা, অভক্ষ্য ভক্ষণ, অপেয়-পান, ব্যভিচার, চৌর্য্য, জীবহত্যা, বন্ধুদ্রোহ, এবং অন্যান্য অশাস্ত্রীয় কর্ম্মের অনুষ্ঠান গৃহস্থের অকর্ত্তব্য। সত্য ও অহিংসার মূল্য শৌচ কথা মিলাইয়া এ স্থানেও মিথ্যা ও জীবহিংসার সিদ্ধান্তে উপনীত হইতে হইবে। গৃহস্থের পক্ষে ধন, গৃহচ্ছিদ্র, মন্ত্রণা, তপস্যা, দান, অবমান, আয়ুষ্কাল ও ভেষজ-বিশেষ—লোকের নিকট প্রকাশ করিতে নাই। ঋণদান, ঋণশোধ,

মাতাপিত্রোর্গুরৌ মিত্রে বিনীতে চোপকারিণি। দীনানাথবিশিষ্টেভ্যো দত্তন্তু সফলং ভবেৎ॥ ধূর্ত্তে বন্দিনি মল্লে চ কুবৈদ্যে কিতবে শঠে। চাটুচারণচৌরেভ্যো দত্তং ভবতি নিষ্ফলম্॥ সামান্যং যাচিতং ন্যাস আধির্দ্দারাশ্চ তদ্ধনম্। ক্রমায়াতঞ্চ নিক্ষেপঃ সর্ব্বস্বঞ্চান্বয়ে সতি॥ আপৎস্বপি ন দেয়ানি নব বস্তুনি সর্ব্বদা। যো দদাতি স মূঢ়াত্মা প্রায়শ্চিত্তীয়তে নরঃ॥ শক্তিতঃ উদ্ধৃতম্ আহৃতঞ্চ আতিথ্যম্। যথাশক্তি আহৃতেন অতিথিসেবা কর্ত্তব্যেতি ভাবঃ॥

যাজ্ঞবল্ক্যঃ—দাতব্যং প্রত্যহং পাত্রে নিমিত্তেষু বিশেষতঃ। যাচিতেনাপি দাতব্যং শ্রদ্ধাপূতঞ্চ শক্তিতঃ। যথা কথঞ্চিদ্ দত্ত্বা গাং ধেনুং বাধেনুমেব বা। অরোগামপরিক্লিষ্টাং দাতা স্বর্গে মহীয়তে॥ শ্রান্তসংবাহনং রোগিপরিচর্য্যা সুরার্চ্চনম্। পাদশৌচং দ্বিজোচ্ছিষ্ট-মার্জ্জনং গোপ্রদানবদিতি (১ম অঃ)।

পূর্ব্বং ব্রহ্মচর্য্যদশায়াম্। পূর্ব্বমিত্যুক্ত্যা বিচারাদিচতুরূপো বেদাভ্যাসো গার্হস্থ্যেঽপি ভবিতুমর্হতি। তত্রাশক্তৌ জপাধ্যাপনে

---

পরকীয় দান অর্থাৎ প্রতিগ্রহ, অধ্যয়ন, বিক্রয়, কন্যাদান বৃষোৎসর্গ, জপ্তপাপ, এবং পরের প্রশংসা এই কয়টী গৃহস্থের পক্ষে প্রকাশ্য; মাতা, পিতা, গুরু, মিত্র বিনীত, উপকারী, দরিদ্র, অনাথ এবং সম্ভ্রান্ত ব্যক্তিকে দান করিলে, সে দান সফল। ধূর্ত্ত, বন্দী, পাপরত, কুবৈদ্য, দ্যূতকার, শঠ, চাটুকার, প্রবঞ্চক এবং চোরকে যাহা দান করা যায় তাহা নিষ্ফল। সাধারণের সম্পত্তি, যাচিত বস্তু, গচ্ছিত বস্তু, আধি অর্থাৎ বন্ধকী বস্তু, স্ত্রীধন, কুলক্রমাগত সম্পত্তি, স্থাপিত দ্রব্য ও বংশ থাকিলে সর্ব্বস্ব প্রদান করিতে নাই।

প্রত্যহই কিছু কিছু দান করা গৃহস্থের উচিত, বিশেষতঃ কোন নিমিত্ত উপস্থিত হইলে, গো দানে বড় পুণ্য, শ্রান্তের শ্রান্তি অপনোদন, রোগীর শুশ্রূষা, পূজ্য ব্যক্তিগণের চরণ প্রক্ষালন ও উচ্ছিষ্ট মার্জ্জন এবং দেবপূজা করিলে গো-দানের সমান ফল হয়। পঞ্চমহাযজ্ঞ গৃহস্থের কর্ত্তব্য। বেদপাঠ, বেদাদি শাস্ত্রের

তত্রাপ্যশক্তৌ জপমাত্রমিতি। তথাচ মনুঃ—অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্। হোমো দৈবো বলি'র্ভৌতো নৃযজ্ঞোঽতিথি-পূজনম্। জপোঽহুতো হুতো হোমঃ প্রহুতো ভৌতিকো বলিঃ। ব্রাহ্ম্যং হুতং দ্বিজাগ্র্যার্চ্চা প্রাশিতং পিতৃতর্পণম্॥ পঞ্চৈতান্ যো মহাযজ্ঞান্ ন হাপয়তি শক্তিতঃ। স গৃহেঽপি বসন্নিত্যং সূনাদোষৈর্ন লিপ্যতে॥ অশক্তাবাহ মহাভারতে শান্তি-পর্ব্বণি ৬১ অধ্যায়ে ব্যাসঃ—সত্যার্জ্জবঞ্চাতিথিপূজনঞ্চ ধর্ম্মস্তথার্থশ্চ রতিঃ স্বদারৈঃ। নিষেবিতব্যানি সুখানি লোকে হ্যস্মিন্ পরে চৈব মতং মমৈতৎ॥ ভরণং পুত্রদারাণাং বেদানাং ধারণং তথা। বসতামাশ্রমং শ্রেষ্ঠং বদন্তি পরমর্ষয়ঃ॥ অতিথিশব্দার্থমাহ মনুঃ—একরাত্রন্তু নিবসন্নতিথির্ব্রাহ্মণঃ স্মৃতঃ। অনিত্যং হি স্থিতো যস্মা-ত্তস্মাদতিথিরুচ্যতে॥ অত্যন্তাশক্তস্যাপি তদর্চ্চনপ্রকারমাহ স এব—তৃণানি ভূমিরুদকং বাক্ চতুর্থী চ সূনৃতা। এতান্যপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন। সুবাসিন্যাদিব্যতিরিক্তগৃহজনানামতিথি-

অধ্যাপনা, নিত্য হোম, বিশ্বদেবতার জন্য অন্ন-নৈবেদ্য দান, পিতৃতর্পণ ও অতিথি সেবা ইহাই পঞ্চমহাযজ্ঞ নামে অভিহিত। গৃহস্থের চুল্লী জ্বালিলে, অনেক ক্ষুদ্রকায় কীট পতঙ্গ দগ্ধ হয়, পেষণীযন্ত্রে অনেক পিষিয়া যায়, সম্মার্জ্জনীর আঘাতে অনেক মরিয়া যায়, ঢেঁকিতে এবং জলের কলসীতেও অনেক মারা পড়ে—গৃহস্থের এই যে প্রাত্যহিক অনিবার্য্য হিংসা—তজ্জনিত পাপমুক্তি এই পঞ্চ মহাযজ্ঞের ফলে হইয়া থাকে।

পিতা মাতা অগ্নি গুরুজন, ভার্য্যা প্রজা, আশ্রিত, দরিদ্র, অভ্যাগত এবং অতিথি ইহাঁরা পোষ্যবর্গ, জ্ঞাতিবন্ধু প্রভৃতিও পোষ্যবর্গের অন্তর্গত, এই পোষ্য-বর্গের পালন গৃহস্থের কর্ত্তব্য, পালন না করিলে নরক হয়।

অশক্ত পক্ষে গৃহস্থ, সত্য সরলতা অতিথিপূজা, পত্নীপ্রেম, স্ত্রীপুত্র প্রতি-পালন এবং বেদচর্চ্চা করিবে। পিতৃমাতৃসেবা ত সাধারণ মানবেরই ধর্ম্ম, তাহা

ভোজনানন্তরং গৃহপত্যোশ্চ দম্পত্যোঃ সর্ব্বান্তে ভোজনমিত্যাহ মনুঃ—সুবাসিনীঃ কুমারাংশ্চ রোগিণো গর্ভিণীস্তথা। অতিথিভ্যোঽগ্র এবৈতান্ ভোজয়েদবিচারয়ন্ ॥ ভুক্তবৎস্বথ বিপ্রেষু স্বেষু ভৃত্যেষু চৈব হি। ভুঞ্জীয়াতাং ততঃ পশ্চাদবশিষ্টন্তু দম্পতী ॥

এবং শ্রাদ্ধদুর্গোৎসবাদি-লক্ষণনিত্যনৈমিত্তিককাম্যধর্ম্মা অপি যথাযথমুপাদেয়াঃ, প্রসিদ্ধত্বাচ্চ তেষামত্র বিবরণানুপারম্যতে। এতেন রাজন্যবৈশ্যগৃহস্থধর্ম্মা অপি ব্যাখ্যাতাঃ। বেদাভ্যাসবর্জ্জং শূদ্রস্যাপি গৃহমেধিনঃ সর্ব্ব এবৈতে ধর্ম্মাঃ। তথাচ শূদ্রানুবৃত্তৌ যাজ্ঞবল্ক্যঃ—ভার্য্যারতিঃ শুচির্ভৃত্য-ভর্ত্তা শ্রাদ্ধক্রিয়ারতঃ। নমস্কারেণ মন্ত্রেণ পঞ্চযজ্ঞান্ ন হাপয়েৎ ॥

প্রসঙ্গাদিদানীং সদাচারশিক্ষণার্থমার্ষং বচনজাতমুপদর্শ্যতে, তদর্থ-পর্য্যালোচনয়া বিশেষধর্ম্মাবিরোধেন যথাধিকারং, তত্র তত্রাচারেষু প্রবর্ত্তিতব্যমায়ুষ্মদ্ভিঃ। তথাহি বিষ্ণুঃ—গাবঃ পবিত্রং মঙ্গল্যং গোষু

---

এস্থলে না বলিলেও ক্ষতি নাই। অতিথি ভোজনের পরে গৃহস্থের ভোজন হয়। কুমারী, নববধূ, গর্ভিণী, রোগী এবং শিশুগণের ভোজন অতিথি-ভোজনের পূর্ব্বে হইতে পারে। অন্য গৃহজনের ভোজন অতিথিভোজনের পরে হইবে। শূদ্র গৃহস্থেরও এই প্রকার ধর্ম্ম, কেবল বেদচর্চ্চা তাহাদের নাই। পঞ্চযজ্ঞ-নির্ব্বাহের জন্য শূদ্রগণ নমস্কার মন্ত্র উচ্চারণ করিবে। শ্রাদ্ধ গৃহস্থ ব্রাহ্মণ দিগে যেরূপ অবশ্য কর্ত্তব্য শূদ্রেরও সেইরূপ। সেই শ্রাদ্ধ এবং দুর্গোৎসব প্রভৃতি বিবিধ নিত্য নৈমিত্তিক ও কাম্য কার্য্য এদেশে প্রচলিত আছে, তাহাও গৃহস্থের ধর্ম্ম।

সদাচার শিক্ষা সকলেরই কর্ত্তব্য; বিশেষতঃ গৃহস্থের; এই জন্য এই স্থলেই কতিপয় উপদেশক শ্লোক উদ্ধৃত হইয়াছে। তৎসমুদায়ের মর্ম্ম এই যে, সর্ব্বদাই

লোকাঃ প্রতিষ্ঠিতাঃ। গাবো বিতন্বতে যজ্ঞং গাবঃ সর্ব্বাঘসূদনাঃ॥ গবাং কণ্ডূয়নঞ্চৈব সর্ব্বকল্মষনাশনম্। গবাং গ্রাসপ্রদানেন স্বর্গলোকে মহীয়তে॥ গবাং হি তীর্থে বসতীহ গঙ্গা পুষ্টিস্তথাসাং রজসি প্রবৃদ্ধা। লক্ষ্মীঃ করীষে প্রণতৌ চ ধর্ম্মস্তাসাং প্রণামং সততং চ কুর্য্যাৎ (২৩শ অঃ)॥ মনুঃ—ঋত্বিক্‌পুরোহিতাচার্য্যৈর্মাতুলাতিথিসংশ্রিতৈঃ। বালবৃদ্ধাতুরৈর্বৈদ্যৈর্জ্ঞাতিসম্বন্ধিবান্ধবৈঃ॥ মাতাপিতৃভ্যাং যামীভির্ভ্রাত্রা পুত্রেণ ভার্য্যয়া। দুহিত্রা দাসবর্গেণ বিবাদং ন সমাচরেৎ (৪র্থ)॥ মহাভারতে শান্তিপর্ব্বণি ১১৪ অধ্যায়ে ব্যাসঃ—যস্যাবাচ্যং ন লোকেঽস্তি নাকার্য্যঞ্চাপি কিঞ্চন। বাচং তেন ন সন্দধ্যাচ্ছুচিঃ সংশ্লিষ্টকর্ম্মণা॥ প্রত্যক্ষং গুণবাদী যঃ পরোক্ষে বাপি নিন্দকঃ। স মানবঃ শ্ববল্লোকে নষ্টলোক-পরাবরঃ॥ শ্রদ্দধানঃ শুভাং বিদ্যামাদদীতাবরাদপি। অন্ত্যাদপি পরং ধর্ম্মং স্ত্রীরত্নং দুষ্কুলাদপি॥ বিষাদপ্যমৃতং গ্রাহ্যং বালাদপি সুভাষিতম্। অমিত্রাদপি সদ্বৃত্তমমেধ্যাদপি কাঞ্চনম্॥ ইতি মনুবচনাৎ শিল্পবিদ্যাং গারুড়াদিবিদ্যাঞ্চ সর্ব্বতো গৃহ্লীয়াৎ। ধার্ম্মিকং ম্লেচ্ছাদিকমপি দৃষ্টান্তীকৃত্য তদীয় সত্যাদিরূপং চ ধর্ম্মমনুশিক্ষেত। স্বাপেক্ষয়াপকৃষ্টকুলাদপি স্ত্রিয়মুদ্বহেত। বিষাদেরমৃতাদিকমাহরেৎ। অপিচ মনুঃ—বয়সঃ কর্ম্মণোঽর্থস্য শ্রুতস্যাভিজনস্য চ। বেশবাগ্‌বুদ্ধিসারূপ্য-

---

গো-সেবা কর্ত্তব্য,—বয়স, কর্ম্ম, ধন, বিদ্যা, এবং কুলের নিয়ম অনুসারে বেশ-ভূষা কর্ত্তব্য। যে সকল অধম ব্যক্তির বাচ্যাবাচ্য নাই, কার্য্যাকার্য্য নাই, তাহাদের কথার সহিত ভদ্রলোকে কথা পর্য্যন্ত মিশাইবে না। প্রত্যক্ষে প্রিয়বাদী এবং পরোক্ষে নিন্দক হইবে না। সকল জাতির নিকটই শিল্পবিদ্যা বিষবিদ্যা প্রভৃতি লৌকিক বিদ্যা শিক্ষা করা যাইতে পারে। যে কোন জাতির মধ্য হইতেই হউক

মাচরন্ বিচরেদিহ (৪র্থ অঃ)॥ নাশ্নীয়াদ্ভার্য্যয়া সার্দ্ধং নৈনামীক্ষেত চাশ্নতীম্। ক্ষুবতীং জৃম্ভমাণাং বা ন চাসীনাং যথাসুখম্॥ নাগ্নিং মুখেনোপধমেন্নগ্নাং নেক্ষেত চ স্ত্রিয়ম্। নামেধ্যং প্রক্ষিপেদগ্নৌ ন চ পাদৌ প্রতাপয়েৎ॥ নাপ্সু মূত্রং পুরীষং বা ষ্ঠীবনং বা সমুৎসৃজেৎ। অমেধ্যলিপ্তমন্যদ্বা লোহিতানি বিষাণি বা॥ ন কুর্ব্বীত বৃথা চেষ্টাং ন বার্য্যঞ্জলিনা পিবেৎ। নোৎসঙ্গে ভক্ষয়েদ্ভক্ষ্যান্ জাতু স্যাৎ কুতূহলী॥ বালাতপঃ প্রেতধূমো বর্জ্জ্যং ভিন্নং তথাসনম্। ন ছিন্দ্যান্নখলোমানি দন্তৈর্নোৎপাটয়েন্নখান্॥ ন বিগর্হ্য কথাং কুর্য্যাদ্বহির্মাল্যং ন ধারয়েৎ॥ ন স্যাদ্বাকুচপলশ্চৈব ন পরদ্রোহকর্ম্মধীঃ। রাত্রৌ চ বৃক্ষমূলানি দূরতঃ পরিবর্জ্জয়েৎ॥ বৈরিণং নোপসেবেত সহায়ঞ্চৈব বৈরিণঃ। অধার্ম্মিকং তস্করঞ্চ পরস্যৈব চ যোষিতম্॥ শুষ্কবৈরং বিবাদঞ্চ ন কুর্য্যাৎ কেনচিৎ সহ॥ অভিবাদয়েদ্বৃদ্ধাংশ্চ দদ্যাচ্চৈবাসনং স্বকম্। কৃতাঞ্জলিরুপাসীত গচ্ছতঃ

---

না ধর্ম্মাত্মার আদর্শে ধর্ম্ম শিক্ষা করা যায়। শত্রুর নিকটও সচ্চরিত্রতা শিক্ষণীয়। পত্নীর সহিত একত্র ভোজন করিতে নাই; ভার্য্যা ভোজন করিতেছে, হাঁচিতেছে হাই তুলিতেছে, বা এলোমেলো ভাবে বসিয়া আছে, এমন সময় তাহাকে দেখিতে নাই। নিষ্ফল চেষ্টা করিতে নাই, কোন বিষয়ে অতিরিক্ত কুতূহল করিতে নাই। নবোদিত রৌদ্র শবদাহের ধূম ও ভগ্ন আসন বর্জ্জনীয়। উৎসঙ্গে অর্থাৎ কোলে বা কোঁচড়ে করিয়া ভোজন করিতে নাই। জলে মূত্র, বিষ্ঠা, নিষ্ঠীবন, শ্লেষ্মাদি অপবিত্র বস্তু বা বিষক্ষেপণ করিতে নাই। নগ্না রমণীর প্রতি দৃষ্টিপাত নিষিদ্ধ। অগ্নিতে ফুৎকার দিতে নাই। অগ্নিতে অপবিত্র বস্তুক্ষেপ কর্ত্তব্য নহে। নখলোম ছিঁড়িতে নাই, নখদংশন নিষিদ্ধ, কাহারও নিন্দা করিয়া কথা কহিবে না, কাহারও অপকার করিবে না, বহুভাষী হইবে না, রাত্রিকালে বৃক্ষমূল আশ্রয় করিবে না। শত্রু, শত্রুপক্ষ, অধার্ম্মিক ও তস্করের অনুবর্ত্তন নিষিদ্ধ, পরদার সেবন অকর্ত্তব্য। বৃদ্ধগণের প্রতি সম্মান প্রদর্শন, আসন প্রদান

পৃষ্ঠতোঽন্বিয়াৎ॥ নাত্মানমবমন্যেত পূর্ব্বাভিরসমৃদ্ধিভিঃ। আমৃত্যোঃ শ্রিয়মন্বিচ্ছেন্নৈনাং মন্যেত দুর্লভাম্॥ যদ্‌যৎ পরবশং কর্ম্ম তত্তদ্‌-যত্নেন বর্জ্জয়েৎ। যদ্‌যদাত্মবশন্তু স্যাৎ তত্তৎ সেবেত যত্নতঃ॥ সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখম্। এতদ্বিদ্যাৎ সমাসেন লক্ষণং সুখদুঃখয়োঃ॥

বাসিষ্ঠরামায়ণে, মুমুক্ষুব্যবহারপ্রকরণে বসিষ্ঠঃ—দৈবং পুরুষ-কারেণ যো নিবর্ত্তিতুমিচ্ছতি। ইহ বামুত্র জগতি স সম্পূর্ণাভি-বাঞ্ছিতঃ॥ যে সমুদ্‌যোগমুৎসৃজ্য স্থিতা দৈবপরায়ণাঃ। তে ধর্ম্মমর্থং কামঞ্চ নাশয়ন্ত্যাত্মবিদ্বিষঃ॥ ভোক্তা তৃপ্যতি নাভোক্তা গন্তা গচ্ছতি নাগতিঃ। বক্তা বক্তি ন চাবক্তা পৌরুষং সফলং নৃণাম্ (৭ম সর্গঃ)॥ মহাভারতে ব্যাসঃ—উত্থানেনামৃতং লব্ধম্ উত্থানেনা-সুরা হতাঃ। উত্থানেন মহেন্দ্রেণ শ্রৈষ্ঠ্যং প্রাপ্তং দিবীহ চ॥ উত্থানবীরঃ সততং বাগ্‌বীরানধিতিষ্ঠতি। উত্থানবীরান্ বাগ্‌বীরা রময়ন্ত উপাসতে॥ মহাভারতে শান্তিপর্ব্বণি ১২৪ মাধ্যায়ে ব্যাসঃ—

ও প্রণামাদি করিবে। অকারণ বিবাদ বিসংবাদ কর্ত্তব্য নহে। পূর্ব্বতন দুর্দ-শায় আপনার প্রতি অবজ্ঞা প্রদর্শন কর্ত্তব্য নহে। মৃত্যুকাল পর্য্যন্ত উন্নতির জন্য চেষ্টা করিবে, উন্নতিকে কখন দুর্লভ বিবেচনা করিবে না। পরাধীন কর্ম্ম বর্জ্জনীয়, স্বাধীন কর্ম্ম পরিগ্রহণীয়। যাহা পরাধীন তাহাই দুঃখহেতু, যাহা স্বাধীন তাহাই সুখহেতু। পুরুষকার দ্বারা দৈব প্রতিবোধ করিতে যত্নবান্ থাকা উচিত। উদ্যোগ ছাড়িয়া দৈবে নির্ভর করিয়া থাকিতে নাই। নিত্য উদ্যোগশীল হইতে হয়,—কর্ম্মে উদ্যোগীই প্রকৃত উদ্যোগী, ইহাদের নামান্তর উত্থানবীর বা কর্ম্মবীর। আর এক দল আছেন যাঁহারা মহাভারতে 'বাগ্‌বীর' নামে আখ্যাত; বাগ্‌বীর অর্থাৎ আমাদের 'বাক্যবীর' উত্থানবীরেরা কার্য্য করিয়া মুগ্ধ হয়; বাক্যবীরেরা তাহাদিগের স্তুতিপরায়ণ হইয়া থাকে।

যদন্যেষাং হিতং ন স্যাদাত্মনঃ কর্ম্ম পৌরুষম্। অপত্রপেত বা যেন ন তৎ কুর্য্যাৎ কথঞ্চন॥ তত্তু কর্ম্ম তথা কুর্য্যাদ্ যেন শ্লাঘ্যেত সংসদি॥ আহ্নিকতত্ত্বে নরসিংহপুরাণম্।—অনুক্তেনাপি সুহৃদা বক্তব্যং জানতা হিতম্। হ্যাত্যঞ্চ প্রাপ্তকালঞ্চ পরাভবমনিচ্ছতা॥ বক্তব্যং সর্ব্বথা সদ্ভিরপ্রিয়ঞ্চাপি যদ্ধিতম্। আনৃণ্যমেতৎ স্নেহস্য সদ্ভিরেব কৃতং পুরা॥ কুমিত্রে সৌহৃদং নাস্তি কুভার্য্যায়াং কুতো রতিঃ। কুতঃ পিণ্ডং কুপুত্রেষু নাস্তি সত্যং কুরাজনি॥ কুসৌহৃদে ন বিশ্বাসঃ কুদেশে ন প্রজীব্যতে। কুরাজনি ভয়ং নিত্যং কুপুত্রে সর্ব্বদা ভয়ম্॥ শত্রুশেষং ঋণাচ্ছেষং শেষমগ্নেশ্চ ভূমিপ। পুনর্ব্বর্দ্ধেত সম্ভূয় তস্মাচ্ছেষং ন শেষয়েৎ॥ নারদঃ—ধনমূলাঃ ক্রিয়াঃ সর্ব্বাঃ যত্নস্তস্যার্জ্জনে মতঃ। রক্ষণং বর্দ্ধনং ভোগ ইতি তস্য বিধিঃ ক্রমাৎ॥ মার্কণ্ডেয়পুরাণং—পাদেন তস্য পারক্যং কুর্য্যাৎ সঞ্চয়মাত্মবান্। অর্দ্ধেন চাত্মভরণং নিত্যনৈমিত্তিকং তথা॥ পাদস্যার্দ্ধাদ্ধমর্থস্য মূলভূতং বিবর্দ্ধয়েৎ॥ অর্জ্জিতানামর্থানামেকচতুর্থাংশেন পারলৌকিকং কর্ম্ম, অন্যেন চতুর্থাংশেন সঞ্চয়ঃ, অর্দ্ধেন আত্মভরণং নিত্যনৈমিত্তিককর্ম্ম পোষ্যবর্গাদিপালনঞ্চ। সঞ্চিতস্যার্থস্য একচতু-

---

যে কার্য্যে পরহিত বা আত্মপৌরুষ প্রকাশ না হয়, সে কার্য্য করিতে নাই। যে কার্য্য করিলে দশের মুখে সুখ্যাতি ঘোষিত হয়, তাহা কর্ত্তব্য। যে ব্যক্তি সুহৃদ্ হইবে, সে সুহৃদের হিত কথা বিনা জিজ্ঞাসাতেও বলিবে, অপ্রিয় হইলেও হিত কথা বলিতে কুণ্ঠিত হইবে না। কপট মিত্র, কু-পত্নী, কুপুত্র, কুদেশ এবং কুরাজা, সর্ব্বদাই আশঙ্কাস্থান। বিশ্বাস, সন্তোষ এবং উপকার প্রত্যাশা ইহাদের নিকট নাই। শত্রু, ঋণ এবং অগ্নি, নিঃশেষ করা উচিত, একটু অবশিষ্ট থাকিলেও ইহারা বৃদ্ধি পাইয়া থাকে। গৃহস্থের সমস্ত কার্য্যই ধনমূলক, অতএব ধনার্জ্জনে যত্ন কর্ত্তব্য, অর্জ্জিত ধনকে ৪ ভাগ করিয়া তাহার

র্থাংশং মূলধনঞ্চ কুর্য্যাত্তচ্চ বর্দ্ধয়েদিত্যয়ং রাজসগৃহস্থং প্রত্যুপদেশঃ। সাত্ত্বিকস্থ ব্রাহ্মণস্থ তু অশ্বস্তনিক এব বেতি (৪ অঃ) মনুনা নিষ্কিঞ্চনত্বং শ্রেয়স্ত্বেনোপদিষ্টম্। মনুঃ—নাস্তিক্যং বেদনিন্দাঞ্চ দেবতানাঞ্চ কুৎসনম্। দ্বেষং দম্ভঞ্চ মানঞ্চ ক্রোধং তৈক্ষ্ণ্যঞ্চ বর্জ্জয়েৎ॥ অধার্ম্মিকো নরো যো হি যস্থ বাপ্যনৃতং ধনম্। হিংসারতশ্চ যো নিত্যং নেহাসৌ সুখমেধতে॥ ন সীদন্নপি ধর্ম্মেণ মনোহধর্ম্মে নিবেশয়েৎ। অধার্ম্মিকাণাং পাপানামাশু পশ্যন্ বিপর্য্যয়ম্॥ নাধর্ম্মশ্চরিতো লোকে সদ্যঃ ফলতি গৌরিব। শনৈরাবর্ত্তমানস্তু কর্ত্তুর্মূলানি কৃন্ততি॥ যদি নাত্মনি পুত্রেষু ন চেৎ পুত্রেষু নপ্তৃষু। ন ত্বেব তু কৃতোহধর্ম্মঃ কর্ত্তুর্ভবতি নিষ্ফলঃ॥ ন বিস্ময়েত তপসা বদেদিষ্ট্বা ন চানৃতম্। নার্ত্তোহপ্যপবদেদ্বিপ্রান্ ন দত্ত্বা পরিকীর্ত্তয়েৎ॥ ধর্ম্মং শনৈঃ সঞ্চিনুয়াদ্বল্মীকমিব পুত্তিকাঃ। পরলোকসহায়ার্থং সর্ব্বভূতান্যপীড়য়ন্॥ নামুত্র হি সহায়ার্থং পিতা মাতা চ তিষ্ঠতঃ। ন পুত্রদারং ন জ্ঞাতির্ধর্ম্মস্তিষ্ঠতি কেবলঃ॥ (৪র্থ অঃ) ইতি দিক্।

ইতি গৃহস্থধর্ম্মপ্রকরণম্।

---

২ ভাগ দ্বারা নিজ সংসারযাত্রা নির্ব্বাহ, একভাগে ধর্ম্মানুষ্ঠান, এবং একভাগ সঞ্চয় কর্ত্তব্য। সঞ্চিতাংশের একচতুর্থ ভাগ মূলধন হিঃ রাখিবে এবং তাহা বাড়াইবে। এই ধনব্যবস্থা রাজস গৃহস্থের পক্ষে অবলম্বনীয়। সাত্ত্বিক ব্রাহ্মণের নির্দ্ধন হওয়াই উচিত। নাস্তিকতা, বেদনিন্দা, দেবনিন্দা, উগ্রভাব, ক্রোধ, দ্বেষ এবং দম্ভ বর্জ্জনীয়। মিথ্যা-সর্ব্বস্ব অধার্ম্মিক হিংস্র ব্যক্তি ইহকালে সুখী হয় না, সুতরাং সেরূপ হইতে নাই। ধর্ম্মকর্ম্ম দ্বারা অবসন্ন হইলেও অধর্ম্মে মনোনিবেশ করা অনুচিত। অধর্ম্ম করিলেই যে তখনই ফল হয় তা নয়, তবে অধর্ম্মের ফল একদিন হইবেই, অধার্ম্মিকের যদি স্বয়ং সে ফল ভোগ করিতে নাও হয়—তথাপি তাহার পুত্র পৌত্রেও সেই ফল ফলিবে। অধর্ম্ম করিয়া বিস্মিত হইতে নাই। ধর্ম্মই পরকালের একমাত্র সহায়।

অথাপদ্ধর্ম্মাঃ। তত্র গোতমঃ—আপৎকল্পো ব্রাহ্মণস্যাব্রাহ্মণা-দ্বিদ্যোপযোগঃ (৭ম)। মনুঃ—বৈশ্যবৃত্তিমনাতিষ্ঠন্ ব্রাহ্মণঃ স্বে পথি স্থিতঃ। অবৃত্তিকর্ষিতঃ সীদন্নিমং ধর্ম্মং সমাচরেৎ॥ সর্ব্বতঃ প্রতিগৃহ্নীয়াদ্ব্রাহ্মণস্ত্বনয়ং গতঃ॥ নাধ্যাপনাদ্‌যাজনাদ্বা গর্হিতাদ্বা প্রতিগ্রহাৎ। দোষো ভবতি বিপ্রাণাং জ্বলনাম্বুসমা হি তে॥ অজীবংস্তু যথোক্তেন ব্রাহ্মণঃ স্বেন কর্ম্মণা। জীবেৎ ক্ষত্রিয়ধর্ম্মেণ স হ্যস্য প্রত্যনন্তরঃ॥ উভাভ্যামপ্যজীবংস্তু কথং স্যাদিতি চেদ্ভবেৎ। কৃষিগোরক্ষমাস্থায় জীবেদ্ বৈশ্যস্য জীবিকাম্॥ ইতি পশুপালনবাণিজ্যা-ভ্যামপ্যজীবনে তদশক্তৌ বা কৃষিঃ। অতএবোচ্যতে—বৈশ্যবৃত্ত্যাপি জীবংস্তু ব্রাহ্মণঃ ক্ষত্রিয়োঽপি বা। হিংসাপ্রায়াং পরাধীনাং কৃষিং যত্নেন বর্জ্জয়েৎ ইতি। বাণিজ্যমপি মৃতান্ন-ক্ষীর-ক্ষৌদ্র-দধি-ঘৃত-লবণ-তৈল-মধূচ্ছিষ্ট-গুড়-গরলমাংসানল-সলিল-তিল-ফল-মূলৌষধি-শাণ-ক্ষৌমাবিকবসন-রক্ততান্তব-পশুমানুষাশ্মগন্ধবিক্রয়েতররূপম্। তস্য

---

এই সকল কথায় প্রমাণ—মনু, দক্ষ, বসিষ্ঠ, যাজ্ঞবল্ক্য, গোতম, বিষ্ণু এবং মহাভারত হইতে সংগৃহীত।

গৃহস্থধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

---

অনন্তর আপদ্ধর্ম্ম কথিত হইতেছে।—ব্রাহ্মণ অধ্যাপকের অভাব হইলে, ব্রাহ্মণ অব্রাহ্মণের নিকটেও অধ্যয়ন করিতে পারিবে। সুতরাং অব্রাহ্মণও আপদে অধ্যাপকের কার্য্য করিতে পারিবে। ব্রাহ্মণের নিজ বৃত্তিদ্বারা জীবিকা নির্ব্বাহ না হইলে, ক্ষত্রিয়বৃত্তি গ্রাহ্য। তদভাবে স্বহস্তে বাণিজ্য, অশক্তপক্ষে কুসীদ গ্রহণ কর্ত্তব্য। বাণিজ্যে মধু প্রভৃতি পূর্ব্বোক্ত অবিক্রেয় দ্রব্য এবং ফলমূল জল তিল তসর গরদ প্রভৃতি গরম বস্ত্র, রক্তসূত্র পশু প্রস্তর লৌহ প্রভৃতি দ্রব্য ব্রাহ্মণের অবিক্রেয়। ব্রাহ্মণ অশক্ত হইলে ক্ষত্রিয়াদি বৃত্তি গ্রহণ না করিয়া—যজনযাজন প্রতিগ্রহ এমন কি অধ্যাপন দ্বারাও করিতে

প্রমাণং মনুসংহিতা-দশমাধ্যায়াদৌ দ্রষ্টব্যম্। অত্যন্তাশক্তৌ তত্রাপি কচিদভ্যনুমতিঃ।—আপদি রাজন্যোঽপ্যেবংবৃত্তিঃ স্যাৎ। ন তু ব্রাহ্মণরাজন্যৌ সেবাবৃত্তী স্যাতাম্। বৈশ্যস্ববৃত্তিকার্য্যতঃ শূদ্রবৃত্তিজীবী স্যাদুচ্ছিষ্টাদিভোজনমনঙ্গীকুর্ব্বাণঃ। বৈশ্যোঽজীবন্ স্বধর্ম্মেণ শূদ্রবৃত্ত্যাপি বর্ত্তয়েৎ। অনাচরন্নকার্য্যাণি নিবর্ত্তেত চ শক্তিমানিতি মনুক্তেঃ। অত্যন্তাপদি স্ববিশেষবৃত্তীমনুরাহ—বিদ্যা শিল্পং ভৃতিঃ সেবা গোরক্ষং বিপণিঃ কৃষিঃ। ধৃতির্ভৈক্ষ্যং কুসীদঞ্চ দশ জীবনহেতবঃ॥ তত্র বিদ্যা গারুড়াদিঃ। ভৃতিঃ প্রেষ্যভাবেন বেতনগ্রহণম্। সেবা পরাজ্ঞাসম্পাদনম্। ধৃতিঃ সন্তোষঃ, বৈদেশিকাচিন্ত্যপূর্ব্বোহস্মসম্ভূতশক্তির্জ্জীবনোপায়ঃ যেন সর্ব্ববিধবৃত্তিবিভ্রষ্টা অপি কণ্ঠাগতপ্রাণা অপি কুলক্রমাগতসংস্কারদৃঢ়ীকৃতশক্তিনা সন্তোষেণ অনতিক্ষীযমাণ-জীবনধাতবশ্চিরঞ্জীবন্তি ভরতখণ্ড-বাস্তব্যাঃ। আপদ্গতস্য সন্ধ্যাদ্যুপাসনাসম্ভবে ত্বাহ গোতমঃ—মনসা বা তৎ সমগ্রমাচারমনুপালয়েদাপৎকল্পঃ (৯ অঃ)। আপদ্গতস্য কালাতিক্রমাপেক্ষয়া স্বকালে মনসাপি তদাচরণমুচিতম্। "বরমেকাহুতিঃ কালে নাকালে

---

পারে; তাহাতে না চলিলে, ক্ষত্রিয়াদিবৃত্তি গ্রহণ কর্ত্তব্য। অত্যন্ত আপদে সকলেরই গারুড়াদি বিদ্যা, শিল্প, বেতন গ্রহণ, সেবা, পশুপালন, বাণিজ্য, কৃষি, ভিক্ষা কুসীদ এবং সন্তোষ এই দশ প্রকারের যে কোনরূপে জীবিকা নির্ব্বাহ কর্ত্তব্য। তবে ব্রাহ্মণের পক্ষে বেতনগ্রহণ ও সেবা বৃত্তি সর্ব্ব নিকৃষ্ট। সন্তোষ যে জীবিকা নির্ব্বাহের হেতু—এ কথা অন্য দেশের লোক বুঝিতে পারে না। কিন্তু সর্ব্বদাই দেখিতে পাই, সন্তোষের গুণেই আমাদের কণ্ঠাগত প্রাণ দীনহীনও দশদিন অধিক বাঁচিয়া যায়। আপৎকালে সন্ধ্যাদি করিবার উপযুক্ত শৌচাদি না হইলে বা উপকরণের অভাব হইলেও মনে মনে শৌচাচার ও সন্ধ্যাদি সমস্ত অনুষ্ঠান করিবে। কাল অতিক্রম না করিয়া মনে মনে যদি সন্ধ্যাবন্দনাদি

লক্ষকোটয়ঃ" ইতি ন্যায়াৎ। আপদি গায়ত্রীজপমাত্ররতোঽপ্য-ভক্ষ্যভক্ষণাবিক্রেয়বিক্রয়বর্জ্জিতো বিপ্রঃ বিবিধশ্রৌতক্রিয়াবতোঽপি সর্ব্বাশিনঃ সর্ব্ববিক্রয়িণো ব্রাহ্মণাদ্বরমিত্যাহ মনুঃ—সাবিত্রীমাত্র-সারোঽপি বরং বিপ্রঃ সুযন্ত্রিতঃ। নাযন্ত্রিতস্ত্রিবেদোঽপি সর্ব্বাশী সর্ব্ববিক্রয়ী॥ অনাপদ্যাপৎকল্পানুসরণে দোষমাহ স এব— আপৎকল্পেন যো ধর্ম্মং কুরুতেঽনাপদি দ্বিজঃ। স নাপ্নোতি ফলং চাস্য পরত্রেতি বিচারিতম্॥

আপদুদ্ধারপ্রকারমাহ পরাশরঃ—দেশভঙ্গে প্রবাসে বা ব্যাধিষু ব্যসনেষ্বপি। রক্ষেদেব স্বদেহাদি পশ্চাদ্ধর্ম্মং সমাচরেৎ॥ যেন কেন চ ধর্ম্মেণ মৃদুনা দারুণেন চ। উদ্ধরেদ্দীনমাত্মানং সমর্থো ধর্ম্মমাচরেৎ॥ অত্র মন্ব্যাস্তু স্বদেহাদীতি প্রামাদিকঃ পাঠঃ, স্বদেশা-দীতি তু জ্যায়ান্ দেশভঙ্গ ইত্যুপক্রমাদিতি। মহাভারতেঽপ্যেবম্।

ইত্যাপদ্ধর্ম্মপ্রকরণম্।

---

করা হয়, আমার বোধ হয়—কালাতিক্রম করা অপেক্ষা তাহা উত্তম, তবে ইচ্ছা করিয়া আপদ্ ভাবিয়া ঐরূপ কার্য্য করিলে পাপ হয়। অত্যন্ত অশক্ত পক্ষে ব্রাহ্মণ কেবল গায়ত্রী জপ করিলেও ব্রাহ্মণ্য-ভ্রষ্ট হইবে না। তবে আপৎকল্পের আচার-অনুষ্ঠান ও বৃত্তি আপৎকাল না হইলেও করিলে পাপী হইতে হয়।

পরাশর বলেন, দেশভঙ্গ প্রবাস রোগ বা অন্যান্য বিপদ উপস্থিত হইলে অগ্রে স্বদেহ বা স্বদেশ প্রভৃতি রক্ষা করা উচিত; পশ্চাৎ বিপদুত্তীর্ণ হইয়া সম্পূর্ণ ধর্ম্মাচরণ করিবে। মৃদু ও দারুণ যেরূপ উপায়েই হউক, অগ্রে আপনার দৈন্য দূর করিয়া আপৎ বিপৎ কাটাইয়া পরে ধর্ম্মাচরণ করিবে। বিপদের সময়ে মনে মনে শৌচাচার ধর্ম্ম পালন করিবে, ধর্ম্ম অনুষ্ঠান হইতেছে না বলিয়া দুঃখিত থাকিবে, শাস্ত্রে বিশ্বাস রাখিবে। বিপদ দূর হইলে প্রবাসাগত পুত্রের

অথ স্ত্রীণাং ধর্ম্মাঃ। তত্র মনুঃ—স্ত্রিয়ো বিবৃণোতি,—প্রজনার্থং মহাভাগাঃ পূজার্হা গৃহদীপ্তয়ঃ। স্ত্রিয়ঃ শ্রিয়শ্চ গেহেষু ন বিশেষোঽস্তি কশ্চন ( ৯ম অঃ )।

তাসাং ধর্ম্মানাহ বিষ্ণুঃ—ভর্ত্তুঃ সমানব্রতচারিত্বং, শ্বশ্রূশ্বশুরগুরুদেবতাতিথিপূজনং, সুসংস্কৃতোপস্করতা, অমুক্ত-হস্ততা, সুগুপ্তভাণ্ডতা, মূলক্রিয়াস্বনভিরতিঃ, মঙ্গলাচারতৎপরতা, ভর্ত্তরি প্রবসিতেঽপ্রতিকর্ম্মক্রিয়া, পরগৃহেষ্বনভিগমনং, দ্বারদেশগবাক্ষকেষ্বনবস্থানম্, বাল্যযৌবনবার্দ্ধকেষ্বপি পিতৃভর্ত্তৃপুত্রাধীনতা, মৃতে ভর্ত্তরি ব্রহ্মচর্য্যং তদন্বারোহণং বা। মনুঃ—বিশীলঃ কামবৃত্তো বা গুণৈর্ব্বা পরিবর্জ্জিতঃ। উপচর্য্যঃ স্ত্রিয়া সাধ্ব্যা সততং দেববৎ পতিঃ॥ পাণিগ্রাহস্য সাধ্বী স্ত্রী জীবতো বা মৃতস্য বা। পতিলোকমভীপ্সন্তী

---

ন্যায় ধর্ম্মকে আলিঙ্গন করিবে। গোতম, মনু এবং পরাশর প্রভৃতির উক্তি প্রমাণ স্বরূপ উদ্ধৃত হইয়াছে।

আপদ্ধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

---

স্ত্রীলোকের ধর্ম্ম কথিত হইতেছে। স্ত্রীজাতি মহাভাগা; ইহাঁরা সম্মানের পাত্র, ইহাঁরাই গৃহের শোভা, প্রজা সৃষ্টির জন্যই ইহাঁদের উৎপত্তি। লক্ষ্মীতে এবং রমণীতে কোন প্রভেদ নাই। স্ত্রীজাতি বাল্যে পিতার, যৌবনে ভর্ত্তার এবং বার্দ্ধক্যে পুত্রের বশে থাকিবেন। পতির সমান ব্রতধারিণী হইবেন। গৃহস্থালী গুছান, পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, অর্থ রক্ষা, এই সকল স্ত্রীলোকের কার্য্য। শ্বশ্রূ শ্বশুর এবং অন্য গুরুজনের শুশ্রূষা স্ত্রীলোকের কর্ত্তব্য, দেবপূজা অতিথিপূজা প্রভৃতি সর্ব্ববিধ ধর্ম্মকার্য্যেই পতির সাহায্য পত্নী করিবে। ঔষধ প্রয়োগ বা অসদুপায়ে পতিকে বশ করিবার চেষ্টা পত্নীর কর্ত্তব্য নহে। পরগৃহে ভ্রমণাদি স্ত্রীলোকের কর্ত্তব্য নহে; স্বামী প্রবাসে থাকিলে বেশভূষা করা স্ত্রীলোকের অকর্ত্তব্য; পতি মরণে পত্নীর ব্রহ্মচর্য্য বা সহমরণ বিহিত, এক্ষণে

নাচরেৎ কিঞ্চিদপ্রিয়ম্‌ । কামন্তু ক্ষপয়েদ্দেহং পুষ্পমূলফলৈঃ শুভৈঃ । ন তু নামাপি গৃহ্নীয়াৎ পত্যৌ প্রেতে পরস্য তু ( ৫ম অঃ )॥ যত্তু নষ্টে মৃতে প্রব্রজিতে ক্লীবে চ পতিতে পতৌ । পঞ্চস্বাপৎসু নারীণাং পতিরন্যো বিধীয়তে ॥ ইতি ব্রহ্মচর্য্যসহমরণয়োরশক্তৌ পরাশরেণ পত্যন্তরগ্রহণমুক্তং, তদ্বলাম্মখাদিপ্রতিষিদ্ধমপি পত্যন্তরগ্রহণং কলেঃ প্রথমেহংশে প্রাদুরভূৎ যেন নাগরাজসুষা মৃতভর্তৃকা চিত্রাঙ্গদা শ্রীমন্তমর্জ্জুনং পতিত্বেনাভ্যুপাগচ্ছৎ । এবং প্রবৃত্তং বিধবায়াঃ পত্যন্তরগ্রহণং 'দত্তা কন্যা প্রদীয়তে' ইত্যনেন প্রাগুক্তবচনেন প্রতিষিদ্ধম্‌ ।

তদ্বচনে কলেরাদাবিত্যত্র কালবিহিতা সপ্তমী, শরদি পুষ্পন্তি সপ্তচ্ছদা ইতিবৎ কর্ত্ত্রন্বয়িনী । আদৌ প্রথমাংশে নষ্টাদ্যক্ষণে । অত্র প্রমাণীভূতপুরাণবচনস্য কলিধর্ম্মানুশাসনস্মৃত্যপেক্ষয়া দুর্ব্বল-ত্বেহপি যদ্বচনমাশ্রিত্য পুরাণবচনীয়প্রতিষেধপ্রবৃত্তিঃ তেনৈব প্রতি-ষেধকস্য বাধে কারণপ্রতিবন্ধকয়োরনন্যস্থাপত্তিঃ । প্রতিষেধক-প্রমাণস্য নির্ব্বিষয়ত্বাপত্তিশ্চ ; নহি পারাশরী স্মৃতির্ব্বলীয়সীতি দুর্ব্বলং

---

সহমরণ বর্ত্তমান আইনে নিষিদ্ধ হইয়াছে। পতি দুঃশীল, দুরাচার, নির্দ্ধন, যাহাই কেন হউন না, পত্নী তাঁহাকে দেবতা জ্ঞান করিবেন, জীবন মরণে পতির অপ্রিয় কার্য্য পত্নীর কর্ত্তব্য নহে। পতির মৃত্যু হইলে পত্নী ব্রহ্মচর্য্য করিবেন, নিতান্ত ক্লেশে পড়িলেও পুরুষান্তরের নামও লইবেন না। বিধবা-বিবাহ শাস্ত্রীয় নহে ; পরাশর কলিকালের প্রথমে বিধবা-বিবাহের বিধি দিলেও পরিশেষে তাহা অন্য শাস্ত্র দ্বারা রহিত হইয়াছে। পরাশর স্মৃতি কলিকালের ধর্ম্মশাস্ত্র বলিয়া তদনুগ যে মনুর নিষিদ্ধ বিধবাবিবাহ কলির প্রথমে চলিয়া-ছিল, তৎপরে বিধবাবিবাহ নিষিদ্ধ হইয়াছে। এই নিষেধক বচন পৌরাণিক হইলেও পরাশর স্মৃতি অপেক্ষা এ বিষয়ে বলবৎ, নতুবা এই নিষেধ নিরর্থক

প্রমাণান্তরমত্যন্তমুপহন্তুমীষ্টে। নচাসৌ মাত্রুদত্যন্তোপঘাতিকা, সঙ্কোচিকা তু ভবতি, দৃশ্যতামত্র পুনঃ সেয়ং বলীয়সী দুর্ব্বলাদ্ভীত-ভীতেব কলেরন্তমসম্প্রতাগতীতামেকস্মাদ্ভীমধিকরোতীতি বাচ্যং, প্রতিষেধ্যপ্রতিষেধকয়োরেবংস্বভাবত্বাৎ যাবৎ প্রতিষেধকানুদয়-স্তাবদেবাসৌ মন্বাদিস্মৃতিপ্রতিষিদ্ধং বিধবোপযমং স্থাপয়ন্তী বলীয়সী সম্ভবৎ, অনন্তরমিদমেবাত্র বলীয়ঃ। যথা মন্বাদ্যুক্তদ্বাদশবিধপুত্র-স্থলে ক্ষেত্রজাদয়শ্চত্বারঃ—ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃ কৃত্রিম এব বা। ইতি পরাশরোক্ত-চতুর্ব্বিধপুত্রেষু ক্ষেত্রজকৃত্রিমৌ বিহিতাবপি দত্তৌ-রসেতরেষান্ত পুত্রত্বেন পরিগ্রহঃ—ইত্যাদিত্যপুরাণীয়েন তেনৈব বচনেন প্রতিষিদ্ধৌ, যেন দত্তায়াঃ পুনরুপযমো নিষিদ্ধঃ। এবঞ্চ ক্ষেত্রজাদিপুত্রনিষেধে যথা পুরাণবচনস্য বলবত্ত্বং, তদ্বদত্রাপীতি ধ্যেয়ম্।

ইতি স্ত্রীধর্ম্মপ্রকরণম্।

---

অথ পরমধর্ম্মঃ। এতে চ ধর্ম্মা যৎপ্রতিষ্ঠাঃ স্থিরী ভবন্তি তামদানীং পরমধর্ম্মং ব্যাখ্যাম। স হি ভগবদারাধনলক্ষণঃ; তদারাধনং পুনরধিকারিভেদাদ্ভিদ্যতে। সর্ব্বময়োঽহমীশ্বরঃ; বুদ্ধিবৈচিত্র্যাদ্-

---

হয়। পরাশরের বিধির উপরেই এই নিষেধ; যেমন পরাশরে কৃত্রিম ও ক্ষেত্রজ পুত্রের বিধান আছে; কিন্তু ঐ বিধবাবিবাহ নিষেধক বচনে এই দুই পুত্রের নিষেধ আছে এবং তাহাই এক্ষণে বলবৎ। এ বিষয়ে বিস্তৃত বিচার মূলে দিলাম। মনু, বিষ্ণু, পরাশর এবং আদিত্যপুরাণ বচন প্রমাণরূপে উদ্ধৃত হইল।

স্ত্রীধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

---

অনন্তর পরমধর্ম্ম কথিত হইতেছে। এই সমস্ত ধর্ম্ম যে ধর্ম্মে দৃঢ়ীকৃত

যো হি যেন রূপেণ তমুপাস্তে স প্রিয় তেনৈব রূপেণ নাসভ্যাসু-জানাতি। উক্তং হি গীতায়াং শ্রীভগবতা—যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্। মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ॥ কিঞ্চ তত্রৈব—সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ। নমস্যন্তশ্চ মাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসতে॥ জ্ঞানযজ্ঞেন চাপ্যন্যে যজন্তো মামুপাসতে। একত্বেন পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোমুখম্॥ অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহমহমৌষধম্। মন্ত্রোঽহমহমেবাজ্যমহমগ্নিরহং হুতম্॥ পিতাহমস্য জগতো মাতা ধাতা পিতামহঃ। বেদ্যং পবিত্রমোঁকার ঋক্ সাম যজুরেব চ॥ গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ। প্রভবপ্রলয়স্থানং নিধানং বীজমব্যয়ম্॥ ইত্যাদিনবম্যাধ্যায়বচনেন যজ্ঞাদিরূপতয়া ভগবানুপদর্শিতঃ। পৃথক্ত্বেনোপাসনাপ্রতিপাদনার্থমাহ অহং ক্রতুরিত্যাদি। অহমেব শ্রৌতস্মার্ত্তযজ্ঞাদিরূপো জগৎ-পিতৃমহেশ্বররূপো জগন্মাতৃমহাশক্তি-রূপো জগদ্ধাতৃবিষ্ণুরূপো লোকপিতামহরূপঃ প্রণবাদিরূপশ্চাহম্, অহমেব নিস্তারকরূপো ভর্ত্তৃরূপঃ প্রভুরূপঃ সাক্ষিরূপো নিবাসা-ত্মকজন্মভূমিরূপো রক্ষকরূপঃ সুহৃদাদিরূপশ্চ। তথা চ যজ্ঞাদি-ভাবেন শিবভাবেন, শক্তিভাবেন, বিষ্ণুভাবাদিনা, নিস্তারক-ভর্ত্তৃ-প্রভু-সাক্ষি-ভাবৈঃ, জন্মভূমিভাবেন, রক্ষকাদিভাবেন বা স এব বিশ্ব-রূপো ভগবান্ সর্ব্বথা স্বধর্ম্মমনুবর্ত্তমানৈঃ সর্ব্বৈরেব মানবৈর্ভজ-

---

ও সুস্থির হয়, তাহাই পরম ধর্ম্ম; ভগবানের আরাধনাই সেই পরম ধর্ম্ম। ভগবানকে শাস্ত্রানুসারে, শিব, দুর্গা, বিষ্ণু, বেদবিদ্যা, নিস্তারক, প্রভু, রক্ষক এবং জন্মভূমি ভাবে উপাসনা করিবে। সেই উপাসনা ফলে তিনি প্রসন্ন হইলে সকল ধর্ম্মই সার্থক হয়। এই উপাসনা শাস্ত্রানুমত স্বধর্ম্ম অনুসারে

নীয়ঃ।—শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ। স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহ ইতি ( ৩য় অঃ ৩৫ ) গীতোক্তেঃ।

ভজনং চ ভক্ত্যা গ্রহণং, ভক্তিশ্চ বিষয়াসক্তানাং বিষয়ানুরাগতুল্যোঽনুরাগঃ, পরানুরক্তিরিতি তু পরমার্থঃ। তচ্চ শাস্ত্রমাশ্রয়ণীয়ম্। অশাস্ত্রবিহিতং ঘোরং তপ্যন্তে যে তপো জনাঃ। দম্ভাহঙ্কারসংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ॥ কর্ষয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামমচেতসঃ। মাং চৈবান্তঃশরীরস্থং তান্ বিদ্ধ্যাসুরনিশ্চয়ানিতি ( ১৭ অঃ ৫।৬ ) তত্রৈবোক্তেঃ। যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামকারতঃ। ন স সিদ্ধিমবাপ্নোতি ন সুখং ন পরাং গতিমিত্যুক্তেশ্চ। তদুপদেশস্তু শ্রীগুরুমুখাদধিগমনীয়ঃ। এতেনাদিত্যগণেশাদিপূজনমপি ব্যাখ্যাতম্। এবং তাবদধর্ম্মভীরবো ধর্ম্মকামাঃ শ্রূয়তাং ভগবদ্‌বচনম্,—

উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ।<br>
আত্মৈব হ্যাত্মনো বন্ধুরাত্মৈব রিপুরাত্মনঃ॥<br>
অন্যচ্চ—যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত।<br>
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্॥<br>
পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।<br>
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥

ইতি পরমধর্ম্মপ্রকরণম্।

---

কর্ত্তব্য; স্বধর্ম্ম পালনে মৃত্যুও শ্রেয়ঃ, পরধর্ম্ম অবলম্বনীয় নহে। নিজের অভ্যুদয় নিজের সহায়তাতেই কর্ত্তব্য। ভগবান্ স্বয়ং বলিয়াছেন—ধর্ম্ম রক্ষার জন্য তিনি অবতীর্ণ হ'ন এবং হইবেন। গীতা হইতে প্রমাণ উদ্ধৃত হইয়াছে।

পরমধর্ম্ম প্রকরণ সমাপ্ত।

গৌতমান্বয়সম্ভূত-শ্রীপঞ্চাননশর্ম্মণা ।
বিবৃতো ধর্ম্মসিদ্ধান্তঃ সতাং হৃদি বিরাজতাম্ ॥
হে বিশ্বেশ্বর ! ধর্ম্মতত্ত্ববিষয়ে নিত্যং তপোরক্ষিতে,
বুদ্ধ্যা সত্ত্ববিশুদ্ধয়া বিরহিতো নাহং প্রবেষ্টুং ক্ষমঃ ।
দৃষ্ট্বালেখ্যপটস্থ তস্য যদহো ব্যাখ্যামি সর্ব্বজ্ঞবৎ,
তদ্দোষাত্ত্বদীয়দাস্যনিগড়ৈর্ব্বদ্ধোঽস্তু দণ্ডো ময়ি ॥
গৌতমকুলোদ্ভব-শ্রীপঞ্চাননতর্করত্ন-ভট্টাচার্য্যবিরচিতো

ধর্ম্মসিদ্ধান্তঃ সমাপ্তঃ ।